9. Where the dispute relates to the duty leviable in respect of any goods, the owner of such goods, if dissatisfied with such decision, shall deposit, in the hands of the Customs-collector at the port of importation or exportation respectively, the amount of duty demanded by the deciding officer, pending the settlement of the matter on appeal

Deposit, pending appeal, of duty demanded

Upon payment of such deposit and compliance with the provisions of this Act relating to the entry or shipment of such goods, the Customs-collector shall cause the goods to be delivered to such owner for importation or exportation, as the case may be

10 No Chief Customs Authority or Chief Customs Officer, and no other officer of Customs whom such Chief Authority or Chief Officer deems it necessary to exempt on grounds of public duty, shall be compelled to serve on any jury or inquest, or as an assessor

Custom officers exempted from service on any jury or inquest or as assessors

---

CHAPTER III

Appointment of Ports, Wharves, Custom-houses, Warehouses, and Boarding and Landing Stations

11 The Local Government may from time to time, by notification in the official Gazette,

Power to appoint ports, wharves, custom houses, warehouses, and boarding and landing stations

(*a*) declare the places which alone shall be Ports for the shipment and landing of goods,

(*b*) declare the limits of such Ports,

(*c*) appoint proper places therein to be Wharves for the landing and shipping of goods, and for the landing or shipping of particular classes of goods

(*d*) declare the limits of any such Wharf,

(*e*) alter the name of any such Port or Wharf

Every such Port, except Aden, shall be a Customs-port within the meaning of this Act

The Local Government may also from time to time in like manner declare

(*f*) places to be Ports for the carrying on of coasting trade with Customs-ports, or with any specified Customs-ports, and for no other purpose,

৯ ধারা। কোন মালের উপর যে মাসুল আদায় হইতে পারে এতদ্বিষয়ের বিবাদ হইলে, ও ঐ মালের স্বামী উক্ত নিস্পত্তিতে সন্তুষ্ট না হইলে, নিস্পত্তিকারি কর্ম্মকারক যত টাকা মাসুলের দাওয়া করেন স্বামী আমদানীর কি রপ্তানীর বন্দরের কষ্টমের কালেক্টর সাহেবের হাতে তত টাকা গচ্ছিত করিয়া আপীলক্রমে সেই বিষয়ের নিস্পত্তির অপেক্ষায় থাকিবেন।

যে মাসুলের দাওয়া হয় আপীলের অপেক্ষায় তাহা আমানত করিবার কথা।

সেই গচ্ছিত টাকা দেওয়া গেলে ও এই আইনে ঐ মাল এণ্টর করণ বা জাহাজে তোলন বিষয়ক যে বিধান আছে সেই বিধানমতে কার্য্য করা গেলে, কষ্টমের কালেক্টর সাহেব আমদানী কি বিষয়বিশেষে রপ্তানী করিবার জন্যে স্বামির প্রতি ঐ মাল সমর্পণ করাইবেন ইতি।

১০ ধারা। কষ্টমের প্রধান কর্তৃপক্ষকে কিম্বা কষ্টমের প্রধান কর্ম্মকারককে, ও তাঁহারা রাজকার্য্যোপলক্ষে কষ্টমের অন্য যে কর্ম্মকারকদিগকে মুক্ত করা আবশ্যক জ্ঞান করেন তাঁহাদিগকে বলপূর্ব্বক জুরিস্বরূপ কিম্বা অপমৃত্যু পরীক্ষায় কিম্বা আসেসরস্বরূপ কর্ম্ম করাইতে পারা যাইবে না ইতি।

জুরি কি আসেসর স্বরূপ কি অপমৃত্যু পরীক্ষাকালে কষ্টমের কর্ম্মকারকদের কর্ম্ম করণহইতে মুক্ত থাকার কথা।

---

৩ তৃতীয় অধ্যায়।

বন্দর ও ওয়ার্ফ ও কষ্টম হৌস ও গুদাম ও জাহাজে উঠিবার ও জাহাজহইতে নামিবার স্থান নিরূপণবিষয় কবিধি।

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া

বন্দর ও ওয়ার্ফ ও কষ্টম হৌস ও গুদাম ও জাহাজে উঠিবার ও জাহাজহইতে নামিবার স্থান নিরূপণ করিবার ক্ষমতার কথা।

(ক) যেং স্থানভিন্ন অন্য স্থান জাহাজে মাল তুলিবার ও জাহাজহইতে নামাইবার বন্দর না হইবে ইহা নির্দ্দেশ করিতে, ও

(খ) ঐং বন্দরের সীমা নির্দ্দেশ করিতে, ও

(গ) জাহাজে মাল তুলিবার ও জাহাজহইতে নামাইবার ও বিশেষং প্রকারের মাল তুলিবার ও নামাইবার ওয়ার্ফ বলিয়া ঐং বন্দরের অন্তর্গত উপযুক্ত স্থান নিরূপণ করিতে, ও

(ঘ) তদ্রূপ কোন ওয়ার্ফের সীমা নির্দ্দেশ করিতে, ও

(ঙ) তদ্রূপ কোন বন্দরের কি ওয়ার্ফের নাম পরিবর্ত্তন করিতে পারিবেন।

আদেনভিন্ন উক্ত প্রত্যেক বন্দর এই আইনের মর্ম্মানুযায়ি কষ্টমের বন্দর হইবে।

(চ) আরো যেং বন্দর কষ্টমের বন্দরের সঙ্গে কিম্বা কষ্টমের কোন নির্দ্দিষ্ট বন্দরের সঙ্গে অন্য কোন কার্য্যভিন্ন কেবল সমুদ্রকূলে বাণিজ্য চালাইবার জন্যে বন্দর হইবে, ও

(*g*) What shall, for the purposes of this Act, be deemed to be a Custom-house, and the limits thereof

(ছ) এই আইনের কার্য্যপক্ষে যে স্থান কষ্টম হৌস বলিয়া জ্ঞান হইবে সেই স্থান ও তাহার সীমা স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ সেই প্রকারে নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

Power to declare that an Indian Port not in British India shall be regarded as a Customs port for certain purposes

12 The Governor-General in Council may from time to time declare, by notification in the *Gazette of India,* that any Foreign Port shall, with such limitations and on such conditions (if any) as he thinks fit, be a Customs port for the purposes of this Act, in so far as the same is capable of being applied to such Port

ব্রিটিশীয় ভারতবর্ষের বহির্ভূত কোন ভারতবর্ষীয় বন্দর কোন২ কার্য্যপক্ষে কষ্টমের বন্দর বলিয়া জ্ঞান হওয়ার কথা প্রকাশ করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। কোন ভিন্নদেশীয় বন্দরের প্রতি এই আইন যত দূর খাটিতে পারে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে২ নিয়ম ও যে২ সীমা উচিত বোধ করেন, তত দূর সেই২ নিয়মানুসারে সেই২ সীমার মধ্যে ঐ বন্দর এই আইনের কার্য্যপক্ষে কষ্টমের বন্দর বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

Power to declare warehousing ports

13 The Local Government may from time to time declare, by notification in the official Gazette, that any Customs-port shall be a Warehousing Port for the purposes of this Act

গুদামজাত করিবার বন্দর নির্দ্দেশ করিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কষ্টমের কোন বন্দর এই আইনের কার্য্যপক্ষে গুদামজাত করিবার বন্দর বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

Appointment of public warehouses

14 At any Warehousing Port, the Chief Customs Authority may from time to time appoint public Warehouses wherein dutiable goods may be deposited without payment of duty on the first importation thereof

রাজকীয় গুদাম নিরূপণ করণ বিষয়ক কথা।

১৪ ধারা। মাসুলী মাল প্রথম আমদানী হওনসময়ে মাসুল না দিয়া যে গুদামে রাখা যাইতে পারিবে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ গুদামজাত করণের কোন বন্দরে এমত কোন রাজকীয় গুদাম নিরূপণ করিতে পারিবেন ইতি।

Power to license private warehouses

15 At any Warehousing Port, the Chief Customs Officer may from time to time license private warehouses wherein dutiable goods may be deposited without payment of duty on the first importation thereof

কোন ব্যক্তির স্বকীয় গুদামের লাইসেন্স দিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। মাসুলী মাল প্রথম আমদানী হওনসময়ে মাসুল না দিয়া যে গুদামে রাখা যাইতে পারিবে, কষ্টমের প্রধান কর্ম্মকারক গুদামজাৎ করণের কোন বন্দরে সময়ে২ কোন ব্যক্তির স্বকীয় এমত গুদামের লাইসেন্স দিতে পারিবেন।

Revocation of license

Every license for a private warehouse so granted may, unless it be otherwise provided in the license be revoked after one month's notice by the Chief Customs Officer, and may be cancelled on conviction of the licensee of any offence under this Act relating to warehouses

লাইসেন্স রহিত করণ বিষয়ক কথা।

তদ্রূপে কোন ব্যক্তির স্বকীয় গুদামের লাইসেন্স দেওয়া গেলে, যদি লাইসেন্সপত্রে প্রকারান্তরের বিধান না থাকে তবে কষ্টমের প্রধান কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস দিয়া সেই লাইসেন্স রহিত করিতে পারিবেন, এবং লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির এই আইনমতে গুদাম বিষয়ক কোন অপরাধ নির্ণয় হইলে তাহা রহিত করা যাইতে পারিবে।

Form of application for license

Every application for a license for a private warehouse shall be in writing, and shall be drawn up in such form as is from time to time prescribed by the Chief Customs Authority, and shall be signed by the applicant

লাইসেন্স পাইবার প্রার্থনা পত্রের পাঠের কথা।

কোন ব্যক্তি স্বকীয় গুদাম করিবার লাইসেন্স পাইবার যে প্রার্থনা করেন তাহা লিখিয়া দিতে হইবে। কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ তাহা লিখিবার যে পাঠ সময়ে২ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লেখা যাইবে, ও প্রার্থকের তাহাতে স্বাক্ষর করিতে হইবে ইতি।

Stations for Customs officers to board and also land from ship

16 The Chief Customs Authority may from time to time appoint, in any Customs-port, stations, or places at which vessels arriving at, or departing from, such Port shall bring-to for the boarding or landing of

কষ্টমের কার্য্যকারকদের জাহাজে উঠিবার ও নামিবার স্থানের কথা।

১৬ ধারা। কোন জাহাজ কষ্টমের কোন বন্দরে পঁহুছিলে কিম্বা তথাহইতে চলিয়া গেলে, কষ্টমের কর্ম্মকারকদের সেই জাহাজে উঠিবার কি তথাহইতে নামিয়া আসিবার জন্যে ঐ জাহাজের যে২ মোকামে কি

officers of Customs, and may, unless separate provision therefore has been made under the Indian Ports Act, 1875, direct at what particular place in any such Port vessels, not brought into Port by Pilots, shall be required to anchor or moor.

স্থানে থাকিতে হইবে, কষ্টমের প্রধান কর্তৃপক্ষ সময়েং কষ্টমের বন্দরের অন্তর্গত এমত কোন মোকাম কি স্থান নিরূপণ করিতে পারিবেন। এবং ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইনমতে স্বতন্ত্র বিধান না হইয়া থাকিলে, যেং জাহাজ আড়কাটিদ্বারা বন্দরে আনা না যায় ঐ বন্দরের যে বিশেষ স্থানে তাহার লঙ্গর করিতে কি রসাতে বাঁধা থাকিতে হইবে এমত স্থান নিরূপণ করিতে পারিবেন ইতি।

CHAPTER IV.

PROHIBITIONS AND RESTRICTIONS OF IMPORTATION AND EXPORTATION.

৪ চতুর্থ অধ্যায়।

আমদানী ও রপ্তানী করণসংক্রান্ত নিষেধ ও সীমা নির্ণয় করণবিষয়ক বিধি।

Prohibitions and restrictions

17. The importation into, or exportation from, British India of the goods enumerated in the following clauses is prohibited:—

সম্পূর্ণরূপে কি সীমা ধার্য করিয়া নিষেধের কথা।

১৭ ধারা। নিম্নলিখিত প্রকরণে যেং দ্রব্য নির্দিষ্ট হইয়াছে তাহা ব্রিটনীয় ভারতবর্ষে আমদানী কি তথাহইতে রপ্তানী করিবার নিষেধ হইল।

(*a*) any books printed in infringement of any law in force in British India on the subject of copyright, when the proprietor of such copyright, or his agent, has given to the Chief Customs Authority a notice in writing that such copyright subsists, and a statement of the date on which it will expire

(ক) ব্রিটনীয় ভারতবর্ষের প্রচলিত গ্রন্থস্বত্ব বিষয়ক কোন আইন উল্লঙ্ঘনক্রমে যে পুস্তক ছাপা হয় এমত কোন পুস্তক। ইহাতে প্রয়োজন যে ঐ স্বত্বাধিকারী কিম্বা তৎপক্ষে কর্ম্মকারক কষ্টমের প্রধান কর্তৃপক্ষকে সেই গ্রন্থস্বত্ব থাকার ও সেই স্বত্ব যে তারিখে রহিত হইবে সেই তারিখের সংবাদ লিখিয়া জ্ঞাত করেন।

(*b*) counterfeit coin

(খ) কৃত্রিম মুদ্রা।

(*c*) any indecent or obscene book, pamphlet, paper, drawing, painting, representation, figure, or article

(গ) লজ্জাজনক কি অশ্লীল কোন পুস্তক কি পামফ্লেট কি কাগজ কি নকশা কি রং করা ছবি কি আকৃতি কি দ্রব্য।

(*d*) articles of foreign manufacture bearing any names, brands, or marks being, or purporting to be, the names, brands, or marks of manufacturers resident in the United Kingdom or British India

(ঘ) ভিন্নদেশের নির্ম্মিত যে দ্রব্যে সংযুক্ত রাজ্য বা ব্রিটনীয় ভারতবর্ষবাসি নির্ম্মাতার কোন নাম কি চিহ্ন বা ব্যবসায়ির চিহ্ন বা সেই নামের বা চিহ্নের আভাস থাকে সেই দ্রব্য ইতি।

Importation without license of arms and ammunition prohibited

18. The importation into British India of arms or ammunition, except under a license from the Governor-General in Council, or from some officer authorized in that behalf by the said Governor-General in Council, or otherwise in accordance with any law for the time being in force, is prohibited.

লাইসেন্স বিনা অস্ত্রশস্ত্র ও বারুদাদি আমদানী করিবার নিষেধের কথা।

১৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের লাইসেন্স কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এতৎ কার্য্যপক্ষে যে কর্তৃপক্ষের প্রতি ক্ষমতা প্রদান করেন তাঁহার কিম্বা যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে অন্যরূপে ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের লাইসেন্সবিনা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে অস্ত্রশস্ত্র কি যুদ্ধসরঞ্জাম আমদানী করা নিষেধ হইল।

Proviso

Nothing in this section shall apply to rifles, guns, pistols, and sporting powder *bonâfide* imported by any person in reasonable quantities for his own private use

উপবিধি।

কিন্তু কোন ব্যক্তি রাইফল ও বন্দুক ও পিস্তল ও শিকারাদির নিমিত্তে সঙ্গত পরিমাণের যে বারুদ প্রকৃত প্রস্তাবে স্বীয় ব্যবহারার্থে আমদানী করান, তদ্বিষয়ে এই ধারার কোন কথা বর্ত্তিবে না ইতি।

19. The Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*, prohibit or restrict the importation or exportation by sea or by land, or both by sea and by land, of any particular class of goods

Governor, General may prohibit or restrict importation or exportation of goods.

১৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সমুদ্রপথে কি স্থলপথে কিম্বা সমুদ্র ও স্থলপথে কোন বিশেষ প্রকারের মাল আমদানী কি রফ্তানী করিতে সম্যকপ্রকারে কি সীমা নির্দ্দেশ করিয়া নিষেধ করিতে পারিবেন ইতি।

কোন মাল আমদানী কি রফ্তানী করিতে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্পূর্ণরূপে বা সীমা ধার্য্য করিয়া নিষেধ করিবার ক্ষমতার কথা।

20 It shall be lawful to import into, or to export from, any place declared under section 11 to be a Port for the shipment and landing of goods, any goods the importation or exportation of which is not prohibited or restricted by any law, or by any notification of the Governor-General in Council, for the time being in force

Importation and exportation

২০ ধারা। যে আইন কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যে জ্ঞাপনপত্র যৎকালে প্রচলিত থাকে তৎক্রমে যে দ্রব্যের আমদানী কি রফ্তানী করা সম্যকপ্রকারে কি সীমা নির্দ্দেশ করিয়া নিষিদ্ধ না হয় এমত কোন দ্রব্য, জাহাজে মাল তুলিবার ও জাহাজহইতে নামাইবার বন্দর বলিয়া ১১ ধারার নির্দ্দিষ্ট কোন স্থানে, আমদানী কি রফ্তানী করা যাইতে পারিবে ইতি।

আমদানী ও রফ্তানী করণের কথা।

CHAPTER V

LEVY OF, AND EXEMPTION FROM, CUSTOMS-DUTIES

৫ পঞ্চম অধ্যায়।

কষ্টমের মাস্তুল আদায়করণ ও তাহাহইতে মুক্ত হওনবিষয়ক বিধি।

21 Customs-duties shall be levied on such goods imported by sea into any Customs-port from any Foreign Port, at such rates, and with such exemptions, as may be prescribed by any law for the time being in force

Import-duties

২১ ধারা। ভিন্নদেশীয় কোন বন্দরহইতে কোন মাল সমুদ্রপথে কষ্টমের কোন বন্দরে আনীত হইলে, যৎকালে যে আইন প্রবল থাকে তৎকালে সেই আইনের নির্দ্ধারিত হারে ও সেই আইনের বর্জ্জনীয় কথা মানিয়া ঐ মালের উপর কষ্টমের মাস্তুল আদায় হইবে ইতি।

আমদানীর মাস্তুল বিষয়ক কথা।

22 Customs-duties shall be levied on such goods exported by sea from any Customs-port to any Foreign Port, at such rates, and with such exemptions, as may be prescribed by any law for the time being in force

Export-duties

২২ ধারা। কোন কষ্টমের বন্দরহইতে কোন মাল ভিন্নদেশীয় কোন বন্দরে সমুদ্রপথে প্রেরিত হইলে, যৎকালে যে আইন প্রবল থাকে তৎকালে সেই আইনের নির্দ্ধারিত হারে ও সেই আইনের বর্জ্জনীয় কথা মানিয়া ঐ মালের উপর কষ্টমের মাস্তুল আদায় হইবে ইতি।

রফ্তানীর মাস্তুলের কথা।

23. No Customs-duties shall be levied on goods carried by sea from any Customs-port to any other Custom-ports

No duties on goods carried from one Customs-port to another

২৩ ধারা। কষ্টমের কোন এক বন্দরহইতে কোন মাল কষ্টমের অন্য কোন বন্দরে সমুদ্র পথে চালান হইলে তাহার উপর কষ্টমের মাস্তুল আদায় হইবে না।

কষ্টমের এক বন্দরহইতে অন্য বন্দরে মাল আনীত হইলে তাহার উপর মাস্তুল না লাগিবার কথা।

Proviso

Provided that nothing in this section shall apply to

opium, salt or spirits, or

to goods brought from any Foreign Port to any Customs-port, and there transhipped for, or thence carried to, any other Customs-port without payment of duty, or

to goods removed in bond

উপবিধি।

কিন্তু এই ধারার কোন কথা

আফীমের কি লবণের কি মদিরার প্রতি,

ও ভিন্নদেশীয় কোন বন্দরহইতে যে মাল কোন কষ্টমের বন্দরে আনীত হইয়া মাস্তুল না দিয়া কষ্টমের অন্য কোন বন্দরে চালান করিবার নিমিত্ত অন্য জাহাজে তোলা যায় কি তথাহইতে অন্য কষ্টমের বন্দরে চালান হয় তাহার প্রতি,

ও নিবন্ধনপত্রক্রমে যে মাল স্থানান্তর করা যায় তাহার প্রতি খাটিবে না ইতি।

24. The Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*, fix, for the purpose of levying duties, the tariff-value of any goods exported or imported by sea on which Customs-duties are by law imposed.

Power to fix values of dutiable goods.

২৪ ধারা। সমুদ্রপথে আমদানী কি রপ্তানী করা যে মালের উপর আইন অনুসারে মাসুল ধার্য্য হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া মাসুল আদায় করিবার নিমিত্ত ঐং মালের তারিফী মূল্য ধার্য্য করিতে পারিবেন ইতি।

যে মালের উপর মাসুল লাগে তাহার মূল্য নিরূপণ করিবার ক্ষমতার কথা।

25. The Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*, exempt any goods imported into, or exported from, British India, or into or from any specified Port or place therein, from the whole or any part of the Customs-duties leviable thereon under any law for the time being in force.

Power to exempt from Customs-duties.

২৫ ধারা। কষ্টমের মাসুল বিষয়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে ব্রিটনীয় ভারতবর্ষে কিম্বা তদন্তর্গত কোন নির্দ্দিষ্ট বন্দরে কি স্থানে আনীত কিম্বা তথাহইতে প্রেরিত মালের উপর যে মাসুল আদায় হইতে পারে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সেই মাসুলহইতে কিম্বা তাহার কোন অংশহইতে ঐ মাল মুক্ত করিতে পারিবেন।

কষ্টমের মাসুলহইতে মুক্ত করণের ক্ষমতার কথা।

The Chief Customs Authority may, by special order in each case, exempt from the payment of duty, under stated circumstances of an exceptional nature, any goods on which Customs-duties are leviable by any law for the time being in force.

Power to authorize, in special cases, exemption from payment of duty.

যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে যে মালের উপর কষ্টমের মাসুল আদায় হইতে পারে, বর্জনীয় ভাবের কোন গতিক ব্যক্ত হইলে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ প্রত্যেক স্থলে বিশেষ আজ্ঞা করিয়া মাসুলহইতে সেই মাল মুক্ত করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

বিশেষ স্থলে মাসুলহইতে মুক্ত করিবার অনুমতি দেওনের ক্ষমতার কথা।

26. The Customs-collector may, subject to any general rules relating to the landing and shipping of passengers, baggage, and the passing of the same through the Custom-house, which may be made under section 7, pass free of duty any baggage in actual use, and for this purpose may determine, subject to any such rules, whether any goods shall be treated as baggage in actual use, or as goods subject to duty.

Baggage in actual use.

২৬ ধারা। চড়নদারদের বাগেজ (অর্থাৎ ব্যবহার্য্য দ্রব্য) জাহাজে তুলিয়া দেওন ও জাহাজহইতে নামাইয়া লওন ও কষ্টম হৌস দিয়া চালান করণ বিষয়ে ৭ ধারামতে যে সাধারণ বিধি করা যায়, কষ্টমের কালেক্টর সাহেব সেই বিধি প্রবল মানিয়া, প্রকৃত প্রস্তাবে যে দ্রব্যের নিত্য ব্যবহার হইয়া থাকে তাহা বিনামাসুলে ছাড়িয়া দিতে পারিবেন, ও এতদর্থে যে দ্রব্য প্রকৃত প্রস্তাবে নিত্য ব্যবহার্য্য বলিয়া জ্ঞান হইবে কিম্বা যে দ্রব্যের উপর মাসুল লইতে হইবে এই কথা সেই সাধারণ বিধি অনুসারে নির্দ্ধার্য্য করিতে পারিবেন ইতি।

ব্যবহার্য্য দ্রব্যের কথা।

27. If goods produced or manufactured in British India be imported into any Customs-port from any Foreign Port, such goods shall be liable to all the duties, conditions, and restrictions, if any, to which goods of the like kind and value not so produced or manufactured are liable on the first importation thereof.

Re-imported articles of country produce dutiable in certain cases.

২৭ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের উৎপন্ন কি নির্ম্মিত কোন দ্রব্য ভিন্নদেশীয় কোন বন্দরহইতে কষ্টমের কোন বন্দরে আনীত হইলে, সেই প্রকারের ও সেই মূল্যের দ্রব্য তদ্রূপে উৎপন্ন ও নির্ম্মিত না হইয়া প্রথম [illegible]দানী হইলে, তাহার উপর যে মাসুল লাগে ও তৎপ্রতি যে নিয়ম ও সীমা-বিষয়ক যে নিষেধ বর্ত্তে, ঐ দ্রব্যেরও উপর সেই মাসুল লাগিবে ও তাহার প্রতি সেই নিয়ম ও নিষেধ বর্ত্তিবে।

দেশোৎপন্ন দ্রব্য পুনরায় আমদানী হইলে তাহার উপর কোনং স্থলে মাসুল লইতে পারিবার কথা।

Provided that, if such importation takes place within three years after the exportation of such goods, and it is proved to the satisfaction of the Customs-collector that the property

Proviso.

কিন্তু সেই দ্রব্য রপ্তানী হইবার পর তিন বৎসরের মধ্যে তদ্রূপে আমদানী করা গেলে, ও যাঁহার দ্বারা কি যাঁহার পক্ষে রপ্তানী হইয়াছিল সেই দ্রব্যে অবিচ্ছেদে তাঁহারই স্বামিত্ব রহিয়াছে কষ্টমের কালেক্টর সাহে-

উপবিধি।

in such goods has continued in the person by whom or on whose account they were exported, the goods may be admitted without payment of duty

বের স্ববোধমতে ইহার প্রমাণ করা গেলে, মাসুল না দিয়া সেই মাল গ্রাহ্য হইতে পারিবে।

Goods imported, for which any drawback of excise has been received on exportation, shall be subjected to payment of duty, unless the Chief Customs Authority in any particular case otherwise directs by special order

রপ্তানী হওন সময়ে যে মালের উপর আবকারী মাসুলের কোন অংশ ফিরিয়া পাওয়া গেল, সেই মাল আমদানী করা গেলে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ কোন বিশেষ স্থলে বিশেষ আজ্ঞাক্রমে অন্যরূপ আদেশ না করিলে, সেই মালের মাসুল লাগিবে ইতি।

Goods derelict and wreck dutiable in certain cases

28 All goods derelict, jetsam, flotsam, and wreck, brought or coming into any Customs-port, shall at all times be subject to the same duties, if any, to which goods of the like kind are subject on importation at such Port, unless it be shown to the satisfaction of the Customs-collector that such goods are the produce or manufacture of any place from which they are entitled to be admitted duty-free

ত্যক্ত বা জাহাজ ভঙ্গহওন দ্বারা ভ্রষ্ট যে মাল পাওয়া যায় স্থলবিশেষে তাহার মাসুল লাগিতে পারিবার কথা।

২৮ ধারা। কোন জাহাজ ভঙ্গ হইলে যে মাল সমুদ্রে পাওয়া যায় কি তাহার লাগে কি ভাসিয়া যায় কি ভ্রষ্ট হয়, সেই প্রকারের দ্রব্য কষ্টমের কোন বন্দরে আমদানী হইলে তাহার উপর যে মাসুল লাগিত, ঐ দ্রব্য বন্দরে আনা গেলে কি আইলে তাহার উপর সর্ব্বদাই সেই মাসুল লাগিবে। কিন্তু কোন স্থানের উৎপন্ন কি নির্ম্মিত দ্রব্য হওয়াপ্রযুক্ত তাহা বিনামাসুলে গ্রাহ্য হইতে পারে কষ্টমের কালেকুটর সাহেবের স্ববোধমতে ইহার প্রমাণ হইলে, তাহার উপর মাসুল লাগিবে না, ইতি।

Duty on opium re exported by sea.

29 Opium imported by sea into any Customs-port may, if the Local Government think fit, but not otherwise, be re-exported by sea from the same Port on payment of a duty equal in amount to the fee to which it would have been liable if it had been transhipped at such Port

সমুদ্রপথে আফীন পুনরায় রপ্তানী হইলে তাহার উপর মাসুলের কথা।

২৯ ধারা। আফীম সমুদ্রপথে কষ্টমের কোন বন্দরে আমদানী হইলে, সেই বন্দরে অন্য জাহাজে তোলা গেলে, তাহার উপর যত টাকা ফী আদায় হইতে পারিত, স্থানীয় গবর্ণমেন্ট উচিত বোধ করিলে, তত টাকা মাসুল দিয়া সেই আফীম ঐ বন্দরহইতে সমুদ্রপথে পুনশ্চ রপ্তানী হইতে পারিবে, কিন্তু তিনি উচিত বোধ না করিলে তাহা করা যাইবে না ইতি।

Provisions, stores, &c, for consumption on vessels proceeding to Foreign Ports may be exported duty free on certain conditions

30 Provisions and other ship's stores warehoused at the time of importation may be exported without payment of duty for use on board of any vessel proceeding directly to a Foreign Port, whether such Port be or be not the Port of ultimate destination

ভিন্নদেশীয় বন্দরে গমনশীল জাহাজে আহারীয় দ্রব্য ও সরঞ্জাম প্রভৃতি কোন২ নিয়মক্রমে বিনা মাসুলে রপ্তানী হইতে পারিবার কথা।

৩০ ধারা। জাহাজের আহারীয় দ্রব্য ও অন্য২ সরঞ্জাম আমদানী হওন সময়ে গুদামজাৎ করা গেলে, কোন জাহাজ ভিন্নদেশীয় যে বন্দরে যাইতে উদ্যত হয়, সেই বন্দর তাহার শেষ লক্ষিত স্থান হইলে বা না হইলেও, সেই জাহাজের ব্যবহারের নিমিত্ত ঐ মাল মাসুল না দিয়া রপ্তানী করা যাইতে পারিবে।

Articles of Indian produce or manufacture, including rum, required for use on board of any vessel proceeding to any Foreign Port, may also be exported free of duty, whether of customs or excise, in such quantities as the Customs-collector determines with reference to the tonnage of the vessel, the numbers of the crew and passengers, and the length of the voyage on which the vessel is about to depart

ভিন্নদেশীয় বন্দরে গমনশীল কোন জাহাজে ব্যবহার করিবার নিমিত্ত রম শরাব সুদ্ধ ভারতবর্ষের উৎপন্ন কি নির্ম্মিত কোন দ্রব্যের প্রয়োজন হইলে, জাহাজে যত টন ধরে ও নাবিক ও চড়নদার বলিয়া যত জন যায় ও যত দুর স্থানে জাহাজের যাইতে হইবে কষ্টমের কালেক্টর সাহেব এই সকল কথা বিবেচনা করিয়া ঐ২ দ্রব্যের যে পরিমাণ নির্দ্ধার্য্য করেন, কষ্টম কি আবকারী মাসুল বিনা সেই পরিমাণের ঐ দ্রব্য রপ্তানী হইতে পারিবে।

Provided that no such rum shall be so shipped on any vessel not going to a Foreign Port, or going on a voyage of less than thirty days' probable duration

কিন্তু জাহাজ ভিন্নদেশীয় বন্দরে যাইতে কিম্বা যে যাত্রায় ত্রিশ দিনের ন্যূন লাগিবার সম্ভাবনা এমত যাত্রায় যাইতে উদ্যত হইলে, উক্ত রম শরাব তদ্রূপে জাহাজে তোলা যাইবে না ইতি।

Transhipment

31 In the Ports of Calcutta, Madras, Bombay, Karwar, Karachi, Aden, Rangoon, Maulmain, Akyab, Chittagong, and such other Customs-ports as the Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*, direct in this behalf, the Chief Customs-Officer may, on application of the owner of any goods imported into such Port, grant leave to tranship the same without payment of duty, if any be leviable, at the Port of transhipment, and without any security or bond for the due arrival and entry of the goods at the Port of destination

Power to permit transhipment without payment of duty

In any Customs-port other than a Port in which the preceding clause may from time to time be in force, the Customs-collector may, on application of such owner, grant leave for transhipment without payment of duty, if any be leviable, at such Port provided that, where the goods so transhipped are dutiable, and are to be removed to some other Customs-port, the owner shall enter into a bond, with such security as may be required of him, in a sum equal at least to the duty chargeable on such goods, for the due arrival and entry thereof at the Port of destination within such time as such Customs collector directs

Provided that such goods have been specially and distinctly manifested or declared at the time of import as for transhipment to some other Customs or Foreign Port

Proviso

32 The power conferred by section 31 shall be exercised, and the transhipment shall be performed, subject to such rules as may from time to time be made by the Local Government

Rules regulating exercise of power, and transhipment

33 All goods transhipped under the second clause of section 31 for removal to a Customs-port shall thereupon be treated in all respects as warehoused goods, and shall on their arrival at such Port be entered and warehoused in like manner as goods are entered and warehoused on the first importation thereof, and under the laws

Entry and warehousing, on arrival, of goods transhipped under section 31, clause 2

এক জাহাজহইতে অন্য জাহাজে মাল তোলন বিষয়ক বিধি।

৩১ ধারা। কলিকাতা ও মাক্সাজ ও বোম্বাই ও কারওয়ার ও করাচি ও আদেন ও রাঙ্গুণ ও মৌলমেন ও আক্যাব ও চট্টগ্রাম এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এতৎপক্ষে কষ্টমের অন্য যেং বন্দর নির্দ্দিষ্ট করেন সেইং বন্দরে আনীত কোন মালের স্বামী প্রার্থনা করিলে, কষ্টমের প্রধান কর্ম্মকারক অন্য জাহাজে মাল তুলিবার বন্দরে মাসুল লাগিলে, ঐ মাসুল না দিয়া ও লক্ষিত বন্দরে নিয়মমতে মাল পঁহুছিবার ও এণ্টর করিবার কোন জামিন কি নিবন্ধনপত্র না লইয়া, অন্য জাহাজে ঐ মাল তুলিবার অনুমতি দিতে পারিবেন।

মাসুল না দিয়া এক জাহাজ হইতে অন্য জাহাজে মাল তুলিবার অনুমতি দেওনের ক্ষমতার কথা।

ইহার পূর্ব্ব প্রকরণ সময়ে২ যে বন্দরে প্রবল থাকে তদ্ভিন্ন কোন কষ্টমের বন্দরে এক জাহাজহইতে অন্য জাহাজে মাল তুলিবার মাসুল লাগিলে, কষ্টমের কালেক্টর সাহেব ঐ মালের স্বামির প্রার্থনামতে সেই বন্দরে মাসুল না দিয়া ঐরূপে মাল তুলিবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু যে মাল উক্ত প্রকারে এক জাহাজহইতে অন্য জাহাজে তোলা যায় তাহার উপর মাসুল লাগিলে, ও কষ্টমের অন্য বন্দরে তাহা লইয়া যাইবার মনস্থ থাকিলে, কষ্টমের কালেক্টর সাহেব যে সময় নিরূপণ করেন ঐ মাল যেন সেই সময়ের মধ্যে লক্ষিত বন্দরে পঁহুছিয়া এণ্টর করা যায়, ঐ স্বামী এই মর্ম্মের নিবন্ধনপত্র লিখিয়া ঐ মালের উপর যত টাকা মাসুল আদায় হইতে পারে ন্যূনকল্পে তত টাকার যে জামিন দিবার আদেশ থাকে এমত জামিন দিবেন।

পরন্তু এমত স্থলে প্রয়োজন যে আমদানী করণ সময়ে সেই মাল কষ্টমের অন্য কোন বন্দরে কিম্বা ভিন্নদেশীয় কোন বন্দরে অন্য জাহাজে তোলা যাইবে, এই কথা বিশেষমতে ও স্পষ্টরূপে মানিফেষ্টে লেখা যায় কি নির্দ্দিষ্ট থাকে ইতি।

উপবিধি

৩২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে বিধি করেন সেই বিধি প্রবল মানিয়া ৩১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতামতে কার্য্য করা ও এক জাহাজহইতে অন্য জাহাজে মাল তোলা যাইবে ইতি।

ঐ ক্ষমতানুসারে কার্য্য করিবার ও এক জাহাজহইতে অন্য জাহাজে মাল তুলিবার বিধিবিষয়ক কথা।

৩৩ ধারা। ৩১ ধারার ২ প্রকরণমতে যে সকল মাল কষ্টমের কোন বন্দরে চালান করিবার নিমিত্ত অন্য জাহাজে তোলা যায় তাহ লইয়া গুদামজাৎ করা মালের ন্যায় কার্য্য হইবে, ও প্রথমে আমদানী হইলে মাল যে প্রকারে এণ্টর ও গুদামজাৎ করা যায়, ঐ মালও সেই বন্দরে পঁহুছিলে, সেই প্রকারে এণ্টর ও গুদামজাৎ করিবার যে ব্যবস্থা ও

৩১ ধারার ২ প্রকরণমতে যে মাল অন্য জাহাজে তোলা যায় তাহা পঁহুছিলে এণ্টর ও গুদামজাৎ করিবার কথা।

and rules, in so far as such laws and rules can be made applicable, which regulate the entry and warehousing of such last-mentioned goods

বিধি থাকে তাহা যত দূর খাটান যাইতে পারিবে, সেই ব্যবস্থা ও বিধিমতে এণ্টর ও গুদামজাৎ করিতে হইবে।

Proviso

Provided that, if on the arrival of the said goods at such Port, the owner desires forthwith to export the same by sea to some Foreign Port, or to pay duty thereon for home-consumption, without actually warehousing them, the Customs collector at such Port may, after all the formalities of entering and examining such goods for re-warehousing have been duly performed, permit the goods to be entered and shipped for exportation, or to be entered and delivered for home-consumption, upon payment of the duty thereon, in like manner as if such goods had been actually warehoused All goods so exported, or on which duty has been so paid, shall be deemed to have been duly cleared from the warehouse

কিন্তু উক্ত মাল ঐ বন্দরে পঁহুছিলে, যদি স্বামী গুদামজাৎ না করিয়া অগৌণেই ভিন্নদেশীয় কোন বন্দরে তাহা সমুদ্রপথে রপ্তানী করিতে কিম্বা দেশের ব্যবহারের নিমিত্ত তাহার উপর মাসুল দিতে চাহেন, তবে ঐ বন্দরের কষ্টমের কালেকটর সাহেব পুনরায় গুদামজাৎ করণসম্পর্কে ঐ মাল এণ্টর করিবার ও পরীক্ষা করিবার দাঁড়ামতে সকল কার্য্য উপযুক্তরূপে করিলে পর, তাহার উপর মাসুল দেওয়া গেলে, ঐ মাল প্রকৃতই গুদামজাৎ হওনের ন্যায় রপ্তানী করিবার জন্যে এণ্টর করিয়া জাহাজে তুলিয়া দিবার কিম্বা দেশে ব্যবহার হইবার নিমিত্ত এণ্টর করিয়া অর্পণ করিবার অনুমতি দিতে পারিবেন। যে সকল দ্রব্য তদ্রূপে রপ্তানী করা যায় কিম্বা যাহার উপর তদ্রূপে মাসুল দেওয়া যায় তাহা নিয়মমতে গুদামহইতে বাহির করিয়া লওয়া গিয়াছে বলিয়া জ্ঞান হইবে ইতি।

Transhipment of stores from one vessel to another of same owner without payment of duty

34 If two or more vessels belonging wholly or in greater part to the same owner be at any Customs-port at the same time, any provisions and other ship's stores in use or ordinarily shipped for use on board may, at the discretion of the Customs-collector, be transhipped from one such vessel to any other such vessel without payment of import-duty

একি স্বামির এক জাহাজ হইতে অন্য জাহাজে মাসুল না দিয়া জাহাজীয় দ্রব্য তুলিবার কথা।

৩৪ ধারা। দুই কি তদধিক জাহাজ সম্পূর্ণরূপে কিম্বা তাহার অধিকাংশ একি স্বামির হইয়া একি সময়ে কষ্টমের কোন বন্দরে থাকিলে, কষ্টমের কালেক্টর সাহেবের বিবেচনামতে জাহাজের ব্যবহার্য্য কোন আহারীয় দ্রব্য কিম্বা অন্য যে সরঞ্জাম সচরাচর জাহাজে দেওয়া গিয়া থাকে এমত দ্রব্য আমদানীর মাসুল না দিয়া উক্ত এক জাহাজ-হইতে উক্ত অন্য কোন জাহাজে তোলা যাইতে পারিবে ইতি।

Officer of Customs to superintend tranship ment

35 An officer of Customs shall, in every case, be deputed to superintend the removal of transhipped goods from vessel to vessel

এক জাহাজহইতে অন্য জাহাজে মাল তোলা গেলে কষ্টমের কর্ম্মকারকের তত্ত্বাবধারণ করিবার কথা।

৩৫ ধারা। এক জাহাজ-হইতে অন্য জাহাজে মাল তুলিবার প্রত্যেক স্থলে কষ্টমের কোন কর্ম্মকারক ঐ কার্য্যের তত্ত্বাবধারণার্থে নিযুক্ত হইবেন ইতি।

Levy of transhipment-fee

36 A transhipment-fee on each bale or package of any goods or class of goods transhipped under this Act may be levied at such rates and under such rules as the Local Government, with the previous sanction of the Governor-General in Council, may from time to time make by notification in the official Gazette

এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিবার ফী আদায়ের কথা।

৩৬ ধারা। এই আইনমতে যে মাল কিম্বা বিশেষ প্রকারের যে মাল এক জাহাজহইতে অন্য জাহাজে তোলা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে হার ধার্য্য করেন ও যে বিধান করেন তদনুসারে ঐ মালের প্রত্যেক বস্তা কি পাকেজ এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিবার ফী লওয়া যাইবে ইতি।

Power to prohibit transhipment

37 The Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*, prohibit the transhipment, at any specified Port, or at all Ports, of any specified

এক জাহাজহইতে অন্য জাহাজে মাল তুলিয়া দিতে নিষেধ করিবার ক্ষমতার কথা।

৩৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া নির্দ্দিষ্ট কোন বন্দরে কিম্বা সকল বন্দরে এক জাহাজহইতে অন্য জাহাজে

class of goods, or prescribe any special mode of transhipping any specified class of goods.

নির্দ্দিষ্ট কোন প্রকারের মাল তুলিযা দিতে নিষেধ করিতে পারিবেন, কিম্বা নির্দ্দিষ্ট কোন প্রকারের মাল বিশেষ প্রকারে এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিবার বিধান করিতে পারিবেন ইতি।

Miscellaneous Provisions

38. On the importation into, or exportation from, any Customs port of any goods, whether liable to duty or not, the owner of such goods shall, in his bill of entry or shipping-bill, state their real value to the best of his knowledge and belief, and shall subscribe a declaration of the truth of such value at the foot of such bill

Owner, &c., to declare real value of goods in bill of entry or clearance, and, if necessary, to produce invoice, &c.

In case of doubt, the Customs-collector may require any such owner or any other person in possession of any invoice, broker's note, policy of insurance or other document, whereby the real value of any such goods can be ascertained, to produce the same, and to furnish any information relating to the value of such goods which it is in his power to furnish And thereupon such person shall produce any such document or furnish any such information so required by such officer

Provided that, if the owner makes a declaration before the Customs-collector to the effect that he is unable, from want of full information, to state the real value or contents of any case, package, or parcel of goods, then the Customs-collector shall permit him, previous to the entry thereof (1) to open such case, package, or parcel, and examine the contents in presence of an officer of Customs, or (2) to deposit such case, package, or parcel in a public warehouse, pending production of such information.

No re-valuation of goods assessed for duty on the declared value thereof shall be allowed after such goods have been removed from the Custom-house

For the purposes of this section the real value shall be deemed to be—

(a) the wholesale cash-price, less trade-discount, for which goods of the like kind and quality are sold, or are capable of being sold, at the time and place of importation or exportation respectively, without any abatement or deduction whatever, except of so much as the duties payable on the importation thereof amount to, or,

বিবিধ বিধান।

৩৮ ধারা। কোন দ্রব্যের উপর মাসুল লাগিলে কি না লাগিলেও তাহা কষ্টমের কোন বন্দরে আমদানী হইলে কি তথাহইতে রপ্তানী হইলে ঐ দ্রব্যের স্বামী আপনার বিল অফ এন্টরীতে কিম্বা শিপিং বিলে আপনার জ্ঞান ও বিশ্বাস অনুসারে ঐ দ্রব্যের প্রকৃত মূল্য প্রকাশ করিবেন ও ঐ বিলের নিম্নভাগে ঐ মূল্য যথার্থ এই মর্ম্মের নির্দ্দেশপত্রে স্বাক্ষর করিবেন।

বিল অফ এন্টরীতে কি শিপিং বিলে স্বামির মালের প্রকৃত মূল্য নির্দ্দিষ্ট করিবার ও আবশ্যক হইলে তাহার বিজকপ্রভৃতি দেখাইতে হইবার কথা।

সন্দেহ থাকিলে কষ্টমের কালেক্টর সাহেব ঐ স্বামিকে কিম্বা কোন বিজক কি দালালিপত্র কি বিমাপত্র কিম্বা যদ্দ্বারা তদ্রূপ কোন দ্রব্যের প্রকৃত মূল্য নিশ্চয়মতে জানা যাইতে পারে এমত পত্র অন্য যে ব্যক্তির অধিকারে থাকে তাঁহাকে তাহা দেখাইতে, এবং সেই দ্রব্যের মূল্যসম্পর্কীয় অন্য যে সন্ধান জানাইতে পারেন তাহা তাঁহাকে জানাইতে আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে উক্ত ব্যক্তি ঐ কার্য্যকারকের আজ্ঞামতে ঐ দলীল দেখাইবেন কিম্বা তদ্রূপ অন্য সন্ধান জানাইবেন।

কিন্তু সম্পূর্ণ সন্ধান না থাকাপ্রযুক্ত মালের কোন বাক্সের কি পাকেজের কি পুলিন্দার প্রকৃত মূল্য কি তদন্তর্গত দ্রব্য জানাইতে পারেন না, স্বামী কষ্টমের কালেক্টর সাহেবের সম্মুখে এই মর্ম্মের কথা কহিলে, কষ্টমের কালেক্টর সাহেব তাঁহাকে ঐ মালের এন্টরী করিবার পূর্ব্বে (১) কষ্টমের কোন কর্ম্মকারকের সাক্ষাৎ ঐ বাক্স কি পাকেজ কি পুলিন্দা খুলিয়া তদন্তর্গত দ্রব্য দেখিতে, কিম্বা (২) ঐ সন্ধান জানাইতে না পারাপর্য্যন্ত ঐ বাক্স কি পাকেজ কি পুলিন্দা রাজকীয় গুদামে রাখিতে অনুমতি দিবেন।

মালের মূল্য নির্দ্দেশ করিয়া কহা গেলে তাহার উপর মাসুল ধার্য্য হইয়া কষ্টম হৌসহইতে সেই মাল স্থানান্তর করিবার পরে, ঐ মালের মূল্য পুনশ্চ নিরূপণ করিবার অনুমতি হইবে না।

(ক) এই ধারার কার্য্যপক্ষে, মাল আমদানী হইলে যত মাসুল লাগে তদ্ভিন্ন কিছু ন্যূনতা না ধরিয়া কি বাদ না দিয়া, আমদানী কি রপ্তানী হওয়ার সময়ে ও স্থানে সেই প্রকারের ও সেই গুণের দ্রব্য মোটে বিক্রয় হইলে বণিকদের রীতিমতে ধরাট বাদ দিয়া নগদ যে মূল্যে বিক্রয় হইয়া থাকে কি বিক্রয় হইতে পারে, তাহাই সেই দ্রব্যের প্রকৃত মূল্য বলিয়া ধরিতে হইবে। কিম্বা

(*b*) where such price is not ascertainable, the estimated cost at which goods of the like kind and quality could be laid down at such place

Nothing in this section applies to opium, salt, or spirits

39 If, upon the examination of any goods chargeable with duty upon the value thereof, but for which a specific value is not fixed by law for the purpose of levying duties thereon, it appears to an officer of Customs that such goods are properly chargeable with a higher rate or amount of duty than that to which they would be subject according to the value thereof as stated in the bill of entry or shipping bill, such officer may detain such goods.

Under-valued goods how dealt with

In every such case the detaining officer shall forthwith give notice in writing to the owner of the goods of their detention, and of the value thereof as estimated by him, and the Customs-collector shall, within two clear working days after such detention, or within such reasonable period as may with the consent of the parties be arranged, determine either to deliver such goods on payment of duty charged according to the entry of such owner, or to retain the same for the use of Government

If the goods be retained for the use of Government, the Customs-collector shall cause the full amount stated in the bill as their real value to be paid to the owner, in full satisfaction for such goods, in the same manner as if they had been transferred by ordinary sale, and shall then cause them to be sold by public auction after due notice in the official Gazette, or some mercantile newspaper circulating in the place

If the proceeds arising from such sale shall exceed the sum paid to the owner, together with the duty to which the goods are liable and all charges incurred by Government in connection with them, a portion not exceeding one-half of the overplus shall, at the discretion of the Chief Officer of Customs, be payable to the officer who detected the under-valuation of the goods

Nothing in this section shall prevent the Chief Officer of Customs, when he has reason to believe that any such under-valuation was solely the result of accident or error, from permitting the owner of the goods, on his application for that purpose, to amend such entry, on payment of such increased rate of duties, or on such other terms as he may determine

(খ) ঐ মূল্য নিশ্চিতমতে জানা যাইতে না পারিলে সেই প্রকারের ও সেই গুণের দ্রব্য আনুমানিক যত টাকা খরচে সেই স্থানে পঁহুছান যাইতে পারে তাহাই তাহার প্রকৃত মূল্য বলিয়া জ্ঞান হইবে।

এই ধারার কোন কথা আফীমের কি লবণের কি মদিরার প্রতি খাটিবে না ইতি।

৩৯ ধারা। যে দ্রব্যের উপর মূল্যানুসারে মাস্থল লাগে কিন্তু মাস্থল আদায় করণের কার্য্যপক্ষে যাহার বিশেষ মূল্য আইনদ্বারা নির্দ্ধারিত হয় নাই, কষ্টমের কোন কার্য্যকারক এমত কোন দ্রব্য দৃষ্টি করিয়া, বিল অফ এণ্টরীতে কি শিপিং বিলে ঐ দ্রব্যের নির্দ্দিষ্ট মূল্যানুসারে যে হারে কি যত মাস্থল লওয়া যায়, প্রকৃতরূপে তদধিক হারে কি তদধিক টাকার মাস্থল লাগিতে পারে, এমত বোধ করিলে তিনি ঐ দ্রব্য আটকাইয়া রাখিতে পারিবেন।

দ্রব্যের ন্যূনমূল্য ধরা গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

উক্ত প্রত্যেক স্থলে যে কর্ম্মকারক ঐ দ্রব্য আটকাইয়া রাখেন তিনি স্বামির নামে তৎক্ষণাৎ লিখিয়া ঐ দ্রব্য আটক থাকার নোটিস ও আপনার বিবেচনামতে সেই দ্রব্যের মূল্য জ্ঞাত করিবেন, এবং কষ্টমের কালেক্টর সাহেব ঐ দ্রব্য আটক রাখণের পর কার্য্য চলনের সম্পূর্ণ দুই দিবসের মধ্যে, অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে উপযুক্ত অন্য যে সময় নিদ্ধারিত হয় সেই সময়ের মধ্যে ঐ স্বামির এণ্টরীমতে মাস্থল দেওযা গেলে তাঁহাকে ঐ দ্রব্য সমর্পণ করিতে অথবা তাহা গবর্ণমেণ্টের ব্যবহারার্থ রাখিতে নির্ণয় করিবেন।

গবর্ণমেণ্টের ব্যবহারার্থ ঐ দ্রব্য রাখা গেলে ঐ দ্রব্যের প্রকৃত মুল্য বলিয়া বিলে যত টাকা লেখা গেল, কষ্টমের কালেক্টর সাহেব সাধারণমতে ক্রয়বিক্রয় করিয়া লওনের ন্যায় স্বামিকে সেই দ্রব্যের সম্পূর্ণ মূল্য বলিয়া তত টাকা দিবেন, ও রাজকীয় গেজেটে কিম্বা তৎস্থানে বাণিজ্য সংক্রান্ত যে সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে তন্মধ্যে ঐ নোটিস প্রকাশ করিয়া ঐ দ্রব্য নীলামে বিক্রয় করাইবেন।

স্বামিকে যত টাকা দেওযা গেল এবং ঐ দ্রব্যের উপর যত মাস্থল লাগে ও তৎসম্পর্কে গবর্ণমেণ্টের যত খরচ লাগিল এই সকলহইতে অধিক টাকা এ নীলামে পাওয়া গেলে, যে কর্ম্মকারক ঐ দ্রব্যের মূল্যের ন্যূনতা প্রকাশ করিলেন কষ্টমের প্রধান কর্ম্মকারকের বিবেচনামতে তাঁহাকে ঐ অতিরিক্ত টাকার অর্দ্ধেকের অনধিকাংশ দেওয়া যাইতে পারিবে।

ঐ দ্রব্যের ন্যূনমূল্য ধরা কেবল অকস্মাৎ কি ভ্রমক্রমে হইযাছে, কষ্টমের প্রধান কর্ম্মকারক কোন কারণে এমত বোধ করিলে, স্বামির প্রার্থনামতে ও তিনি উক্ত বর্দ্ধিত হারে মাস্থল দিলে কিম্বা উক্ত কর্ম্মকারক অন্য যে নিয়ম নির্দ্ধার্য্য করেন তদনুসারে ঐ স্বামিকে ঐ এণ্টরী সংশোধন করিবার অনুমতি দিতে পারিবেন, এই ধারার কোন কথায় ইহার বাধা নাই ইতি।

40. When goods are retained under section 39 for the use of Government, the duties payable thereon shall in no case be levied from the owner.

Duties on goods retained under section 39 for use of Government.

৪০ ধারা। কোন দ্রব্য ৩৯ ধারামতে গবর্ণমেণ্টের ব্যবহারার্থে রাখা গেলে, ঐ দ্রব্যের উপর স্বামির স্থানে কোন ক্রমেই মাসুল আদায় করা যাইবে না ইতি।

৩৯ ধারামতে গবর্ণমেণ্টের ব্যবহারার্থে যে দ্রব্য রাখা যায় তাহার উপর মাসুলের কথা।

41. No claim for any abatement or refund of duty on account of damage alleged to have been sustained before delivery of the bill of entry shall be allowed in respect of any goods imported into any Customs-port, unless such claim be made in writing, and the damaged condition of such goods be ascertained and certified, on the first examination thereof, by a Custom-house Appraiser, or by such other person as the Customs-collector appoints for the purpose

Claims to abatement of duty, on account of damage how to be treated

৪১ ধারা। কষ্টমের কোন বন্দরে যে মালের আমদানী হয়, বিল অফ এণ্টরী সমর্পণ করণের পূর্ব্বে তাহার হানি হইয়াছে বলিয়া মাসুলের কোন অংশ কমাইয়া দিবার কি ফিরিয়া পাইবার দাওয়া থাকিলে, সেই দাওয়া লিখিয়া না দেওয়া গেলে, ও কষ্টম হৌসের যাচনদার, কিম্বা এতৎকার্য্যার্থে কষ্টমের কালেক্টর সাহেব অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ মাল প্রথম দেখিবার সময়ে তাহার হানির অবস্থা নিশ্চিতমতে না জানিলে ও তাহার সর্টিফিকট না দিলে, ঐ দাওয়া গ্রাহ্য হইবে না ইতি।

হানিহেতুক মাসুল কম করিয়া লইবার দাওয়া হইলে যাহা করিতে হইবে তাহার কথা।

42 Goods the damaged condition of which is ascertained and certified to the satisfaction of the officer in charge of the Custom-house, may, after notice in the official Gazette, or some local newspaper, be sold by public auction at such time (within thirty days from the date of delivery of the bill of entry), and at such place, as the Customs-collector appoints

Disposal of damaged goods and levy of duty thereon

৪২ ধারা। যে দ্রব্যের হানির অবস্থা নিশ্চিতরূপে জানা যায় ও কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে যাহার সর্টিফিকট দেওয়া যায়, রাজকীয় গেজেটে কিম্বা স্থানীয় কোন সম্বাদপত্রে নোটিস প্রকাশ করা গেলে পর, কষ্টমের কালেক্টর সাহেব যে স্থান ও ঐ বিল অফ এণ্টরী দিবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে যে সময় নিরূপণ করেন ঐ মাল সেই সময় ও স্থানে নীলামে বিক্রয় করা যাইবে।

হানিগ্রস্ত দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার ও তদুপরি মাসুল আদায়ের কথা।

The duty on such goods shall be adjusted on the gross amount realized by their *bonâ fide* sale, as proved by the original account sales, without any abatement or deduction, except of so much as represents the duties payable on the importation thereof

বিক্রয়ের আসল হিসাবমতে প্রমাণীকৃত যে মূল্যে ঐ দ্রব্য প্রকৃত প্রস্তাবে মোটে বিক্রয় হইল, ঐ মালের আমদানী করণে মাসুল বলিয়া যত টাকা দেনা হয় তদ্ভিন্ন ঐ বিক্রয়ের টাকা হইতে কিছু না কম করিয়া কি বাদ না দিয়া সেই মূল্যের উপর ঐ মাসুলের হিসাব নিষ্পত্তি হইবে।

On goods the value of which has been fixed by law for the purpose of levying duties thereon, no abatement of duties shall be allowed, unless they have deteriorated to the extent of one-fifth of their value

কোন মালের উপর মাসুল আদায় করিবার জন্যে আইনমতে ঐ মালের মূল্য নির্দ্ধারিত হইয়া থাকিলে তাহার মূল্যের পঞ্চমাংশপর্য্যন্ত হানি না হইলে মাসুল কমাইয়া দিবার অনুমতি হইবে না।

No abatement of duty on account of damage shall be allowed on wines, spirits, or beer, or on any other articles on which duties are levied on quantity and not on value

ওয়াইন কি মদিরা কি বীর শরাব কি অন্য যে দ্রব্যের মূল্যানুসারে না হইয়া পরিমাণানুসারে মাসুল আদায় হইয়া থাকে হানির নিমিত্ত তাহার উপর মাসুল কমাইয়া দেওয়া যাইবে না ইতি।

43 If, upon the first levying, repealing, enhancement or reduction of any duty,

Date of importation how determined

৪৩ ধারা। কোন মাসুল প্রথমে ধার্য্য করণ কি রহিত কি বৃদ্ধি কি হ্রাস করণ সময়ে,

আমদানী করিবার তারিখ নিরূপণের কথা।

or upon any change of any valuation for duty,

কিম্বা মাসুলের নিমিত্ত কোন নিরূপিত মূল্য কোন প্রকারে পরিবর্ত্তন করণ সময়ে,

or upon the first permitting, prohibiting, or restricting of any importation,

কিম্বা কোন দ্রব্য আমদানী করণের প্রথম অনুমতি হওন কিম্বা সম্যক প্রকারে কি নিয়মাধীনে নিষিদ্ধ হওন সময়ে,

it is necessary to determine the exact date on which an importation of goods had effect,

such date shall be that on which the goods were actually entered for home-consumption at the Custom-house

For the purposes of this section goods shall be deemed to be entered when the bill of entry thereof is delivered to the Customs-collector

44 If, in like manner, it is necessary to determine the exact date on which an exportation of goods had effect, such date shall be that on which the goods were actually entered outwards at the Custom-house

Date of exportation how determined

45 When a contract is entered into for the sale of any dutiable goods at a fixed price, including the duty leviable in British India at the date of the contract, and subsequently thereto, and before the contract is fully performed, the duty on such goods is raised or lowered, and levied accordingly, the amount to be paid to, or received by the parties to the contract shall be increased or diminished, as the case may be, by the amount by which such duty is raised or lowered

Contracts for sale of goods duty on which is raised or lowered before performance

Illustrations

(*a*) A, a merchant in Calcutta, contracts with B, a merchant in Liverpool, to sell him 100 maunds of indigo at Rs 200 per maund, including the export duty at the rate of 3 rupees per maund Before the contract is fully performed, the duty on indigo is reduced to 1 rupee per maund B is entitled to deduct from the price agreed on Rs 200, being Rs 2 per maund

(*b*) A, a wine merchant in Madras, contracts with B, a resident there, to procure and deliver to him within one year a thousand gallons of champagne at Rs 25 per gallon, duty paid Subsequently, and before the contract is performed, the duty is raised from Rs 1 8 to Rs 2 8 per gallon A is entitled to be paid at Rs 26 per gallon instead of Rs 25

(*c*) A, a wine merchant in Bombay, contracts with B, a merchant in Bordeaux, for a thousand gallons of claret at Rs 5 per gallon, including the import-duty of 1 rupee per gallon Subsequently, and before the contract is fully performed, the duty is raised to Rs. 2 per gallon and levied at that rate B is entitled to be paid at the rate of Rs 6 per gallon

দ্রব্যের আমদানী হওয়ার যে তারিখ ধরিতে হইবে ইহা নিশ্চিতমতে নির্দ্ধার্য্য করা আবশ্যক হইলে,

ঐ দ্রব্য যে তারিখে দেশে ব্যবহার হওনার্থে কষ্টম হৌসে এণ্টর করা যায় সেই তারিখ ধরিতে হইবে।

কোন মালের বিল অফ এণ্টরী যে সময়ে কষ্টমের কালেক্টর সাহেবকে দেওয়া যায় এই ধারার কার্য্যপক্ষে সেই মাল সেই সময়ে এণ্টর করা গেল বলিয়া জ্ঞান হইবে ইতি।

৪৪ ধারা। তদ্রূপেও কোন দ্রব্য রফ্তানী করিবার তাঁরিখ নিশ্চিতমতে নির্ণয় করা আবশ্যক হইলে, ঐ দ্রব্য রফ্তানী হইবার জন্যে যে তারিখে কষ্টম হৌসে এণ্টর করা যায় সেই তারিখ ধরিতে হইবে ইতি।

রফ্তানী করিবার তারিখ নির্ণয়ের কথা।

৪৫ ধারা। কোন মাসুলী দ্রব্য বিক্রয় করিবার চুক্তি হইয়া ঐ চুক্তির তারিখে ব্রিটনীয় ভারতবর্ষে যে মাসুল আদায় হইতে পারে তাহা ধরিয়া নির্দ্ধারিত মূল্যে ঐ দ্রব্য বিক্রয় করিবার চুক্তি থাকিলে, যদি তৎপরে কিন্তু সেই চুক্তিমতে কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইবার পূর্ব্বে ঐ দ্রব্যের উপর মাসুল হ্রাস কি বৃদ্ধি হইয়া তদনুসারে আদায় করা যায়, তবে ঐ মাসুল যত বৃদ্ধি বা কম করা যায় ঐ চুক্তিপত্রের উভয় পক্ষ তদনুসারে তাহার অধিক কি কম মূল্য দিবেন ও লইবেন ইতি।

মাল বিক্রয়ের চুক্তি নিষ্পাদন হইবার পূর্ব্বে ঐ মালের মাসুল বৃদ্ধি কি হ্রাস করা গেলে সেই চুক্তি বিষয়ক কথা।

উদাহরণ।

(ক) কলিকাতাবাসি আনন্দ নামক সওদাগর লিবরপুল নিবাসি বলরাম নামক সওদাগরের নিকট মণপ্রতি ৩৲ টাকার হারে রফ্তানীর মাসুল সুদ্ধ মণপ্রতি ২০০৲ টাকার হিসাবে ১০০ মণ নীল বিক্রয় করিতে চুক্তি করেন। সেই চুক্তিমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইতে না হইতেই নীলের উপর মণপ্রতি এক টাকা পর্য্যন্ত মাসুল কমিয়া গেল। এমত স্থলে বলরাম মণপ্রতি যে ২০০৲ টাকা দিতে করার করিলেন তাহাহইতে মণপ্রতি ঐ ২৲ টাকা বাদ দিতে স্বত্ববান।

(খ) মান্দ্রাজনিবাসি বলরামের নিকট তথাকার আনন্দ নামক এক জন শুঁড়ি মাসুল দিয়া গ্যালনপ্রতি ২৫৲ টাকার হিসাবে এক হাজার গ্যালন সিমকিন ক্রয় করিয়া পঁহুছাইয়া দিবার চুক্তি করিলেন, তৎপরে ও ঐ চুক্তিমতে কার্য্যসম্পাদন করণের পূর্ব্বে গ্যালন প্রতি ১।০ টাকাহইতে ২॥০ আড়াই টাকা পর্য্যন্ত মাসুল বৃদ্ধি হইল। আনন্দ গ্যালন প্রতি ২৫৲ টাকা না লইয়া ২৬৲ টাকা পাইবার স্বত্ব ম হন

(গ) বোম্বাইয়ে আনন্দ নামক শুঁড়ি বর্ডো নিবাসি বলরাম ফির স্থানে গ্যালন প্রতি আমদানীর এক টাকা মাসুল সুদ্ধ গ্যালন প্রতি ৫৲ টাকার হিসাবে এক হাজার গ্যালন ক্লারেট ক্রয় করিতে চুক্তি করিলেন। তৎপরে ও চুক্তিমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইতে না হইতে গ্যালনপ্রতি দুই টাকা পর্য্যন্ত মাসুল বৃদ্ধি হইয়া সেই হিসাবে আদায় হয়। এমন স্থলে বলরাম গ্যালনপ্রতি ছয় টাকার হিসাবে মূল্য পাইবার স্বত্ববান।

46. When during the transit by sea to British India of any dutiable goods, the duty on such goods is raised, the duty leviable on such goods on arrival in British India shall be the duty which was in force in respect of such goods when such transit commenced, and when the duty on such goods is reduced, the duty leviable thereon shall be such reduced duty Transit shall be deemed to have commenced on the grant of port-clearance

Duty leviable on sea-borne goods, duty on which has been altered during transit

৪৬ ধারা। কোন মাস্থলী মাল সমুদ্র পথে ব্রিটনীয় ভারতবর্ষে প্রেরণ সময়ে যদি সেই দ্রব্যের উপর মাস্থল বৃদ্ধি করা যায় তবে সেই দ্রব্য প্রেরণের আরম্ভ-কালে তাহার উপর যে মাস্থল লাগিত ব্রিটনীয় ভারতবর্ষে পঁহুছিলে সেই মাস্থল আদায় হইবে, ও যদি সেই দ্রব্যের উপর মাস্থল কমিয়া যায় তবে তাহার উপর ঐ ন্যূন মাস্থল আদায় হইবে। জাহাজের বন্দর-হইতে খুলিয়া যাইবার অনুমতিপত্র দেওয়া গেলেই যাত্রা আরম্ভ হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

সমুদ্রপথে যে মাল চালান হয় যাত্রা কালে মাস্থল পরিবর্ত্তন হইলে তাহার উপর যে মাস্থল লওয়া যাইবে তদ্বিষয়ক কথা।

পরিমাণের ও মাপের নিমিত্ত গুদামরক্ষক দায়ী, ও কোন ব্যক্তির স্বকীয় গুদামজাৎ সেই মালের সেই পরিমাণের ও মাপের নিমিত্ত লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি দায়ী হইবেন।

Compensation for loss or injury not admissible except in case of proved wilful neglect, &c

No owner of goods shall be entitled to claim from the Customs-collector, or from any keeper of a public warehouse, compensation for any loss or injury occurring to such goods while they are being passed into or out of such warehouse, or while they remain therein, unless it be proved that such loss or injury was occasioned by the wilful act or neglect of the warehouse-keeper or of an officer of Customs

ইচ্ছাপূর্ব্বক তাচ্ছল্যাদির প্রমাণ না হইলে হানি কি ক্ষতি পূরণার্থ টাকা না দিবার কথা।

মাল গুদামে লইয়া যাওন কি গুদামহইতে বাহির করণ কিম্বা তথায় থাকন সময়ে তাহার কোন ক্ষতি কি হানি হইলেও, গুদামরক্ষকের কিম্বা কষ্টমের কোন কর্ম্মকারকের স্বেচ্ছাপূর্ব্বক কোন কার্য্য কিম্বা তাচ্ছল্যহেতুক সেই ক্ষতি কি হানি হওয়ার প্রমাণ করা না গেলে, ঐ মালের স্বামী কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে কিম্বা রাজকীয় গুদামের রক্ষকের নিকটে ঐ ক্ষতি কি হানিপূরণের দাওয়া করিতে পারিবেন না ইতি।

Power to remove goods from one warehouse to another in same Port

121 Any owner of goods warehoused under this Act, may, with the permission of the Chief Customs Officer, and on such conditions and after giving such security (if any) as such officer directs, remove goods from one warehouse to another warehouse in the same Port

একি বন্দরের এক গুদাম হইতে অন্য গুদামে মাল লইয়া যাইবার ক্ষমতার কথা।

১২১ ধারা। এই আইনমতে গুদামজাৎ মালের কোন স্বামী কষ্টমের প্রধান কার্য্যকারকের অনুমতি লইয়া, ও তাঁহার নির্দ্ধারিত নিয়মানুসারে ও তিনি জামিন চাহিলে তাঁহার আদেশমত জামিন দিয়া, একি বন্দরের এক গুদামহইতে মাল লইয়া অন্য গুদামে রাখিতে পারিবেন।

When any person desires so to remove any goods, he shall make application in such form as the Chief Customs Authority from time to time prescribes

কোন ব্যক্তি সেই প্রকারে কোন মাল স্থানান্তর করিতে ইচ্ছুক হইলে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে তাঁহার প্রার্থনাপত্র দিতে হইবে ইতি।

Bonded goods may be removed from one port to another

122 Goods warehoused at any warehousing Port may from time to time be removed by sea or by inland carriage, in order to be re-warehoused at any other warehousing Port

নিরূপণপত্রক্রমে বদ্ধ মাল এক বন্দরহইতে অন্য বন্দরে পাঠাইবার কথা।

১২২ ধারা। গুদামজাৎ করিবার কোন বন্দরে যে মাল গুদামজাৎ করা যায় তাহা গুদামজাৎ করিবার অন্য কোন বন্দরে পুনরায় গুদামজাৎ করিবার নিমিত্ত সময়ে২ সমুদ্রপথে কিম্বা দেশের অন্তর্গত নৌকা কি গাড়ী প্রভৃতি করিয়া স্থানান্তর করা যাইতে পারিবে।

Procedure

When any owner desires so to remove any goods, he shall apply to the Chief Customs Officer, stating the particulars of the goods to be removed, and the name of the Port to which it is intended that they shall be removed, together with such other information, and in such manner and form, as the Chief Customs Authority from time to time prescribes

কার্য্যপ্রণালীর কথা।

স্বামী সেই প্রকারে কোন মাল স্থানান্তর করিতে চাহিলে, তিনি কষ্টমের প্রধান কার্য্যকারকের নিকট প্রার্থনা করিয়া, যে মাল স্থানান্তর করিতে চাহেন তাহার বৃত্তান্ত, ও যে বন্দরে তাহা লইয়া যাইবার কল্পনা থাকে তাহা জানাইবেন, ও কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ অন্য যে সন্ধান যে প্রকারে ও যে পাঠে জানাইবার বিধান করেন সেই প্রকারে ও সেই পাঠানুসারে সেই সন্ধান জানাইবেন ইতি।

Officers at Port of removal to transmit account of goods to officers at Port of destination

123 When permission is granted for the removal of any goods from one warehousing Port to another under section 122, an account containing the particulars thereof shall be transmitted by the proper officer of the Port of removal to the proper Officer of the Port of destination,

যে বন্দরহইতে মাল স্থানান্তর করা যায় সেই বন্দরের কার্য্যকারকদের লক্ষিত বন্দরের কার্য্যকারকদের নিকট মালের হিসাব পাঠাইবার কথা।

১২৩ ধারা। গুদামজাৎ করণের এক বন্দরহইতে অন্য বন্দরে ১২২ ধারামতে কোন মাল পাঠাইবার অনুমতি দেওয়া গেলে, যে বন্দর হইতে প্রেরণ করা যায় সেই বন্দরের উপযুক্ত কার্য্যকারক লক্ষিত বন্দরের উপযুক্ত কার্য্যকারকের নিকট ঐ মালের বৃত্তান্তপত্র পাঠাইবেন।

Owner to execute bond for due arrival, &c

and the owner requiring the removal shall enter into a bond, with one sufficient surety, in a sum equal at least to the duty chargeable on such goods, for the due arrival and re-warehousing thereof at the Port of destination within such time as the Chief Customs Authority directs

মালের নিয়মমতে পঁহুছন-প্রভৃতির বিষয়ে স্বামির নিবন্ধনপত্র লিখিতে হইবার কথা।

এবং কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ যে সময় ধার্য্য করেন ঐ মাল সেই সময়ের মধ্যে লক্ষিত বন্দরে কি স্থানে উপযুক্তরূপে পঁহুছাইয়া গুদামজাৎ করা যাইবে, এতদর্থে যে স্বামী ঐ মাল স্থানান্তর করিতে প্রার্থনা করেন তিনি এক জন উপযুক্ত জামিন দিয়া মালের উপর যত টাকা মাস্থল লাগে ন্যূনকল্পে তত্তুল্য টাকার নিবন্ধনপত্র লিখিয়া দিবেন।

Such bond may be taken by the proper officer, either at the Port of removal or at the Port of destination, as best suits the residence or convenience of the owner

স্বামির বাসস্থান ও সুবিধা লক্ষ করিয়া, যে বন্দরহইতে মাল স্থানান্তর করা যায় তথাকার কিম্বা লক্ষিত বন্দরের উপযুক্ত কার্য্যকারক ঐ নিবন্ধনপত্র লেখাইয়া লইতে পারিবেন।

If such bond is taken at the Port of destination, a certificate thereof, signed by the proper officer of such Port, shall, at the time of the entering of such goods, be produced to the proper officer at the Port of removal, and such bond shall not be discharged unless such goods are produced to the proper officer, and duly re-warehoused at the Port of destination within the time allowed for such removal, or are otherwise accounted for to the satisfaction of such officer, nor until the full duty due upon any deficiency of such goods, not so accounted for, has been paid

ঐ নিবন্ধনপত্র লক্ষিত বন্দরে লেখাইয়া লওয়া গেলে, ঐ মাল সেই বন্দরে এণ্টর করণসময়ে তথাকার উপযুক্ত কার্য্যকারক তদ্বিষয়ের সর্টিফিকেটে স্বাক্ষর করিবেন, যে বন্দরহইতে মাল স্থানান্তর করা গেল তথাকার উপযুক্ত কার্য্যকারককে ঐ সর্টিফিকট দেখাইতে হইবে। এবং ঐ মাল স্থানান্তর করিবার যে সময় দেওয়া গিয়াছিল তাহা সেই সময়ের মধ্যে লক্ষিত বন্দরের উপযুক্ত কর্ত্তৃপক্ষের নিকট উপস্থিত করা না গেলে ও তথায় নিয়মমতে পুনরায় গুদামজাৎ না করা গেলে, কিম্বা মালের ন্যূনতা দৃষ্ট হইলে ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে তাহার হেতু জ্ঞাত করা না গেলে ও যাহার তদ্রূপ বৃত্তান্ত জ্ঞাত করা যায় নাই সেই ন্যূনাংশের উপর সম্পূর্ণ মাস্থল না দেওন পর্য্যন্ত, ঐ নিবন্ধনপত্র প্রবল থাকিবে ইতি।

Remover may enter into a general bond

124 The Chief Customs Authority may permit any person desirous of removing warehoused goods to enter into a general bond, with such sureties in such amount, and under such conditions, as the Chief Customs Authority approves, for the removal from time to time of any goods from one warehouse to another, either in the same or in a different Port, and for the due arrival and re-warehousing of such goods at the Port of destination within such time as such Authority directs

স্থানান্তরকারির সাধারণ নিবন্ধনপত্র লিখিতে পারিবার কথা।

১২৪ ধারা। কোন ব্যক্তি গুদামজাৎ মাল স্থানান্তর করিতে ইচ্ছুক হইলে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ যেং প্রকারের জামিন ও যত টাকা ও যে নিয়ম অনুমোদন করেন তাঁহাকে সেই প্রকারের জামিন দিয়া তত টাকার নিমিত্ত সেই নিয়মানুসারে সময়েং এক গুদামহইতে সেই কি অন্য বন্দরের অন্তর্গত অন্য গুদামে ঐ মাল লইয়া যাইবার, ও কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ যে সময় ধার্য্য করেন সেই সময়ে লক্ষিত বন্দরে মাল উপযুক্তমতে পঁহুছাইবার ও গুদামজাৎ হওয়ার সাধারণ নিবন্ধনপত্র লিখিয়া দিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

Goods on arrival at Port of destination to be subject to same laws as goods on first importation

125 Upon the arrival of warehoused goods at the Port of destination, they shall be entered and warehoused in like manner as goods are entered and warehoused on the first importation thereof, and under the laws and rules, in so far as such laws and rules are applicable, which regulate the entry and warehousing of such last-mentioned goods

প্রথমে আমদানী হইলে যেং বিধান বর্ত্তে লক্ষিত বন্দরে পঁহুছিলে মালের উপর সেইং বিধান বর্ত্তিবার কথা।

১২৫ ধারা। মাল প্রথমে আমদানী হইলে তাহা যে প্রকারে এণ্টর ও গুদামজাৎ করা যায়, গুদামজাৎ মাল লক্ষিত বন্দরে পঁহুছিলে সেই প্রকারে এণ্টর ও গুদামজাৎ করা যাইবে। ও প্রথমোক্ত প্রকারের মাল এণ্টর ও গুদামজাৎ করিবার যে বিধি ও ব্যবস্থা প্রচলন থাকে, তাহা যত দূর বর্ত্তে তত দূর শেষোক্ত প্রকারের মালও সেই বিধি ও ব্যবস্থামতে এণ্টর ও গুদামজাৎ করা যাইবে ইতি।

126 When any warehoused goods are removed from any warehouse, the Customs collector shall cause such removal to be noted on the back of the bond

Removal of goods to be noted on the bond, with particulars

Every note so made shall specify the quantity and description of goods removed, the purposes for which they have been removed, the date of removal, the name of the person removing them, the number and date of the export-pass under which they have been taken away if removed for exportation by sea, or of the import-pass or order if removed for home-consumption, and the amount of duty paid (if any)

127 No goods shall be removed from any warehouse, except after application to the Customs-collector for permission to pass the goods

Goods not to be removed from warehouse except after application to Customs collector

(*a*) for exportation by sea to some Foreign Port, or

(*b*) for home consumption, in like manner as is prescribed by section 98 for goods entered for home-consumption on the landing thereof, or

(*c*) for removal to another warehouse, as provided in sections 121 to 124 inclusive,

and after grant of such permission

128 Application to remove goods from any warehouse shall be made in such form as the Chief Customs Authority from time to time prescribes

Form of application for removal of goods

Such application shall ordinarily be made to the Customs-collector twenty-four hours before it is intended so to remove such goods

Twenty four hours notice to be given

129 If any goods lodged in a warehouse are removed from the warehouse otherwise than for removal to another warehouse, as provided in sections 121 to 124, inclusive, or for exportation by sea to some Foreign Port,

On goods being removed improperly or otherwise than for export, &c full duty to be paid

or if any goods have not been cleared from the warehouse and so exported at the expiration of the time during which such goods are permitted by this Act to remain in warehouse,

১২৬ ধারা। গুদামজাৎ কোন মাল কোন গুদামহইতে স্থানান্তর করা গেলে, কষ্টমের কালেক্টর সাহেব ঐ নিবন্ধনপত্রের পৃষ্ঠে ঐ স্থানান্তর করার কথা লেখাইবেন।

মাল স্থানান্তর করা গেলে বৃত্তান্ত সহিত ঐ কথা নিবন্ধনপত্রে লিখিতে হইবার কথা।

যে পরিমাণের ও যে প্রকারের মাল যে অভিপ্রায়ে যে তারিখে স্থানান্তর করা গেল, ও যে ব্যক্তি স্থানান্তর করেন তাঁহার নাম, ও সমুদ্রপথে পাঠাইবার নিমিত্ত স্থানান্তর করা গেলে রপ্তানীর যে ছাড়পত্রক্রমে তাহা বাহির করিয়া লওয়া যায় সেই পত্রের তারিখ, ও দেশে ব্যবহার হইবার জন্যে বাহির করা গেলে আমদানীর ছাড়পত্রের কি আজ্ঞাপত্রের তারিখ, ও মাসুল দেওয়া গিয়া থাকিলে যত টাকা মাসুল দেওয়া গেল, এই সকল কথা ঐ নিবন্ধনপত্রে লিখিতে হইবে ইতি।

১২৭ ধারা। কষ্টমের কালেক্টর সাহেবের নিকট মাল ছাড়াইয়া দিবার অনুমতি প্রার্থনা না হইলে ও সেই অনুমতি পাওয়া না গেলে,

কষ্টমের কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা না করিলে গুদামহইতে মাল স্থানান্তর না করিবার কথা।

(ক) সমুদ্র পথে ভিন্নদেশের কোন বন্দরের কি স্থানে রপ্তানী করিবার জন্যে, কিম্বা

(খ) জাহাজহইতে মাল নামাইবার সময়ে দেশে ব্যবহার হইবার নিমিত্ত ৯৮ ধারায় এন্টরি করিবার যে বিধান আছে তদনুসারে দেশে ব্যবহার হইবার জন্যে, কিম্বা

(গ) ১২১ অবধি ২৪ পর্য্যন্ত ধারার বিধানমতে অন্য গুদামে লইয়া যাইবার জন্যে ঐ মাল কোন গুদামহইতে বাহির করিয়া লওয়া যাইবে না ইতি।

১২৮ ধারা। কষ্টমের প্রধান কর্তৃপক্ষ সময়েং যে পাঠ নির্দ্দিষ্ট করেন, কোন গুদামহইতে মাল বাহির করিয়া লইবার প্রার্থনাপত্র সেই পাঠে লিখিতে হইবে।

মাল স্থানান্তর করিবার প্রার্থনাপত্রের পাঠের কথা।

ঐ মাল যে সময়ে বাহির করিয়া লইবার কল্পনা থাকে সচরাচর তৎপূর্ব্বে চব্বিশ ঘণ্টা থাকিতে কষ্টমের কালেক্টর সাহেবকে ঐ প্রার্থনাপত্র দিতে হইবে ইতি।

চব্বিশ ঘণ্টার নোটিস দিতে হইবার কথা।

২৯ ধারা। কোন মাল গুদামজাৎ হইলে পর ১২১ অবধি ১২৪ পর্য্যন্ত ধারার বিধানমতে অন্য গুদামে লইয়া যাওনের কিম্বা সমুদ্রপথে ভিন্নদেশীয় কোন বন্দরে প্রেরণ করণের কারণ ভিন্ন কোন কারণে স্থানান্তর করা গেলে,

রপ্তানী করণভিন্ন কোন কারণে কিম্বা অনুপযুক্তমতে মাল বাহির করিয়া লওয়া গেলে সম্পূর্ণ মাসুল দিতে হইবার কথা।

কিম্বা এই আইনমতে মাল যত দিন গুদামে রাখিতে অনুমতি থাকে, তত দিন গত হইলেও কোন মাল গুদামহইতে বাহির করিয়া সেই প্রকারে ভিন্নদেশে পাঠান না গেলে,

the Customs collector shall thereupon demand, and the owner of such goods shall forthwith pay, the full amount of duty which is chargeable on account of such goods, together with all charges or penalties due on account of them

ঐ মালের উপর যত মাস্থল লওয়া যাইতে পারে কষ্টমের কালেক্টর সাহেব সেই সম্পূর্ণ মাস্থলের ও ঐ মালের উপর দেয় সকল খরচের ও দণ্ডের দাওয় করিতে পারিবেন ও মালের স্বামির তাহা তৎক্ষণাৎ দিতে হইবে।

But if any goods so warehoused are, before the expiration of the time last-mentioned, removed or taken from the warehouse for removal to another warehouse, as provided in sections 121 to 124, inclusive, or for exportation by sea to some Foreign Port, no duty shall be then so demanded

কিন্তু তদ্রূপ গুদামজাৎ কোন মাল শেষোক্ত মিয়াদ গত হইবার পূর্ব্বে ১২১ অবধি ১২৪ পর্য্যন্ত সকল ধারার বিধানমতে অন্য গুদামে রাখিবার জন্যে কিম্বা সমুদ্র পথে ভিন্নদেশীয় কোন বন্দরে প্রেরণ করিবার জন্যে ঐ গুদামহইতে স্থানান্তর করা কি বাহির করা গিয়া থাকিলে, তাহার উপর কোন মাস্থলের তদ্রূপ দাওয় হইবে না ইতি।

130 If any owner fails to pay on demand any duty or penalty that falls due on account of goods warehoused under this Act, the Customs-collector may forthwith either proceed upon the bond executed by such owner, or cause such portion as to him seems fit of the warehoused goods on account of which the duty or penalty is due to be detained in satisfaction thereof,

Procedure on failure to pay duty

১৩০ ধারা। এই আইনমতে যে মাল গুদামজাৎ করা যায় তাহার মাস্থলের কি দণ্ডের টাকা দিতে হইলেও, স্বামী দাওয়া হইবা মাত্র তাহা না দিলে, কষ্টমের কালেক্টর সাহেব তৎক্ষণাৎ ঐ স্বামির লিখিত নিবন্ধনপত্রের উপর কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন, কিম্বা গুদামজাৎ যে মালের নিমিত্ত ঐ মাস্থলের কি দণ্ডের টাকা দেয় হয় তাহার যে অংশ বিহিত বোধ করেন ঐ টাকার পরিশোধার্থে সেই অংশ আটক করাইয়া রাখিতে পারিবেন।

মাস্থল না দিলে কার্য্য প্রণালীর কথা।

and if the demand be not discharged within ten days from the date of such detention (due notice thereof being given to the owner), the goods so detained shall be liable to be sold by public auction in satisfaction of the demand, after due notice in the official Gazette

ও স্বামিকে ঐ আটক রাখিবার উপযুক্ত নোটিস দেওয়া গেলেও আটক রাখিবার তারিখ অবধি দশ দিনের মধ্যে ঐ দাওয়ার শোধ না হইলে, রাজকীয় গেজেটে উপযুক্ত নোটিস দিয়া ঐ দাওয়ার পরিশোধ সেই আটক করা দ্রব্য নীলামে বিক্রয় হইতে পারিবে।

The proceeds of any sale so made of goods so detained shall be written off upon the bond in discharge thereof to the amount received, less the charges of the sale, and if any surplus be obtained from such sale, beyond the amount of the demand, such surplus shall be paid over to the owner of the goods Provided that application for the same be made within one year from the sale, or that good reason be shown why such application was not so made

উক্ত প্রকারে আটক করা মাল তদ্রূপে বিক্রয় হইলে যে টাকা পাওয়া যায়, তাহাহইতে নীলামের খরচ বাদ দিয়া যত টাকা থাকে, ঐ নিবন্ধনপত্রের উপর তত টাকা পরিশোধ হইল বলিয়া লেখা যাইবে। বিক্রয় হইয়া ঐ দাওয়ার টাকার অধিক পাওয়া গেলে তাহা ঐ মালের স্বামিকে দেওয়া যাইবে। কিন্তু বিক্রয় হইবার পর এক বৎসরের মধ্যে ঐ টাকা পাইবার প্রার্থনা করিতে হইবে কিম্বা তৎকালের মধ্যে প্রার্থনা না করিবার বিশিষ্ট কারণ দেখাইতে হইবে।

No transfer or assignment of goods shall prevent the Customs-collector from proceeding against such goods in the manner above provided, for any Customs-duties or penalty due thereon

মাল হস্তান্তর কি নিকপা করা গেলেও, তাহার উপর কষ্টমের মাস্থলের কি দণ্ডের টাকার কোন দাওয়াহেতুক কষ্টমের কালেক্টর সাহেবের ঐ মাল লইয়া পূর্ব্বোক্ত বিধানমতে কার্য্য করিবার বাধা হইবে না ইতি।

131 The expenses of carriage, packing and stowage of goods on their reception into or removal from a warehouse shall, if paid by the Customs collector or by the warehouse-keeper, be chargeable on the goods, and be defrayed by, and recoverable from, the owner, in like manner as Customs-duties

Expenses of carriage, packing, &c., to be borne by owners

১৩১ ধারা। কোন মাল গুদামে গ্রাহ্য হওন কি গুদামহইতে বাহির করিয়া লওন সময়ে তাহার বহনের ও বস্তাবন্দীর ও রাখণের যে খরচ হয়, কষ্টমের কালেক্টর সাহেব কিম্বা গুদামরক্ষক ঐ খরচ দিয়া থাকিলে, ঐ মালের উপর ঐ খরচার দায় বর্ত্তিবে, ও কষ্টমের মাস্থলের ন্যায় স্বামির ঐ খরচ দিতে হইবে ও তাঁহার স্থানে আদায় হইতে পারিবে ইতি।

মাল বহন ও বস্তাবন্দি প্রভৃতির খরচ স্বামির দিতে হইবার কথা।

132 If goods be lodged in a public warehouse, the owner shall further pay monthly, on receiving a bill or written demand for the same from the Customs-collector or other officer deputed by him in that behalf, the rent and warehouse-dues

Payment of rent and warehouse-dues

If any such bill for rent or warehouse-dues be not discharged on demand, the Customs-collector may forthwith proceed to recover the amount in the manner provided in section 130, in the case of failure to pay duty

In case of failure goods may be sold, &c

133. A register shall be kept of all bonds entered into for Customs-duties on warehoused goods, and entry shall be made in such register of all particulars specified in section 126.

A register of bonds to be kept

When the register shows that the entire quantity of the goods covered by any bond has been withdrawn from a warehouse, or otherwise duly accounted for, and when all charges and penalties which have been incurred on account of such goods have been paid, the Customs-collector shall cancel such bond as discharged in full, and deliver it, so cancelled, to the person who has executed or who is entitled to receive it

When bonds are to be cancelled and returned to obligee

134 In no case shall the settlement of duty on warehoused goods be delayed beyond three years from the date of the first warehousing of the goods

Duty on warehoused goods to be settled within three years

135 All the provisions of this Act relating to private warehouses shall be applicable to the warehouses wherein the Bengal Bonded Warehouse Association receives bonded goods

Provisions relating to private warehouses applicable to Bengal Bonded Warehouse Association

CHAPTER XI

Exportation or Shipment, and Re-landing

136 No vessel shall be entitled to entry outwards, or to take on board any part of her export cargo, until a written application has been duly made to the Customs-collector by the

Permission for entry outwards to be obtained before export cargo is shipped

১৩২ ধারা। রাজকীয় গুদামে মাল রাখা গেলে, কষ্টমের কালেক্টর সাহেব কিম্বা তৎপক্ষে তাঁহার নিযুক্ত অন্য কার্য্যকারক মাসে২ ভাড়ার ও গুদামের প্রাপ্যের বিল বা দাবীপত্র দিলে, স্বামী সেই বিলের টাকা দিবেন।

ভাড়া ও গুদামের প্রাপ্য দিবার কথা।

ভাড়ার কি গুদামের প্রাপ্যের ঐ বিলের টাকা চাহিবামাত্র না দেওয়া গেলে, মাসুল দিবার ত্রুটি হওনস্থলে ১৩০ ধারার বিধানমতে যেরূপে করা যায়, কষ্টমের কালেক্টর সাহেব সেইরূপে ঐ টাকা আদায় করিতে পারিবেন ইতি।

না দিলে মাল বিক্রয়াদি হইতে পারিবার কথা।

১৩৩ ধারা। গুদামজাৎ মালের উপর কষ্টমের মাসুলের যে সকল নিবন্ধনপত্র লিখিয়া লওয়া যায় তাহার রেজিষ্টর রাখিতে হইবে, ও ঐ রেজিষ্টরী বহীতে ১২৬ ধারার উল্লিখিত সকল বর্ণনা লিখিত হইবে।

নিবন্ধনপত্রের রেজিষ্টর রাখিতে হইবার কথা।

কোন নিবন্ধনপত্রক্রমে বদ্ধ সমুদয় মাল গুদামহইতে বাহির করিয়া লওয়া গিয়াছে কিম্বা তাহার নিয়মিত হিসাব দেওয়া গেল, রেজিষ্টরী বহীদ্বারা ইহা দৃষ্ট হইলে, এবং ঐ মালের উপর যত খরচ ও দণ্ড বর্ত্তিল তাহা সমুদয় দেওয়া গেলে, কষ্টমের কালেক্টর সাহেব ঐ নিবন্ধনপত্রের উল্লিখিত নিয়ম সম্পূর্ণরূপে পালন হইল বলিয়া ঐ পত্র রহিত করিবেন, ও যে ব্যক্তি তাহা সম্পাদন করিলেন কি তাহা লইতে অনুমতি পান্ তাঁহাকে তদ্রূপ রহিত করা ঐ পত্র দিবেন ইতি।

নিবন্ধনপত্র যে স্থলে রহিত করিয়া তৎক্রমে বদ্ধ ব্যক্তিকে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

১৩৪ ধারা। গুদামজাৎ মালের উপর যে মাসুল দিতে হইবে, সেই মাল প্রথম যে দিনে গুদামজাৎ করা যায় সেই দিন অবধি ঐ মাসুলের হিসাব নিষ্পত্তি করিতে কোন স্থলেই তিন বৎসরের অধিক বিলম্ব হইবে না ইতি।

গুদামজাৎ মালের উপর মাসুলের হিসাব তিন বৎসরের মধ্যে নিষ্পত্তি করিতে হইবার কথা।

১৩৫ ধারা। কোন ব্যক্তির স্বকীয় গুদামের বিষয়ে এই আইনের যে সকল বিধান আছে, বাঙ্গাল বাণ্ডেড ওয়েরহৌস আসোসিয়েশন যে২ গুদামে নিবন্ধনপত্রক্রমে বদ্ধ মাল গ্রহণ করেন তাহার প্রতিও সেই২ বিধান খাটে ইতি।

কোন ব্যক্তির স্বকীয় গুদাম বিষয়ক যে২ বিধান আছে বাঙ্গাল বাণ্ডেড ওয়ারহৌস আসোসিয়েশনের প্রতি সেই বিধান খাটিবার কথা।

১১ একাদশ অধ্যায়।

রপ্তানী করণ বা জাহাজে তুলিয়া দেওন ও পুনরায় নামাইয়া লওনবিষয়ক বিধি।

১৩৬ ধারা। কোন জাহাজের কাপ্তান কষ্টমের কালেক্টর সাহেবের নিকট নিয়মমতে লিখিয়া প্রার্থনা না করিলে, ও ঐ কার্য্যকারক সেই প্রার্থনামতে বহির্গমন করণার্থে জাহাজ এণ্টরী

রপ্তানীর মাল জাহাজে তুলিয়া দিবার পূর্ব্বে রপ্তানীর জন্যে এণ্টরী করণের অনুমতি লইতে হইবার কথা।

Master of such vessel, nor until an order has been given thereon by such officer for such entry or shipment of cargo

Every application made under this section shall specify the name, tonnage, and nation of the vessel, the name of the Master, and the name of every place for which cargo is to be shipped

Exporter to deliver shipping-bill before shipping any goods

137 Unless the Chief Customs Authority shall, in the case of any Customs-port or wharf, or of any class of goods, otherwise direct by notification in the official Gazette, no goods except passengers' baggage, shall be shipped or water-borne to be shipped for exportation, until the owner has filled in and delivered to the Customs-collector, or other proper officer, a shipping-bill of such goods in such form as may from time to time be prescribed by the Chief Customs Authority

On entry outwards bond to be given for shipping and landing

138 Before any warehoused goods or goods subject to excise-duties, or goods entitled to drawback of Customs on exportation, or goods exportable only under particular rules or restrictions, are permitted to be exported, the owner shall, if required so to do, give security by bond in such sum, not exceeding twice the duty leviable on such goods, as the Customs-collector directs, with one sufficient surety, that such goods shall be duly shipped, exported and landed at the place for which they are entered outwards, or shall be otherwise accounted for to the satisfaction of such officer

Additional charge on goods passed for shipment after port-clearance has been granted

139 When goods are passed through the Custom-house for shipment on an application presented after port-clearance has been granted, two per cent upon the market-value of any such goods not liable to duty, or liable to specific duties according to weight or quantity only, or to duty according to value, and upon the tariff-value of goods so passed which are liable to duties on fixed tariff-valuations, shall in every case be levied, in addition to any duty to which such goods are ordinarily liable

করিবার কি মাল তুলিবার আজ্ঞা না করিলে, কোন জাহাজ বহির্গমন করণার্থে এন্টর করা কিম্বা রফ্তানীর মালের কোন অংশ ঐ জাহাজে তোল যাইতে পারিবে না।

এই ধারামত প্রত্যেক প্রার্থনাপত্রে জাহাজের নাম, ও তাহাতে যত টন ধরে, ও যে দেশের জাহাজ ও কাপ্তানের নাম, ও যেং স্থানে লইয়া যাইবার নিমিত্ত মাল জাহাজে তোলা যাইবে সেইং স্থানের নাম লিখিতে হইবে ইতি।

রফ্তানীকারকের মাল তুলিয়া দিবার পূর্ব্বে শিপিং বিল দিতে হইবার কথা।

১৩৭ ধারা। কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ কষ্টমের কোন বন্দর কি ঘাটের কি বিশেষ কোন প্রকারের মালের বিষয়ে রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া প্রকারান্তরের আজ্ঞা না করিয়া থাকিলে, আরোহীদের বাগেজ ছাড়া যে মাল রফ্তানী হইবে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সাহেব সময়েং যে পাঠ নির্দ্দিষ্ট করেন স্বামী সেই পাঠানুসারে ঐ মালের শিপিং বিল পূর্ণ করিয়া কষ্টমের কালেক্টর সাহেবকে কিম্বা উপযুক্ত অন্য কর্ম্মকারককে না দিলে মাল জাহাজে তোলা যাইবে না কিম্বা তুলিয়া দিবার জন্যে নৌকা দতে চালান হইবে না ইতি।

অন্য দেশে পাঠাইবার নিমিত্ত এন্টর করা গেলে জাহাজে তুলিয়া ও জাহাজ হইতে নামাইয়া দিবার নিবন্ধনপত্র লিখিয়া দিতে হইবার কথা।

১৩৮ ধারা। গুদামজাৎ কোন মাল, কিম্বা যে মালের উপর আবকারী মাসুল লাগে তাহা, কিম্বা রফ্তানী হইলে যে মালের মাসুল ফেরৎ পাইবার অধিকার থাকে সেই মাল, কিম্বা কেবল বিশেষ বিধিমতে কি বিশেষ সমা অবধারিত হইয়া যে মালের রফ্তানী হইতে পারে, সেই মাল রফ্তানী করিবার অনুমতি হওয়ার পূর্ব্বে স্বামির প্রতি আদেশ হইলে, ঐ মাল যে নিয়মিতরূপে জাহাজে তোলা যাইবে ও রফ্তানী হইবে ও যে স্থানে চালান করিবার নিমিত্ত এন্টর করা যায় সেই স্থানে যে পঁহুছাইয়া দেওয়া যাইবে, কিম্বা কষ্টমের কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে তাহার হিসাব যে দেওয়া যাইবে, ঐ স্বামী ইহার উপযুক্ত এক জন প্রতিভূ, ও ঐ মালের উপর যত মাসুল আদায় হইতে পারে উক্ত কার্য্যকারক তাহার দ্বিগুণের অনধিক যত টাকা আদেশ করেন তত টাকার নিবন্ধনপত্ররূপ জামিন দিবেন ইতি।

বন্দরহইতে চলিয়া যাইবার অনুমতিপত্র দেওয়া গেলে পর জাহাজে তুলিবার জন্যে আরও মালের ছাড়পত্র দেওয়া গেলে তাহার উপর আর খরচা লইবার কথা।

১৩৯ ধারা। বন্দরহইতে কোন জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র দেওয়া গেলে পর যদি জাহাজে আরও মাল তুলিয়া দিবার প্রার্থনাপত্র উপস্থিত করিয়া সেই মাল কষ্টম হৌস দিয়া চালান হয়, তবে সেই মালের উপর কোন মাসুল না লাগিলে, কিম্বা কেবল ওজন কি পরিমাণানুসারে নির্দ্ধারিত মাসুল লাগিলে, কিম্বা মূল্যানুসারে মাসুল লাগিলে, ঐ মালের উপর সচরাচর যে মাসুল লাগে তাহার অতিরিক্ত ঐ দ্রব্যের বাজার দরের উপর, কিম্বা তারিফ অনুসারে নির্দ্ধারিত মূল্যের উপর মাসুল লাগিলে ঐ মালের তারিফী মূল্যের উপর, শতকরা দুই টাকা সর্ব্বদাই আদায় করা যাইবে

Nothing in this section shall apply to any shipment of treasure or opium

140 If any goods mentioned in a shipping-bill be not shipped, or be shipped and afterwards re-landed, the owner shall give information of such short-shipment or re-landing to the officer in charge of the Custom-house before the expiration of three clear working days after the vessel on which such goods were intended to be shipped, or from which they were re-landed, has left the Port

Notice of non shipment or re landing, and return of duty thereon

Upon an application being made to the Customs-collector, any duty levied upon goods not shipped, or upon goods shipped and afterwards re-landed, shall be returned to the person on whose behalf such duty was paid Provided that no such refund shall be allowed unless information has been given as above required

Proviso

141 If any vessel, after having cleared from any Customs-port, shall, without having discharged her cargo, return to such Port, or put into any other Customs-port, any owner of goods in such vessel, if he desires to land or tranship the same or any portion thereof for re-export, may make application to the Customs-collector

Goods re landed or transhipped from a vessel returning to Port, or putting into another Port

Such officer, if he grant the application, shall thereupon send an officer of Customs to watch the vessel, and to take charge of such goods during such re-landing or transhipment

Such goods shall not be allowed to be transhipped or re-exported free of duty by reasn of the previous settlement of duty at the time of first export, unless they are lodged and remain under charge of an officer of Customs, in a place appointed by the Customs-collector until the time of re-export, or are transhipped direct under such charge

All expenses attending such custody shall be borne by the owner

142 In either of the cases mentioned in section 141, the Master of the vessel, or any owner of goods therein, may enter such vessel and land such goods under the rules for the importation of goods

Vessel returning to Port may enter and land goods under import-rules

জাহাজে ধন কি আফীণ তোলন বিষয়ে এই ধারার কোন কথা খাটে না ইতি।

১৪০ ধারা। শিপিং বিলে যে মালের কথা লেখা যায় তাহা জাহাজে তোলা না গেলে, কিম্বা জাহাজে তোলা গেলে পর আবার নামাইয দেওযা গেলে, যে জাহাজে সেই মাল তুলিয়া দিবার মনস্থ ছিল কিম্বা যে জাহাজহইতে তাহা নামান গেল, বন্দরহইতে সেই জাহাজের চলিযা যাইবার দিনাবধি কার্য্য চলনের পূরা তিন দিন গত হওযার পূর্ব্বে স্বামী কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারককে ঐ মাল জাহাজে না তুলিবার কি পুনরায় নামাইয়া লইবার সন্ধান জানাইবেন। মাল জাহাজে তুলিয়া না দেওয়া গেলে, কিম্বা তুলিয়া পুনরায নামাইয়া আনা গেলে, কষ্টমের কালেকটর সাহেবের নিকট প্রার্থনা হইলে, তাহার উপর যে মাসুল আদায় হইয়াছে তাহা যাঁহার পক্ষে দেওযা গিয়াছিল তাঁহাকে ফিরিয়া দেওযা যাইবে। কিন্তু পূর্ব্বোক্তমতে সন্ধান জানান না গেলে মাসুল ফিরিযা দিবার অনুমতি হইবে না ইতি।

মাল জাহাজে তোলা না গেলে কি ফিরিযা নামান গেলে তাহার নোটিস দিবার ও মাসুল ফিরিয়া পাইবার কথা।

উপবিধি।

১৪১ ধারা। কোন জাহাজ কষ্টমের কোন বন্দরহইতে চলিযা গেলে পর যদি মাল না নামাইয়া সেই বন্দরে ফিরিয়া আইসে কিম্বা কষ্টমের অন্য কোন বন্দরে যায়, তবে ঐ জাহাজের মালের স্বামী সেই মাল কি তাহার কোন অংশ পুনরায রফ্তানী করিবার জন্যে নামাইযা লইতে কি এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিযা দিতে ইচ্ছা করিলে, তিনি কষ্টমের কালেকটর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন।

জাহাজ বন্দরে ফিরিযা আইলে কিম্বা অন্য বন্দরে গেলে যে মাল পুনশ্চ নামাইয়া কিম্বা এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিয়া দেওয়া যায় তদ্বিষয়ের কথা।

ঐ কার্য্যকারক ঐ প্রার্থনা গ্রাহ্য করিলে জাহাজে চৌকী রাখিবার নিমিত্ত ও ঐ মাল জাহাজহইতে পুনরায় নামাইয়া লইবার কি এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিবার সময়ে তাহার তত্ত্বাবধারণ করিবার জন্যে কষ্টমের কোন কর্ম্মকারককে পাঠাইবেন।

সেই মাল পুনরায় রফ্তানী হওনের সময়পর্য্যন্ত যদি কষ্টমের কালেকটর সাহেবের নিরূপিত স্থানে গচ্ছিত হইয়া কষ্টমের কোন কর্ম্মকারকের জিম্মায় না থাকে, কিম্বা তাঁহারই জিম্মায় অন্য জাহাজে তোলা না যায, তবে প্রথমে রফ্তানী করিবার সময়ে মাসুলের হিসাব নিষ্পত্তি হইয়াছিল বলিযা তাহা বিনামাসুলে এক জাহাজহইতে অন্য জাহাজে তোলা যাইতে কি পুনরায় রফ্তানী হইতে পারিবে না।

পূর্ব্বোক্তমতে জিম্মায রাখিবার সকল খরচ স্বামির দিতে হইবে ইতি।

১৪২ ধারা। ১৪১ ধারার উল্লিখিত কোন স্থলে জাহাজের কাপ্তান কিম্বা জাহাজের বোঝাই মালের কোন স্বামী মাল আমদানী করিবার বিধিমতে ঐ জাহাজ এন্টরী করিতে ও মাল নামাইয়া দিতে পারিবেন।

জাহাজ বন্দরে ফিরিয়া আইলে আমদানীর বিধিমতে মাল এন্টরী করিয়া নামাইয়া দিতে পারিবার কথা।

In every such case any export duty levied shall be refunded to, and any amount paid in drawback shall be recovered from, such owner

CHAPTER XII

Spirits

Rules for removal of spirits from distillery without payment of duty, and for exportation thereof

143. The Chief Customs Authority may from time to time make rules prescribing the conditions on which spirits manufactured in British India after the English method may be removed from any licensed distillery for exportation without payment of excise-duty

The person so removing any such spirits shall execute a bond with one or more sureties, in the Form marked C hereto annexed, or, when such form is inapplicable or insufficient, in such other form as the said Authority from time to time prescribes, conditioned that duty shall be paid on any portion of such spirits not exported within four months from the date of the bond, or any portion thereof exported to a Port in British India not being a Customs port, the landing and payment of Customs-duty in respect of which at the Port of destination is not proved to the satisfaction of the proper officer within six months from the date of the bond

The Chief Officer of Customs of the Port of exportation may extend for a further term not exceeding four months, on sufficient cause shown, the period allowed for the exportation of any such spirits, or for the production of such proof that duty has been paid

Spirits for export to be taken direct from distillery to Custom house under pass

144 Spirits for exportation under bond for the excise-duty shall be taken from the distillery direct to the Custom-house, under passes to be granted for that purpose by the officers of Excise

Rules to be observed in exportation of spirits.

145 Spirits brought to the Custom-house for exportation by sea shall, previous to shipment, be gauged and proved by an officer of Customs

Any drawback to be allowed for spirits on which duty has been paid shall be regulated by the strength and quantity of such spirits as ascertained by such proof and gauge, and the quantity of spirits for which credit is to be given in the settle-

উক্ত প্রত্যেক স্থলে রফ্তানীর মাসুল পূর্ব্বে আদায় হইয়া থাকিলে তাহা ঐ মালের স্বামিকে ফিরিয়া দেওয়া যাইবে ও ফেরৎ বলিয়া যাহা দেওয় গিয়াছিল তাহা তাঁহার স্থানে ফিরিয়া লওয়া যাইবে ইতি।

১২ দ্বাদশ অধ্যায়।

মদিরা বিষয়ক বিধি।

মাসুল না দিয়া মদিরা ভাটিখানাহইতে স্থানান্তর ও রফ্তানী করণের বিধি।

১৪৩ ধারা। যে মদিরা ব্রিটনীয় ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয় নিয়মমতে প্রস্তুত হয় তাহার উপর আবকারী মাসুল না দিয়া তাহা রফ্তানী করিবার জন্যে যেং নিয়মমতে লাইসেন্সপ্রাপ্ত কোন ভাটিখানাহইতে স্থানান্তর করা যাইতে পারে, কষ্টমের প্রধান কর্তৃপক্ষ সাহেব সময়েং এমত নিয়ম নির্দ্দিষ্ট করণের বিধান করিতে পারিবেন।

যে ব্যক্তি উক্ত প্রকারে তদ্রূপ মদিরা স্থানান্তর করেন তিনি পশ্চাৎলিখিত C চিহ্নিত পাঠে, কিম্বা সেই পাঠ না খাটিলে কি প্রচুর না হইলে কষ্টমের উক্ত প্রধান কর্তৃপক্ষ সময়েং অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে এক কি তদধিক জামিন সহিত এই মর্ম্মের নিবন্ধনপত্র লিখিয়া দিবেন যে, ঐ নিবন্ধনপত্রের তারিখঅবধি চারি মাসের মধ্যে উক্ত মদিরার যে অংশ রফ্তানী না হয় তাহার উপর, কিম্বা তাহার কোন অংশ কষ্টমের বন্দর ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন বন্দরে রফ্তানী হইলে, যদি ঐ নিবন্ধনপত্রের তারিখঅবধি ছয় মাসের মধ্যে উপযুক্ত কার্য্যকারক সাহেবের হৃদ্বোধমতে লক্ষিত বন্দরে নামাইয়া দেওনের, ও তাহার উপর কষ্টমের মাসুল দেওনের প্রমাণ না দেওয়া যায়, তবে ঐ অংশের উপর মাসুল দিব।

কিন্তু উপযুক্ত কারণ প্রকাশ হইলে রফ্তানীর বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক উক্ত কোন মদিরা রফ্তানী করিবার কিম্বা মাসুল দেওনের পূর্ব্বোক্ত প্রমাণ দর্শাইবার মিয়াদ আর চারি মাসের ঊনধিক পর্য্যন্ত বৃদ্ধি করিয়া দিতে পারিবেন ইতি।

রফ্তানী করিবার মদিরা ছাড়পত্রক্রমে ভাটিখানাহইতে একেবারে কষ্টম হৌসে লইয়া যাইবার কথা।

১৪৪ ধারা। আবকারী মাসুল দিবার নিবন্ধনপত্রক্রমে যে মদিরা রফ্তানী করা যাইবে, তাহা আবকারী কর্ম্মকারকের দত্ত ছাড়পত্রক্রমে ভাটিখানাহইতে একেবারে কষ্টম হৌসে লইয়া যাইতে হইবে ইতি।

মদিরা রফ্তানী করণকালে যেং বিধি মানিতে হইবে তাহার কথা।

১৪৫ ধারা। যে সকল মদিরা সমুদ্রপথে রফ্তানী করিবার জন্যে কষ্টম হৌসে আনা যায়, জাহাজে তোলা যাইবার পূর্ব্বে কষ্টমের কোন কর্ম্মকারক তাহা মাপ করিয়া তাহার তীব্রতার প্রমাণ লইবেন।

যে মদিরার উপর মাসুল দেওয়া গেল তাহার যত মাসুল ফেরৎ পাওয়া যাইতে পারিবে, ঐ মাপ ও প্রমাণ লইয়া যত মদিরা ও তাহার যে তীব্রতা দৃষ্ট হয়, তদনুসারে তাহা নিরূপণ হইবে। ও কোন নিবন্ধনপত্রের হিসাব নিষ্পত্তি করণ সময়ে যত মদি-

ment of any bond shall be determined in the same manner

Duty to be recovered on any deficiency in spirits under bond

146 Duty shall be recoverable upon any difference between the quantity of spirits passed from a distillery and the quantity ascertained by gauge and proof at the Custom house, less an allowance for ullage and wastage at such rates as are from time to time prescribed by the Local Government and notified in the official Gazette

Drawback of excise duty on spirits manufactured after English method

147 A drawback of excise-duty paid on spirits manufactured in British India after the English method, and exported to any Foreign Port under the provisions of section 138, shall be allowed by the Customs-collector at the Port of exportation

Provided that the exportation be made within one year from the date of payment of such excise-duty, and that the spirits, when brought to the Custom house, be accompanied by the pass in which such payment is certified

No drawback allowed on spirits exported from one Customs port to another, but such spirits may be exported under bond

148 No drawback shall be allowed on spirits exported from any Customs-port to any other Customs-port

But spirits manufactured in British India after the English method may, on the conditions and under the rules from time to time prescribed under section 138, be exported from any such Port to any other such Port, under bond for the excise-duty

Every such bond shall be cancelled on the production by the owner of a certificate from the officer in charge of the Custom-house at the Port of importation, testifying to the due entry at such Port of the full quantity of such spirits so exported, less an allowance for ullage and wastage at the rates from time to time prescribed by the Local Government and notified in the official Gazette

Duty on spirits exported under bond from one Indian Port to another, how adjusted

149 Spirits manufactured in British India after the English method and exported under bond for the excise-duty from any Customs-port to any other Customs-port, shall be chargeable at the Port of importation with Customs-duties at the ordinary rate fixed for duties on spirits of the like kind and strength imported into such Port

রার নিমিত্ত মাসুল জমা হইল বলিয়া ধরা যাইবে তাহাও সেই প্রকারে নির্দ্ধারিত হইবে ইতি ।

নিবন্ধনপত্রদ্বারা বদ্ধ মদিরার কিছু ন্যূনতা হইলে তাহার উপর মাসুল আদায়ের কথা ।

১৪৬ ধারা । ভাটিখানাহইতে যত মদিরা বাহির করিয়া আনা যায় কষ্টম হৌসে মাপ ও প্রমাণ লইয়া, স্থানবিশেষের গবর্ণমেণ্ট ঝড়তির ও পড়তির নিমিত্ত সময়ে২ যে হার নির্দ্ধার্য্য করিয়া রাজকীয় গেজেটে প্রকাশ করেন, সেই হারে বাদ দিলেও তাহার কিছু ন্যূনতা দৃষ্ট হইলে, ঐ ন্যূনাংশের উপর মাসুল আদায় হইতে পারিবে ইতি ।

মদিরা ইঙ্গলণ্ডীয় নিয়মমতে প্রস্তুত হইলে তাহার উপর আবকারী মাসুল ফেরৎ পাইবার কথা ।

১৪৭ ধারা । যে মদিরা ব্রিটনীয় ভারতবর্ষে ইংলণ্ডীয় নিয়মমতে প্রস্তুত হইয়া ১৩৮ ধারার বিধানমতে ভিন্নদেশীয় কোন বন্দরে প্রেরিত হয়, তাহার উপর আবকারী যে মাসুল দেওয়া হইয়াছে রফ্তানীর বন্দরের কষ্টমের কালেক্টর সাহেব তাহার ফেরৎ পাইবার অনুমতি দিবেন ।

কিন্তু প্রয়োজন যে ঐ আবকারী মাসুল দিবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ মদিরার রফ্তানী হয়, ও সেই মদিরা যখন কষ্টম হৌসে আনা যায় তখন ঐ মাসুল দেওয়ার সর্টিফিকট যে ছাড়পত্রে লেখা থাকে তাহাও সেই মদিরার সঙ্গে দেওয়া যায় ইতি ।

কষ্টমের এক বন্দরহইতে অন্য বন্দরে মদিরা প্রেরিত হইলে তাহার ফেরত মাসুল না পাইবার কিন্তু নিবন্ধনপত্রক্রমে রফ্তানী হইতে পারিবার কথা।

১৪৮ ধারা । কষ্টমের কোন বন্দরহইতে যে মদিরা কষ্টমের অন্য বন্দরে রফ্তানী হয়, তাহার মাসুল ফেরৎ পাইবার অনুমতি নাই ।

কিন্তু ১৩৮ ধারামতে যে২ নিয়ম ও যে২ বিধি সময়ে২ নির্দ্দিষ্ট হয়, তদনুসারে ইংলণ্ডীয় নিয়মমতে ব্রিটনীয় ভারতবর্ষে প্রস্তুত মদিরা তদ্রূপ কোন বন্দরহইতে আবকারী মাসুল দিবার নিবন্ধনক্রমে তদ্রূপ অন্য কোন বন্দরে রফ্তানী হইতে পারিবে ।

ও যত মদিরা রফ্তানী হয় তাহাহইতে ঝড়তি ও পড়তির নিমিত্ত স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে হারে বাদ দিবার বিধি করিয়া রাজকীয় গেজেটে প্রকাশ করেন তত বাদ দিলে, ঐ সমুদয় মদিরা উপযুক্তমতে উক্ত বন্দরে এণ্টর হইয়াছে, স্বামী আমদানীর বন্দরের কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের এই মর্ম্মের সর্টিফিকট দেখাইলে ঐ নিবন্ধনপত্র রহিত করা যাইবে ইতি ।

দেশীয় মদিরা ভারতবর্ষের এক বন্দরহইতে অন্য বন্দরে রফ্তানী হইলে, তাহার মাসুল নিষ্পত্তি করিবার কথা।

১৪৯ ধারা । যে মদিরা ইংলণ্ডীয় নিয়মমতে ব্রিটনীয় ভারতবর্ষে প্রস্তুত হইয়া কষ্টমের এক বন্দরহইতে আবকারী মাসুল দিবার নিবন্ধনক্রমে কষ্টমের অন্য বন্দরে রফ্তানী করা যায় তাহা লক্ষিত বন্দরে পঁহুছিলে, সেই বন্দরে সেই প্রকারের ও তত্তুল্য তীব্র মদিরা আমদানী হইলে তাহার কষ্টমের মাসুলের যে হার নির্দ্ধারিত থাকে, ঐ বন্দরে উক্ত মদিরারও সেই হারে মাসুল লাগিবে ইতি ।

150. Rum-shrub, cordial, and other such liquor prepared in a licensed distillery under supervision of the surveyor or officer in charge of the distillery shall be charged with duty according to the quantity of spirit used in its preparation as ascertained by such surveyor or officer

Rum-shrub, &c, how to be charged with duty

The provisions of this Act respecting spirits manufactured after the English method, except such as relate to gauge and proof, shall apply to such liquor

May be exported under same rules as spirits

When any such liquor is removed for exportation without payment of excise-duty, the bond to be executed by the person removing it shall be in the Form marked C hereto annexed, or, when such form is inapplicable or insufficient, in such other form as may from time to time be prescribed by the Chief Customs Authority

151 Spirits brought to the Custom-house for exportation under bond for the excise duty may, on payment of such duty, be removed for local consumption under passes to be granted for that purpose by the officers of Excise

Spirits intended for exportation may be removed for local consumption

Credit for every such payment shall be given in discharge of the bond to which it relates

152 No drawback shall be allowed for any spirits on which duty has been paid, nor shall the duty due on any spirits under bond be remitted, unless the spirits are shipped from the Custom-house, and in a vessel whereon an officer of Customs has been appointed to superintend the receipt of export-cargo

Conditions of drawback and remission of duty on spirits

Spirits shipped for exportation shall not be re-landed without a special pass from an officer of Excise, in addition to the usual order of the Customs-collector

Re land of spirits shipped

153 The Local Government may from time to time make rules for ascertaining and determining what spirit imported into British India shall be deemed to have been effectually and permanently rendered unfit for human consumption, so as to be subject only to an *ad valorem*

Power to make rules for ascertaining that imported spirit has been rendered unfit for human consumption

১৫০ ধারা। রমশরাব ও কর্ডিয়লপ্রভৃতি যে শরাব লাইসেন্স প্রাপ্ত ভাটিখানার সরবেয়রের কি তথাকার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের তত্ত্বাধীনে ঐ ভাটিখানায় প্রস্তুত করা যায়, তাহা প্রস্তুতকরণে উক্ত সরবেয়র কি কার্য্যকারকের নিরূপণমতে যত মদিরা ব্যবহার হয়, তদনুসারে তাহার উপর মাসুল ধার্য্য হইবে।

রম শরাবপ্রভৃতির মাসুল ধার্য্য করিবার কথা।

ও ইংলণ্ডীয় নিয়মমতে প্রস্তুত মদিরার বিষয়ে এই আইনে যে বিধান আছে মাপ করণ ও তীব্রতার পরিমাণ লওন বিধিভিন্ন ঐ বিধান ঐ শরাবের প্রতি খাটিবে।

মদিরার বিধিমতে তাহার রপ্তানী হইতে পারিবার কথা।

আবকারী মাসুল না দিয়া সেই প্রকারের শরাব রপ্তানা করিবার জন্যে বাহির করিয়া লওয়া গেলে, যে ব্যক্তি তাহা স্থানান্তর করেন তিনি পশ্চাৎ লিখিত C চিহ্নিত পাঠে কিম্বা সেই পাঠ না খাটিলে কি প্রচুর না হইলে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সময়েং অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে নিবন্ধনপত্র লিখিয়া দিবেন ইতি।

১৫১ ধারা। আবকারী মাসুল দিবার নিবন্ধনক্রমে বদ্ধ মদিরা রপ্তানী করিবার জন্যে কষ্টম হৌসে আনা গেলে পর সেই মাসুল দেওয়া গেলে, আবকারী কার্য্যকারকেরা এতৎকার্য্যপক্ষে যে ছাড়পত্র দেন তৎক্রমে তাহা দেশে ব্যবহারার্থে স্থানান্তর করা যাইতে পারিবে,

যে মদিরা রপ্তানী করিবার মানস থাকে তাহা দেশে ব্যবহারার্থে স্থানান্তর করিবার কথা।

ও সেই মদিরাসম্পর্কীয় নিবন্ধনপত্রের হিসাব নিষ্পত্তি করণ সময়ে ঐ দত্ত টাকা জমা হইল বলিয়া ধরা যাইবে ইতি।

১৫২ ধারা। মদিরা কষ্টম হৌসহইতে জাহাজে তোলা না গেলে, এবং রপ্তানীর মাল গ্রহণ কার্য্যের তত্ত্বাবধারণার্থে কষ্টমের কর্ম্মকারক যে জাহাজে নিযুক্ত থাকেন এমত জাহাজে তুলিয়া না দেওয়া গেলে, যে মদিরার মাসুল দেওয়া গেল তাহার উপর ফেরৎ পাইবার অনুমতি হইবে না, ও নিবন্ধনক্রমে বদ্ধ কোন মদিরার উপর যে মাসুল প্রাপ্য হয় তাহা ক্ষমা হইবে না।

মদিরার উপর মাসুল ফেরৎ পাইবার ও ক্ষমা হইবার নিয়মের কথা।

মদিরা রপ্তানী হইবার জন্যে জাহাজে তোলা গেলে পর, কষ্টমের কালেক্টর সাহেবের রীতিমত আজ্ঞার অতিরিক্ত আবকারী কর্ম্মকারকের বিশেষ ছাড়পত্র না থাকিলে তাহা পুনরায় নামান যাইতে পারিবে না ইতি।

জাহাজে তোলা মদিরা পুনশ্চ নামাইবার কথা।

১৫৩ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষে আমদানী করা যে মদিরা সম্পূর্ণরূপে ও একেবারে মনুষ্যদের পান করিবার অনুপযুক্ত করা গিয়াছে বলিয়া জ্ঞান হওয়াতে মূল্যানুসারে শতকরা কেবল দশ টাকা মাসুল কিম্বা যৎকালের প্রচলিত অন্য যে মাসুল লাগিতে পারে,

আমদানী করা মদিরা মনুষ্যের পান করিবার অনুপযুক্ত করা গিয়াছে ইহা জানিয়া লইবার বিধি করণের ক্ষমতার কথা।

duty of ten per cent or other duty for the time being in force, and for causing such spirit to be so rendered, if necessary, by their own officers, before the Customs-duties leviable thereon are levied, and at the expense of the person importing it

স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং ইহা নিশ্চয়মতে জানিবার ও স্থির করিবার বিধি, ও তাহার উপর যে মাস্থল লাগে আবশ্যক হইলে তাহা আদায় করিবার পুর্ব্বে আমদানীকারকের খরচে ঐ মদিরা মনুষ্যের পান করিবার অনুপযুক্ত করণের বিধি প্রণয়ন করিতে পারিবেন।

Decision where no rules, or their applicability disputed

In the absence of any such rules, or if any dispute arises as to their applicability, the Chief Customs Officer shall decide what spirit is subject only to the said *ad valorem* duty, and such decision shall be final

বিধি না থাকিলে বা বিধি খাটন বিষয়ে বিবাদ হইলে নিষ্পত্তির কথা।

তদ্রূপ কোন বিধি না থাকিলে, কিম্বা বিধি খাটে কি না এই বিষয়ের বিবাদ হইলে, কেবল মূল্যানুসারে উক্ত মাস্থল যে প্রকারের মদিরার উপর লাগিতে পারে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ ইহা স্থির করিবেন, ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

CHAPTER XIII

Coasting Trade

১৩ ত্রয়োদশ অধ্যায়।

সমুদ্রকুলেং বাণিজ্যবিষয়ক বিধি।

Application of Act to coasting vessels

154 Nothing in chapters VII, IX, X, XI and XII of this Act affects coasting vessels

সমুদ্রকুলগামি জাহাজের প্রতি এই আইন খাটিবার কথা।

১৫৪ ধারা। এই আইনের ৭, ৯, ১০, ১১ ও ১২ অধ্যায়ের কোন কথা সমুদ্রকুলগামি জাহাজের প্রতি খাটে না।

Provided that the Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*, declare coasting vessels to be affected by the whole, or any specified portions, of the said chapters, or not to be affected by any such portions of the remainder of this Act

কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সমুদ্রকুলগামি জাহাজের প্রতি উক্ত সমস্ত অধ্যায় কিম্বা তাহার নির্দ্দিষ্ট অংশ খাটিবার, কিম্বা এই আইনের অবশিষ্ট অংশের নির্দ্দিষ্ট অংশ না খাটিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Power to regulate carriage of goods coastwise

155 The Governor General in Council or the Local Government may from time to time make rules prescribing the conditions on which goods, or any specified class of goods may be—

(*a*) carried in a coasting vessel, whether shipped at a Foreign Port or at a Customs-port to be so carried,

(*b*) shipped in a coasting vessel before all goods brought in such vessel from a Foreign Port have been unladen,

and may prohibit the conveyance of any specified class of goods generally, or to or between specified Ports

সমুদ্রকূলেং মাল লইয়া যাইবার বিধান করিবার ক্ষমতার কথা।

১৫৫ ধারা। (ক) কোন মাল কিম্বা নির্দ্দিষ্ট প্রকারের মাল সমুদ্রকুলগামি জাহাজদ্বারা লইয়া যাইবার নিমিত্ত ভিন্ন দেশের বন্দরে বা কষ্টমের বন্দরেও তোলা গেলে ঐ মাল সেই প্রকারের জাহাজে,

(খ) এবং সমুদ্রকুলগামি জাহাজে ভিন্নদেশের কোন বন্দরহইতে যে মাল আনা যায় তৎসমুদয় জাহাজহইতে নামাইয়া লইবার পুর্ব্বে অন্য মাল তদ্রূপ জাহাজে যে নিয়মক্রমে লওয়া যাইতে পারিবে,

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রাজকীয় গেজেটে বিধি প্রকাশ করিয়া, সেই নিয়ম ও সেই স্থল স্থির করিতে পারিবেন,

এবং নির্দ্দিষ্ট কোনং প্রকারের মাল সাধারণমতে কিম্বা নির্দ্দিষ্ট বন্দরে কিম্বা তথাহইতে অন্য বন্দরে চালান হইবার নিষেধ করিতে পারিবেন ইতি।

Coasting vessels to deliver account and obtain port clearance before leaving port of lading

156 Before any coasting vessel departs from the Port of lading, an account, with a duplicate thereof, in the Form marked D hereto annexed, with such additional particulars (if any) as may from time to time be prescribed

মাল সমুদ্রকুলগামি জাহাজে যে বন্দরে তোলা যায় তথা হইতে যাইবার পূর্ব্বে হিসাব দেওনের ও চলিয়া যাইবার অনুমতিপত্র লওনের কথা।

১৫৬ ধারা। সমুদ্রকুলগামি কোন জাহাজে যে বন্দরে মাল তোলা যায়, তথাহইতে চলিয়া যাইবার পূর্ব্বে ঐ জাহাজের কাপ্তান পশ্চাৎ লিখিত D চিহ্নিত পাঠে ও কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সাহেব সময়েং অন্য বৃত্তান্ত

by the Chief Customs Authority, shall be filled in and signed by the Master and delivered to the Customs-collector

Such officer shall retain the duplicate and return the original account dated and signed by him, and such account shall be the clearance of the vessel for the voyage and the pass for the goods expressed therein

157 The Customs-collector may, for sufficient reason, refuse port-clearance to any vessel declared to be bound to, or about to touch at, any Customs-port, unless the owner or Master gives a bond with sufficient security for the production to the Customs-collector of a certificate from an officer of the Port to which such vessel is said to be bound, of her arrival at such Port within a reasonable time to be prescribed in each case by the officer requiring the bond

Power to require bond before port-clearance is granted

158 Within twenty-four hours after the arrival of any coasting vessel at the Port of discharge, and before any goods are unladen therefrom, the pass, with the name of the place or wharf where the cargo is to be discharged noted thereon, shall be delivered to an officer of Customs duly authorized to receive the same, and he shall note thereon the date of delivery

Time for delivery of pass

159 If any of the goods on board of any coasting vessel be subject to any excise-duty, they shall not be unladen without the permission of the proper officer of Excise

Goods on coasting vessel, if excisable, not to be unladen without permission

160 The Chief Customs Authority may, on cause being shown, permit a general pass to be given, on any conditions which may be deemed expedient, for the lading and clearance, and for the entry and unlading, of any coasting steam-vessel at any Ports of despatch or destination, or at any intermediate Ports at which she touches for the purpose of receiving goods or passengers

Grant and revocation of general pass

Such pass shall be valid throughout India, or for such Ports only as may be specified therein

Any such general pass may be revoked by notice in writing under the hand of such authority

লিখিতে বলিলে তৎসহিত সেই পাঠে দোকর হিসাব লিখিয়া ও তাহাতে স্বাক্ষর করিয়া কষ্টমের কালেক্টর সাহেবকে দিবেন।

ঐ কার্য্যকারক আপনি এক কেতা রাখিয়া আসল হিসাবে তারিখ লিখিয়া স্বাক্ষর করিয়া কাপ্তানকে ফিরিয়া দিবেন। ও সেই হিসাব জাহাজের ঐ যাত্রায় গমন করিবার অনুমতিপত্র ও ঐ হিসাবের লিখিত মালের ছাড়পত্রস্বরূপ হইবে ইতি।

১৫৭ ধারা। কোন জাহাজ কোন কষ্টমের বন্দরে যাইবে কিম্বা তথায় কিঞ্চিৎ কাল থামিবে বলিয়া প্রকাশ হইলে, কষ্টমের কালেক্টর সাহেব তাহার পঁহুছিবার যে সময় সঙ্গত বলিয়া নির্দ্ধার্য্য করেন, ঐ জাহাজ সেই সময়ের মধ্যে ঐ বন্দরে পঁহুছিলে পর ঐ বন্দরের কোন কর্ম্মকারক কষ্টমের কালেক্টর সাহেবকে সেই জাহাজের পঁহুছিবার সর্টিফিকট যে দিবেন, স্বামী কি কাপ্তান উপযুক্ত জামিন সহিত এই মর্ম্মের নিবন্ধনপত্র লিখিয়া না দিলে, কষ্টমের কালেক্টর সাহেব বিশিষ্ট কোন কারণে ঐ জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

চলিয়া যাইবার অনুমতি পত্র দিবার পূর্ব্বে নিবন্ধন পত্র লইবার ক্ষমতার কথা।

১৫৮ ধারা। সমুদ্রকুলগামি কোন জাহাজ যে বন্দরে মাল নামাইয়া দিবে সেই বন্দরে পঁহুছিবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে ও জাহাজহইতে কোন মাল নামাইয়া দিবার পূর্ব্বে, যে স্থানে কি ওয়ার্ফে মাল নামাইয়া দেওয়া যাইবে ছাড়পত্রের উপর ঐ স্থানের কি ওয়ার্ফের নাম লিখিত হইয়া ঐ ছাড়পত্র গ্রহণ করিতে কষ্টমের যে কর্ম্মকারকের ক্ষমতা থাকে তাঁহাকে দেওয়া যাইবে, তিনি যে তারিখে তাহা পান তাহাও ঐ পত্রে লিখিবেন ইতি।

ছাড়পত্র দিবার সময়ের কথা।

১৫৯ ধারা। সমুদ্রকুলগামি কোন জাহাজে যে মাল থাকে তদন্তর্গত কোন মালের উপর আবকারী মাসুল লাগিতে পারিলে, আবকারীর উপযুক্ত কর্ম্মকারকের অনুমতিবিনা ঐ মাল জাহাজহইতে নামাইয়া দেওয়া যাইবে না ইতি।

সমুদ্রকুলগামি জাহাজে যে মাল থাকে তাহার উপর আবকারী মাসুল লাগিলে, অনুমতিবিনা তাহা নামাইতে না হইবার কথা।

২৮।—কোন জাহাজহইতে স্থলে আনিবার ও গুদামে রাখিবার জন্যে কি আমদানী করিবার অভিপ্রায়ে ছাড়াইবা লইবার জন্যে কিম্বা রপ্তানী করিবার অভিপ্রায়ে জাহাজে তুলিবার জন্যে মাল নৌকাযোগে চালান হইলে ও তাহার সঙ্গে ৭৭ ধারামতে রোকা না থাকিলে, কিম্বা রোকায় কি কষ্টম হৌসের ছাড়পত্রে যত মাল লেখা আছে কোন নৌকায় তাহার অধিক পাওয়া গেলে, কোন জাহাজহইতে স্থলে আনিবার নিমিত্ত কিম্বা জাহাজে তুলিবার নিমিত্তও ঐ নৌকায় ঐ মাল থাকিলে	৭৭	ঐ মাল জব্দ হইতে পারিবে ও ঐ মালের উপর যত মাসুল আদায় হইতে পারে, যাঁহার অনুমতিক্রমে ঐ মাল স্থলে আনা বা জাহাজে তোলা যায়, ও নৌকা যাহার জিম্মায় থাকে তাহাদের প্রত্যেকের ঐ মাসুলের দ্বিগুণের অনধিক দণ্ড হইতে পারিবে।
২৯।—কোন জাহাজের কাপ্তান কি মালিম ৭৭ ধারানুসারে কোন রোকা গ্রহণ করিতে অস্বীকার করিলে কি তাহাতে স্বাক্ষর না করিলে, কিম্বা যেং বৃত্তান্ত লিখিবার আদেশ থাকে তাহা না লিখিলে, কিম্বা ঐ রোকা গ্রহণ করিলেও কষ্টমের যে কর্ম্মকারক তাহা চাহিতে ক্ষমতাপন্ন হন তিনি চাহিলেও তাহা না দিলে	৭৭	ঐ কাপ্তানের কি মালিমের পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে,
৩০।—আমদানী করিবার অভিপ্রায়ে কোন মাল স্থলে আনিবার কি জাহাজে তুলিবার নিমিত্ত চালান হইলেও অনাবশ্যক বিলম্ব না করিয়া স্থলে আনা কি জাহাজে তোলা না গেলে, কিম্বা ঐ মাল যে নৌকায় থাকে তাহা জাহাজের ও ওয়ার্ফের কিম্বা ঘাটে নামাইবার কি জাহাজে তুলিবার স্থানের মধ্যে যাওয়া আসার উপযুক্ত পথ ছাড়িয়া গেলে ও সেই পথে না যাওয়ার উপযুক্ত হেতু কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে জানাইতে না পারিলে, কিম্বা	৭৮ ও ৭৯	ঐ মাল ও তাহা যে নৌকায় করিয়া লওয়া যাইতেছিল তাহাও জব্দ হইতে পারিবে ও ঐ মালের উপর যত মাসুল আদায় হইতে পারে, যে ব্যক্তির অনুমতিক্রমে ঐ মাল নৌকাযোগে চালান হয় ও নৌকা যে ব্যক্তির জিম্মায় থাকে তাহাদের প্রত্যেকের ঐ মাসুলের দ্বিগুণের অনধিক দণ্ড হইতে পারিবে।

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
৭৯ ধারার বিধান লঙ্ঘন করিয়া কোন মাল স্থলে আনা গেলে কি এক জাহাজহইতে অন্য জাহাজে তোলা গেলে,		
৩১।—কোন বন্দর বিষয়ে ৮০ ধারামত জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে পর, যে নৌকা নিয়মমতে লাইসেন্স ও রেজিস্টরী করা না যায়, ঐ বন্দরের সীমার মধ্যে এমত নৌকায় কোন মাল পাওয়া গেলে	৮০	মালের সঙ্গে কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কার্য্যকারকের বিশেষ পরমিট না থাকিলে, মাল জব্দ হইতে পারিবে ও নৌকার স্বামির কিম্বা নৌকা যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৩২।—মাল এন্টরি করণ কি ছাড়াইয়া দেওন সময়ে স্বামির নিকট নিয়মমতে চাওয়া গেলেও তিনি ইচ্ছা করিয়া বিল অফ এন্টরীর কি শিপিং বিলের প্রতিলিপি না দিলে,	৮৮	ঐ স্বামির দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৩৩।—কোন ব্যক্তি ৮৯ ধারামতে ক্ষমতা না পাইয়াও ঐ ধারার উল্লিখিত কর্ম্ম নির্ব্বাহ করণার্থে অন্যের সপক্ষ কর্ম্মকারকস্বরূপ কর্ম্ম করিলে,	৮৯	তাহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৩৪।—জাহাজের মানিফেষ্টে যে মাল লেখা থাকে তাহা জাহাজে পাওয়া না গেলে, কিম্বা কম পরিমাণের পাওয়া গেলে ও কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে সেই ন্যূনতার হিসাব দেওয়া যাইতে না পারিলে,	৯৩	যে দ্রব্য পাওয়া গেল না কি কম পড়িল তাহার উপর মাসুল ধার্য্য হইতে পারিলে ঐ জাহাজের কাপ্তানের সম্পূর্ণ মাসুলের অতিরিক্ত সেই অপ্রাপ্ত কি ন্যূন দ্রব্যের মাসুলের দিগুণ দিতে হইবে, ও ঐ মালের মাসুল ধার্য্য হইতে না পারিলে, অজ্ঞাত দ্রব্যের যেং পাকেজ পাওয়া যাইতে না পারে কি কম পড়ে তাহার প্রত্যেকের উপর তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৩৫।—জাহাজের মানিফেষ্টে যে মাল নিয়মমতে লেখা না যায় জাহাজের কাপ্তান সেই মাল ছাড়াইয়া বা লইয়া যাইতে দিলে	৯৩	ঐ কাপ্তানের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৩৬।—জাহাজের অন্তর্গত কোন স্থানে কি বাক্সে কি বদ্ধ আধারে লুক্কায়িত মাল পাওয়া গেলে ও কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে তাহার হিসাব দেওয়া না গেলে,	৯৭	ঐ মাল জব্দ হইতে পারিবে।
৩৭।—মানিফেষ্টে যত মাল, কি মালের যে বর্ণনা লেখা থাকে জাহাজে সেই মালের অধিক পাওয়া গেলে কিম্বা বর্ণনার সঙ্গে মাল না মিলিলে	৯৩	ঐ মাল জব্দ হইতে পারিবে, কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ বর্দ্ধিত যে হার ধার্য্য করেন সেই হারে মাসুল লওয়া যাইবে।
৩৮।—মাল নামাইয়া দেওয়া গেলে পর কিন্তু কষ্টম-হৌস দিয়া পাস হওয়ার পূর্ব্বে আমী প্রতারণা করিয়া মাসুল না দেওয়ার কল্পনায় তাহা স্থানান্তর করিলে কি করিতে উদ্যোগ করিলে	১০০	ঐ মাল জব্দ হইতে পারিবে, কিম্বা ঐ মাল ফিরিয়া আনা যাইতে না পারিলে কিন্তু তাহার মাসুল ধার্য্য হইতে পারিলে, স্বামির সম্পূর্ণ মাসুল ভিন্ন ঐ মাসু-

অপরাধ ও দণ্ড বিষয়ক বিধি।—(চলিতেছে)

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
		লের দ্বিগুণের অনধিক দণ্ড হইতে পারিবে কিম্বা মাসুল ধার্য্য হইতে না পারিলে, অজ্ঞাত মূল্যের যে২ পাকেজ পাওয়া যাইতে না পারে কি কম পড়ে তাহার প্রত্যেকের উপর স্বামির এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৩৯।—মাল আমদানী কি রফ্তানী করিবার অভিপ্রায়ে কষ্টমহৌসে এণ্টর করা গেলে কিম্বা কষ্টম-হৌস দিয়া পাস করিবার নিমিত্ত আনা গেলে, কিন্তু এণ্টরীপত্রে কিম্বা পাস করিবার প্রার্থনাপত্রে যেরূপ বর্ণনা আছে, ঐ মালের পাকেজ সেই বর্ণনার সঙ্গে মিলে না বলিয়া দেখা গেলে, কিম্বা যে নাম কি বৃত্তান্ত কি ভাবগতিক অনুসারে ঐ মালের উপর মাসুল লাগিতে পারে কি তাহা আমদানী কি রফ্তানী করা যাইতেছে তৎসম্পর্কে ঐ এণ্টরীতে কি প্রার্থনাপত্রে ঐ পাকেজের অন্তর্গত মালের অন্যায় বর্ণনা হইল ইহা দেখা গেলে, কিম্বা দ্রব্যের প্রকার কি গুণ কি পরিমাণ কি মূল্য সম্পর্কে ইচ্ছাপূর্ব্বক ঐ পাকেজের অন্তর্গত মালের অনুপযুক্ত বর্ণনা হইল দেখা গেলে কিম্বা এণ্টরীতে কি প্রার্থনাপত্রে যে২ দ্রব্য নির্দ্দিষ্ট হইল তদ্ভিন্ন ঐ পত্রের অলিখিত কোন দ্রব্যও প্রতারণাক্রমে লুক্কায়িত কি মিশ্রিত হইবাতে কিম্বা কষ্টমের কর্ম্মকারককে বঞ্চনা করিবার জন্যে ঐ পাকেজে দেওয়া গিয়াছে ইহা দেখা গেলে	১০০ ও ৩৮	ঐ২ পাকেজ ও তন্মধ্যে যত দ্রব্য থাকে তাহা সকলই জব্দ হইতে পারিবে ও তদ্রূপ কোন অপরাধে যে কোন ব্যক্তি লিপ্ত থাকে তাহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৪০।—পাতিক্রমে কিম্বা পাকেজ করিয়া যে মালের ছাড হইয়া থাকে, রাজস্বের হানি যাহাতে হয় এমত কোন দ্রব্য ছাড়া গেল কি তাহার অন্যায় বর্ণনা হইল দেখা গেলে	১০০ ও ১০৯	সেই ত্রুটি কি অন্যায় বর্ণনা অকস্মাৎ হইযাছে কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে ইহার প্রমাণ না হইলে, তৎক্রমে গবর্ণমেণ্টের যত মাসুলের হানি হইতে পারিত ঐ মালের স্বামির তাহার দশ গুণের অনধিক দণ্ড হইতে পারিবে।
৪১।—নিয়মমতে এণ্টরী না হইলাও মাল কোন কষ্টম-হৌস কি ওয়ার্ফ হইতে লইয়া যাওয়া কি ছাড়াইয়া লওয়া গেলে	১০০	উক্ত প্রত্যেক স্থলে যে ব্যক্তি ঐ মাল লইয়া যায় কি ছাড়াইয়া লয় তাহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড ও ঐ মাল জব্দ হইতে পারিবে।
৪২।—চড়নদারদের ব্যবহার্য্য দ্রব্য নামাইয়া লইবার পূর্ব্বে কি পরে তন্মধ্যে নিষিদ্ধ কি মাসুলী দ্রব্য পাওয়া গেলে	১০০	তাহা যে পাকেজের মধ্যে পাওয়া যায় তাহা সুদ্ধ ঐ মাল জব্দ হইতে পারিবে।

অপরাধ ও দণ্ড বিষয়ক বিধি।—(চলিতেছে)

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
৪৩।—গুদামজাৎ করিবার নিমিত্ত কোন মাল এণ্টর হইলেও, কষ্টমের উপযুক্ত কর্ম্মকারকের অনুমতিবিনা ও তাঁহার তত্ত্বাবধারণে না হইয়া কিম্বা তিনি যে প্রকারে ও যে ব্যক্তিদের দ্বারা ও যে সময়ের মধ্যে ও যে রাস্তা বা পথ দিয়া আজ্ঞা করেন তদন্যথায় গুদামে আনা গেলে	১০৯	সেই মাল জব্দ হইতে পারিবে ও যে কোন ব্যক্তি তাহা তদ্রূপে আনে তাহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৪৪।—গুদামজাৎ করিবার নিমিত্ত মাল এণ্টর হইলেও, ঐ এণ্টরীমতে উপযুক্তরূপে গুদামজাৎ করা না গেলে বা না দেওয়া গেলে কিম্বা উপযুক্ত কার্য্যকারকের দ্বারা পরীক্ষা হওয়ার ও তাঁহার সর্টিফিকট দেওয়ার পূর্ব্বে পরীক্ষার উপযুক্ত স্থানহইতে স্থানান্তর করা গেলে	১০৯	ঐ মাল উপযুক্তমতে গুদামজাৎ করা গেল না বলিয়া জ্ঞান হইবে ও জব্দ হইতে পারিবে।
৪৫।—গুদামজাৎ কোন মাল ১১০ বা ১১১ ধারামতে গুদামজাৎ করা না গেলে	১১০, ১১১	সেই মাল জব্দ হইতে পারিবে।
৪৬।—এই আইনমতে কোন ব্যক্তির স্বকীয় গুদামের লাইসেন্স দেওয়া গেলেও, আইনমতে যে কর্ম্মকারক তন্মধ্যে প্রবেশ করিতে স্বত্ববান তিনি গুদাম খুলিতে বলিলেও ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি তাহা না খুলিলে, কিম্বা বন্দরে কার্য্যচলনের ঘণ্টার মধ্য কোন সময়ে ঐ কর্ম্মকারক প্রবেশ করিতে চাহিলেও ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি তাঁহাকে প্রবেশ করিতে না দিলে,	১১৩	ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, তাহার লাইসেন্সও তৎক্ষণাৎ রহিত করা যাইতে পারিবে।
৪৭।—গুদামে যে২ পাকেজ ও পারসেল দেওয়া যায়, তাহার নিকট যেন অনায়াসে যাওয়া যায়, রাজকীয় কোন গুদামের রক্ষক কিম্বা স্বকীয় গুদামের লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি এমতে ঐ দ্রব্য সাজাইয়া রাখিতে শৈথিল্য করিলে	১১৩	সেই রক্ষকের কি লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির তদ্রূপ প্রত্যেক শৈথিল্য ক্রিয়া হেতুক পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৪৮।—গুদামজাৎ কোন মালের স্বামী কিম্বা সেই স্বামির কোন কর্ম্মচারী গোপনে কোন গুদাম খুলিলে কিম্বা কষ্টমের উপযুক্ত কর্ম্মকারক উপস্থিত না থাকিতে আপন মালের নিকট গেলে,	১১৫	তদ্রূপ প্রত্যেক স্থলে সেই স্বামির কি কর্ম্মচারির এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৪৯।—মাল নিয়মমতে গুদামজাৎ করা গেলে পর, ১১৬ ধারার বিধানমতে না হইয়া সেই মালের স্থান পরিবর্ত্তন কিম্বা তাহা বস্তাবন্দি করিবার রূপান্তর করা গেলে	১১৬	ঐ মাল জব্দ হইতে পারিবে।
৫০।—কোন ব্যক্তির স্বকীয় গুদামে যে মাল রাখা যায় তাহাহইতে বাহির করণ সময়ে ঐ মালের কিছু কমতি দেখা গেলে,	১২০	কষ্টম হৌসের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের সন্তোষমতে সেই কমতির হিসাব না দেওয়া গেলে, ঐ কমতি মালের উপর যত মাসুল লাগিতে পারে ঐ গুদামের লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির তাহার পাঁচ গুণের তুল্য দণ্ড হইতে পারিবে।

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
৫১।—রাজকীয় কিম্বা কোন ব্যক্তির স্বকীয় গুদামে যে মাল রাখা যায়, তাহা নিয়মমতে ছাড়াইয়া না দেওয়া ও তথাহইতে অর্পণ করা না গেলেও কষ্টমের কর্ম্মকারক তাহা দেখাইতে বলিলেও সেই গুদামের রক্ষক কি লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি তাহা না দেখাইলে	১২০	ঐ মালের উপর যত মাসুল পাওনা থাকে ঐ রক্ষকের কি লাইসেন্স-প্রাপ্ত ব্যক্তির সেই ত্রুটিহেতুক সেই মাসুল দিতে হইবে, ও তদ্ভিন্ন যেং পাকেজ কি পারসেল তদ্রূপে নিরুদ্দেশ হইল কি কম পড়িল তাহার প্রত্যেকের উপর তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৫২।—কোন মাল গুদামজাৎ করিবার নিমিত্ত এন্টর করা ও নিয়মমতে গুদামজাৎ করা গেলে পর, তন্মধ্যে প্রতারণাভাবে লুক্কায়িত কিম্বা তথাহইতে স্থানান্তর করা গেলে, কিম্বা বেআইনীমতে স্থানান্তর কি লুক্কায়িত করিবার নিমিত্ত কোন পাকেজহইতে বাহির করিয়া লওয়া গেলে কিম্বা এক পাকেজহইতে বাহির করিয়া অন্য পাকেজে দেওয়া গেলে কিম্বা তাহা লইয়া অন্য কার্য্য করা গেলে	১২৭	ঐ মাল জব্দ হইতে পারিবে ও সেই অপরাধে যে ব্যক্তির সম্পর্ক থাকে তাহার এক সহস্র টাকা দণ্ড হইতে পারিবে।
৫৩।—কোন ব্যক্তির স্বকীয় গুদামে যে মাল রাখা যায় তাহার যতখানি রেজিষ্টরী হইল তদধিক পাওয়া গেলে	১২৭	কষ্টম হৌসের অধ্যক্ষতা ভার-প্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে ঐ অধিক অংশের হিসাব দেওয়া যাইতে না পারিলে, সামান্যতঃ তাহার উপর যে মাসুল লাগে তাহার ঐ অধিকাংশের পাঁচ গুণ দণ্ড হইবে।
৫৪।—মাল প্রথমে যে গুদামে রাখা যায়, উপযুক্ত কর্ম্মকারক উপস্থিত না থাকিতে কিম্বা তাঁহার অনুমতি না হইলে কি তাহা সমর্পণ করিবার উপযুক্ত অনুমতি না থাকিতে ঐ গুদামহইতে স্থানান্তর করা গেলে	১২৭	ঐ মাল জব্দ হইতে পারিবে ও যে ব্যক্তি স্থানান্তর করে তাহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৫৫।—কোন ব্যক্তি মাসুল না দিয়া কোন গুদামহইতে বেআইনীমতে কোন মাল লইয়া গেলে কিম্বা লইয়া যাওনকার্য্যে সাহায্য কি সহায়তা করিলে কি তাহাতে সম্পর্ক রাখিলে	১২৭	সেই ব্যক্তির এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৫৬।—কোন জাহাজ ১৩৬ ধারানুসারে চলিয়া যাইবে বলিয়া বন্দরে এন্টর করা না গেলেও কোন কষ্টমের বন্দরে সেই জাহাজে মাল তুলিয়া দেওয়া গেলে	১৩৬	ঐ জাহাজের কাপ্তানের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৫৭।—মানিফেষ্টে কিম্বা যে শিপিংবিল নিয়মমতে পাস হইয়াছে তন্মধ্যে যে মালের সংখ্যা লেখা না যায় তাহা কোন জাহাজে তোলা গেলে	১৩৭	ঐ মালের প্রত্যেক পাকেজের উপর ঐ জাহাজের কাপ্তানের পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৫৮।—কোন জাহাজের মানিফেষ্টে কিম্বা কোন শিপিংবিলে যে মালের সংখ্যা লেখা যায় আমদানী হওনসময়ে তাহার মাসুল লাগিতে পারিলে, কিম্বা রপ্তানী করিবার জন্যে গুদামহইতে বাহির করিয়া লওয়া গেলে	১৪০	ঐ মাল জব্দ হইতে পারিবে।

অপরাধ ও দণ্ড বিষয়ক বিধি।—(চলিতেছে)

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
কিম্বা বহিষ্কারী হওনসময়ে ফেরৎ মাসুল পাওয়া যাইতে পারিলে কি না পারিলেও, ঐ জাহাজের চলিয়া যাইবার পূর্ব্বে তাহা নিয়মমতে জাহাজে তোলা না গেলে কিম্বা পুনরায় স্থলে আনা গেলে, ও ১৪০ ধারার বিধানমতে জাহাজের চলিয়া যাইবার পূর্ব্বে তাহা জাহাজে তোলা না যাইবার কিম্বা পুনরায় স্থলে আনিবার নোটিস না দেওয়া গেলে,		
৫৯।—মাল নিয়মমতে তদ্রূপ জাহাজে তোলা গেলে পর যে স্থানে লইয়া যাইবার নিমিত্ত তাহা ছাড়িয়া দেওয়া গেল, ১৪১ ধারার বিধানমতে না হইয়া, অন্য কোন স্থানে নামাইয়া দেওয়া গেলে	১৪১	কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে ঐ কার্য্যের হেতু জ্ঞাত করা না গেলে, ঐ জাহাজের কাপ্তানের সেই নামাইয়া দেওয়া মালের তিন গুণের অনধিক দণ্ড হইতে পারিবে।
৬০।—যে মালের উপর ফেরৎ মাসুল দেওয়া গিয়াছে ১৪১ ধারার উল্লিখিত কোন জাহাজে তাহা পাওয়া না গেলে	১৪১	কষ্টম হৌসের অধ্যক্ষতাভারপ্রাপ্ত কার্য্যকারকের হৃদ্বোধমতে ঐ কার্য্যের হেতু জ্ঞাত করা না গেলে, ঐ জাহাজের কাপ্তানের ঐ মালের সম্পূর্ণ মূল্যের অনধিক দণ্ড হইতে পারিবে।
৬১।—মদিরার বিষয়ে ১৪৩ কি ১৫৩ ধারামতে যে কোন বিধি করা যায়, কোন ব্যক্তি ইচ্ছা করিয়া তাহার বিপরীতাচরণ করিলে,	১৪৩,১৫৩	ঐ ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৬২।–মদিরা বহিষ্কারী করিবার নিমিত্ত জাহাজে তোলা গেলে পর কোন ব্যক্তি বহিষ্কারীর স্থানে আবকারী কর্ম্মকারকের বিশেষ ছাড়পত্র না পাইয়া তাহা পুনরায় নামাইয়া দিলে কি দিতে উদ্যোগ করিলে	১৫২	ঐ ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও সেই সকল মদিরা, ও তাহা যে সকল পীপার কি অন্য দ্রব্যের মধ্যে থাকে, ও তাহা যে প্রত্যেক নৌকা কি গাড়ী কি গবাদি করিয়া বহন করা যায় তাহাও জব্দ হইতে পারিবে।
৬৩।—১৫৫ ধারার প্রণীত বিধির বিপরীতাচরণ করিয়া কোন মাল সমুদ্রকূলগামি জাহাজে তোলা গেলে কি তাহাহইতে নামান গেলে কি ঐ জাহাজে লইয়া যাওয়া গেলে, কিম্বা অনিবার্য্য বিপত্তি হেতুক না হইলে সমুদ্রকূলগামি কোন জাহাজ ঐ বিধির বিপরীতে ভিন্নদেশের কোন বন্দরে থামিলে কিম্বা আপন গন্তব্য পথ ছাড়িয়া অন্য পথে গেলে, কিম্বা সমুদ্রকূলগামি জাহাজ ভিন্নদেশের কোন বন্দরে থামিলেও তৎপরেই কষ্টমের যে বন্দরে পঁহুছে ঐ জাহাজের কাপ্তান সেই বন্দরের কষ্টমের কালেক্টর সাহেবের নামে লিখিয়া উক্ত কথা নির্দ্দেশ করিয়া না জানাইলে,	১৫৫	ঐ জাহাজের কাপ্তানের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও ভিন্নদেশের বন্দরে যে সকল মাল তোলা বা নামান যায় তাহার উপর রীতিমতে মাসুল তাঁহার স্থানে আদায় করা যাইবে ও সেই মাসুলের দ্বিগুণ দণ্ডও তাঁহার দিতে হইবে।

অপরাধ ও দণ্ড বিষয়ক বিধি।—(চলিতেছে)

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
৬৪।—১৫৬ ধারামতে যে বৃত্তান্ত লিখিবার আদেশ থাকে তাহা মিথ্যা হইলে,	১৫৬	যে কাপ্তান তাহা লিখিলেন বা তাহাতে স্বাক্ষর করিলেন তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৬৫।—১৫৭ ধারার উল্লিখিত সর্টিফিকট দেখান না গেলে কিম্বা না দেখাইবার উপযুক্ত কারণ দর্শান না গেলে,	১৫৭	জাহাজ ভিন্নদেশের বন্দরে যাইবে বলিয়া নির্দ্দিষ্ট হইলে রপ্তানীর মালের উপর কষ্টমের যত মাসুল লওয়া যাইত, ঐ ধারার উল্লিখিত নিবন্ধনপত্র সম্পর্কীয় ব্যক্তিদের তাহার দ্বিগুণ দণ্ড দিতে হইবে।
৬৬।—সমুদ্রকূলগামি জাহাজের কাপ্তান মাল নামাইয়া দিবার বন্দরে পঁহুছিয়া চব্বিশ ঘণ্টার মধ্যে ১৫৮ ধারার বিধানমত ছাড়পত্র সমর্পণ না করিলে,	১৫৮	ঐ কাপ্তানের দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৬৭।—কোন পাকেজে মাসুলী মাল আছে বলিয়া ১৬১ ধারার বিধানমতে মালের বহীতে লেখা গেলেও সেই পাকেজ দেখিয়া তন্মধ্যে সেই প্রকারের মাল পাওয়া না গেলে, কিম্বা	১৬১	ঐ পাকেজ ও তন্মধ্যে সকল দ্রব্য জব্দ হইতে পারিবে।
ঐ বহীতে যাহা লেখা যায় নাই, কিম্বা মাসুলী মাল বলিয়া লেখা যায় নাই, কোন পাকেজে এমত মাল পাওয়া গেলে,	১৬১	ঐ মাল জব্দ হইতে পারিবে।
৬৮।—সমুদ্রকূলগামি পবওয়ানওয়ালা জাহাজের কি বাষ্পদ্বারা চালিত জাহাজের কাপ্তান আপনি কি অন্যের দ্বারা মালের বহী না রাখিলে কিম্বা চাহিবামাত্র না দেখাইলে, কিম্বা জাহাজে তোলা গেল বলিয়া, কিম্বা সমর্পণ করা গেল বলিয়া যে মাল ঐ বহীতে লেখা যায় নাই এমত কোন মাল কোন সময়ে ঐ জাহাজে পাওয়া গেলে, কিম্বা জাহাজে তোলা গেল বলিয়া লেখা গেলে কিন্তু সমর্পণ করা গেল বলিয়া লেখা না গেলেও কোন মাল ঐ জাহাজে পাওয়া না গেলে,	১৬১	ঐ কাপ্তানের পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৬৯।—সমুদ্রকূলগামি যে জাহাজ পবওয়ানওয়ালা নয় কি বাষ্পদ্বারা চালিত না হয় এমত জাহাজের কাপ্তান ১৬২ ধারামতে প্রণীত কোন বিধি লঙ্ঘন করিলে,	১৬২	ঐ কাপ্তানের এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৭০।—এই আইনের, কিম্বা কষ্টমবিষয়ক অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইনের বিপক্ষে মাল কোন কষ্টমের বন্দরে জাহাজে তোলা গেলে ও সমুদ্রকূলে২ লইয়া যাওয়া গেলে, কিম্বা সমুদ্রকূলে২ মাল আনা গিয়া তদ্রূপ কোন বন্দরে জাহাজহইতে নামাইয়া দেওয়া গেলে, কিম্বা সমুদ্রকূলগামি কোন জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্রে লেখা না গেলেও কোন মাল ঐ জাহাজে পাওয়া গেলে	১৩ অধ্যায়	ঐ মাল জব্দ হইতে পারিবে ও ঐ জাহাজের কাপ্তানের পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

অপরাধ ও দণ্ডবিষয়ক বিধি।—(চলিতেছে)

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
৭১।—১৬৩ ধারামতে আজ্ঞা হইলেও সমুদ্রকূলগামি কোন জাহাজের কাপ্তান কষ্টমের কালেক্টর সাহেবের নিকট কোন দলীল আনিতে অস্বীকার করিলে	১৬৩	ঐ কাপ্তানের দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৭২।—কষ্টমসম্পর্কীয় কোন কার্য্য নির্ব্বাহ করণে যে নির্দ্দেশপত্রের কি দলীলের ব্যবহার হয়, কোন ব্যক্তি তাহার কোন কথা মিথ্যা জানিয়াও ঐ পত্র লিখিলে কি তাহাতে স্বাক্ষর করিলে কি তাহার ব্যবহার করিলে, কিম্বা তদ্রূপ কোন দলীল, কিম্বা কষ্টমসম্পর্কীয় কোন কার্য্য নির্ব্বাহ করণে কষ্টমের কোন কর্ম্মকারক যে মোহর কি স্বাক্ষর কি নামের আদ্যক্ষর কি অন্য চিহ্ন করিলেন বা লিখিলেন তাহা, জাল কি মিথ্যা করিলে কিম্বা প্রতারণাক্রমে পরিবর্ত্তন কি নষ্ট করিলে, কিম্বা এই আইন কি কষ্টমবিষয়ক অন্য কোন আইনক্রমে কোন দলীল দেখাইবার আদেশ থাকিলেও তাহা দেখাইতে অস্বীকার বা ত্রুটি করিলে, কিম্বা এই আইন কি কষ্টমবিষয়ক অন্য কোন আইনক্রমে কষ্টমের কোন কর্ম্মকারকের প্রশ্নের উত্তর দিবার আদেশ থাকিলে সত্যরূপে ঐ প্রশ্নের উত্তর না দিলে	সাধারণ	কোন মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৭৩।—কোন কষ্টমের বন্দরে কোন ব্যক্তি জাহাজে কি নৌকায় থাকিলে, কিম্বা জাহাজ কি নৌকা হইতে নামিলেই, তাহার বস্ত্রে কি অধিকারে মাসুলী কি নিষিদ্ধ দ্রব্য আছে কি না, কষ্টমের কর্ম্মকারক এই প্রশ্ন করিলে ও সেই ব্যক্তি নাই বলিলে, ও তাহার অস্বীকার করণের পর সেই প্রকারের দ্রব্য তাহার বস্ত্রে কি অধিকারে পাওয়া গেলে, কিম্বা তৎকালে ছিল ইহা পরে দৃষ্ট হইলে,	সাধারণ	সেই দ্রব্য জব্দ হইতে পারিবে ও সেই ব্যক্তির সেই মালের মূল্যের তিন গুণ দণ্ড হইতে পারিবে।
৭৪।—কোন ব্যক্তির বস্ত্রাদিতে মাসুলী কি নিষিদ্ধ দ্রব্য আছে কিম্বা তিনি কষ্টমসম্পর্কীয় কোন অপরাধ করিয়াছেন, কষ্টমের কর্ম্মকারকের এমত জ্ঞান করিবার সঙ্গত কারণ না থাকিলেও তিনি তাঁহার বস্ত্রাদিতে অন্বেষণ করিবার কি তাঁহাকে আটক রাখিবার আদেশ করিলে	১৬৬	ঐ কর্ম্মকারকের এক শত টাকা দণ্ড হইতে পারিবে।
৭৫।—কষ্টমের কোন কর্ম্মকারক কিম্বা মাসুলচুরী নিবারণার্থে নিয়মমতে নিযুক্ত অন্য ব্যক্তি ইচ্ছা করিয়া এই আইনের কিম্বা কষ্টম বিষয়ক অন্য কোন আইনের বিধান লঙ্ঘন করিলে	সাধারণ	মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে সেই কর্ম্মকারকের কি ব্যক্তির দুই বৎসরের অনধিক সামান্য কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে।
৭৬।—কষ্টমের কোন কর্ম্মকারক কিম্বা মাসুলচুরী নিবারণার্থে নিয়মমতে নিযুক্ত অন্য ব্যক্তি কষ্টমের রাজস্বের হানি করণাভিপ্রায়ে কোন প্রতারণাকার্য্য করিলে, বা করিতে উদ্যোগ করিলে, কিম্বা তদ্রূপ কোন প্রতারণার কি প্রতারণা করণের উদ্যোগের সহায় হইলে কি জানিয়া উপেক্ষা করিলে,	সাধারণ	মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে ঐ কর্ম্মকারকের কি ব্যক্তির দুই বৎসরের অনধিক কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে।

অপরাধ ও দণ্ড বিষয়ক বিধি।—(চলিতেছে)

অপরাধ	যে ধারায় অপরাধের উল্লেখ হইল	দণ্ড।
৭৭।—১৭৭ ধারামতে কষ্টম হৌসে পোলীসের যে কর্ম্মকারকের কোন নোটিস প্রেরণ কি মাল চালান করা কর্ত্তব্য তিনি তাহা করিতে শৈথিল্য করিলে	১৭৭	পোলীসের ঐ কর্ম্মকারকের এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
৭৮।—কষ্টমের কোন কর্ম্মকারকের প্রতি কিম্বা মাসুল চুরী নিবারণার্থে নিয়মমতে নিযুক্ত অন্য ব্যক্তির প্রতি এই আইনমতে যে ক্ষমতা দেওয়া যায় তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিতেছেন এমত সময়ে কেহ ইচ্ছাপূর্ব্বক তাঁহাকে বাধা দিলে,	সাধারণ	মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে ঐ ব্যক্তির ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকার অনধিক অর্থ-দণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে।

উক্ত তফসীলের তৃতীয় ঘরে যে সকল অঙ্ক দেওয়া গেল তাহা অপরাধের অর্থ নির্ণায়ক কথার একাংশ নয়, কিন্তু অপরাধের সঙ্গে আইনের যেং অংশের সাধারণ সম্পর্ক থাকে সাধারণমতে সেইং অংশের উল্লেখ করণার্থে ঐং অঙ্ক দেওয়া গেল।

165 The confiscation of any vessel shall be deemed to include her tackle, apparel, and furniture

Tackle, &c, included in confiscation of vessels

The confiscation of any goods shall be deemed to include any package in which they are found, and all the contents thereof

Packages and contents included in confiscation of goods

Every boat, cart or other means of conveyance, and every horse or other animal used in the removal of any goods liable to confiscation, shall in like manner be liable to confiscation.

Also conveyances and animals used in removal

১৬৫ ধারা। জাহাজ জব্দ হওয়ার কথা থাকিলে তন্মধ্যে রসী কাছীপ্রভৃতি সরঞ্জামও ধরা যাইবে বলিয়া জ্ঞান করিতে হইবে।

জাহাজ জব্দ হওনের কথার মধ্যে রসী কাছী প্রভৃতি ধরিবার কথা।

মাল জব্দ হওয়ার কথা থাকিলে, সেই মাল যে পাকেজের মধ্যে পাওয়া যায় তাহা ও তদন্তর্গত সকল দ্রব্যও ধরা যাইবে বলিয়া জ্ঞান করিতে হইবে।

মাল জব্দ করার মধ্যে পাকেজ ও তদন্তর্গত সকল দ্রব্য ধরিবার কথা।

জব্দ হইবার যোগ্য কোন মাল স্থানান্তর করিতে কি লইয়া যাইতে যে প্রত্যেক নৌকা কি গাড়ী কি বহনের অন্য উপায় ও যে কোন ঘোড়ার কি অন্য জন্তুর ব্যবহার হয়, তাহাও উক্ত প্রকারে জব্দ হইতে পারিবে ইতি।

ও মাল বহিবার গাড়ী জন্তু প্রভৃতি ধরিবার কথা।

CHAPTER XV

Procedure relating to Offences, Appeals, &c

166 Any officer of Customs duly employed in the prevention of smuggling may search any person on board of any vessel or boat in any Port in British India, or any person who has landed from any vessel or boat

Persons may be searched on reasonable suspicion

Provided that such officer has reasonable ground to suppose that such person has dutiable or prohibited goods secreted about his person

১৫ পঞ্চদশ অধ্যায়।

অপরাধ আপীলপ্রভৃতি বিষয়ক কার্য্যপ্রণালীর বিধি।

১৬৬ ধারা। মাসুলচুরী নিবারণের কার্য্যে নিয়মমতে নিযুক্ত কষ্টমের কোন কর্ম্মকারক ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরস্থ কোন জাহাজ কি নৌকাগত কিম্বা সেই জাহাজ কি নৌকাহইতে আগত কোন ব্যক্তির বস্ত্রাদিতে অন্বেষণ করিতে পারিবেন।

ব্যক্তিরপ্রতি যুক্তিমতে সন্দেহ হইলে তাহার বস্ত্রাদিতে অন্বেষণ করিবার কথা।

কিন্তু এমত স্থলে প্রয়োজন যে সেই ব্যক্তির বস্ত্রাদিতে মাসুলী কি নিষিদ্ধ দ্রব্য লুক্কায়িত আছে ঐ কর্ম্মকারকের যেন এমত জ্ঞান করিবার সঙ্গত হেতু থাকে ইতি।

Persons may, before search, require to be taken before Magistrate &c

167 When any officer of Customs is about to search any person under the provisions of section 166, such person may require the said officer to take him, previous to search, before the nearest Magistrate or Customs-collector

If such requisition be made, the officer of Customs may detain the person making it until he can bring him before the nearest Magistrate or Customs-collector

The Magistrate or Customs-collector before whom any person is so brought shall, if he see no reasonable ground for search, forthwith discharge such person, but if otherwise, shall direct that the search be made

A female shall not be searched by any but a female

Officers of Customs may stop vessels, carts, &c, and search for goods on reasonable suspicion

168 Any duly empowered officer of Customs or other person duly employed for the prevention of smuggling may stop and search any vessel, cart, or other means of conveyance, for smuggled goods, provided that he has reasonable ground to suppose that smuggled goods are contained therein

Magistrate may issue search warrant on application

169 Any Magistrate may, on application by a Customs-collector, stating his belief that dutiable or prohibited goods are secreted in any place in such district or division, issue a warrant to search for such goods

Such warrant shall be executed in the same way, and shall have the same effect, as a search-warrant issued under the Code of Criminal Procedure

Persons reasonably suspected may be detained

170 Any person against whom a reasonable suspicion exists that he has been guilty of an offence under this Act may be detained in any place, either upon land or water, by any officer of Customs or other person duly employed for the prevention of smuggling

কোন ব্যক্তির বস্ত্রাদিতে অন্বেষণ হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট প্রভৃতির নিকটে তাঁহার আনীত হইবার আদেশ করিতে পারিবার কথা।

১৬৭ ধারা। কষ্টমের কোন কর্ম্মকারক ১৬৬ ধারার বিধানমতে কোন ব্যক্তির বস্ত্রাদিতে অন্বেষণ করিতে উদ্যত হইলে, সেই ব্যক্তি অন্বেষণ করিবার পূর্ব্বে নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেবের কি কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে আপনাকে লইযা যাইতে বলিতে পারিবেন।

তাহা বলিলে কষ্টমের কার্য্যকারক তাঁহাকে নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেবের কি কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে যত কাল উপস্থিত করিতে না পারেন, তাঁহাকে তত কাল আটক রাখিতে পারিবেন।

যে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা কষ্টমের যে কালেক্টর সাহেবের নিকট কোন ব্যক্তিকে আনা যায়, তিনি সেই ব্যক্তির বস্ত্রাদিতে অন্বেষণ করিবার কোন সঙ্গত হেতু দেখিতে না পাইলে সেই ব্যক্তিকে তৎক্ষণাৎ ছাড়িয়া দিবেন। নতুবা অন্বেষণ করিবার আজ্ঞা করিবেন।

স্ত্রী লোকের গাত্রে স্ত্রীভিন্ন কেহ অন্বেষণ করিবেন না ইতি।

যুক্তিমতে সন্দেহ থাকিলে গাড়ি প্রভৃতি থামাইয়া তল্লাশ করিতে কষ্টমের কর্ম্ম কারকদের ক্ষমতার কথা।

১৬৮ ধারা। কষ্টমের নিয়মমতে ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের, কি অন্য যে ব্যক্তি মাস্তুল চুরী নিবারণের কার্য্যে নিয়মমতে নিযুক্ত হন, তাঁহার বিবেচনায় কোন নৌকাদি কি গাড়িতে কি অন্য যান বাহনে মাস্তুল চোরা দ্রব্য আছে বলিয়া জ্ঞান করিবার সঙ্গত কারণ থাকিলে, তিনি সেই নৌকা প্রভৃতি থামাইয়া মাস্তুল চোরা দ্রব্যের অন্বেষণ করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রার্থনা হইলে তাঁহার তল্লাশী পরওয়ানা দিতে পারিবার কথা।

১৬৯ ধারা। মাস্তুলী কি নিষিদ্ধদ্রব্য কোন জিলার কিম্বা মহকুমার অন্তর্গত কোনস্থানে লুক্কায়িত আছে, কষ্টমের কালেক্টর সাহেব আপনার এমত বিশ্বাস জানাইয়া কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রার্থনা করিলে, তিনি সেই দ্রব্য অন্বেষণ করিবার পরওয়ানা দিতে পারিবেন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমত তল্লাশী পরওযানার ন্যায় সেই পরওযানা জারী হইতে পারিবে, ও তাহার তত্তুল্য ফল হইবে ইতি।

যাঁহাদের প্রতি যুক্তিমতে সন্দেহ থাকে তাঁহাদিগকে আটক করিতে পারিবার কথা।

১৭০ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে অপরাধের অপরাধী হইযাছে এমত সঙ্গত সন্দেহ থাকিলে, কষ্টমের কোন কর্ম্মকারক কিম্বা মাস্তুল চুরী নিবারণের কার্য্যে নিয়মিতরূপে নিযুক্ত অন্য ব্যক্তি তাহাকে জলে বা স্থলে কোন স্থানেই আটক রাখিতে পারিবেন ইতি।

171 Every person detained on the ground that he has been guilty of an offence under this Act shall forthwith be taken before a Magistrate or Customs-collector

Persons detained to be taken to nearest Magistrate or Customs collector

১৭১ ধারা। এই আইনমত অপরাধের অপরাধী বলিয়া যে কোন ব্যক্তিকে আটক করা যায়, তাঁহাকে তৎক্ষণাৎ নিকটস্থ মাজিষ্ট্রেটের কিম্বা কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইতে হইবে ইতি।

আটক করা ব্যক্তিকে নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেবের কি কষ্টমের কালেক্টর সাহেবের নিকট লইয়া যাইবার কথা।

172 When any person detained on the ground that he has been guilty of an offence under this Act is taken before a Magistrate, such Magistrate may, if he see reasonable cause, order him to be detained in gaol or in the custody of the Police for such time as is necessary to enable such Magistrate to communicate with the officers of Customs

Persons taken before Magistrate may be detained or admitted to bail

Provided that any person so detained shall be liberated on giving recognizance or security to the satisfaction of the Magistrate to appear at such time and place as such Magistrate appoints for his appearance

১৭২ ধারা। এই আইনমত অপরাধের অপরাধী বলিয়া আটক রাখা কোন ব্যক্তিকে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করা গেলে, সেই মাজিষ্ট্রেট সঙ্গত হেতু জানিলে, কষ্টমের কর্ম্মকারকদের সঙ্গে লিখনপঠন করিবার জন্যে যত কাল আবশ্যক তত কাল ঐ ব্যক্তিকে জেলখানায় কিম্বা পোলীসের জিম্মায় আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে পারিবেন।

মাজিষ্ট্রেটের সম্মুখে আনা গেলে তাঁহাদের আটক হইবার কিম্বা হাজিরজামিন দিয়া মুক্ত হইবার কথা।

কিন্তু উক্ত মাজিষ্ট্রেট তাহার উপস্থিত হইবার যে সময় ও স্থান নির্দ্ধার্য্য করেন, সেই আটক করা ব্যক্তি সেই সময়ে ও স্থানে উপস্থিত হইবে বলিয়া, ঐ মাজিষ্ট্রেটের হৃদ্বোধমতে মুচলকা লিখিয়া দিলে কি জামিন দিলে মুক্ত হইতে পারিবে ইতি।

173 If any person liable to be detained under this Act is not detained at the time of committing the offence for which he is so liable, or after detention makes his escape, he shall at any time afterwards be liable to be detained and taken before a Magistrate, to be dealt with as if he had been detained at the time of committing such offence

Persons escaping may be afterwards detained

১৭৩ ধারা। এই আইনমতে আটক হইবার যোগ্য কোন ব্যক্তি যে দোষ হেতুক আটক হইবার যোগ্য, সেই দোষ করণকালে তাঁহাকে আটক রাখা না গেলে, কিম্বা আটক করা গেলে পর পলায়ন করিলে, তাঁহাকে তৎপরে কোন সময়ে আটক করিয়া কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকট আনা যাইতে পারিবে, ও সেই অপরাধ করণ সময়ে আটক করা গেলে তাঁহাকে লইয়া যদ্রূপ কার্য্য হইত তদ্রূপই হইতে পারিবে ইতি।

পলাতককে পরে আটক করিয়া রাখিবার কথা।

174 When any person employed on the crew of any of Her Majesty's ships is detained under this Act, the detaining officer shall forthwith give notice thereof to the commanding officer of the ship, who shall thereupon place such person in security on board of such ship until the detaining officer has obtained a warrant from the Magistrate for bringing up such person to be dealt with according to law

Persons in Her Majesty's Navy, when detained, to be secured on board until warrant procured

The Magistrate shall duly grant a warrant upon complaint made to him by the detaining officer, stating the offence for which the person is detained

১৭৪ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজের নাবিকগণের মধ্যে কোন ব্যক্তিকে এই আইনমতে আটক করিয়া রাখা গেলে, যে কার্য্যকারক তাঁহাকে আটক করিয়া রাখেন তিনি তৎক্ষণাৎ জাহাজের অধ্যক্ষকে তদ্বিষয়ের সম্বাদ দিলে, ঐ আটককরণিয়া কার্য্যকারক যত কাল মাজিষ্ট্রেট সাহেবের স্থানে সেই ব্যক্তিকে লইয়া আইনঅনুসারে কার্য্য হওনার্থে উপস্থিত করিবার পরওয়ানা প্রাপ্ত না হন, তত কাল ঐ অধ্যক্ষ ঐ ব্যক্তিকে ঐ জাহাজে সতর্কে রাখিবেন।

মহারাণীর যুদ্ধজাহাজে নিযুক্ত কোন ব্যক্তি ধৃত হইলে ওয়ারণ্ট না হওন পর্য্যন্ত তাঁহাকে জাহাজে আটক করিয়া রাখিবার কথা।

যে কার্য্যকারক আটক করেন তিনি যে অপরাধহেতুক ঐ ব্যক্তিকে আটক করিলেন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিয়া ইহা জ্ঞাত করিলে, তিনি নিয়মিতরূপে পরওয়ানা দিবেন ইতি।

175 Any vessel or goods liable to confiscation may be seized in any place, either upon land or water, by any officer of Customs or other person duly employed for the prevention of smuggling

Vessels goods and persons may be seized or detained

১৭৫ ধারা। কষ্টমের কোন কর্ম্মকারক কিম্বা মাসুল চুরী নিবারণার্থে নিয়মিতরূপে নিযুক্ত অন্য ব্যক্তি জব্দ হইবার যোগ্য কোন নৌকাদি কি মাল জলে কি স্থলে কোন স্থানেই ধৃত করিতে পারিবেন ইতি

নৌকাদি ও মাল ও ব্যক্তিকে ধৃত করিয়া আটক রাখিবার কথা।

176 Every vessel and all goods seized on the ground that they are liable to confiscation shall, as soon as conveniently may be, be delivered into the care of the officer appointed to receive the same

Vessels and goods seized how dealt with

If there be no such officer at hand, all goods so seized shall be carried to and deposited at the Custom-house nearest to the place of seizure

If there be no Custom-house within a convenient distance, such goods shall be deposited at the nearest place appointed by the Chief Customs Authority for the deposit of goods so seized

177 When any goods liable to confiscation under this Act are seized by any Police-officer on suspicion that they have been stolen, such officer may carry such goods to any Police-station or Court at which a complaint or information connected with the stealing or receiving of such goods has been made, or an enquiry connected with such stealing or receiving is in progress, and there detain such goods until the dismissal of such complaint or information, or the conclusion of such enquiry or of any trial thence resulting

Procedure in respect of goods seized on suspicion

In every such case the Police-officer seizing the goods shall send written notice of their seizure and detention to the nearest Custom-house, and immediately after the dismissal of the complaint or information or the conclusion of the enquiry or trial, the said Police-officer shall cause such goods to be conveyed to, and deposited at, the nearest Custom-house, to be there proceeded against according to law

178 When any vessel or goods is or are seized or any person is detained, under this Act, the officer or other person making such seizure or detention shall, on demand of the person in charge of the vessel or goods so seized, or of the person so detained, give to such person a statement in writing of the reason for such seizure or detention

When seizure is made, seizing officer to give reason in writing

179 In every case in which, under this Act, any vessel, cart, or other means of conveyance, or any horse or other animal, is liable to confiscation,

Adjudication of confiscations and penalties

or any goods are liable to confiscation or to increased rates of duty,

১৭৬ ধারা। যে প্রত্যেক নৌকাদি ও যে সকল মাল জব্দ হইবার যোগ্য বলিয়া ধৃত হয়, তাহা গ্রহণার্থ নিযুক্ত কর্ম্মকারকের জিম্মায় সুবিধামতে ত্বরায় অর্পণ করা যাইবে।

ধৃত নৌকাদির ও মালের বিষয়ে যাহা কর্ত্তব্য তাহার কথা।

তদ্রূপ কার্য্যকারক নিকট না থাকিলে, উক্ত প্রকারের ধৃত সকল মাল যে স্থানে ধৃত হইল তাহার নিকটস্থ কষ্টম হৌসে আনীত হইয়া অর্পণ করা যাইবে।

সুবিধামতে যত দূর যাওয়া যায় এমত স্থানে কষ্টম হৌস না থাকিলে, কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ উক্ত প্রকারের ধৃত মাল রাখিবার জন্যে নিকটস্থ যে স্থান নিরূপণ করেন সেই স্থানে ঐ মাল অর্পণ করা যাইবে ইতি।

১৭৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক এই আইনমতে জব্দ হইবার যোগ্য কোন মাল চোরা সন্দেহ করিয়া ধরিলে, পোলীসের যে কোন থানায় কি যে আদালতে তদ্রূপ মাল চুরী হইবার কি গ্রহণ করিবার নালিশ করা কি সন্ধান জানান গেল কিম্বা চুরী কি গ্রহণসম্পর্কীয় অনুসন্ধান চলতেছে, পোলীসের উক্ত কর্ম্মকারক সেই থানায় কি আদালতে ঐ মাল লইয়া যাইতে পারিবেন, ও সেই নালিশ কি সন্ধান যত কাল ডিসমিস না হয়, কিম্বা সেই অনুসন্ধান কি তজ্জন্য বিচারকার্য্য যত কাল সমাপ্ত না হয়, তত কাল সেই মাল তথায় আটক করিয়া রাখিতে পারিবেন।

সন্দেহ প্রযুক্ত মাল ধৃত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

পোলীসের যে কর্ম্মকারক ঐ মাল ধরেন তিনি তদ্রূপ প্রত্যেক স্থলে সেই মাল ধরিবার ও তাহা আটক করিয়া রাখিবার সম্বাদ লিখিয়া নিকটস্থ কষ্টম হৌসে পাঠাইবেন। ও পূর্ব্বোক্ত নালিশ কি সন্ধান ডিসমিস হইলে কিম্বা উক্ত অনুসন্ধান কি বিচারকার্য্য সমাপ্ত হইলে পর, পোলীসের উক্ত কর্ম্মকারক তৎক্ষণাৎ নিকটস্থ কষ্টম হৌসে সেই মাল চালান করিয়া অর্পণ করাইবেন, ও তথায় তদ্বিষয়ে আইনঅনুসারে কার্য্য হইবে ইতি।

১৭৮ ধারা। এই আইনমতে কোন নৌকাদি কি মাল ধৃত হইলে কিম্বা কোন ব্যক্তিকে আটক করিয়া রাখা গেলে, উক্ত প্রকারে ধৃত নৌকাদি কি মাল যাঁহার জিম্মায় থাকে সেই ব্যক্তি কিম্বা যাঁহাকে আটক করা গেল তিনি দাওয়া করিলে, যে কার্য্যকারক কি অন্য ব্যক্তি সেই নৌকাদি ধৃত করেন কিম্বা সেই ব্যক্তিকে আটক রাখেন, তিনি তাঁহাকে উক্ত প্রকারে ধৃত কি আটক করণের হেতুর বর্ণনা লিখিয়া দিবেন ইতি।

মাল ধৃত হইলে, যে কর্ম্মকারক ধৃত করেন তাঁহার হেতু লিখিয়া জানাইবার কথা।

১৭৯ ধারা। এই আইনমতে নৌকা কি গাড়ি কি অন্য যান কি ঘোড়া কি অন্য পশু জব্দ হইবার যোগ্য হইলে,

জব্দ করণের ও দণ্ডের আজ্ঞা যাঁহার করিতে হইবে তদ্বিষয়ক কথা।

কিম্বা কোন মাল জব্দ হইবার কিম্বা বর্দ্ধিত মাসুলের যোগ্য হইলে,

or any person in charge of or owning a vessel, or landing or shipping goods, or passing them through the Custom-house, is liable to a penalty,

কিম্বা নৌকাদি যাঁহার জিম্মার থাকে, কি যে ব্যক্তি নৌকাদির স্বামী হন, কিম্বা মাল নামান কি জাহাজে তুলেন কি কষ্টম হৌস দিয়া চালান, তিনি দণ্ডের যোগ্য হইলে,

a Customs-collector, or if there be no such officer at the place where the confiscation or penalty or increased rates is or are incurred, such other officer as the Local Government from time to time appoint in this behalf, may, unless it be otherwise provided in this Act, adjudge such confiscation, penalty or increased rates of duty

কষ্টম বিষয়ক এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, কষ্টমের কালেক্টর সাহেব, কিম্বা ঐ জব্দ হওয়া কি দণ্ড কি বর্দ্ধিত মাসুল দেওয়ার দণ্ড যে স্থানে বর্ত্তে সেই স্থানে উক্ত প্রকারের কার্য্যকারক না থাকিলে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এই কার্য্যপক্ষে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি বিচার করিয়া সেই জব্দ করণের কি দণ্ডের কি বর্দ্ধিত মাসুলের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

180 In cases cognizable under section 179 by the Customs-collector, the Local Government may empower any officer of Customs by name, or as holding an office, in like manner to adjudge any confiscation, penalty or increased rates of duty

Local Government may confer like powers on other officers of Customs

১৮০ ধারা। ১৭৯ ধারামতে কষ্টমের কালেক্টর সাহেবের বিচার্য্য মোকদ্দমায় স্থানবিশেষের গবর্ণমেণ্ট কষ্টমের কোন কার্য্যকারকের নাম ধরিয়া কিম্বা তাঁহার পদোপলক্ষে তাঁহার প্রতি বিচার করণপূর্ব্বক জব্দ করণের কি দণ্ডের কি বর্দ্ধিত মাসুলের আজ্ঞা করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন,

কষ্টমের অন্য কার্য্যকারকদের প্রতি স্থানীয় গবর্ণমেণ্টের উক্ত ক্ষমতার্পণের কথা।

Provided that the power to adjudge confiscation shall not extend, as regards a Deputy Commissioner or Deputy Collector, to goods of a greater value than one thousand rupees, nor, as regards an Assistant Commissioner or Assistant Collector or other subordinate officer, to goods of a greater value than two hundred rupees, and that the power to adjudge a penalty shall not extend, as regards a Deputy Commissioner or Deputy Collector, to a sum exceeding five hundred rupees, nor, as regards an Assistant Commissioner or Assistant Collector or other subordinate officer, to a sum exceeding one hundred rupees

Proviso

কিন্তু সেই কর্ম্মকারক ডেপুটী কমিশ্যনর বা ডেপুটী কালেক্টর হইলে এক সহস্র টাকার অধিক মূল্যের মাল, কিম্বা আসিস্টাণ্ট কমিশ্যনর বা আসিস্টাণ্ট কালেক্টর কি নিম্নতর অন্য কর্ম্মকারক হইলে এক শত টাকার অধিক মূল্যের মাল জব্দ করিবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন না, এবং ডেপুটী কমিশ্যনর বা ডেপুটী কালেক্টর হইলে পাঁচ শত টাকার, কিম্বা আসিস্টাণ্ট কমিশ্যনর বা আসিস্টাণ্ট কালেক্টর কি নিম্নতর অন্য কর্ম্মকারক হইলে এক শত টাকার অধিক দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না ইতি।

উপবিধি।

181 Whenever confiscation is authorized by this Act, the officer adjudging it shall give the owner of the goods an option to pay in lieu of confiscation such fine as the officer thinks fit

Option to pay fine in lieu of confiscation

১৮১ ধারা। এই আইনমতে মাল জব্দ করিবার অনুমতি থাকিলে, যে কার্য্যকারক ঐ জব্দ হওয়ার আজ্ঞা করেন তিনি যত টাকা অর্থদণ্ড উচিত বোধ করেন, ঐ মালের স্বামিকে স্বেচ্ছাক্রমে ঐ মাল জব্দ হওয়ার পরিবর্ত্তে তত টাকা দণ্ড দিবার অনুমতি দিবেন ইতি।

মাল জব্দ হওয়ার পরিবর্ত্তে অর্থদণ্ড দিতে পারিবার কথা।

182 When the confiscation of any vessel, cart or other means of conveyance, horse or other animal, or any goods is adjudged under section 179 or section 180, the property in such vessel, means of conveyance, animal or goods shall thereupon vest in Her Majesty

On confiscation of vessel or goods, property to vest in Her Majesty

১৮২ ধারা। ১৭৯ কি ১৮০ ধারামতে কোন নৌকাদি কি গাড়ী কি অন্য যান কি ঘোড়া কি অন্য পশু কি কোন মাল জব্দ হইবার আজ্ঞা হইলে, সেই নৌকাদির কি যানের কি পশুর কি মালের স্বামিত্ব শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিবে।

জাহাজ কি মাল জব্দ হইলে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিবার কথা।

The officer adjudging confiscation shall take and hold possession of the same, and every officer of Police, on the requisition of such officer, shall assist him in taking and holding such possession

যে কর্ম্মকারক সেই বিষয় জব্দ হওয়ার আজ্ঞা করেন তিনি তাহা লইয়া স্বীয় অধিকারে রাখিবেন। ও তাঁহার আদেশ পাইলে পোলীসের প্রত্যেক জন কর্ম্মকারক সেই বিষয় লইয়া তাঁহার অধিকারে রাখিতে সাহায্য করিবেন ইতি।

183. If any vessel actually departs without a port-clearance, or after failing to bring-to when required at any station appointed under section 16, the penalty to which the Master of such vessel is liable may be adjudged by the Chief Officer of Customs of any Customs-Port in British India to which such vessel proceeds, or in which she is, or in the case of Aden by such Officer as the Governor of Bombay in Council appoints in his behalf

Levy of penalty for failure to bring-to when required under section 16

A certificate of such departure or failure to bring-to when required, purporting to be signed by the Chief Officer of Customs of the Port from which the vessel is stated to have so departed, shall be sufficient *primâ facie* proof of the fact so certified

১৮৩ ধারা। কোন জাহাজ বন্দরহইতে চলিয়া যাইবার অনুমতিপত্র না পাইয়া কিম্বা ১৬ ধারামতে নিরূপিত কোন স্থানে থামিবার আজ্ঞা পাইলেও না থামিয়া চলিয়া গেলে, ঐ জাহাজের কাপ্তানের স্থানে যে অর্থদণ্ড লওয়া যাইতে পারে, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে কষ্টমের বন্দরে ঐ জাহাজ যায় কি থাকে এমত কোন বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক, কিম্বা আদেন বন্দরে হইলে বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর সাহেব, এতৎপক্ষে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি সেই দণ্ড আদায় করিতে পারিবেন।

১৬ ধারামতে আদেশ পাইয়াও না থামিলে দণ্ড আদায়ের কথা।

যে বন্দরহইতে জাহাজের তদ্রূপ যাওয়া হইল বলিয়া কথিত হয় ঐ জাহাজ যে তদ্রূপে চলিয়া গিয়াছিল কিম্বা আজ্ঞা পাইলেও থামিল না সেই বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারকের স্বাক্ষরিত বলিয়া এই মর্ম্মের সর্টিফিকট আপাততঃ ঐ সর্টিফিকটের লিখিত কথার প্রভুত প্রমাণ হইবে ইতি।

184 The award of any confiscation, penalty or increased rates of duty under this Act by an Officer of Customs shall not prevent the infliction of any punishment to which the person affected thereby is liable under any other law

Penalty under Act not to interfere with punishment under other law

১৮৪ ধারা। কষ্টমের কোন কার্য্যকারক এই আইনক্রমে কোন দ্রব্য জব্দ হওনের কি দণ্ডের কি বর্দ্ধিত মাসুলের আজ্ঞা করিলেও তাহা যে ব্যক্তির প্রতি বর্ত্তে, সেই ব্যক্তি অন্য কোন আইনক্রমে দণ্ডের যোগ্য হইলে তাহার সেই দণ্ড পাইবার বাধা হইবে না ইতি।

অন্য কোন আইনদ্বারা যে দণ্ড বর্ত্তে তাহা এই আইনমতের দণ্ডদ্বারা নিবৃত্ত না হইবার কথা।

185 All offences against this Act, other than those cognizable under section 179 by a Customs collector, may be tried summarily by a Magistrate

Offences not specially provided for how adjudicated

১৮৫ ধারা। কষ্টমের কালেক্টর সাহেবের ১৭৯ ধারামতে বিচার্য্য অপরাধভিন্ন এই আইনবিরুদ্ধ অন্য সকল অপরাধের বিচার কোন মাজিষ্ট্রেটের দ্বারা সরাসরীমতে হইতে পারিবে ইতি।

যে অপরাধের স্পষ্ট বিধান নাই তাহার বিচার হইবার কথা।

186 In any case adjudicated by an officer of Customs, any party aggrieved by the award may, within three months from the date of the award, appeal to the Chief Customs Authority, or, in such cases as the Local Government directs, to any other superior officer of Customs empowered in that behalf by the Local Government

Appeal from Subordinate to Chief Customs Authority

Such authority or superior officer may thereupon make such further enquiry and pass such order as he thinks fit, confirming, altering, or annulling the original award

Provided that no such order in appeal shall have the effect of subjecting any person to any grater confiscation, penalty, or rates of duty than has or have been adjudged against him in the original award

১৮৬ ধারা। কষ্টমের কোন কর্ম্মকারক কোন মোকদ্দমার বিচার করিয়া যে নিষ্পত্তি করেন, তদ্দ্বারা কোন ব্যক্তি আপনাকে অন্যযগ্রস্ত জ্ঞান করিলে, তিনি ঐ আজ্ঞার তারিখ অবধি তিন মাসের মধ্যে কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের নিকটে, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন স্থলে আজ্ঞা করিলে এতৎকার্য্যপক্ষে ঐ গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপ্রাপ্ত কষ্টমের কোন উপরিস্থ কার্য্যকারকের নিকটে আপীল করিতে পারিবেন।

নিম্নতর কার্য্যকারকের আজ্ঞার উপর কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের নিকটে আপীলের কথা

আপীল হইলে, সেই প্রধান কিম্বা উপরিস্থ কার্য্যকারক তদ্বিষয়ের অধিক যে অনুসন্ধান লওয়া উচিত জ্ঞান করেন তাহা লইয়া, সেই প্রথম নিষ্পত্তি স্থিরতর কি মতান্তর কি অসিদ্ধ করিবার যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

কিন্তু প্রথম নিষ্পত্তিক্রমে কোন ব্যক্তির যত মাল জব্দ হইবার কি যত অর্থদণ্ডের কি মাসুল দেওনের আজ্ঞা হইয়াছিল, আপীলক্রমে যে আজ্ঞা হয় তদ্দ্বারা সেই ব্যক্তির তদধিক দণ্ড হইবে না ইতি।

187. If, upon consideration of the circumstances under which any penalty or confiscation has been adjudged under this Act by an officer of Customs or by a Magistrate, the Chief Customs Authority is of opinion that such penalty or confiscation ought to be remitted in whole or in part, or commuted, such Authority may remit the same or any portion thereof, or may commute any order of confiscation to a penalty not exceeding the value of the goods ordered to be confiscated

Penalty adjudged by Magistrate, &c, may be remitted or commuted by Chief Customs Authority

১৮৭ ধারা। কষ্টমের কোন কার্য্যকারক কিম্বা কোন মাজিষ্ট্রেট যে অবগতিক বিবেচনায় এই আইনমত কোন দণ্ডের কি কোন দ্রব্য জব্দ হওনের আজ্ঞা করেন, তদ্বিবেচনায় কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষ সেই দণ্ডের কি জব্দ করণের আজ্ঞা সম্যক প্রকারে কি অংশতঃ ক্ষমা করা কি তৎপরিবর্ত্তে অন্য দণ্ড ধার্য্য করা উচিত জ্ঞান করিলে, সেই দণ্ড কি তাহার কোন অংশ ক্ষমা করিতে পারিবেন, কিম্বা জব্দের কোন আজ্ঞার পরিবর্ত্তে, যে দ্রব্য জব্দ হইবার আজ্ঞা হইল তাহার মূল্যের অনধিক অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট প্রভৃতির দ্বারা যে দণ্ডের আজ্ঞা হয় কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের তাহা ক্ষমা কি পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

188 When any penalty is incurred under this Act, the goods in respect of which such penalty is incurred shall not be removed until the penalty is paid

Goods on which penalty incurred not to be removed till payment

১৮৮ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে দণ্ডের যোগ্য হইলে, যে মালের উপলক্ষে সেই দণ্ড হইল সেই দণ্ড না দেওন পর্য্যন্ত ঐ মাল স্থানান্তর করা যাইবে না।

অর্থদণ্ডের টাকা না দেওন পর্য্যন্ত মাল লইয়া যাইতে না পারিবার কথা।

If any person passing goods through the Custom-house has become liable to any fine or penalty, the Customs collector may detain such goods until the fine or penalty is discharged.

Goods of person liable to fine or penalty may be detained

কোন ব্যক্তি কষ্টম হৌস দিয়া মাল চালান করিবার সময়ে কোন অর্থদণ্ডের কি দণ্ডের যোগ্য হইলে, ঐ অর্থদণ্ড কি দণ্ড শোধ না হওন পর্য্যন্ত কষ্টমের কালেক্টর সাহেব ঐ মাল আটক রাখিতে পারিবেন ইতি।

অর্থদণ্ডের কি দণ্ডের যোগ্য ব্যক্তির মাল আটক রাখিতে পারিবার কথা।

189 When a penalty is adjudged against any person under this Act by any officer of Customs, such officer, if the penalty be not paid, may levy the same by sale of any goods of the said person which may be in his charge, or in the charge of any other officer of Customs

Enforcement of payment of penalty

১৮৯ ধারা। কষ্টমের কোন কর্ম্মকারক এই আইন অনুসারে কোন ব্যক্তির অর্থদণ্ডের আজ্ঞা করিলে যদি সেই দণ্ডের টাকা না দেওয়া যায়, তবে কষ্টমের সেই কিম্বা অন্য কোন কর্ম্মকারকের জিম্মায় সেই ব্যক্তির যে কোন মাল থাকে, তিনি তাহা বিক্রয় করিয়া সেই টাকা আদায় করিতে পারিবেন।

অর্থদণ্ডের টাকা বলপূর্ব্বক আদায় করিবার কথা।

When an officer of Customs who has adjudged a penalty against any person under this Act fails to realize the unpaid amount of such penalty from such goods, such officer may notify in writing to any Magistrate within whose jurisdiction such person or any goods belonging to him may be, the name and residence of the said person and the amount of penalty unrecovered, and such Magistrate shall thereupon proceed to enforce payment of the said amount in like manner as if the penalty had been adjudged by himself

কষ্টমের কোন কার্য্যকারক এই আইন অনুসারে কোন ব্যক্তির অর্থদণ্ডের আজ্ঞা করিলে, যদি ঐ দণ্ডের অদত্ত টাকা সেই মালহইতে আদায় করিতে না পারেন, তবে সেই ব্যক্তি কিম্বা তাঁহার কোন মাল যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে থাকে কষ্টমের ঐ কার্য্যকারক ঐ ব্যক্তির নাম ও বাসস্থান ও দণ্ডের যত টাকা আদায় না হইয়াছে তাহা লিখিয়া তাঁহাকে জ্ঞাত করিবেন। তাহা হইলে সেই মাজিষ্ট্রেট সাহেব আপনি ঐ অর্থদণ্ডের আজ্ঞা করিলে যদ্রূপে আদায় করিতেন, সেইরূপে আদায় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

190 When a penalty or fine is adjudged against any person under this Act by a Magistrate, such Magistrate shall, at the same time, fix, within the following limits, a period of

Periods of imprisonment, in default of payment of penalty or fine, to be fixed within certain limits

১৯০ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব এই আইনমতে কোন ব্যক্তির দণ্ডের কি অর্থদণ্ডের আজ্ঞা করিলে, ঐ ব্যক্তি সেই দণ্ডের কি অর্থদণ্ডের টাকা না দিলে ঐ মাজিষ্ট্রেট নিম্নলিখিত

দণ্ডের কি অর্থদণ্ডের টাকা না দেওয়াতে কারাবদ্ধ হওনের মিয়াদের সীমা ধার্য্য হইবার কথা।

imprisonment in default of payment of such penalty or fine —

সীমানুসারে তাহার কারাদণ্ডের মিয়াদ ধার্য্য করিবেন। অর্থাৎ

If the penalty or fine does not exceed fifty rupees, the term of imprisonment to be fixed in default of payment shall not exceed one month

দণ্ড কি অর্থদণ্ড ৫০৲ টাকার অধিক না হইলে ঐ টাকা না দেওয়াতে এক মাসের অনধিক কারাদণ্ড।

If the penalty or fine does not exceed one hundred rupees, the term of imprisonment to be fixed in default of payment shall not exceed two months

দণ্ড কি অর্থদণ্ড ১০০৲ টাকার অধিক না হইলে ঐ টাকা না দেওয়াতে দুই মাসের অনধিক কারাদণ্ড।

If the penalty or fine does not exceed five hundred rupees, the term of imprisonment to be fixed in default of payment shall not exceed four months

দণ্ড কি অর্থদণ্ড ৫০০৲ টাকার অধিক না হইলে ঐ টাকা না দেওয়াতে চারি মাসের অনধিক কারাদণ্ড।

When the penalty or fine exceeds five hundred rupees, the term of imprisonment to be fixed in default of payment may extend to six months

দণ্ড কি অর্থদণ্ড ৫০০৲ টাকার অধিক হইলে সেই টাকা না দেওয়াতে ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড নির্দ্ধারিত হইতে পারিবে।

The Magistrate may at any time enforce payment of any penalty or fine, or of any portion thereof, by distress and sale of the defaulter's goods

মাজিষ্ট্রেট কোন সময়ে বাকীদারের মাল ক্রোক ও নীলাম করণদ্বারা তাহার কোন দণ্ডের কি অর্থদণ্ডের টাকা কি তাহার কোন অংশ আদায় করিতে পারিবেন ইতি।

191 The imprisonment imposed in default of payment of fine or penalty under this or any other Act relating to the Customs shall terminate whenever that fine or penalty is either paid or levied by process of law

Imprisonment to terminate upon recovery of fine.

১৯১ ধারা। কষ্টমবিষয়ক এই কি অন্য কোন আইনমতে দণ্ডের কি অর্থদণ্ডের টাকা না দেওয়াতে যে কারাদণ্ডের আজ্ঞা হয়, সেই দণ্ডের কি অর্থদণ্ডের টাকা দেওয়া গেলেই কিম্বা আইনানুযায়ি কার্য্যক্রমে আদায় হইলেই ঐ কারাদণ্ড রহিত হইবে ইতি।

অর্থদণ্ডের টাকা দিবামাত্র কারাগারহইতে মুক্ত হইবার কথা।

192 If, before the expiration of the term of imprisonment fixed in default of payment, such a proportion of the fine or penalty is paid or levied that the term of imprisonment suffered in default of payment is not less than proportional to the part of the fine or penalty still unpaid, the imprisonment shall terminate

or of proportional part of fine

১৯২ ধারা। অর্থদণ্ডের টাকা না দেওয়াতে কারাবন্ধনের যে সময় নির্দ্ধারিত হইল, সেই সময়ের মধ্যে সেই দণ্ডের কি অর্থদণ্ডের কতক টাকা দেওয়া গিয়া কি আদায় হইয়া থাকিলে, ও দণ্ডের কি অর্থদণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত যে কারাদণ্ড ভোগ হইয়াছে তাহা অর্থদণ্ডের বাকী টাকার অনুপাতের ন্যূন না হইলে, সেই কারাদণ্ড রহিত হইবে ইতি।

অর্থদণ্ডের কতক টাকা দেওয়া গেলে তদনুসারে কারাদণ্ড রহিত হওয়ার কথা।

CHAPTER XVI

MISCELLANEOUS

১৬ ষোড়শ অধ্যায়।

বিবিধ বিধি।

193. All rules made under this Act shall be notified in the official Gazette, and shall thereupon have the force of law

Rules to be notified

১৯৩ ধারা। এই আইনমতে যে সকল বিধি প্রণীত হয় তাহা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। করা গেলে আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

বিধি প্রকাশ করিবার কথা।

194 Any notification in the *Gazette of India* or in the official Gazette made by any authority under powers conferred by this Act, may be cancelled in like manner by the same authority

Notifications made may be cancelled,

১৯৪ ধারা। এই আইনমতে প্রদত্ত কোন ক্ষমতা-ক্রমে কোন কর্ত্তৃপক্ষ ইণ্ডিয়া গেজেটে বা রাজকীয় গেজেটে যে কোন জ্ঞাপনপত্র প্রকাশ করেন, সেই কর্ত্তৃপক্ষ সেই প্রকারে তাহা রহিত করিতেও পারিবেন ইতি।

জ্ঞাপনপত্র রহিত করিতে পারিবার কথা।

195 If, in any case relating to the removal of goods without payment of duty, the person offending be an officer of Customs not acting in execution of his duty, and be prosecuted to conviction by the owner of such goods, no duty shall be payable in respect of such goods For any damage so occasioned by such officer, the Customs-collector shall, with the sanction of the Chief Customs Authority, make due compensation to such owner

Remission of duty and compensation to owner in certain cases,

১৯৫ ধারা। মাস্থল না দিয়া মাল স্থানান্তর করণ বিষয়ক কোন মোকদ্দমায় যদি ক°মের কর্ম্মকারক আপনার কর্ত্তব্য কর্ম্মনির্ব্বাহ না করাতে সেই অপরাধী হন ও ঐ মালের স্বামী যদি মোকদ্দমা চালাইয়া তাঁহার অপরাধ নির্ণয় করান, তবে ঐ মালের নিমিত্ত কোন মাস্থল দিতে হইবে না। ও সেই কর্ম্মকারকের দ্বারা স্বামির যে হানি হইয়া থাকিবে, কষ্টমের কালেক্টর সাহেব কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের অনুমতিক্রমে উপযুক্ত রূপে ঐ স্বামির হানিপূরণ করিবেন ইতি।

স্থলবিশেষে মাস্থল ক্ষমা করণ ও স্বামিকে পারিতোষিক দেওন বিষয়ক কথা।

(*a*) prohibit the transport of any description of arms, ammunition or military stores over British India or any part thereof, either altogether or except under a license and to the extent and in the manner permitted by such license; and

(*b*) cancel any such notification.

Explanation.—Arms, ammunition or military stores transhipped at a port in British India are transported within the meaning of this section.

Transhipment of arms.

৩ তৃতীয়।—আমদানী ও রপ্তানী ও স্থানান্তরে প্রেরণবিষয়ক বিধি।

৬ ধারা। কোন ব্যক্তি লাইসেন্সবিনা, ও লাইসেন্স দ্বারা যে প্রকারে ও যত দূর অনুমতি থাকে তদন্যথায়, ব্রিটনীয় ভারতবর্ষে বা তথাহইতে সমুদ্রপথে কি স্থলপথে কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী আমদানী কি রপ্তানী করিবেন না।

লাইসেন্স বিনা আমদানী ও রপ্তানী করা নিষিদ্ধ হওয়ার কথা।

কোন ব্যক্তি আইনমতে অস্ত্রশস্ত্র কি বারুদাদি স্বীয় অধিকারে রাখিতে স্বত্ববান হইলে, তাঁহার নিজ ব্যবহারার্থে সঙ্গত পরিমাণে আমদানী কি রপ্তানী করা ঐ অস্ত্র কি বারুদাদির প্রতি এই ধারার প্রথম প্রকরণের কোন কথা খাটে না। কিন্তু কষ্টমের কালেক্টর সাহেব, কিম্বা অন্য যে কর্ম্মকারক এতৎপক্ষে স্থানীয় গবর্ণমেণ্টহইতে ক্ষমতা পান তিনি, স্থানীয় গবর্ণমেণ্টের নিকট তদ্বিষয়ের আজ্ঞা না পাওনপর্য্যন্ত ঐ অস্ত্র ও বারুদাদি আটক রাখিতে পারিবেন।

নিজ ব্যবহারার্থে অস্ত্র ও বারুদাদি আমদানী ও রপ্তানী করণের কথা।

ব্যাখ্যা।—অস্ত্রশস্ত্র ও বারুদাদি ও সৈনিক সামগ্রী ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত এক স্থানহইতে সমুদ্রপথে কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত দেশ দিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্য স্থানে লইয়া যাওয়া গেলে তাহাও এই ধারার অভিপ্রায়মতে রপ্তানী ও আমদানী হয় ইতি।

৭ ধারা। সমুদ্রপথে আনীত ও এই আইনের দ্বিতীয় তফসীলের উল্লিখিত দ্রব্যের উপর ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭৫ সালের আইনদ্বারা যে মাসুল ধার্য্য হইয়াছে, তৎপরিবর্ত্তে ব্রিটনীয় ভারতবর্ষের তাবদ্দেশে সেই দ্রব্যের উপর ঐ তফসীলের নির্দ্ধারিত মাসুল ধার্য্য হইয়া আদায় হইবে ইতি।

আমদানীর মাসুল আদায় করণের কথা।

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া

স্থানান্তরে প্রেরণ নিষেধ করণের ক্ষমতার কথা।

(ক) ব্রিটনীয় ভারতবর্ষের কি তাহার কোন অংশের উপর দিয়া, সম্যক প্রকারে, কি লাইসেন্স বিনা, ও ঐ লাইসেন্সদ্বারা যে প্রকারে ও যত দূর অনুমতি হইল তদন্যথায় কোন প্রকারের অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী স্থানান্তরে প্রেরণ করিবার নিষেধ করিতে পারিবেন ও

(খ) সেই জ্ঞাপনপত্র রহিতও করিতে পারিবেন।

ব্যাখ্যা।—অস্ত্রশস্ত্র ও বারুদাদি ও সৈনিক সামগ্রী ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে এক জাহাজহইতে অন্য জাহাজে তোলা গেলেই এই ধারার অভিপ্রায়মতে স্থানান্তর করা হয় ইতি।

এক জাহাজহইতে অন্য জাহাজে অস্ত্রাদি তোলনের কথা।

9 Any person found carrying or conveying any arms, ammunition or military stores, whether covered by a license or not, in such manner or under such circumstances as to afford just grounds of suspicion that the same are being carried by him with intent to use them, or that the same may be used, for any unlawful purpose dangerous to the public peace, may be apprehended without warrant by any other person and detained in custody in order that he may be dealt with according to law

Arrest of persons conveying arms, &c, under suspicious circumstances

৯ ধারা। কোন ব্যক্তিকে কোন অস্ত্রশস্ত্র বা বারুদাদি বা সৈনিক সামগ্রী বহন করিতে বা লইয়া যাইতে দেখা গেলে, তাঁহার লাইসেন্স থাকিলে বা না থাকিলেও, যে প্রকারে বা যে গতিকে তাহা লইয়া যান তদ্দৃষ্টে যদি সাধারণের শান্তির আশঙ্কাজনক কোনবেআইনী কার্য্যে তাহা ব্যবহার করণের বা ব্যবহার হওনের অভিপ্রায়ে লইয়া যাইতেছেন এমত সন্দেহ জন্মাইবার যথার্থ হেতু থাকে, তবে অন্য কোন ব্যক্তি পরওয়ানা বিনা ধৃত করিয়া, তাঁহাকে লইয়া আইনমতে কার্য্য হইবার নিমিত্ত আটক রাখিতে পারিবেন।

সংশয়স্থলে অস্ত্রাদি বাহকদিগকে ধৃত করণ বিষয়ক কথা।

Any person so apprehended by a person not being a Magistrate or Police-officer shall be delivered over as soon as possible to a Police-officer

Procedure where arrest made by person not a Magistrate or a Police officer

মাজিষ্ট্রেট বা পোলীসের কর্ম্মকারকভিন্ন কোন ব্যক্তির দ্বারা কোন ব্যক্তিকে তদ্রূপে ধৃত করা গেলে, তাঁহাকে সাধ্যমতে ত্বরায় পোলীসের কর্ম্মকারকের হস্তে অর্পণ করিতে হইবে।

মাজিষ্ট্রেট বা পোলীসের কর্ম্মকারকভিন্ন কোন ব্যক্তি ধৃত করিলে কার্য্যপ্রণালীর কথা।

All persons apprehended by, or delivered to, a Police-officer under the provisions of this section shall be taken without unnecessary delay before a Magistrate

এই ধারার বিধানমতে যে সকল ব্যক্তিকে ধৃত করা যায় বা পোলীসের কর্ম্মকারকের হস্তে অর্পণ করা যায়, অনাবশ্যক বিলম্ব না করিয়া তাহাদিগকে মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যাইবে ইতি।

IV.—Going armed and possessing Arms, &c

৪ চতুর্থ।—অস্ত্র ধরিয়া বেড়াওন ও অস্ত্রাদি নিকট রাখণ বিষয়ক বিধি।

10 No person shall go armed with any arms except under a license and to the extent and in the manner permitted by such license

Prohibition of going armed without license

১০ ধারা। কোন ব্যক্তি লাইসেন্স না পাইয়া, ও লাইসেন্স দ্বারা যত দূর ও যে প্রকারের অনুমতি থাকে তদন্যথায়, কোন প্রকারের অস্ত্র ধরিয়া বেড়াইতে পারিবেন না।

লাইসেন্স বিনা অস্ত্র ধরিয়া বেড়ান নিষিদ্ধ হওয়ার কথা।

Any person so going armed without a license or in contravention of its provisions may be disarmed by any Magistrate or Police-officer.

কোন ব্যক্তি লাইসেন্স না পাইয়া বা লাইসেন্সের বিধানের বিপরীতে অস্ত্র ধরিয়া বেড়াইলে, কোন মাজিষ্ট্রেট কি পোলীসের কোন কর্ম্মকারক তাহার অস্ত্র কাড়িয়া লইতে পারিবেন ইতি।

11 No person shall have in his possession or under his control any arms, ammunition or military stores except under a license and in the manner and to the extent permitted by such license

Unlicensed possession of arms, &c

১১ ধারা। কোন ব্যক্তি লাইসেন্স বিনা, ও ঐ লাইসেন্স দ্বারা যে২ প্রকারের যত অস্ত্র রাখিতে অনুমতি থাকে তদন্যথায়, আপনার অধিকারে কি তত্ত্বাধীনে কোন অস্ত্র রাখিবেন না।

লাইসেন্স বিনা অস্ত্রাদি নিকট রাখিবার কথা।

Nothing in this section shall apply during the three months next following the date on which this Act comes into force to the possession by any person of any arms not being cannon or of any ammunition or military stores in any place to which section 32, clause 2 of Act XXXI of 1860 does not apply at such date

এই আইন প্রচলিত হওয়ার তারিখে ১৮৬০ সালের ৩১ আইনের ৩২ ধারার ২ প্রকরণ যে২ স্থানে না খাটে, সেই২ স্থানে কামানভিন্ন কোন অস্ত্রশস্ত্র কিম্বা কোন বারুদাদি কি সৈনিক সামগ্রী কোন ব্যক্তির অধিকারে থাকিলে, উক্ত তারিখ অবধি তিন মাস পর্য্যন্ত তাঁহার প্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

Any person having any such arms, ammunition or military stores in his possession in any such place within the said period of three months may, and any person having any such arms, ammunition or military stores in his possession in any such place at the expiry of the same period, shall, deposit the same with the officer in charge of the nearest police-station

উক্ত কোন স্থানে সেই তিন মাসের মধ্যে কোন ব্যক্তির অধিকারে তদ্রূপ কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী থাকিলে, তিনি নিকটস্থ পোলীস থানার কর্তৃপক্ষের নিকট তাহা আনিয়া দিতে পারিবেন। ও উক্ত কোন স্থানে সেই তিন মাসের পরে কোন ব্যক্তির নিকট সেই অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী থাকিলে নিকটস্থ থানার ঐ কর্তৃপক্ষের নিকট তাঁহার সেই২ অস্ত্রাদি আনিয়া দিতেই হইবে ইতি।

V.—Licenses

৫ পঞ্চম।—লাইসেন্স বিষয়ক বিধি।

Power to make rules as to licenses

12 The Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*, make rules to determine the officers by whom, the form in which, and the terms and conditions on and subject to which, any license shall be granted, and may by such rules among other matters—

লাইসেন্স বিষয়ক বিধি করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। যে কার্য্যকারকদের দ্বারা, ও যে পাঠে, ও যে নিয়ম ও বিধিমতে লাইসেন্স দেওয়া যাইতে পারিবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ইহা নির্ণয় করিতে পারিবেন, এবং ঐ২ বিধিক্রমে

(*a*) fix a fee payable by stamp or otherwise in respect of such license,

(ক) ঐ লাইসেন্সের নিমিত্ত ইষ্টাম্প দ্বারা বা প্রকারান্তরে যে ফী দিতে হইবে ইহা স্থির করিতে পারিবেন।

(*b*) fix the period for which such license shall continue in force,

(খ) ঐ লাইসেন্স যত কাল প্রবল থাকিবে ইহা স্থির করিতে পারিবেন।

(*c*) direct that the holder of such license shall give notice to an officer of Government of anything done thereunder, or keep a record or account of anything so done and exhibit such record or account when called upon by an officer of Government to do so,

(গ) ঐ লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি তদনুসারে যে কোন কার্য্য করেন, গবর্ণমেণ্টের কোন কার্য্যকারককে তাহার নোটিস দিবার, কিম্বা তদ্রূপে যে কার্য্য করেন তাহার কাগজপত্র বা বর্ণনা লিখিয়া রাখিয়া গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের আদেশমতে তাহা দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন।

(*d*) empower any officer of Government to enter and inspect the business premises of any person holding a license of the description referred to in section 5 or 6,

(ঘ) গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের প্রতি, ৫ কি ৬ ধারার উল্লিখিত প্রকারের লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির কর্ম্মস্থানে প্রবেশ করিয়া দেখিবার ক্ষমতা দিতে পারিবেন।

(*e*) direct that any such person shall exhibit the entire stock of arms, ammunition and military stores in his possession or under his control to any such officer of Government, and

(ঙ) তদ্রূপ কোন ব্যক্তির প্রতি আপনার অধিকারগত কি তত্ত্বাধীন সমুদয় অস্ত্রশস্ত্র ও বারুদাদি ও সৈনিক সামগ্রী গবর্ণমেণ্টের উক্ত কার্য্যকারককে দেখাইবার আদেশ করিতে পারিবেন, ও

(*f*) require the person holding any license or acting under any license to produce the same when called upon by an officer of Government to do so

(চ) গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তির কিম্বা কোন লাইসেন্সমতে কার্য্যকারি কোন ব্যক্তির নিকট চাহিবামাত্র, তাঁহার সেই লাইসেন্স দেখাইবার আদেশ করিতে পারিবেন ইতি।

Cancelling and suspension of license

13 Any license granted under this Act may be cancelled or suspended—

লাইসেন্স রহিত বা স্থগিত করণের কথা।

১৩ ধারা। এই আইনমতে যে লাইসেন্স দেওয়া যায়, তাহা নিম্নলিখিত ব্যক্তিদের দ্বারা রহিত বা স্থগিত করা যাইতে পারিবে,—

(*a*) by the officer by whom the same was granted, or by any authority to which he may be

(ক) যে কার্য্যকারক ঐ লাইসেন্স দিলেন কিম্বা তিনি যে কর্তৃপক্ষের অধীন হন, তিনি কোন কারণে

subordinate, when, for reasons to be recorded in writing, such officer or authority deems it necessary for the security of the public peace to cancel or suspend such license,

সাধারণের শান্তিরক্ষার নিমিত্ত ঐ লাইসেন্স রহিত বা স্থগিত করা আবশ্যক জ্ঞান করিলে, সেই কারণ লিপিবদ্ধ করিয়া তাহা রহিত বা স্থগিত করিতে পারিবেন।

(*b*) by any Judge or Magistrate before whom the holder of such license is convicted of an offence against this Act, or against the rules made under this Act, or

(খ) কোন জজ কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির এই আইনের কি এই আইনমতে প্রণীত বিধির বিপরীত অপরাধ নির্ণয় হইলে, ঐ জজ কি মাজিষ্ট্রেট তাহা রহিত বা স্থগিত করিতে পারিবেন। কিম্বা

(*c*) by the Local Government at its discretion by a notification in the official Gazette cancelling or suspending all licenses of that description throughout the whole or any portion of the territories under its administration

(গ) স্থানীয় গবর্ণমেণ্ট আপনার বিবেচনামতে রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া স্বীয় শাসনাধীন তাবদ্দেশে কিম্বা সে সব বিষয়ংশে উক্ত প্রকারের সকল লাইসেন্স রহিত বা স্থগিত করিতে পারিবেন ইতি।

Arms for which license cancelled to be deposited at police station

14 Any person possessing arms, ammunition or military stores, the possession whereof by him has, in consequence of the cancellation of a license under section thirteen become unlawful, shall deposit the same without unnecessary delay with the officer in charge of the nearest police-station

যে অস্ত্রাদি বিষয়ক লাইসেন্স রহিত করা যায় তাহা পোলীস থানায় অর্পণ করিবার কথা।

১৪ ধারা। ১৩ ধারামতে লাইসেন্স রহিত হওয়া প্রযুক্ত কোন ব্যক্তির অধিকারে অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী থাকা বেআইনী হইলে, তিনি অনাবশ্যক বিলম্ব না করিয়া নিকটস্থ পোলীস থানার কর্ত্তৃপক্ষের নিকট তাহা আনিয়া রাখিবেন ইতি।

VI.—Penalties

৬ ষষ্ঠ।—দণ্ডবিষয়ক বিধি।

For breach of sections 5, 6, 8, 10, 11 and 14

15 Whoever commits any of the following offences (namely)—

৫, ৬, ৮, ১০, ১১ ও ১৪ ধারা লঙ্ঘনবিষয়ক কথা।

১৫ ধারা। কোন ব্যক্তি নিম্নলিখিত কোন অপরাধ করিলে, অর্থাৎ,

(*a*) manufactures, repairs or sells, or keeps, offers or exposes for sale any arms, ammunition or military stores in contravention of the provisions of section five,

(ক) ৫ ধারার বিধানের বিপরীতাচরণ করিয়া কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী প্রস্তুত কি মেরামৎ কি বিক্রয় করিলে কি রাখিলে কি বিক্রয় করিতে উদ্যোগ করিলে কি বিক্রয়ার্থে সাজাইয়া রাখিলে,

(*b*) fails to give notice as required by the same section,

(খ) সেই ধারার বিধানমতে নোটিস না দিলে,

(*c*) imports or exports any arms, ammunition or military stores in contravention of the provisions of section six,

(গ) ৬ ধারার বিধানের বিপরীতাচরণ করিয়া কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী আমদানী কি রপ্তানী করিলে,

(*d*) transports any arms, ammunition or military stores in contravention of a prohibition issued under section eight,

(ঘ) ৮ ধারামতে প্রচারিত নিষেধের বিপরীতাচরণ করিয়া কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী স্থানান্তরে প্রেরণ করিলে,

(*e*) goes armed in contravention of the provisions of section ten,

(ঙ) ১০ ধারার বিধানের বিপরীতাচরণ করিয়া অস্ত্র ধরিয়া বেড়াইলে,

(*f*) has in his possession or under his control any arms, ammunition or military stores in contravention of the provisions of section eleven,

(চ) ১১ ধারার বিধানের বিপরীতাচরণ করিয়া আপন অধিকারে কি তত্ত্বাধীনে কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী রাখিলে,

(*g*) fails to deposit arms, ammunition or military stores, as required by section eleven or section fourteen,

(ছ) ১১ বা ১৪ ধারার আদেশমতে অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী আনিয়া না দিলে,

shall be punished with imprisonment for a term which may extend to three years, or with fine, or with both.

16. Whoever does any act mentioned in clause (*a*), (*c*), (*d*) or (*f*) of section fifteen, in such manner as to indicate an intention that such act may not be known to any public servant as defined in the Indian Penal Code, or any officer or servant of a Railway Company or any public carrier,

For secret breaches of sections 5, 6, 8 and 11

and whoever, on any search being made under section twenty-one, conceals or attempts to conceal any arms, ammunition or military stores,

For concealing arms, &c

shall be punished with imprisonment for a term which may extend to seven years, or with fine, or with both

17 Whoever, in violation of a condition subject to which a license has been granted, does or omits to do any act shall, when the doing or omitting to do such act is not punishable under section fifteen or section sixteen, be punished with imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to five hundred rupees, or with both

For breach of license

18. Whoever knowingly purchases any arms, ammunition or military stores from any person not licensed to sell the same, or

For knowingly purchasing arms &c, from unlicensed person

sells any arms, ammunition or military stores to any person without previously ascertaining that such person is legally authorized to possess the same,

For selling arms, &c, to person not authorized to possess them

shall be punished with imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to five hundred rupees, or with both

19 When any person is convicted of an offence punishable under this Act committed by him in respect of any arms, ammunition and military stores, it shall be in the discretion of the Court or Magistrate passing sentence on such person further to declare the whole or any portion of such arms, ammunition or military stores to be confiscated

Power to confiscate.

তাঁহার তিন বৎসরের অনধিক কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইবে ইতি।

১৬ ধারা। কোন ব্যক্তি ১৫ ধারার (ক) (গ) (ঘ) (চ) প্রকরণের উল্লিখিত কোন ক্রিয়া এমন করিয়া করিলে যেন ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে নির্ণীত রাজকীয় কার্য্যকারকের, কিম্বা রেলওয়ে কোম্পানির কোন কর্তৃপক্ষের কি কর্ম্মচারির, কিম্বা সাধারণের কোন বাহকের নিকট তাহা জ্ঞাত না হওয়ার অভিপ্রায় জানা যায়,

৫, ৬, ৮ ও ১১ ধারা গোপনে লঙ্ঘন বিষয়ক কথা।

ও ২১ ধারামতে অন্বেষণ করা গেলে, কোন ব্যক্তি কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী লুক্কায়িত রাখিলে কি রাখিতে উদ্যোগ করিলে,

অস্ত্রাদি গোপনে রাখিবার কথা।

তাহার সাত বৎসরের অনধিক কারাদণ্ড, কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইবে ইতি।

১৭ ধারা। লাইসেন্স যে নিয়মানুসারে দেওয়া গেল কোন ব্যক্তি সেই নিয়ম লঙ্ঘন করিয়া কোন ক্রিয়া করিলে কিম্বা কর্ত্তব্য কর্ম্ম না করিলে যদি ১৫ কি ১৬ ধারামতে সেই ক্রিয়ার কিম্বা সেই কর্ত্তব্য কর্ম্ম না করণের দণ্ড হইতে না পারে, তবে তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ড হইবে ইতি।

লাইসেন্স লঙ্ঘনবিষয়ক কথা।

১৮ ধারা। যে ব্যক্তি অস্ত্রাদি বিক্রয় করিবার লাইসেন্স পান নাই কোন ব্যক্তি জানিয়া তাঁহার স্থানে কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী ক্রয় করিলে, কিম্বা কোন

যাঁহার লাইসেন্স নাই এমত ব্যক্তির স্থানে জানিয়া শুনিয়া অস্ত্রাদি ক্রয় করণের কথা।

ব্যক্তি আইনমতে স্বীয় অধিকারে অস্ত্রাদি রাখিতে লাইসেন্স যে পাইয়াছেন ইহা নিশ্চয়মতে না জানিয়া কোন ব্যক্তি তাঁহার নিকট কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী বিক্রয় করিলে,

যাহার অস্ত্রাদি রাখিবার অনুমতি নাই তাঁহার নিকট তাহা বিক্রয় করণের কথা।

তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কি উভয় দণ্ড হইবে ইতি।

১৯ ধারা। কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী বিষয়ে কোন ব্যক্তির এই আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ নির্ণয় হইলে, যে আদালত বা যে মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তির দণ্ডের আজ্ঞা করেন তিনি স্বীয় বিবেচনামতে ঐ সমুদয় অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী কি তাহার কিয়দংশ জব্দ বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

জব্দ করিবার ক্ষমতার কথা।

20. The Governor General in Council or the Local Government may, in making any rule under this Act, attach to the breach of it, in addition to any other consequences that may ensue from such breach, a punishment, on conviction before a Magistrate, of imprisonment for a term not exceeding one month, or of fine not exceeding two hundred rupees, or of both

Power to provide penalty for breach of rule

VII.—*Miscellaneous*

21 Whenever a Magistrate has reason to believe that any person residing within the local limits of his jurisdiction has in his possession any arms, ammunition or military stores for any unlawful purpose,

Search and seizure by Magistrate

or that such person cannot be left in the possession of any such arms, ammunition or military stores without danger to the public peace,

such Magistrate, having first recorded the grounds of his belief, may cause a search to be made of the house or premises occupied by such person, or in which such Magistrate has reason to believe such arms, ammunition or military stores are or is to be found, and may seize and detain the same, whether covered by a license or not, in safe custody for such time as he thinks necessary

The search in such case shall be conducted by, or in the presence of, the Magistrate, or by or in the presence of some European officer, civil or military, to be especially empowered by the Local Government

22 The Local Government may at any time seize any arms, ammunition or military stores in the possession of any person, notwithstanding that such person is licensed to possess the same, and may detain the same for such time as it thinks necessary for the public safety

Seizure and detention by Local Government

23 The Governor General in Council may from time to time by notification published in the *Gazette of India*—

Power to exempt

(*a*) exempt any person by name or office or any class of persons, or withdraw any part of British

২০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরণর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনক্রমে কোন বিধি প্রণয়ন করিলে, সেই বিধি লঙ্ঘনের অন্য যে ফল বর্ত্তিতে পারে তদতিরিক্ত মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে, ঐ বিধি-লঙ্ঘন হেতুক এক মাসের অনধিক কারাদণ্ড কি দুই শত টাকার অনধিক অর্থদণ্ড বা উভয় দণ্ড ধার্য্য করিতে পারিবেন ইতি।

বিধিলঙ্ঘনের দণ্ডের বিধান করিবার ক্ষমতার কথা।

৭ সপ্তম।—বিবিধ বিধি।

২১ ধারা। কোন মাজিষ্ট্রেটের এলাকার অন্তর্গত স্থানবাসি কোন ব্যক্তির অধিকারে বেআইনী কার্য্যের নিমিত্তে কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী আছে,

মাজিষ্ট্রেটের দ্বারা অন্বেষণ ও ধৃত করণের কথা।

কিম্বা সেই ব্যক্তির অধিকারে তদ্রূপ কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী থাকিতে দিলে সাধারণের শান্তিভঙ্গের সম্ভাবনা আছে, ঐ মাজিষ্ট্রেট সাহেবের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে,

তিনি সেই জ্ঞানের হেতু লিপিবদ্ধ করিয়া ঐ ব্যক্তির দখলী ঘরে বা বাড়ীতে, কিম্বা যে ঘরের কি বাড়ীর মধ্যে সেই অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী থাকার কি পাওয়া যাইতে পারার বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের জ্ঞান করিবার কারণ থাকে, তিনি সেই ঘরে বা বাড়ীতে অন্বেষণ করাইতে পারিবেন, ও যাহা পান তাহার লাইসেন্স থাকিলে বা না থাকিলেও তাহা ধরিয়া লইয়া যত দিন আবশ্যক বোধ করেন তত দিন নির্ব্বিঘ্নে আটক রাখিতে পারিবেন।

তদ্রূপ স্থলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা বা তাঁহার সাক্ষাৎ কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টহইতে বিশেষ ক্ষমতা-প্রাপ্ত দেওয়ানী কি সৈনিক কোন ইউরোপীয় কার্য্যকারকের দ্বারা বা তাঁহার সাক্ষাৎ ঐ অন্বেষণ করা যাইবে ইতি।

২২ ধারা। কোন ব্যক্তির অধিকারে অস্ত্রশস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী থাকার লাইসেন্স হইলেও, স্থানীয় গবর্ণমেণ্ট কোন সময়েই তাঁহার অধিকারগত ঐ অস্ত্রাদি ধরিয়া লইয়া সাধারণের নিরাপদের জন্যে যত দিন আবশ্যক বোধ করেন তত দিন আটক রাখিতে পারিবেন ইতি।

স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা ধৃত ও আটক করণের কথা।

২৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরণর জেনরেল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া,

মুক্ত করিবার ক্ষমতার কথা।

(ক) কোন ব্যক্তির নাম কি পদের খ্যাতি ধরিয়া তাঁহাকে, কিম্বা কোন শ্রেণীর ব্যক্তিদিগকে, কিম্বা ব্রিট-

India, from the operation of any prohibition contained in this Act,

নীয় ভারতবর্ষের কোন অংশ এই আইনের অন্তর্গত কোন নিষেধের বিধানহইতে মুক্ত করিতে পারিবেন।

(*b*) cancel any such notification and subject the person or part comprised therein again to the operation of such prohibition

(খ) ঐ জ্ঞাপনপত্র রহিতও করিয়া তন্নির্দিষ্ট ব্যক্তির বা অংশের প্রতি সেই নিষেধের বিধান পুনরায় প্রবল করিতে পারিবেন ইতি।

Power to delegate

24. The Governor General in Council may from time to time delegate to any Local Government, absolutely or subject to conditions, all or any of the powers conferred by sections eight, twelve and twenty-three to be exercised by such Government within the territories under its administration by notification in its official Gazette

অন্যের প্রতি ক্ষমতার্পণ করিবার কথা।

২৪ ধারা। ৮ ও ১২ ও ২৩ ধারা ক্রমে যে২ ক্ষমতার্পণ করা যায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ স্থানীয় কোন গবর্ণমেণ্টের প্রতি সেই সকল কিম্বা তন্মধ্য কোন২ ক্ষমতা সম্যক প্রকারে কিম্বা নিয়মাধীনে প্রদান করিতে পারিবেন ও সেই গবর্ণমেণ্ট আপনার রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া স্বীয় শাসনাধীন দেশের মধ্যে সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

Sanction required to certain prosecutions under section 25, cl (*f*)

25 Where an offence punishable under section 15, clause (*f*), has been committed within three months from the date on which this Act comes into force in any province, district or place to which section 32, clause 2 of Act XXXI of 1860 applies at such date, or where such an offence has been committed in any part of British India not being such a district, province or place, no proceedings shall be instituted against any person in respect of such offence without the previous sanction of the Magistrate of the district

১৫ ধারার (চ) প্রকরণমতে কোন২ নালিশ করিবার অনুমতি লইতে হইবার কথা।

২৫ ধারা। এই আইন প্রচলিত হওনের তারিখে ১৮৬০ সালের ৩১ আইনের ৩২ ধারার ২ প্রকরণ যে প্রদেশে কি জিলায় কি স্থানে প্রচলিত থাকে, তথায় উক্ত তারিখ অবধি তিন মাসের মধ্যে ১৫ ধারার (চ) প্রকরণমতে দণ্ডনীয় কোন অপরাধ করা গেলে, কিম্বা তদ্রূপ জিলা কি প্রদেশ কি স্থানভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে তদ্রূপ অপরাধ করা গেলে, ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না লইয়া ঐ অপরাধ প্রযুক্ত কোন ব্যক্তির নামে মোকদ্দমাঘটিত কার্য্য করা যাইবে না ইতি।

Searches in the case of offences against section 15, cl (*f*), how conducted

26. Where a search is to be made under the Code of Criminal Procedure in the course of any proceedings instituted in respect of an offence punishable under section 15, clause (*f*), such search shall, notwithstanding anything contained in the said Code, be made in the presence of some officer specially appointed by name or office by the Local Government in this behalf, and not otherwise

১৫ ধারার (চ) প্রকরণের বিপরীত অপরাধ হইলে যদ্রূপে অন্বেষণ করা যাইবে তদ্বিষয়ক কথা।

২৬ ধারা। ১৫ ধারার (চ) প্রকরণমতে দণ্ডনীয় কোন অপরাধ বিষয়ক মোকদ্দমা উপস্থিত থাকিতে যদি ফৌজদারী মোকদ্দমারকার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে অন্বেষণ করার প্রয়োজন হয়, তবে ঐ আইনে ভাবান্তরের কথা থাকিলেও, স্থানীয় গবর্ণমেণ্ট এতৎকার্য্যপক্ষে নাম কি পদের খ্যাতি ধরিয়া যে কার্য্যকারককে বিশেষমতে নিযুক্ত করেন তাঁহারই সাক্ষাৎ সেই অন্বেষণ করা যাইবে, অন্য প্রকারে নয় ইতি।

Notice and limitation of suits.

27 No suit or other proceeding shall be commenced or prosecuted against any person for any thing done in pursuance of this Act, without giving him not less than one month's previous notice in writing of the intended proceeding and of the cause thereof, nor after the expiration of three months from the accrual of the cause of action or other proceeding.

মোকদ্দমার নোটিস ও সীমা নির্ণয়ের কথা।

২৭ ধারা। এই আইন অনুসারে কোন কার্য্য করা প্রযুক্ত কোন ব্যক্তির নামে কোন মোকদ্দমা উপস্থিত কি অন্য কার্য্যানুষ্ঠান করিবার কল্পনা থাকিলে, সেই ব্যক্তির নামে এক মাস থাকিতে ঐ প্রস্তাবিত কার্য্যের ও তাহার হেতুর নোটিস লিখিয়া না দেওয়া গেলে, এবং নালিশের কি অন্য কার্য্যানুষ্ঠানের হেতুঘটিলে পর তিন মাস গত হইলে, ঐ মোকদ্দমা উপস্থিত করিতে বা ঐ কার্য্যানুষ্ঠান করিতে হইবে না ইতি।

THE FIRST SCHEDULE

Number and year	Title	Extent of repeal
XVIII of 1841	An Act for consolidating and amending the enactments concerning the exportation of Military Stores	So much as has not been repealed
XXX of 1854	An Act to provide for the levy of Duties of Customs in the Arracan, Pegu, Martaban and Tenasserim Provinces	In the preamble the words "and that the exportation of munitions of war from any of those Provinces into foreign States should be prohibited" Section 11
XXXI of 1860	An Act relating to the manufacture, importation and sale of Arms and Ammunition, and for regulating the right to keep and use the same and to give power of disarming in certain cases	So much as has not been repealed
VI of 1866	An Act to continue Act No XXXI of 1860 (relating to the manufacture, importation and sale of Arms and Ammunition, and for regulating the right to keep and use the same, and to give power of disarming in certain cases), and for other purposes	The whole
III of 1872	The Santhál Parganas Settlement Regulation	So much of the schedule as relates to Act XXXI of 1860 and Act VI of 1866
IX of 1874	The Arakan Hills District Laws Regulation, 1874	So much of the schedule as relates to Act XVIII of 1841
XV of 1874	An Act for declaring the local extent of certain Enactments, and for other purposes	So much of the first schedule as relates to Act XVIII of 1841

প্রথম তফসীল।

সাল ও নম্বর	নাম	যত দূর রহিত হইল।
১৮৪১ সা ১৮ আ	যুদ্ধসরঞ্জাম দেশান্তরে রপ্ত করণের আইন সকলের সংশোধন পূর্ব্বক একত্র করণের আইন	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮৫৪ সা ৩০ আ	আরাকানে ও পেগুতে ও মার্ত্তাবানে ও থানাসরিম প্রদেশে কষ্টমের মাসুল আদায় করিবার বিধান করণার্থ আইন	মুখবন্দের এই২ কথা, 'এবং উক্ত কোন প্রদেশহইতে ভিন্ন রাজ্যাধিকারে কোন যুদ্ধসরঞ্জাম রপ্তানি করিতে নিষেধ করা" ও ১১ ধারা।
১৮৬০ সা ৩১ আ	অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার ও আমদানী ও বিক্রয় করিবার ও তাহা রাখিবার ও ব্যবহার করিবার বিধান করিবার ও কোন২ গতিকে অস্ত্রাদি কাড়িয়া লইবার ক্ষমতা দেওনের আইন	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮৬৬ সা ৬ আ	১৮৬০ সালের ৩১ আইন (অর্থাৎ অস্ত্রশস্ত্র ও বারুদাদি তৈয়ার ও আমদানী ও বিক্রয় করিবার ও তাহা রাখিবার ও ব্যবহার করিবার বিধান করিবার ও কোন২ গতিকে অস্ত্রাদি কাড়িয়া লইবার ক্ষমতা দেওনের আইন) প্রবল রাখিবার ও অন্য২ বিষয়ের বিধান করিবার আইন	সম্পূর্ণ।
১৮৭২ সা ৩ আ	সাঁওতাল পরগনার বন্দোবস্তকরণবিষয়ক আইন	তফসীলের যে অংশের সহিত ১৮৬০ সালের ৩১ আইনের ও ১৮৬৬ সালের ৬ আইনের সম্পর্ক থাকে সেই অংশ।
১৮৭৪ সা ৯ আ	আরাকানের পর্ব্বতীয় প্রদেশের আইন বিষয়ক ১৮৭৪ সালের আইন	তফসীলের যে অংশের সহিত ১৮৪১ সালের ১৮ আইনের সম্পর্ক থাকে সেই অংশ।
১৮৭৪ সা ১৫ আ	কোন২ আইনের স্থানসম্পর্কীয় ব্যাপকতা নির্দ্দেশ করণার্থ ও অন্য২ কার্য্যার্থ আইন	প্রথম তফসীলের যে অংশের সহিত ১৮৪১ সালের ১৮ আইনের সম্পর্ক থাকে সেই অংশ।

THE SECOND SCHEDULE

Duties on arms and military stores imported by sea

	Rs As
Fire-arms other than pistols, for each	50
Barrels for the same, whether single or double, for each	30

দ্বিতীয় তফসীল।

অস্ত্রশস্ত্র ও সৈনিক সামগ্রী সমুদ্রপথে আমদানী করা গেলে তাহার উপর এই২ মাসুল লওয়া যাইবে।

	টাকা।
পিস্তোলছাড়া প্রত্যেক বন্দুকাদির নিমিত্ত	৫০
ঐ বন্দুকাদির এক চুঙ্গি কি দোচুঙ্গি প্রত্যেকের	

	Rs. As.		টাকা।
Pistols for each ...	15	প্রত্যেক পিস্তোলের	১৫৲
Barrels for the same, whether single or double, for each ..	10	পিস্তোলের এক চুঙ্গি কি দোচুঙ্গি প্রত্যেকের	১০৲
Springs used for fire-arms, for each	8	বন্দুকাদিতে যে ইস্প্রিঙ্গের ব্যবহার হয় প্রত্যেকের	৮৲
Gun-stocks, sights, blocks and rollers, for each	5	বন্দুকের কুন্দা, ও মাছি, ও ব্লক, ও লোড়া, প্রত্যেকের	৫৲
Revolver-breeches, for each cartridge which they will carry	2 8	রিবালবরের চুঙ্গির গোড়া তাগে যত টোটা ধরে প্রত্যেকের	২॥০
Extractors, nippers, heel-plates, pins, screws, tangs, bolts, thumb-pieces, triggers, trigger-guards, hammers, pistons, plates, and all other parts of a fire-arm not herein otherwise provided for, and all tools used for cleaning or putting together or loading the same, for each	1 8	টোটা বাহির করিবার যন্ত্র, ও চিমটা ও কুঁদের পাতা, ও পিন ও ইস্ক্রু ও টাঙ্গ ও বোল্ট ও বড় অঙ্গুলির টুকরা ও ঘোড়া ও ঘোড়ার গারদ ও মারিতেল ও পিষ্টন ও পাত ও এই আইনে বন্দুকাদির অন্য যেং অংশের বিধান করা যায় নাই ও বন্দুকাদি সাফ করিবার কি লাগাইযা দিবার কি ভরিবার অন্য যেং যন্ত্রের ব্যবহার হয় প্রত্যেকের ...	১॥০
Machines for making or loading or closing cartridges, for each	10	টোটা প্রস্তুত করিবার কি ভরিয়া দিবার কি বন্ধ করিবার প্রত্যেক যন্ত্রের .	১০৲
Machines for capping cartridges, for each . ..	2 8	টোটার ক্যাপ লাগাইবার প্রত্যেক যন্ত্রের	২॥০
Airguns, for each ..	50	বায়ুর বন্দুক প্রত্যেকের . ..	৫০৲
Apparatus for charging airguns, for each	20	বায়ুর বন্দুক পুরিয়া দিবার প্রত্যেক যন্ত্রের..	২০৲
Bullet-moulds, for each .	0 4	গুলির ছাঁচ প্রত্যেকের	।০
Punches for making gunwads, for each	0 4	চিপলা প্রস্তুত করিবার ছেনি	।০

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE law relating to arms, ammunition and military stores has long been felt to be in an unsatisfactory state. In some particulars it has been found defective, and on many points it presents difficulties of construction which might at any time prove embarrassing to the Government or entail hardship on innocent persons.

2 So far back as the year 1870 a Bill was introduced to remedy this state of things, but, owing in part to press of work and in part to other causes, it was allowed to stand over

3. The present Bill is in the main a consolidation of the existing law, and a re-enactment of it in a simpler form with such improvements in points of detail as the experience of the working of the Arms Act of 1860 has shown to be desirable On two points only does it propose to introduce changes of any importance

4 The first of these points is dealt with in section 7, which, taken with the second schedule, imposes duties on the importation by sea of arms and parts of arms, &c Those duties, it will be observed, are fixed without reference to the value of the articles on which they are imposed, and they are so fixed and are pitched, at what may seem at first sight to be high rates, expressly with a view to check the importation of a cheap class of arms, the importation of which has of late years largely increased.

5. Such arms cannot, from their inferior make, be intended for sporting purposes, and there is reason to suspect that a considerable proportion of them finds its way into the hands of the criminal classes in the interior of the country or of the hostile tribes on our frontiers It has been found very difficult to prevent the transit of such arms from the seaports into the interior of the country and towards the frontiers when once they are imported, and it is believed that the simplest method of checking their importation, and the method least calculated to interfere with the legitimate trade in arms of a superior class, is to impose an uniform duty of the nature proposed

6 The other point on which the Bill goes to introduce a material change in the existing law is that of the possession of arms At present the mere possession of arms is prohibited only in certain provinces, which, to use the language of Act XXXI of 1860, have been "disarmed" Throughout the rest of the country, though no person can go armed or carry arms except under a special exemption or by virtue of a license, the mere possession of arms other than cannon is not restricted

7 Now there is good reason to believe that this complete absence of restriction in the districts which have not been disarmed has led to the law prohibiting the transport of arms and the export of arms across the frontiers being extensively evaded As long as all persons indiscriminately may have arms in their possession to any amount they please in the districts which have not been disarmed, it is practically impossible to prevent such arms being passed on to the disarmed districts, to the predatory classes in Native States, and to the hostile tribes on our frontiers

The only remedy seems to be to place the possession of arms throughout the whole of British India under control, and this it is proposed to do by section 11 of the Bill, which requires all such possession to be under a license.

8 It will, however, be observed that ample safeguards are provided to prevent this prohibition pressing unfairly against respectable persons desiring to possess arms for legitimate purposes Section 11 allows a period of three months after the Bill becomes law within which the possession of arms in the districts not hitherto disarmed will not be illegal, and during which any person in such districts can apply for a license, section 25 enacts that in these districts no person shall be prosecuted for possessing arms without the previous sanction of the Magistrate of the District, section 26 imposes special and very stringent conditions on searches for arms, and lastly, under section 23, the Government may exempt any class of persons from the operation of the prohibition altogether

9 On the whole it may be safely affirmed that, with a system of licenses granted either without charge or on the payment of small fees, and in cases where it is safe so to grant them for reasonably long periods, the Bill will not, as regards the possession of arms, materially affect the position of any persons to whom the right to possess arms can, with a due regard to the public peace and safety, be conceded

10 It need only be added that section 3 of the Bill maintains in force all exemptions granted under the present law

CALCUTTA,
The 12th December 1877

E C BAYLEY
D FITZPATRICK,
Secy. to the Govt of India

[*Government Gazette*, 15*th January* 1878]

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

অস্ত্রশস্ত্র ও বারুদাদি ও সৈনিক সামগ্রী বিষয়ক আইন বহুকালাবধি অসন্তোষজনক অবস্থায় আছে বলিয়া জ্ঞান হইয়াছে। কোনং বিষয়ের বিধানের অভাব আছে ও নানা বিষয়ের বিধান গ্রন্থন করা অত্যন্ত দুষ্কর হওয়াতে গবর্ণমেণ্টেরও তার বোধ ও নির্দ্দোষি ব্যক্তিদেরও কষ্ট বোধ হইতে পারে।

২। এই অসন্তোষজনক অবস্থা দূরীকরণার্থে ১৮৭০ সালে আইনের পাণ্ডুলিপি উপস্থিত করা গিয়াছিল, কিন্তু অন্যং কর্ম্মের চাপপ্রযুক্ত ও অন্যান্য কারণে তাহা তদবস্থায় রহিয়া গেল।

৩। এইক্ষণকার প্রচলিত আইন সংগ্রহ করিয়া, ও অস্ত্রাদি বিষয়ক ১৮৬০ সালের আইন অনুযায়ি কার্য্য চলনক্রমে নানা বিষয়ের যেং বিধান করা প্রয়োজন বলিয়া দেখা গেল তাহাও সংযোগ করিয়া, আরো সহজভাবে এই আইনের পাণ্ডুলিপি প্রকটিত হইল। কেবল দুই স্থলে গুরুতর পরিবর্ত্তন করা গেল।

৪। প্রথম স্থলের বিধান ৭ ধারায় হইয়াছে। দ্বিতীয় তফসীল লইয়া সেই ধারাক্রমে, অস্ত্রশস্ত্রাদি ও তাহার নানা অঙ্গ সমুদ্র পথে রফ্তানী হইলে তাহার উপর মাস্তুল ধার্য্য হইয়াছে। ঐং দ্রব্যের মূল্য ধরিয়া ঐ মাস্তুল ধার্য্য হয় নাই, ও অতি উচ্চহারে ধার্য্য হইয়াছে এমত বোধও হইতে পারে, কিন্তু কএক বৎসরাবধি অতি অল্প মূল্যের অস্ত্রশস্ত্রের আমদানী অত্যন্ত বৃদ্ধি হইতেছে, ও সেই প্রকারের অস্ত্রাদি আমদানী করিবার বাধা করাই এই বিধানের স্পষ্ট অভিপ্রায়।

৫। ঐ প্রকারের অস্ত্রাদি অপকৃষ্ট, সুতারং শিকার করণের অভিপ্রায়ে আমদানী করা যায় না। তাহার অধিকাংশ মফঃস্বল দেশ নিবাসি দস্যুদলাদির ও দেশাঞ্চলবাসি শত্রু জাতীয়দের হস্তগত হইয়া থাকে এমত জ্ঞান করিবার কারণ আছে। সেই প্রকারের অস্ত্রাদি আমদানী হইলেই বন্দরহইতে মফঃস্বল দেশে ও দেশাঞ্চলে তাহার চালান কার্য্য নিবারণ করা সুকঠিন দেখা গেল, অতএব সকল প্রকারের নির্দ্ধারিত অস্ত্রাদির উপর একি মাস্তুল ধার্য্য করা সেই অপকৃষ্ট অস্ত্রাদির আমদানী নিবারণ করিবার সহজ উপায় বলিয়া জ্ঞান হইল, অথচ উৎকৃষ্ট প্রকারের অস্ত্রাদি লইয়া আইনমত যে ব্যবসায় চলে, তাহাতেও প্রায় হস্তক্ষেপণ করা হয় নাই।

৬। অস্ত্রাদি অধিকারে রাখণ বিষয়ক বিধান করিয়া এই পাণ্ডুলিপিতে প্রচলিত আইনের দ্বিতীয় স্থলের গুরুতর পরিবর্ত্তন হইয়াছে। এইক্ষণে কেবল কোনং প্রদেশে অস্ত্রাদি রাখণ মাত্রের নিষেধ হইল, অর্থাৎ ১৮৬০ সালের ৩১ আইনের কথানুসারে ঐং প্রদেশের লোকদের অস্ত্রাদি কাড়িয়া লওয়া গিয়াছে। কিন্তু দেশের অন্যং স্থানে লোকদিগকে বিশেষমতে মুক্ত করা না গেলে,কিম্বা লাইসেন্স না থাকিলে, কেহ অস্ত্র ধরিয়া বেড়াইতে কি অস্ত্র বহন করিতে না পারিলেও, কামান ভিন্ন কোন প্রকারের অস্ত্রশস্ত্র লোকদের অধিকারে রাখার নিষেধ নাই।

৭। ফলতঃ যেং জিলার লোকদের অস্ত্র কাড়িয়া না লওয়া গিয়াছে তাঁহাদের প্রতি কোন প্রকারের নিষেধ না থাকাতে, অস্ত্রাদি চালান করিবার ও দেশাঞ্চলের বাহিরে রফ্তানী করিবার নিষেধসূচক বিধান অনেকাংশে তুচ্ছ করা গিয়াছে। যেং জিলার লোকদের অস্ত্রাদি কাড়িয়া লওয়া যায় নাই ইতর বিশেষ না মানিয়া তথাকার লোকেরা যত দিন স্বেচ্ছামতে নানা প্রকারের অস্ত্রশস্ত্র আপনাদের অধিকারে রাখিতে পারে তত দিন সেই অস্ত্রবিহীন প্রদেশে ও এতদ্দেশীয় নানা রাজ্যাধিকারবাসি দস্যুশ্রেণীর নিকট ও দেশাঞ্চলবাসি শত্রু জাতীয়দের নিকট সেই অস্ত্রশস্ত্র চালান করিতে নিবারণ করা দুঃসাধ্য।

ইহার প্রতিকারার্থ একমাত্র উপায় এই যে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে অস্ত্রাদি অধিকারে রাখার অনুমতি থাকিলে তাহা তন্ত্রাধীনে রাখিতে হইবে, এই কারণে এই পাণ্ডুলিপির ১৮ধারামতে লাইসেন্স বিনা কাহারও অধিকারে অস্ত্রাদি থাকিতে পারিবে না।

৮। কিন্তু ভদ্রলোকেরা বিধি বিহিত অভিপ্রায়ে অস্ত্রাদি রাখিতে ইচ্ছুক হইলে, তাঁহাদের প্রতি যেন অন্যায় না হয় এই হেতুক উপযুক্ত সদুপায়ও করা গেল। যেং জিলানিবাসিদের অস্ত্রশস্ত্র কাড়িয়া লওয়া যায় নাই ১১ ধারামতে আইন প্রচলিত হইবার পর তিন মাস পর্য্যন্ত তাঁহাদের অধিকারে অস্ত্রাদি থাকা বেআইনী হইবে না, ও সেইং জিলা নিবাসি কোন ব্যক্তি সেই মিয়াদের মধ্যে লাইসেন্স চাহিয়া লইতে পারিবেন। ২৫ ধারার বিধান এই যে, উক্ত কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না হইলে কোন ব্যক্তির অধিকারে অস্ত্রাদি আছে বলিয়া তাঁহার নামে অভিযোগ হইতে পারিবে না। অস্ত্রাদির অন্বেষণ করিতে হইলে, ২৬ ধারায় সেই কার্য্যের অতি দৃঢ় ও বিশেষ নিয়ম নির্দ্ধারিত হইল। ও ২১ ধারামতে গবর্ণমেণ্ট কোন শ্রেণীর লোকদিগকে অস্ত্রাদি রাখণের নিষেধসূচক বিধিহইতে সম্পূর্ণরূপে মুক্ত করিতে পারিবেন।

৯। উপসংহার স্থলে ইহাও নিশ্চয় বলা যাইতে পারে যে, বিনাখরচেই হউক কিম্বা অতিঅল্প ফী লইয়া লাইসেন্স দিবার নিয়ম প্রচলিত হইলে, ও নিরাপদে দেওয়া যাইতে পারাতে সঙ্গতরূপে বহু কালের নিমিত্তও ঐ লাইসেন্স দেওয়া গেলে, সাধারণের শান্তির ও সুরক্ষার প্রতি উচিতমতে দৃষ্টি রাখিয়া যে ব্যক্তিদের অধিকারে অস্ত্রাদি রাখিবার স্বত্ব প্রদান করা বিহিত এই পাণ্ডুলিপিতে তাঁহাদের অস্ত্রাদি রাখিবার বিঘ্নজনক কোন বিধি নাই।

১০। এইক্ষণকার প্রচলিত আইনমতে যাঁহারা অস্ত্রাদি না রাখিবার বিধানহইতে মুক্ত আছেন এই পাণ্ডুলিপির ৩ ধারামতে তাঁহাদের সেই মুক্তি প্রবল থাকিল।

কলিকাতা,　　　　ই সি বেলি।
১৮৭৭ সাল ১২ ডিসেম্বর।

ডি, ফিটস্‌পাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১৫ জানুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 15, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ১৫ জানুয়ারি।

PART VI

Bills of the Bengal Council

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 5th January 1878, and was referred to a Select Committee who are to report thereon in two weeks —

A Bill to define and limit the powers of Settlement Officers with respect to enhancement of rent

Preamble

WHEREAS it is expedient to define and limit the powers of settlement officers in the territories subject to the Lieutenant-Governor of Bengal in respect of the enhancement of rent It is enacted as follows —

Commencement of Act

1 This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ৫ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল। তাঁহারা দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্ণয় ও তৎসীমা নিরূপণ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশে খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্ণয় করা ও তাহার সীমা নিরূপণ করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে,—

আইন যে অবধি প্রচলিত হইবে তদ্বিষয়ের কথা।

১ ধারা। এই আইন শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

Rent of ryot having right of occupancy not to be enhanced by settlement officer except as under Bengal Act VIII, 1869, or Act X, 1859

2 No ryot having a right of occupancy shall be liable to have his rent enhanced in the course of any settlement proceedings under Regulation VII of 1822, except on some one of the grounds specified in section 18 of Bengal Act VIII of 1869, or where Act X of 1859 is still in force in section 17 of the latter Act

রায়তের দখলীস্বত্ব থাকিলে বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইন কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনমতে না হইলে বন্দোবস্তী কার্য্যকারক দ্বারা খাজানা বৃদ্ধি হইতে না পারিবার কথা।

২ ধারা। কোন রায়তের দখলী স্বত্ব থাকিলে, ১৮২২ সালের ৭ আইনমতে বন্দোবস্তী কার্য্য চলনক্রমে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে না। কেবল বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৮ ধারার কিম্বা ১৮৫৯ সালের ১০ আইন যেং স্থানে প্রচলিত আছে সেইং স্থানে ঐ আইনের ১৭ ধারার নির্দ্দিষ্ট কোন কারণে বৃদ্ধি করা যাইতে পারিবে ইতি।

Provisoes added to section 15, Bengal Act VIII, 1869, and section 14, Act X, 1859

3 The following words shall be added to section 15 of Bengal Act VIII of 1869, and to section 14 of Act X of 1859 —

বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৫ ধারায় ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৪ ধারায় সংযোগ করিবার উপবিধি।

৩ ধারা। বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৫ ধারায় ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৪ ধারায় এইং কথা সংযোগ করিতে হইবে,—

"Provided that, where the rent of any under-tenant or ryot has been enhanced in the course of any settlement proceedings under Regulation VII of 1822, and has been confirmed by the Revenue authorities to whom the officer making the enhancement is subject, such rent shall be deemed to have been correctly enhanced until the contrary is proved

"পরন্তু ১৮২২ সালের ৭ আইনমতে কোন বন্দোবস্তী কার্য্য চলনক্রমে কোন পেটাও প্রজার কি রায়তের খাজনা বৃদ্ধি করা গেলে, ও সেই বৃদ্ধিকারি কার্য্যকারক রাজস্বসংক্রান্ত যে কার্য্যকারকদের অধীন থাকেন তাঁহারা সেই খাজনাবৃদ্ধি মঞ্জুর করিলে, ঐ খাজানা যে অন্যায়-মতে বৃদ্ধি হইয়াছে ইহার প্রমাণ না হওনপর্য্যন্ত, তাহা ন্যায়মতে বৃদ্ধি করা গিয়াছে বলিযা জ্ঞান হইবে।

"Provided also that any suit by such under-tenant or ryot to contest his liability to pay the enhanced rent shall be instituted within three months from the date of the service on him of the notice of enhancement, and provided also that unless he has instituted such suit within such period, he shall not contest the said liability in answer to any suit preferred against him for recovery of arrears of enhanced rent after the expiration of three months from the date of service on him of such notice, anything in this Act to the contrary notwithstanding"

আরো কোন পেটাওপ্রজা কি রায়ত ঐ বর্দ্ধিত হারে খাজানা দিবার যোগ্যতাবিষয়ে আপত্তি করণার্থ মোক-দ্দমা উপস্থিত করিলে, তাঁহার উপর ঐ খাজানা বৃদ্ধির নোটিস জারী হইবার তারিখঅবধি তিন মাসের মধ্যে তাঁহার সেই মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। আরো সেই মিয়াদের মধ্যে যদি ঐ মোকদ্দমা উপস্থিত না করেন তবে তাঁহার উপর ঐ নোটিস জারী হইবার তারিখঅবধি তিন মাস গত হইলে পর ঐ বর্দ্ধিত হারে বাকী খাজনা আদায়ের নিমিত্ত তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে, তিনি ঐ খাজানা দিবার যোগ্যতা-বিষয়ে আপত্তির উত্তর করিবেন না, এই আইনে ভাবান্তরের বিধান থাকিলেও করিবেন না ইতি।

Notice to sign jummabundi shall be deemed notice of enhancement

4. A notice in writing served on an under-tenant or ryot by, or by the authority of, a settlement officer, calling on him to attend and sign the *jummabundi*, shall be deemed a notice within the meaning of section 14 of Bengal Act VIII of 1869, and section 13 of Act X of 1859

জমাবন্দীতে দস্তখৎ করিবার নোটিস খাজনা বৃদ্ধি হওয়ার নোটিস বলিয়া জ্ঞান হওয়ার কথা।

৪ ধারা। বন্দোবস্তী কার্য্যকারকের দ্বারা কি তাঁহার অনুমতি ক্রমে পেটাওপ্রজার কি রায়তের নামে, হাজির হইয়া জমাবন্দীতে দস্তখৎ করিবার নোটিস লিখিয়া দেওয়া গেলে, সেই নোটিস, বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৪ ধারার ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারার মর্ম্মানুযায়ি নোটিস বলিয়া জ্ঞান হইবে ইতি।

POWERS OF SETTLEMENT OFFICERS WITH RESPECT TO ENHANCEMENT OF RENT

Statement of Objects and Reasons.

There being at present no specific provision of law regulating the principles on which settlement officers are to act in determining rates of rent, it is proposed to lay down authoritatively that they must invariably proceed upon the principles prescribed by the rent-law for the enhancement of rent. The probability of the correctness of a settlement officer's fixation of rent, considering the advantages he has in his inquiry, is such that it is thought advisable to enact that the rates ascertained by him and approved by the superior Revenue authorities shall be presumed to be correct until the ryot shows the contrary to the satisfaction of a civil court It is hoped that if the settlement rates are held *primâ facie* correct much useless litigation will be saved, and that proprietors and intending-farmers will not be deterred, as is sometimes the case at present, from readily accepting settlement through fear of inability to realize the rents assessed until long after they themselves have incurred liability to pay the Government revenue

And as the ryot, if he does mean to contest the settlement, ought to contest it within a reasonable time, the Bill imposes on him a limitation of three months within which he may do so.

The 29th December 1877

H Reynolds

W E H Forsyth,
Offg Asst Secy to the Govt of Bengal,
Legislative Department.

খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

বন্দোবস্তী কার্য্যকারকেরা খাজানার হার নিরূপণ করিতে গেলে যে নিয়মানুসারে কার্য্য করিবেন আইনে ইহার কোন নির্দ্দিষ্ট বিধান নাই, এই কারণে খাজানাসম্পর্কীয় আইনে খাজানা বৃদ্ধি করণ বিষয়ক যে নিয়ম আছে তাঁহাদের নিয়ত সেই নিয়মানুসারে কার্য্য করিতেই হইবে, এমত দৃঢ় বিধান করিবার প্রস্তাব হইল। বন্দোবস্তী কার্য্যকারকের নিতা অনুশীলনহেতুক এই বিষয়ে তাঁহার সুপরিচিত থাকার অনুভব দৃষ্টে, তিনি খাজানার যে হার ধার্য্য করেন তাহা ন্যায্য হওয়া সম্ভব বিবেচনায় এই বিধান করা বিহিত বোধ হইল যে, তিনি কোন হার নির্দ্ধার্য্য করিলে ও রাজস্ব সংক্রান্ত উপরিস্থ কার্য্যকারকেরা তাহা মঞ্জুর করিলে, রায়ত যত দিন তাহা অন্যায় বলিয়া দেওয়ানী আদালতের হৃদ্বোধ জন্মাইতে না পারে তত দিন তাহা ন্যায্য বলিয়া জ্ঞান হইবে। বন্দোবস্তির হার আপাততঃ ন্যায্য বলিয়া ধার্য্য হইলে মোকদ্দমা করণের অনেক মিথ্যা পরিশ্রম নিবারণ হইবার আশা হইতেছে। এবং জমীদারেরা ও যাঁহারা ইজারদার হইতে চাহেন তাঁহারা, গবর্ণমেণ্টের রাজস্বের দায় স্বীকার করিলে পর অনেক দিন গত না হইলে নির্দ্ধারিত খাজানা আদায় করিতে পারিবেন না, এই ভয়ে কোন২ স্থলে সহজেই বন্দোবস্ত গ্রাহ্য করিয়া থাকেন না, কিন্তু উক্ত বিধান হইলে তাঁহাদের সেই ভয় নিবৃত্তি হইবার আশা হইতেছে।

আরো রায়ত ঐ বন্দোবস্তের আপত্তি করিতে চাহিলে সঙ্গত মিয়াদের মধ্যে করা উচিত বিবেচনায়, এই পাণ্ডুলিপিতে তাঁহার আপত্তি করিবার তিন মাস মিয়াদ ধার্য্য হইল।

এচ, রেনলডস্।

১৮৭৭ সাল ২৯ ডিসেম্বর।

ডবলিউ, ই, এচ, ফরসাইথ,
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

THE following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 5th January 1878, and was referred to a Select Committee who are to report thereon in one month —

A Bill for the Licensing of Trades, Dealings and Industries within the territories subject to the Lieutenant-Governor of Bengal

Preamble

WHEREAS, in order to provide means for defraying the public expenditure from time to time incurred and to be incurred for the relief and prevention of famine in British India, it is necessary to effect a permanent increase of the revenue available for provincial purposes, and it is therefore expedient that persons carrying on trades, dealings, and industries in the territories administered by the Lieutenant-Governor of Bengal should take out licenses and pay for the same, It is hereby enacted as follows —

Short title and commencement

1 This Act shall be called "The License Tax Act, 1878," and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Interpretation clause

2 In this Act, unless there be something repugnant in the subject or context—

"Section"

"Section" means a section of this Act

"Collector

"Collector" means the Chief Officer in charge of the revenue administration of a district

"The Commissioners"

"The Commissioners," except in section 28, mean the Commissioners defined in Bengal Act V of 1876, and in section 28 the Commissioners defined in Bengal Act IV of 1876

Saving of Bengal Act IV 1876

3 Nothing in this Act shall be deemed to affect the tax on professions, trades, and callings imposed for municipal purposes by Bengal Act IV of 1876

Act not to apply to cultivators of land

4 Nothing in this Act shall be deemed to apply to persons earning their livelihood solely by agriculture, or to any cultivator of land as such in respect of the sale

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ৫ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল। তাঁহারা এক মাসের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত দেশে ব্যবসায়ের ও কারবারের ও শিল্প কর্ম্মের লাইসেন্স দেওন বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে দুর্ভিক্ষ প্রপীড়িত লোকদের উপকারার্থে ও দুর্ভিক্ষ নিবারণার্থে সময়ে২ রাজকীয় অনেক অর্থ ব্যয় হইয়াছে, হইবারও সম্ভাবনা, এই হেতুক ঐ ব্যয় পোষণের সম্বিধান করণাভিপ্রায়ে, প্রদেশীয় কার্য্যপক্ষে যে রাজস্ব প্রয়োগ হয় চিরকালের নিমিত্তে তাহার বৃদ্ধির উপায় করা আবশ্যক। এই প্রযুক্ত যাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত দেশের মধ্যে ব্যবসায় ও কারবার ও শিল্প কর্ম্ম করেন তাঁহাদের লাইসেন্স লইয়া ফী দেওয়া বিহিত। এই কারণে এই বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নামের ও আইন প্রচলিত হওয়ার সময়ের কথা।

১ ধারা। এই আইন "১৮৭৮ সালের লাইসেন্স টাক্স আইন" নামে খ্যাত হইতে পারিবে, ও শ্রীযুত গবরনর জেনরেল সাহেবের অনুমোদনক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

অর্থ করণের ধারা।

২ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর বোধ না হইলে,

"ধারা।"

"ধারা" শব্দে এই আইনের ধারা জানিতে হইবে।

"কালেক্টর।"

জিলার রাজস্বসংক্রান্ত কার্য্যনির্ব্বাহণের ভার প্রধান যে কর্ত্তৃপক্ষের প্রতি অর্পিত থাকে, "কালেক্টর" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"কমিশ্যনর।"

২৮ ধারাভিন্ন অন্য সকল স্থলে "কমিশ্যনর" শব্দে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের নির্ণীত কমিশ্যনরকে জানিতে হইবে। ২৮ ধারায়, ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের নির্ণীত কমিশ্যনরকে জানিতে হইবে ইতি।

১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইন প্রবল রাখিবার কথা।

৩ ধারা। ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনমতে মুনিসিপল কার্য্যের নিমিত্ত বৃত্তির ও ব্যবসায়ের ও কর্ম্মের উপর যে টাক্স ধার্য্য হইল, এই আইনের কোন কথাদ্বারা তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

চাষিদের প্রতি এই আইন না খাটিবার কথা।

৪ ধারা। কৃষিকর্ম্ম যাঁহাদের একমাত্র জীবনোপায় তাঁহাদের প্রতি, ও ভূমির কৃষিকারী যদি ভূমির উৎপন্ন দ্রব্য বিক্রয় করিবার নিমিত্ত নিয়মমতে দোকান কি স্থান না রাখে, তবে সেই দ্রব্য

of the produce of his land, when he shall not regularly keep a shop or stall for the sale of such produce

বিক্রয় করণ সম্পর্কে তাহারও প্রতি এই আইনের কোন কথা খাটিবে না ইতি।

Annual licenses to be taken out

5 Every person who, on or after the 1st day of April 1878, falls under any of the heads of the Schedules hereto annexed, and carries on (whether on behalf of himself or any other person) his trade, dealing, or industry shall take out a license under this Act, and shall pay for the same the annual fee specified in the same Schedules as payable by persons of the class to which he belongs.

বৎসরং লাইসেন্স লইতে হইবার কথা।

৫ ধারা। কোন ব্যক্তি ১৮৭৮ সালের আপ্রিল মাসের ১ তারিখে কি তৎপরে এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যে আইলে, ও আপনার নিমিত্ত কি অন্য ব্যক্তির পক্ষ হইয়া ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, তাঁহার এই আইনমতে লাইসেন্স লইতে হইবে, ও তিনি যে শ্রেণীর লোক হন ঐ তফসীলমতে সেই শ্রেণীর যত ফী ধার্য্য আছে তাঁহার বৎসরং তত্তই দিতে হইবে ইতি।

Officer to grant license

6 Every license under this Act shall be granted by the Collector of the district in which the person requiring such license carries on his trade, dealing, or industry, or by such officer as the Collector may appoint in this behalf Provided that if the person requiring a license carries on his trade, dealing, or industry in more than one district or place, the license shall be granted by the Collector having jurisdiction in the place in which the applicant's principal place of business is situated

যে কার্য্যকারকের স্থানে লাইসেন্স পাওয়া যাইবে তাঁহার কথা।

৬ ধারা। যে ব্যক্তি লাইসেন্স লইবেন তিনি যে জিলার মধ্যে আপনার ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালান, সেই জিলার কালেক্টর সাহেবের নিকট, কিম্বা কালেক্টর সাহেব এই কার্য্যপক্ষে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাঁহার নিকট এই আইনমত লাইসেন্স পাইতে পারিবেন। কিন্তু যে ব্যক্তি লাইসেন্স লইবেন তিনি দুই কি তদধিক জিলায় কি স্থানে ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইলে, তাঁহার কর্ম্মের প্রধান স্থান যে স্থানের মধ্যে থাকে সেই স্থানে যে কালেক্টর সাহেবের এলাকা আছে তাঁহার নিকট ঐ লাইসেন্স পাইবেন।

The local Government shall have power to declare, in case of doubt, what shall, for the purposes of this Act, be deemed to be such principal place of business

এই আইনের কার্য্যপক্ষে কোন্‌টি ঐ কর্ম্মের প্রধান স্থান বলিয়া ধরিতে হইবে, এই বিষয়ের সন্দেহ হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা নির্দ্ধার্য্য করিতে পারিবেন ইতি।

Particulars to be specified in the license

7 Every such license shall specify—

(a) the date of the grant thereof,

(b) the name, father's name, caste, if any, and the trade, dealing, or industry of the licensee,

(c) the fee paid for the license,

(d) the place or places where the licensee intends to carry on his trade, dealing, or industry for the ensuing year,

(e) the term for which such license shall remain in force,

and shall be received in evidence as *primâ facie* proof of all matters contained therein.

লাইসেন্সের মধ্যে বিশেষ যেং কথা লিখিতে হইবে তাহার কথা।

৭ ধারা। প্রত্যেক লাইসেন্সের মধ্যে এইং কথা বিশেষ করিয়া লেখা যাইবে,

(ক) লাইসেন্স যে তারিখে দেওয়া যায়।

(খ) লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার নাম ও জাতি ও তাহার ব্যবসায় ও কারবার ও শিল্পকর্ম্ম।

(গ) লাইসেন্সের নিমিত্ত যত ফী দেওয়া গেল।

(ঘ) আগামি বৎসরে ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি যে বা যেং স্থানে ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে চাহেন।

(ঙ) ঐ লাইসেন্স যত দিনের নিমিত্ত প্রবল থাকিবে।

ও সেই লাইসেন্সখানি আপাততঃ ঐ লাইসেন্সের লিখিত সকল কথার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

Commencement and expiration of license

8 Every such license shall have effect and continue in force from the day of the date thereof until the first day of April next after the day of the granting thereof.

লাইসেন্স যে অবধি চলিবে ও যে সময়ে রহিত হইবে তাহার কথা।

৮ ধারা। উক্ত প্রত্যেক লাইসেন্স যে তারিখে দেওয়া যায় সেই তারিখঅবধি তাহার পশ্চাৎ আপ্রিল মাসের প্রথম দিবস পর্য্যন্ত প্রচলিত হইবে ও প্রবল থাকিবে ইতি।

9 Every person to whom any such license has been granted, and who desires to continue to carry on his trade, dealing, or industry after the expiration thereof, shall take out a fresh license for that purpose for the following year, to expire on the day appointed in the last preceding section, and shall renew the same so long as he desires to carry on such trade, dealing, or industry

Renewal of license

List of Licensees

10 As soon as may be after the commencement of this Act and the first day of January in every subsequent year, the Collector shall prepare a list of the persons in the district or place aforesaid to be licensed under this Act for the year commencing on the 1st April following Such list shall state—

Collector to prepare annual list of licensees

(*a*) the trade, dealing, or industry of each of the persons therein named,

(*b*) the class under which he is charged, and

(*c*) the fee to be paid for his license

Such list shall be in such language as the Lieutenant-Governor of Bengal may direct, but a copy thereof in the language of the district shall be filed in the Office of the Collector, and shall be open to public inspection at all reasonable times without any payment The Collector may, if he think fit, instead of preparing a fresh list each year, amend the existing list, which shall then be taken to be the list for the year commencing on the 1st of April next following such amendment

11 The Collector shall from time to time determine under which of the classes mentioned in the Schedules hereto annexed every person to whom a license may be granted by him as aforesaid shall be charged, and shall amend the said list accordingly

Collector to determine class under which licensee is to be charged

12 The list, or such part or parts thereof as the Collector thinks fit, shall be published in the principal bazars, and at all police-stations of all towns, and at all sub-divisional offices, police stations, and outposts in the district, and at some conspicuous place in all villages concerned, together with a notification setting forth the Schedule of this Act applicable to

Publication of list and notification

৯ ধারা। যে ব্যক্তিকে তদ্রূপ কোন লাইসেন্স দেওয়া যায় তিনি ঐ লাইসেন্সের মিয়াদ ফুরাইলে পরও ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে চাহিলে, আগামী বৎসরের নিমিত্ত নূতন লাইসেন্স লইবেন, ও সেই লাইসেন্সের মিয়াদও ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট দিনে ফুরাইবে। এই প্রকারে যত দিন ঐ ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে চাহেন তত দিন ঐ লাইসেন্স বৎসর২ নূতন করিয়া লইবেন ইতি।

নূতন লাইসেন্স লইবার কথা।

লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদের নির্ঘণ্টপত্রের কথা।

১০। আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি যে বৎসর চলিবে, পূর্ব্বোক্ত জিলার বা স্থানের যে লোকদের সেই বৎসরের লাইসেন্স লইতে হইবে কালেক্টর সাহেব এই আইন প্রচলিত হইবার পর, ও তৎপরে প্রতি বৎসরের জানুয়ারি মাসের প্রথম দিনের পর যত শীঘ্র হইতে পারে, ঐ সকল ব্যক্তির নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। ঐ নির্ঘণ্টপত্রে এই২ কথা লেখা যাইবে,

লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদের নির্ঘণ্টপত্র কালেক্টর সাহেবের বৎসর২ প্রস্তুত করিতে হইবার কথা।

(ক) ঐ পত্রলিখিত প্রত্যেক ব্যক্তির ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম।

(খ) তাঁহাকে যে শ্রেণীর মধ্যে ধরা গেল। ও

(গ) তাঁহার লাইসেন্সের নিমিত্ত যত ফী দিতে হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যে ভাষায় ঐ নির্ঘণ্টপত্র লিখিতে বলেন সেই ভাষায় লেখা যাইবে, কিন্তু তাহার নকল জিলার চলিত ভাষায় কালেক্টর সাহেবের কাছারীতে রাখা যাইবে, ও সাধারণ লোকেরা সঙ্গত যে সময়ে তাহা দেখিতে চাহেন বিনাখরচে দেখিতে পাইবেন। কালেক্টর সাহেব উচিত বোধ করিলে, প্রতি বৎসর নূতন নির্ঘণ্টপত্র প্রস্তুত না করিয়া উপস্থিত নির্ঘণ্টপত্র সংশোধন করিতে পারিবেন, তাহা হইলে সংশোধনের পর আপ্রিল মাসের ১ তারিখ অবধি তাহাই ঐ বৎসরের নির্ঘণ্টপত্র বলিয়া জ্ঞান হইবে ইতি।

১১ ধারা। কালেক্টর সাহেব পূর্ব্বোক্তমতে যে প্রত্যেক ব্যক্তিকে লাইসেন্স দেন, তাহাকে এই আইনের তফসীলের লিখিত যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবে ইহা সময়ে২ স্থির করিয়া তদনুসারে উক্ত নির্ঘণ্টপত্র সংশোধন করিবেন ইতি।

লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিকে যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবে কালেক্টর সাহেবের ইহা নির্ণয় করিবার কথা।

১২ ধারা। উক্ত নির্ঘণ্টপত্র, কিম্বা কালেক্টর সাহেব তাহার যে বা যে২ অংশ প্রকাশ করা উচিত বোধ করেন, তাহা জিলার অন্তর্গত প্রধান২ বাজারে ও সকল নগরের সকল পোলীস থানায় ও সকল মহকুমার কাছারীতে ও পোলীস থানায় ও ফাঁড়িতে ও তৎসম্পর্কীয় সকল গ্রামের কোন প্রকাশ স্থানে প্রচার করা যাইবে, ও সেই২ স্থানে এই আইনের যে তফসীল খাটে তাহার জ্ঞাপনপত্রও ঐ নির্ঘণ্টপত্রের

নির্ঘণ্টপত্র ও জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

the place, and directing that if any person mentioned in the said list, or coming within the meaning of the said Schedule (whether he be mentioned in the list or not), continues his trade, dealing, or industry, payment of the amounts specified in the said list or Schedule must be made by him within thirty days of the 1st April of each year

সহিত প্রকাশ করা যাইবে, ও তাহাতে এই আদেশ থাকিবে যে, উক্ত নির্ঘণ্টপত্রে যে কোন ব্যক্তির নাম লেখা আছে, কিম্বা নির্ঘণ্টপত্রে লেখা থাকিলে বা না থাকিলেও যে ব্যক্তি ঐ তফসীলের মর্ম্মের মধ্যে আইসেন তিনি আপনার ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে থাকিলে, ঐ নির্ঘণ্টপত্র কি তফসীলমতে তাঁহার যত টাকা দিতে হইবে তাহা প্রতিবৎসরের আপ্রিল মাসের ১ তারিখের পর ত্রিশ দিনের মধ্যে দিবেন ইতি।

Collector may require list of persons in any house

13 The Collector may by a notice in writing require the occupier of any house or shop to forward to him a statement in writing signed by the occupier of the names of all persons residing in such house or working in such shop, and of their respective trades, dealings, industries, or occupations Whoever, being the occupier of any house or shop, fails to forward such statement when required to do so under this section, shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding one hundred rupees

কোন ঘরের মধ্যে যাঁহারা থাকেন তাঁহাদের নামের নির্ঘণ্ট কালেকুটর সাহেবের চাহিয়া লইতে পারিবার কথা।

১৩ ধারা। কালেকুটর সাহেব কোন ঘরের কি দোকানের দখীলকারের নামে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিতে পারিবেন যে, ঐ ঘরের মধ্যে যাঁহারা বাস করেন কি ঐ দোকানে যাঁহারা কর্ম্ম করেন ঐ দখীলকার তাঁহাদের নাম ও প্রত্যেক জন যে ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম বা যে কর্ম্ম করেন তাহার এক বর্ণনাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া তাঁহার নিকটে পাঠান। কোন ঘরের কি দোকানের দখীলকার এই ধারামতে আজ্ঞা পাইয়া উক্ত বর্ণনাপত্র না পাঠাইলে, মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Petition of objector

14 Any person mentioned in the list referred to in section 10 and objecting to the class in which he is charged, may, within thirty days after its publication, or within such further time as the Collector may in each case think fit, apply by petition to the Collector in order to establish his right to have his name transferred to another class, or altogether removed from the list The statements contained in every such petition shall be verified by the petitioner or some other competent person in the manner required by law for the verification of plaints Whoever makes a statement in any such petition which is false, and which he either knows or believes to be false, or does not believe to be true, shall be deemed to have intentionally given false evidence in a stage of a judicial proceeding

আপত্তিকারকের দরখাস্তের কথা।

১৪ ধারা। ১০ ধারার উল্লিখিত নির্ঘণ্টপত্রে কোন ব্যক্তির নাম লেখা গেলে, তাঁহাকে যে শ্রেণীর মধ্যে ধরা গেল তদ্বিষয়ের আপত্তি থাকিলে, তিনি আপনার নাম অন্য শ্রেণীতে লেখাইবার কিম্বা একেবারে নির্ঘণ্টপত্র হইতে উঠাইয়া দিবার অধিকার স্থাপন করিবার জন্যে ঐ নির্ঘণ্ট পত্র প্রকাশ হওয়ার পর ত্রিশ দিনের মধ্যে, কিম্বা কালেকুটর সাহেব কোন স্থলে আর যত সময় দেওয়া উচিত বোধ করেন সেই সময়ের মধ্যে, কালেকুটর সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন। উক্ত প্রত্যেক দরখাস্তে যে২ কথা লেখা থাকে, আইনমতে আবেদনপত্রে যেরূপে সত্যাকরণের কথা লিখিবার আজ্ঞা আছে দরখাস্তকারী কিম্বা উপযুক্ত অন্য ব্যক্তি সেইরূপে সেই২ কথার সত্যাকরণ কথা লিখিবেন। কোন ব্যক্তি তদ্রূপ কোন দরখাস্তে যে কথা লেখেন তাহা মিথ্যা হইলে ও তিনি তাহা মিথ্যা জানিলে কি মিথ্যা বলিয়া বোধ করিলে কি সত্য বলিয়া বোধ না করিলে, সেই ব্যক্তি আদালতে মোকদ্দমা চলনের সময়ে জানিয়া শুনিয়া মিথ্যা সাক্ষ্য দিলেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

Hearing of petition

15 The Collector shall fix a day for the hearing of the petition, and on the day so fixed, or on such subsequent day, as he may from time to time direct, shall hear the same and pass such order thereon as he thinks fit

There shall be no appeal from an order under this section

দরখাস্ত শুনিবার কথা।

১৫ ধারা। কালেকুটর সাহেব দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিয়া, সেই দিনে কিম্বা তাহার পর সময়ে২ অন্য যে দিন ধার্য্য করেন সেই দিনে ঐ দরখাস্ত শুনিয়া তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন।

এই ধারামত আজ্ঞার উপর আপীল নাই ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১৫ জানুয়ারি।]

16. The Collector may, for the purpose of enabling him to determine under which of the said classes the petitioner should be charged, summon and enforce the attendance of witnesses and compel them to give evidence, and compel the production of documents by the same means, and as far as possible in the same manner as is provided in the case of a Civil Court by the Code of Civil Procedure

Power to summon witnesses, &c

Provided that if, in his judgment, the petitioner is able to shew that the fee which has been charged exceeds two per cent upon his annual earnings, such excess shall, for the purpose of section fourteen, be deemed a valid objection The Collector may also on this ground reduce the amount of tax payable by any person under Class V of Schedule A, hereto annexed, to the tax payable under Class VI or Class VII, or the tax payable by any person under Class VI to the tax payable under Class VII, or may remit the tax payable by any person altogether

Provided also that the Collector shall not, in the course of any proceedings under this section, call for any evidence except at the instance of the petitioner, or in order to ascertain the correctness of facts alleged by him

17 The Collector may, subject to such rules as the local Government may lay down, remit the whole or any part of the fee payable under this Act by any person who has carried on his trade, dealing or industry for a portion of the year only

Power to remit fee

18. The Collector may also, if the circumstances seem to warrant him, and subject as aforesaid, raise the tax payable by any person under Class VII of the said Schedule to the amount of tax payable under Class VI or Class V, or the tax payable by any person under Class VI to the amount of tax payable under Class V

Power to increase fees payable by two lowest classes

19 A person carrying on several trades, dealings, or industries and coming under more than one of the designations in the said Schedule, shall be chargeable only under one of the said designations at the discretion of the Collector

Persons carrying on several trades

১৬ ধারা। দরখাস্তকারিকে যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবে ইহা স্থির করিবার জন্যে কালেক্টর সাহেব সাক্ষিদিগকে সমন করিয়া, দেওয়ানী মোকর্দ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে দেওয়ানী আদালতের যে উপায়ে যে প্রকারে করিবার বিধান আছে, সাধ্যমতে সেই উপায়ে সেই প্রকারে সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে ও তাহাদের সাক্ষ্য লইতে ও দলীল উপস্থিত করাইতে পারিবেন।

সাক্ষিপ্রভৃতিকে তলব করিবার ক্ষমতার কথা।

পরন্তু দরখাস্তকারী বৎসর২ যাহা উপার্জ্জন করেন তাহার উপর শতকরা ২৲ টাকার অধিক ফী ধার্য্য হইয়াছে, কালেক্টর সাহেবের বিচারমতে ইহা দেখাইতে পারিলে, ১৪ ধারার কার্য্যপক্ষে ঐ অতিরিক্ত ধরাই উপযুক্ত আপত্তি বলিয়া জ্ঞান হইবে। আরো এই আইনের A তফসীলের ৫ শ্রেণীমতে কোন ব্যক্তির টাক্স ধরা গেলে কালেক্টর সাহেব উক্ত প্রকারের হতুতে তাঁহার ৬ শ্রেণী কি ৭ শ্রেণীমতে টাক্স ধরিতে পারিবেন, কিম্বা ৬ শ্রেণীমতে যাহার টাক্স ধরা গেল তাঁহার ৭ শ্রেণীমতে টাক্স ধরিতে পারিবেন, কিম্বা কোন ব্যক্তির টাক্স দেওয়া একবারে ক্ষমা করিতে পারিবেন।

আরো এই ধারামতে কোন কার্য্য করণ সময়ে, দরখাস্তকারী প্রার্থনা না করিলে, কিম্বা তিনি যে বৃত্তান্ত জানাইয়াছেন তাহা সত্য বলিয়া নির্ণয় করিবার নিমিত্ত না হইলে, কালেক্টর সাহেব কোন সাক্ষ্য তলব করিবেন না ইতি।

১৭ ধারা। কোন ব্যক্তি বৎসরের একাংশমাত্র ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া থাকিলে, এই আইনমতে তাহার যত ফী দেওয়া উচিত কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেন্টের নির্দ্ধারিত বিধিমতে ঐ ফীর একাংশ কি সমুদয় ক্ষমা করিতে পারিবেন ইতি।

ফী ক্ষমা করিবার ক্ষমতার কথা।

১৮ ধারা। আরো উক্ত তফসীলের ৭ শ্রেণীমতে কোন ব্যক্তির টাক্স ধরা গেলে, কালেক্টর সাহেব তাবগতিক বিবেচনায় উপযুক্ত বোধ করিলে ও পূর্ব্বোক্ত বিধি মানিয়া সেই ব্যক্তির ৬ শ্রেণী কি ৫ শ্রেণীমতে টাক্স ধরিতে পারিবেন, কিম্বা যাঁহার ৬ শ্রেণীমতে টাক্স ধরা গেল তাঁহার ৫ শ্রেণীমতে টাক্স ধরিতে পারিবেন ইতি।

নিম্নতর দুই শ্রেণীর যে ফী ধার্য্য আছে তাহা বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।

১৯ ধারা। কোন ব্যক্তি নানা প্রকারের ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, ও তাহা ঐ তফসীলের লিখিত দুই কি তদধিক নামের মধ্যে আইলে, কালেক্টর সাহেবের বিবেচনামতে তন্মধ্য কোন এক নাম অনুসারে তাঁহার টাক্স ধার্য্য হইবে ইতি।

কোন ব্যক্তির ভিন্ন২ ব্যবসায় থাকিলে তদ্বিষয়ের কথা।

Penalty for carrying on business without a license

20. If after expiry of the period mentioned in the notification published under section 12 for payment of the amount specified therein, any person carries on his trade, dealing or industry without having taken out a license as required by this Act, he shall be liable, by order of the Collector, to pay a fine not exceeding thrice the amount payable by him in respect of such license, exclusive of the amount so payable, and on receipt of such payment the Collector shall grant him a license

লাইসেন্স না পাইয়া কর্ম্ম চালাইবার দণ্ডের কথা।

২০ ধারা। ১২ ধারামতে প্রকাশিত জ্ঞাপনপত্রে যত টাকা নির্দ্দিষ্ট থাকে তত টাকা দিবার নিমিত্ত ঐ জ্ঞাপনপত্রে যে মিয়াদ ধার্য্য হইলে সেই মিয়াদ গত হইলেও, কোন ব্যক্তি এই আইনের আদেশমতে লাইসেন্স না লইয়া আপনার ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, ঐ লাইসেন্স সম্পর্কে তাঁহার যত টাকা দিতে হইত কালেক্টর সাহেবের আজ্ঞামতে তাঁহার তাহাও দিতে হইবে ও তাহার তিনগুণের অনধিক দণ্ডও হইবে। সেই সকল টাকা পাইলে কালেক্টর সাহেব তাঁহাকে লাইসেন্স দিবেন।

All sums due under this section, and all fees payable under this Act, shall, where the amount exceeds Rs. 50, be recoverable either as if they were arrears of land revenue or by distress and sale of the moveables of the person liable at the discretion of the Collector In all other cases they shall be recoverable by distress and sale of the moveables of the person liable

এই ধারামতে যে সকল টাকা প্রাপ্য ও এই আইনমতে যে সকল ফী দেয় হয় তাহা ৫০৲ টাকার অধিক হইলে কালেক্টর সাহেবের বিবেচনামতে বাকী রাজস্বের ন্যায় কিম্বা দায়ি ব্যক্তির অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া, আদায় হইতে পারিবে। অন্য সকল স্থলে, দায়ি ব্যক্তির অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া আদায় করা যাইবে ইতি।

License to be produced on demand.

21. Every person required by this Act to take out a license who without reasonable excuse neglects or refuses to produce and show his license when required so to do by an officer generally or specially empowered in writing by the Collector to make such requisition, shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding one hundred rupees

চাহিবামাত্র লাইসেন্স দেখাইতে হইবার কথা।

২১ ধারা। এই আইনমতে কোন ব্যক্তির প্রতি লাইসেন্স লইবার আদেশ থাকিলেও, কোন কর্ম্মকারক সাধারণমতে কিম্বা কালেক্টর সাহেবের লিখনক্রমে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়া তাঁহাকে আপন লাইসেন্স দেখাইতে বলিলে, ও তিনি সঙ্গত কারণ না থাকিতেও আপন লাইসেন্স বাহির করিয়া দেখাইতে তাচ্ছল্য কি অস্বীকার করিলে, মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Prosecution to be at instance of Collector.

Save so far as is provided in section 26, no person shall be proceeded against for any such offence except at the instance of the Collector.

কালেক্টর সাহেবের উদ্যোগে নালিশ হইবার কথা।

২৬ ধারার বিধানের স্থলভিন্ন, উক্ত কোন অপরাধের নিমিত্ত কেবল কালেক্টর সাহেবের প্রবৃত্তিমতে কোন ব্যক্তির নামে নালিশ হইতে পারিবে ইতি।

Receivers and managers chargeable

22 Courts of Wards and receivers and managers appointed by any Court in British India shall be chargeable under this Act in respect of any trade, dealing, or industry of which the income is officially in their possession or under their control.

সম্পত্তি গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের টাক্স দিতে হইবার কথা।

২২ ধারা। কোর্ট ওয়ার্ডসের, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন আদালত কর্ত্তৃক নিযুক্ত গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের পদসম্পর্কে, কোন ব্যবসায়ের কি কারবারের কি শিল্প কর্ম্মের আয় তাঁহাদের অধিকারে কি তত্ত্বাধীনে থাকিলে, তৎসম্পর্কে তাঁহাদের এই আইনমতে টাক্স ধার্য্য হইবে ইতি।

Power to retain assessment paid by trustee, &c

23. When any trustee, guardian, curator, committee, or agent is charged under this Act in such capacity, or when any Court of Wards or receiver or manager appointed by any Court is charged under this Act, every Court and person so charged may, from time to time, out of the money coming to its or his possession as such trustee, guardian, curator, committee, or agent, or as such Court of

ট্রষ্টী প্রভৃতির হস্তগত টাকা হইতে টাক্স বাদ দিয়া দিতে পারিবার কথা।

২৩ ধারা। কোন ট্রষ্টীর কি অভিভাবকের কি সম্পত্তিরক্ষকের কি কমিটীর কি এজেন্টের পদোপলক্ষে তাঁহার এই আইনমতে টাক্স ধার্য্য হইলে, কিম্বা কোর্ট ওয়ার্ডসের বা কোন আদালতকর্ত্তৃক নিযুক্ত গ্রাহকের কি কার্য্যাধ্যক্ষের এই আইনমতে টাক্স ধার্য্য হইলে, ঐ ট্রষ্টী কি অভিভাবক কি সম্পত্তিরক্ষক কি কমিটী কি এজেন্ট কি কোর্ট ওয়ার্ডস কি গ্রাহক কি কার্য্যাধ্যক্ষস্বরূপ তাঁহার অধিকারে যে টাকা আইসে তাহাহইতে

Wards, receiver, or manager, retain so much as is sufficient to pay the fee charged.

তিনি ঐ নির্দ্ধারিত ফীর উপযুক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন।

Every such person or court is hereby indemnified for every retention and payment made in pursuance of this Act.

এই আইন অনুসারে উক্ত টাকা কাটিয়া লওন-হেতুক উক্ত প্রত্যেক ব্যক্তি কি আদালত এতৎক্রমে ক্ষতি হইতে নিষ্কৃতি পাইলেন ইতি।

Municipalities

মুনিসিপালিটী বিষয়ক কথা।

Power to require returns from municipalities

24 The Collector may require the Commissioners, and the punchait of any union constituted under Bengal Act V of 1876, or any village punchait appointed under Bengal Act VI of 1870, to furnish, within a period to be specified under the orders of the local Government, returns showing the names and numbers of persons chargeable under this Act resident within the limits of their municipality or union, together with the class under which they respectively fall and the fees payable by them respectively

মুনিসিপালিটীর স্থানে রিটর্ণ চাহিয়া লইবার ক্ষমতার কথা।

২৪ ধারা। কালেক্টর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনমতে সংস্থাপিত কমিশ্যনরদের ও কোন গ্রামসমাহারের পঞ্চায়তের ও ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনমতে নিযুক্ত কোন গ্রামীয় পঞ্চায়তের প্রতি, স্থানীয় গবর্ণমেন্টের বিধিক্রমে নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে, আপনং মুনিসিপালিটীর কি গ্রামসমাহারের সীমার মধ্যবাসি যে ব্যক্তিদের এই আইনমতে টাক্স ধার্য্য হইতে পারে তাঁহাদের নামের ও সংখ্যার ও তাঁহারা যেং শ্রেণীর মধ্যে আইসেন ও তাঁহাদের যত করিয়া ফী দেওয়া উচিত ইহার রিটর্ণ দিবার আদেশ করিতে পারিবেন।

If the Commissioners or the punchait fail within the period prescribed to make such returns, or if they make such returns and the Collector has reason to doubt their accuracy, he may at any time cause a return showing the names, numbers, and classes aforesaid to be prepared in such manner as may be prescribed by the local Government

উক্ত কমিশ্যনরেরা কি পঞ্চায়ৎ নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে রিটর্ণ না দিলে, কিম্বা রিটর্ণ দিলেও তাহা ঠিক নয় বলিয়া কালেক্টর সাহেবের সন্দেহ করিবার কারণ থাকিলে, তিনি কোন সময়ে স্থানীয় গবর্ণমেন্টের নির্দ্ধারিতমতে পূর্ব্বোক্ত নামের ও সংখ্যার ও শ্রেণীর রিটর্ণ প্রস্তুত করাইয়া লইতে পারিবেন ইতি।

Notice to municipalities

25 When the return mentioned in the last preceding section has been furnished or prepared for any municipality, station, or union, the local Government may call upon the Commissioners, or may direct the Magistrate in the case of a union, to pay to the Collector, within a period to be named by the local Government, a sum calculated on such return in accordance with the provisions of this Act The Commissioners, and any Magistrate so called upon, shall have the same powers of recovering the fees chargeable under this Act within the limits of their town, station, or union that they have for the realization of municipal taxes under Bengal Act V of 1876.

মুনিসিপালিটীর নামে নোটিস দিবার কথা।

২৫ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখনমতে কোন মুনিসিপালিটীর কি নগরের কি গ্রামসমাহারের রিটর্ণ দেওয়া গেলে কি প্রস্তুত করা গেলে, এই আইনের বিধানানুসারে হিসাব করিয়া ঐ রিটর্ণমতে যত টাকা ধরা যায়, স্থানীয় গবর্ণমেন্ট কমিশ্যনরদের প্রতি কিম্বা গ্রামসমাহার হইলে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি ঐ স্থানীয় গবর্ণমেন্টের নিরূপিত সময়ের মধ্যে কালেক্টর সাহেবকে তত টাকা দিবার আদেশ করিতে পারিবেন। কমিশ্যনরদের ও কোন মাজিষ্ট্রেট সাহেবের প্রতি তদ্রূপ আদেশ থাকিলে, ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনমতে আপনং নগরের ও মোকামের ও গ্রামসমাহারের সীমার মধ্যে তাহাদের মুনিসিপল টাক্স আদায় করিবার যেং ক্ষমতা থাকে, এই আইনমত নির্দ্ধারিত ফী আদায় করণার্থে তাহাদের সেইং ক্ষমতা থাকিবে ইতি।

Penalties and fines to be credited to Municipal Funds

26 The Commissioners and Magistrate as aforesaid may also take proceedings under sections 20 and 21 for the recovery of any penalties and fines, and all such penalties and fines shall, when so recovered, be credited to their Municipal, Station, or Union Fund, as the case may be

দণ্ডের ও অর্থদণ্ডের টাকা মুনিসিপলফণ্ডে জমা করিয়া লইবার কথা।

২৬ ধারা। পূর্ব্বোক্ত কমিশ্যনরেরা ও মাজিষ্ট্রেট সাহেব কোন দণ্ড ও অর্থদণ্ড আদায় করণার্থে ২০ ও ২১ ধারামতেও কার্য্য করিতে পারিবেন। ও সেই দণ্ডের ও অর্থদণ্ডের টাকা আদায় হইলে তাহা মুনিসিপল কিম্বা বিষয়বিশেষে নগরের কি গ্রামসমাহারের ফণ্ডের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

[*Government Gazette*, 15*th January* 1878.]

27. The Commissioners and the Magistrate, in the case of any union, may appropriate any part of the revenues of their municipality, station, or union to defray any sum leviable from it under section 25, and if the sum so leviable is not defrayed at due date, the local Government may order it or any part of it to be deducted from any funds standing to the credit of the municipality, station, or union in any Government treasury.

Power to recover from Municipalities

২৭ ধারা। কোন মুনিসিপালিটী কি নগর কি গ্রামসমাহারহইতে ২৫ ধারামতে যে টাকা আদায় হইতে পারে, কমিশ্যনরেরা এবং গ্রামসমাহার হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহা দিবার জন্যে ঐ মুনিসিপালিটী-প্রভৃতির আযের কোন অংশ প্রয়োগ করিতে পারিবেন। ও তদ্রূপ যে টাকা আদায় হইতে পারে তাহা নির্দ্ধারিত তারিখে না দেওয়া গেলে, গবর্ণমেণ্টের কোন খাজানাখানায় ঐ মুনিসিপালিটীর কি নগরের কি গ্রাম-সমাহারের নামে যে টাকা জমা থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহাহইতে পূর্ব্বোক্ত টাকা কি তাহার কোন অংশ লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মুনিসিপালিটীহইতে আদায় করিবার ক্ষমতার কথা।

Calcutta.

28. From every person who shall within the town of Calcutta exercise any of the trades, dealings, industries, or callings included in the classes specified by Schedule B hereto annexed, the Commissioners shall levy the fees shown in the said Schedule, and shall pay to the local Government annually a sum to be fixed by such Government and calculated on the proceeds of such fees Provided that it shall be in the power of the Chairman of the Commissioners to reduce the rate of tax payable by any person under this section to the tax payable under any lower class than that to which such person belongs, on it being shown to his satisfaction that the said rate amounts to more than two per cent on the annual earnings of such person

Special scale of fees in Calcutta.

All the powers of a Collector under this Act, save as aforesaid, shall be exercised by the Chairman of the Commissioners, or some other officer authorized by him in that behalf Section 26 shall apply to all penalties and fines incurred within the town of Calcutta.

কলিকাতা বিষয়ক কথা।

২৮ ধারা। কলিকাতা নগরের মধ্যে যে কোন ব্যক্তি এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যগত কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালান, কমিশ্যনরেরা তাঁহার স্থানে ঐ তফসীলের নির্দ্ধারিত ফী আদায় করিয়া, ঐ ফীর দ্বারা উৎপন্ন টাকাব উপর হিসাব করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যত টাকা নির্দ্ধার্য্য করেন, বৎসর২ ঐ গবর্ণমেণ্টে তত টাকা দিবেন। কিন্তু এই ধারামতে কোন ব্যক্তির যে হারে টাক্স ধরা গেল, তিনি বৎসর২ যাহা উপার্জ্জন করেন তাহার উপর সেই হার শতকরা ২৲ টাকার অধিক হইয়াছে, কমিশ্যনরদের সভাপতি সাহেবের হৃদ্বোধমতে ইহা দেখাইতে পারিলে, ঐ সাহেব টাক্স কমাইয়া, ঐ ব্যক্তি যে শ্রেণীর মধ্যে আছে তাহাহইতে নিম্নশ্রেণীর টাক্স তাঁহার পক্ষে ধরিতে পারিবেন।

কলিকাতায় ফীর বিশেষ ফর্দ্দের কথা।

পূর্ব্বোক্ত স্থলভিন্ন এই আইনমতে কালেক্টর সাহেবের যে সকল ক্ষমতা আছে কমিশ্যনরদের সভাপতি সাহেব, কিম্বা তিনি এই কার্য্যপক্ষে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি, সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। কলিকাতা নগরের মধ্যে য সকল দণ্ডের ও অর্থদণ্ডের দায় ঘটে তাহার প্রতি ২৬ ধারা খাটিবে ইতি।

Miscellaneous.

29. All taxes levied and penalties recovered under this Act (other than those assigned to Municipal, Station, and Union Funds under section 26) shall be paid to the credit of the local Government

Payment of taxes levied and penalties recovered

From the net amount so credited so much as the Governor-General in Council shall from time to time direct shall be applied in such manner as the Governor-General in Council thinks fit, for the purpose of defraying expenditure incurred or to be incurred for the relief and prevention

বিবিধ বিধি।

২৯ ধারা। এই আইনমতে যে সকল টাক্স ধার্য্য হয় ও যে সকল দণ্ডের টাকা আদায় হয়, (তন্মধ্যে ২৬ ধারামতে যাহা মুনিসিপাল ও নগরের ও গ্রামসমাহারের তহবীলে নিরূপণ করা গেল তদ্ভিন্ন) উক্ত সকল টাকা স্থানীয় গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লওয়া যাইবে।

যে টাক্স ধার্য্য ও দণ্ড আদায় হয় তাহার টাকা দিবার কথা।

খরচ বাদে তদ্রূপ যত টাকা জমা করিয়া লওয়া যায়, তন্মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ যত টাকা নিরূপণ করেন, তত টাকা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে রূপে আজ্ঞা করেন সেই রূপে, ঐ স্থানীয় গবর্ণমেণ্টের শাসিত দেশে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল

of famine in the territories administered by such local Government, or, if the Governor-General in Council so directs, in any other part of British India.

30 No person who pays tax under this Act shall, so long as he continues to pay the same, be liable to pay road cess or public works cess on his house under Part IV of Bengal Act X of 1871, or section 7 of Bengal Act II of 1877.

Exemption of licensees from house cess under Road Cess and Public Works Acts.

31 All or any of the powers and duties conferred and imposed by this Act on a Collector may, subject to the orders of the Collector of the district, be exercised and performed by any Assistant or Deputy Collector, or such other officer as the local Government shall from time to time appoint in this behalf.

Powers of Collector under Act may be exercised by other officers.

32 Every person shall be legally bound to furnish information to any officer or person exercising any of the powers of a Collector under this Act when required by him to do so.

Obligation to furnish information.

33 The local Government may from time to time (a) exempt from the operation of this Act any portion of the territories subject to such Government, or any class of trades, dealings, or industries falling under the said schedule, and may (b) make rules consistent with this Act—

Power to exempt and make rules.

(1) for defining more precisely the classes of persons liable under this Act,

(2) for regulating the time and manner of collecting the fees charged under this Act,

(3) for modifying the fees chargeable to members of the same family when living and working together,

(4) for providing in any case or class of cases for serving notices on persons charged under this Act, and

(5) generally for the guidance of officers in all matters connected with the enforcement of this Act.

সাহেব আজ্ঞা করিলে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য কোন দেশে, দুর্ভিক্ষপ্রপীড়িত ব্যক্তিদের উপকারার্থ ব্যয় ও দুর্ভিক্ষ নিবারণার্থ ব্যয় শোধে প্রয়োগ করা যাইবে ইতি।

৩০ ধারা। যে কোন ব্যক্তি এই আইনমতে টাক্স দেন, তিনি যত দিন তাহা দিতে থাকেন তত দিন ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের চতুর্থ খণ্ডমতে বা ১৮৭৭ সালের বঙ্গীয় ২ আইনের ৭ ধারামতে তাঁহার ঘরের উপর পথকর কি পবলিক ওর্কসের কর দিতে হইবে না ইতি।

যাঁহারা লাইসেন্সপ্রাপ্ত হন পথকর বিষয়ক কিম্বা পবলিক ওর্কস বিষয়ক আইনমতে তাঁহাদের ঘরের উপর টাক্সহইতে মুক্ত হওয়ার কথা।

৩১ ধারা। এই আইনমতে কালেকটর সাহেবের প্রতি যে২ ক্ষমতার্পণ করা গেল ও তাঁহার যে২ কর্ম্ম নির্দ্ধারিত হইল, জিলার কালেকটর সাহেবের আজ্ঞাধীনে কোন আসিষ্টান্ট বা ডেপুটী কালেক্টরের, কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ এই কার্য্যার্থে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহারও প্রতি সেই সকল বা তন্মধ্য কোন২ ক্ষমতার্পণ করা যাইবে ও সেই সকল বা তন্মধ্য কোন২ কর্ম্ম বর্ত্তিবে ইতি।

এই আইনমতে কালেক্টর সাহেবের যে ক্ষমতা আছে অন্য কার্য্যকারকদের সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবার কথা।

৩২ ধারা। এই আইনমতে যে কোন কার্য্যকারক বা যে ব্যক্তি কালেক্টরের কোন ক্ষমতাক্রমে কার্য্য করেন তিনি কোন ব্যক্তির স্থানে কোন সন্ধান জানিতে চাহিলে, সেই ব্যক্তি আইনমতে সেই সন্ধান জানাইতে বদ্ধ হইবে ইতি।

সন্ধান জানাইতে হইবার কথা।

৩৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ (ক) ঐ গবর্ণমেন্টের শাসিত দেশের কোন অংশ, কিম্বা উক্ত তফসীলের অন্তর্গত কোন শ্রেণীর ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম এই আইনের বিধানহইতে মুক্ত করিতে ও (খ) এই আইনের সঙ্গতমতে নিম্নলিখিত কোন বিষয়ের বিধি করিতে পারিবেন।

মুক্ত করিবার ও বিধি করিবার ক্ষমতার কথা।

(১) এই আইনমতে যাঁহারা টাক্স দিবার যোগ্য হন তাঁহাদের শ্রেণী আরো নিশ্চিতমতে নিরূপণ করিবার বিধি।

(২) এই আইনমতে যে ফী ধার্য্য হয় তাহা আদায় করিবার সময়ের ও নিয়মের বিধি।

(৩) একি পরিবারের লোকেরা একত্র বাস করিয়া কর্ম্ম করিলে তাঁহাদের ফী লাঘব করিবার বিধি।

(৪) এই আইনমতে যাঁহাদের টাক্স লাগে, ব্যক্তিবিশেষের কি শ্রেণীবিশেষের স্থলে তাঁহাদের নামে নোটিস দিবার বিধি।

(৫) এই আইন প্রবল করণ সম্পর্কীয় সকল বিষয়ে কার্য্যকারকদের কার্য্যপদ্ধতি দেখাইবার বিধি ইতি।

SCHEDULE A.

Tax on Trades, Dealings, and Industries applicable throughout the Territories subject to the Lieutenant-Governor of Bengal with the exception of the Town of Calcutta

	Rs
Class I—Every joint-stock company, and every merchant, banker, wholesale dealer and commission agent, large manufacturer, professional money-lender, shipmaster, and mill or screw-owner	200
Class II.—Every person engaged in trade or commerce, who shall be adjudged by the Collector to be a retail trader of the *first class*	100
Class III—Every person engaged in trade or commerce, who shall be adjudged by the Collector to be a retail trader of the *second class*	32
Class IV—Every person engaged in trade or commerce, who shall be adjudged by the Collector to be a retail trader of the *third class*	10
Class V—Every person carrying on any trade, dealing, or industry within any first class municipality, and not taxed under any of the foregoing classes	4
Class VI—Every person carrying on any trade, dealing, or industry within any second class municipality, station, or union, and not taxed under any of the foregoing classes	2
Class VII.—Every person carrying on any trade, dealing, or industry outside the limits of any municipality, station, or union, and not taxed under any of the foregoing classes (including every itinerant petty vendor and petty artizan of any kind)	1

A তফসীল।

কলিকাতা নগরভিন্ন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত তাবদ্দেশে ব্যবসায় ও কারবার ও শিল্পকর্ম্মের উপর যে টাক্স লাগিবে তাহার কথা।

	টাকা।
১ প্রথম শ্রেণী।—প্রত্যেক জাইণ্ট ষ্টাক কোম্পানি ও প্রত্যেক সওদাগর ও ব্যাঙ্কর ও থোকে বিক্রেতা ও দালাল ও বহু দ্রব্য নির্ম্মাতা ও টাকা কর্জ্জ দেওনের ব্যবসায়ী ও জাহাজের স্বামী ও কলের কি ইসক্রুর স্বামী ...	২০০৲
২ দ্বিতীয় শ্রেণী।—বাণিজ্য বা ব্যবসায়ে নিযুক্ত যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব প্রথম শ্রেণীর খুজরা বিক্রেতা বলিয়া ধরেন	১০০৲
৩ তৃতীয় শ্রেণী।—বাণিজ্য বা ব্যবসায়ে নিযুক্ত যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব দ্বিতীয় শ্রেণীর খুজরা বিক্রেতা বলিয়া ধরেন	৩২৲
৪ চতুর্থ শ্রেণী।—বাণিজ্য বা ব্যবসায়ে নিযুক্ত যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব তৃতীয় শ্রেণীর খুজরা বিক্রেতা বলিয়া ধরেন	১০৲
৫ পঞ্চম শ্রেণী।—প্রথম শ্রেণীর কোন মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত কোন শ্রেণীমতে টাক্স ধার্য্য হয় নাই	৪৲
৬ ষষ্ঠ শ্রেণী।—দ্বিতীয় শ্রেণীর কোন মুনিসিপালিটীর কি নগরের কি গ্রামসমাহারের মধ্যে কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া যে ব্যক্তির টাক্স পূর্ব্বোক্ত কোন শ্রেণীর মধ্যে ধরা যায় নাই	২৲
৭ সপ্তম শ্রেণী।—কোন মুনিসিপালিটীর বা নগরের বা গ্রামসমাহারের সীমার বাহিরে কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া যে ব্যক্তির টাক্স পূর্ব্বোক্ত কোন শ্রেণীর মধ্যে ধরা যায় নাই (ইহাদের মধ্যে যাহারা ফেরি করিয়া ক্ষুদ্র২ বিষয় বিক্রয় করে তাহাদিগকে ও কোন প্রকারের ক্ষুদ্র কারিগরকেও ধরিতে হইবে) ...	১

SCHEDULE B

Tax on Trades, Dealings and Callings applicable only in the Town of Calcutta

Class I—Every joint-stock company, every merchant, banker, shroff, banian, wholesale trader, commission agent, builder, contractor, carrying company, owner or farmer of hauts and bazars, owner of cotton, jute, hide, or other screws, and auctioneer — 200

Class II—Every broker or dalal employed in the wholesale transfer or purchase of imports or exports, country produce, silk, or other merchandise, every broker or dealer in precious stones, houses, landed property, Government securities, shares, and bills of exchange, and every freight broker — 100

Class III—Every person included in Class II of the third Schedule of Bengal Act IV of 1876, not taxed under Class I above — 50

Class IV—Every person included in Class III of the third Schedule of Bengal Act IV of 1876 not taxed under Class II above — 25

Class V—Every person included in Class IV of the third Schedule of Bengal Act IV of 1876 — 12

Class VI—Every person carrying on any trade, dealing, or industry not taxed under any of the foregoing classes. — Rs 4, Rs 2 or Re 1 as may be determined by the Commissioners on consideration of his means and circumstances.

N B 1 – The following persons are those referred to in class VI, viz —

(A) All persons included under *Class II* of the census tables of 6th April 1876

B তফসীল।

কেবল কলিকাতা নগরের মধ্যে ব্যবসায় ও কারবার ও শিল্পকর্ম্মের উপর যে টাক্স লাগিবে তাহার কথা।

টাকা।

১ প্রথম শ্রেণী।—প্রত্যেক জাইন্ট ষ্টাক কোম্পানি ও প্রত্যেক সওদাগর ও ব্যাঙ্কর ও পোদ্দার ও বণিক ও থোকে বিক্রেতা ও কমিশ্যন এজেন্ট ও গৃহনির্ম্মাতা ও কন্ট্রাক্টর ও মাল বহনের কোম্পানি ও হাটের ও বাজারের স্বামী কি ইজারদার ও তুলার কি পাটের কি চর্ম্মের কি অন্য দ্রব্যের ইসক্রুর স্বামী, ও প্রত্যেক নীলামকারক .. ২০০

২ দ্বিতীয় শ্রেণী।—যে দালাল আমদানী কি রফ্তানী দ্রব্য কি দেশজাত দ্রব্য কি রেশমপ্রভৃতি বণিকদ্রব্য মোটে হস্তান্তর কি ক্রয়করণ কার্য্যে নিযুক্ত থাকেন ও প্রত্যেক জন দালাল অর্থাৎ যাঁহারা মণিমুক্তাদি ও গৃহাদি ও ভূসম্পত্তি ও কোম্পানির কাগজ ও শ্যার ও বিল অফ এক্সচেঞ্জ লইয়া ব্যবসায় করেন, কি জাহাজে মাল রফ্তানী করিবার ভাড়ার নিয়ম করেন এমত প্রত্যেক দালাল ১০০

৩ তৃতীয় শ্রেণী।—১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের দ্বিতীয় শ্রেণীর মধ্যে গণ্য হইয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত প্রথম শ্রেণীমতে টাক্স ধার্য্য হয় নাই ৫০

৪ চতুর্থ শ্রেণী।—১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য হইয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত দ্বিতীয় শ্রেণীমতে টাক্স ধরা যায় নাই ২৫

৫ পঞ্চম শ্রেণী।—যে প্রত্যেক ব্যক্তি ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের চতুর্থ শ্রেণীতে গণ্য .. ১২

৬ ষষ্ঠ শ্রেণী।—কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিলেও যে প্রত্যেক ব্যক্তির পূর্ব্বোক্ত কোন শ্রেণীমতে টাক্স ধার্য্য হয় নাই— কমিশ্যনরেরা প্রত্যেক জনের সঙ্গতি ও অবস্থার বিবেচনায় ৪৲ কি ২৲ কি ১৲ টাকা যত ধরিতে স্থির করেন তত।

মন্তব্য।—উক্ত ৬ ষষ্ঠ শ্রেণীর মধ্যে নিম্নলিখিত ব্যক্তিরা গণ্য,—

(ক) ১৮৭৬ সালের ৬ আপ্রিলের লোকসংখ্যা গ্রহণের টেবিলে দ্বিতীয় শ্রেণীর মধ্যে গণ্য যে ব্যক্তিরা

who are not, strictly speaking, *professional persons*

(B) All persons included under *Class III* of the census tables who are not *domestic or private servants*

(C) All persons included under *Class IVB* of the census tables who are not persons engaged in *agriculture*

(D) All persons included in *Class V* of the census tables (*persons engaged in commerce and trade*), and not taxed under any other class of this Schedule, excepting only persons in service, also

(E) All persons included in *Class VI* of the census (*persons employed in mechanical arts, manufactures and engineering operations, and in the sale of goods, manufactured or prepared for consumption*), and not taxed under any other class of this Schedule, excepting only labourers and others dependent entirely upon service or daily wages, not being artizans

NOTE — A person who carries on several kinds of business, and may come under more than one of the designations in this schedule, shal be chargeable only under one of such designations at the discretion of the Commissioners, and in the case of a firm consisting of two or more persons, payment by any one of such persons shall be considered payment by the firm

প্রকৃত প্রস্তাবে বিদ্যাঘটিত বৃত্তি না চালান তাঁহারা।

(খ) লোকসংখ্যা গ্রহণের টেবিলের তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য যে ব্যক্তিরা ঘরের কি বিশেষ ব্যক্তিদের চাকর নয় তাহারা।

(গ) লোকসংখ্যা গ্রহণের টেবিলের ৪ থ শ্রেণীর মধ্যে গণ্য যে ব্যক্তিরা কৃষিকর্ম্ম না করে তাহারা।

(ঘ) বাণিজ্য ব্যবসায়ে নিযুক্ত ব্যক্তি বলিয়া লোকসংখ্যা গ্রহণের টেবিলের ৫ শ্রেণীর মধ্যে গণ্য যে ব্যক্তিদের উপর এই তফসীলের অন্য কোন শ্রেণীমতে টাক্স ধার্য্য হয় নাই তাহারা। কেবল যাহারা চাকরী করে তাহারা গণ্য নয়।

(ঙ) শিল্পবিদ্যাঘটিত ও দ্রব্য নির্ম্মাণ ও কলসম্পর্কীয় কার্য্যে ও সাধারণের ব্যবহারার্থে নির্ম্মিত বা প্রস্তুত দ্রব্য বিক্রয়ের কার্য্যে নিযুক্ত ব্যক্তি বলিয়া লোকসংখ্যা গ্রহণপত্রের ৬ ষষ্ঠ শ্রেণীর মধ্যে গণ্য যে ব্যক্তিদের উপর এই তফসীলের অন্য কোন শ্রেণীমতে টাক্স ধার্য্য হয় নাই তাঁহারা। কিন্তু মজুরেরা, ও কারিগরভিন্ন যাহারা কেবল চাকরী করিয়া কি রোজ খাটিয়া খায় তাহাদিগকে ধরা যাইবে না।

মন্তব্য।—যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত দুই কি তাহার অধিক প্রকারের ব্যবসায় করিয়া এই তফসীলের নির্দ্দিষ্ট দুই কি তদধিক নামে খ্যাত হইতে পারে, তবে কমিশ্যনরদের বিবেচনামতে উক্ত কোন এক খ্যাতি অনুসারে তাহার উপর টাক্স ধার্য্য হইতে পারিবে। ব্যবসায়ের যে কুঠীতে দুই কি তদধিক জন অংশী থাকেন তাঁহাদের কোন এক জন ঐ টাক্স দিলেই কুঠির দ্বারা টাক্স দেওয়া গেল বলিয়া বোধ হইবে।

STATEMENT OF OBJECTS AND REASONS

THE Government of Bengal has been called upon to pay annually a sum of thirty lakhs of rupees to the Government of India, to enable that Government to make provision for defraying expenditure incurred or to be incurred on account of famine relief

The Local Government proposes, with the sanction of the Government of India, to raise this sum by means of a general license tax on trades, dealings and industries throughout the Lower Provinces

The 29th December 1877

A MACKENZIE

W E H FORSYTH,
Offg Asst Secy to the Govt of Bengal,
Legislative Department

অভিপ্রায়ের ও হেতুর বর্ণন।

দুর্ভিক্ষকালীন প্রপীড়িত ব্যক্তিদের উপকারার্থে যে টাকা ব্যয় হইয়াছে বা হইবার সম্ভাবনা তাহার শোধার্থে ভারতবর্ষের গবর্ণমেণ্ট বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকট বৎসর২ ত্রিশ লক্ষ টাকা চাহিয়াছেন।

স্থানীয় গবর্ণমেণ্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক বঙ্গপ্রভৃতি দেশের সকল ব্যবসায় ও কারবার ও শিল্প কর্ম্মের উপর সাধারণ লাইসেন্স টাকস বসাইয়া ঐ টাকা তুলিবার প্রস্তাব করিলেন।

১৮৭৭ সাল ২৯ ডিসেম্বর।

এ, মাকেঞ্জি।
ডবলিউ, ই, এচ, ফরসাইথ,
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ জানুয়ারি।]

The following report of a Select Committee, with the Bill as amended by them, is published for general information —

We the undersigned Members of the Council of the Lieutenant-Governor of Bengal to whom the Bill "to extend the provisions of Bengal Act VII of 1873 (the Labor Districts Emigration Act) to the district of Chittagong and to the Chittagong Hill Tracts" was referred, have the honor to make the following report —

The only substantial alteration that we have made in the Bill is in Section 3, now Section 4 As the laborers now serving in the district of Chittagong and the Chittagong Hill Tracts have not been conveyed there under contracts, but have contracted subsequent to their arrival, we have changed the wording of the section accordingly

We recommend that the Bill as amended be passed

A MACKENZIE
G. C PAUL
H F BROWN
F JENNINGS

The 4th January 1878

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের সংশোধিত আইনের পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

"মজুরী করিবার জিলায় গমনবিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইন চট্টগ্রাম জিলায় ও চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে প্রচলিত করিবার আইনের পাণ্ডুলিপি" বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের মন্ত্রিসভার অন্তর্গত আমাদের প্রতি অর্পিত হওয়াতে, আমরা এই রিপোর্ট করিলাম।

ঐ পাণ্ডুলিপির ৩ ধারায় অর্থাৎ এই পাণ্ডুলিপির ৪ ধারায় এক মাত্র গুরুতর বিষয়ের পরিবর্ত্তন করিলাম। চট্টগ্রাম জিলায় ও চট্টগ্রামের পর্ব্বতীয় দেশে যে মজুরেরা এইক্ষণে কর্ম্ম করিয়া থাকে তাহাদিগকে কোন চুক্তিক্রমে সেই স্থানে আনা যায় নাই, পঁহুছিলে পর তাহারা কর্ম্ম করিবার চুক্তি করিয়াছে, এই হেতুক ঐ ধারার কএকটি কথা পরিবর্ত্তন করিলাম।

পাণ্ডুলিপি যেন এই প্রকারে সংশোধন করিয়া বিধিবদ্ধ করা যায় আমাদের এই পরামর্শ।

এ মাকেঞ্জি।
জি সি পাল।
এচ এফ ব্রৌন।
এফ জেনিঙ্গস।

১৮৭৮ সাল ৪ জানুয়ারি।

AMENDED BILL

A Bill to extend the provisions of Bengal Act VII of 1873 (the Labor Districts Emigration Act) to the district of Chittagong and to the Chittagong Hill Tracts

Preamble

WHEREAS it is expedient to extend the provisions of Bengal Act VII of 1873 (the Labor Districts Emigration Act) to the district of Chittagong and to the Chittagong Hill Tracts It is hereby enacted as follows —

Commencement of Act

1 This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor General

সংশোধিত পাণ্ডুলিপি।

মজুরী করিবার জিলায় গমন বিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইন চট্টগ্রাম জিলায় ও চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে প্রচলিত করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

মজুরী করিবার জিলায় গমনবিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইন চট্টগ্রাম জিলায় ও চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে প্রচলিত করা বিহিত, এই কারণে এই২ বিধান করা যাইতেছে।

এই আইন প্রচলিত হওয়ার সময়ের কথা।

১ ধারা। এই আইন শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল হইবে ইতি।

2. For the third paragraph of section 3 of Bengal Act VII of 1873 the following shall be substituted

Amendment of section 3 of Bengal Act VII of 1873.

"The labor districts" mean the districts of Assam, Cachar, Sylhet, Chittagong, and the Chittagong Hill Tracts, and "a labor district" means any one of those districts.

"Labor districts"

3. For the words "the districts of Assam, Cachar, and Sylhet," in Schedules C and D of the said Act the words "Assam, Cachar, Sylhet, Chittagong, and the Chittagong Hill Tracts" shall be substituted

Amendment of Schedules C and D

4. The provisions of Part III of the said Act shall be deemed to extend to all laborers who at the time of the commencement of this Act shall be serving in the district of Chittagong or the Chittagong Hill Tracts in accordance with any contracts to labor, provided that they have been conveyed to the said districts at the expense of their employers

Part III of Bengal Act VII of 1873 to extend to existing contracts

W E H FORSYTH,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department

২ ধারা। ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনের ৩ ধারার তৃতীয় প্রকরণের পরিবর্ত্তে এই ধারা পাঠ করিতে হইবে।

১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনের ৩ ধারা সংশোধন করিবার কথা।

"মজুরী করিবার জিলা" এই কথাতে আসাম ও কাছাড় ও ছিলট ও চট্টগ্রাম জিলা ও চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ জানিতে হইবে, ও "মজুরী করিবার কোন জিলা" শব্দে উক্ত সকল জিলার মধ্যে কোন জিলা জানিতে হইবে ইতি।

"মজুরী করিবার জিলা।"

৩ ধারা। উক্ত আইনের C তফসীলে ও D তফসীলে "আসাম ও কাছাড় ও ছিলট জিলায়" এই২ শব্দের পরিবর্ত্তে "আসাম ও কাছাড় ও ছিলট ও চট্টগ্রাম জিলায় ও চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে" এই২ শব্দ প্রয়োগ করিতে হইবে ইতি।

C ও D চিহ্নিত তফসীল সংশোধনের কথা।

৪ ধারা। যে সকল মজুর চট্টগ্রাম জিলায় ও চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে মুনিবদের খরচে প্রেরিত হইয়া, এই আইন প্রচলিত হওন সময়ে মজুরী করিবার কোন চুক্তি অনুসারে তথায় কর্ম্ম করে, তাহাদের প্রতি উক্ত আইনের তৃতীয় অধ্যায়ের বিধান খাটে এমত জ্ঞান হইবে ইতি।

যে২ চুক্তি প্রবল আছে তৎপ্রতি ১৮৭৩ সালের ৭ আইনের ৩ অধ্যায় প্রচলিত করিবার কথা।

ডবলিউ, ই, এচ, ফরসাইথ,
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 15, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ১৫ জানুয়ারি।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

৮০ তোলার সেরের হি

নম্বর	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			কঙ্গু ও বাজরা।			চোলম ও জোয়ার।			রাগী মাড়ুয়া ও চীন	
		এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ
	পূর্ব্বদিকস্থ জিলা।																				
		সের	সে	সের	সের	সের	সের	সের	সে	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১০	ঢাকা	৷১৷৶ ঙ	৷২৷	৪৷৷	৸২	৸২	৸৭৷৷	১৶- ৫৷	৷৪৷	৷৩৷৷- ৷৫	৷৭৷৷৶	৷৭ ৶	৷৮								
১৮	ফরীদপুর	৷৪ চ	৪	৷৪			৸০	৮	৶৯	৷০	৷৫	৷৬	৷০								
১৯	বাকরগঞ্জ							৷৪	৷৪	'৫	৷৭	৷৭	৷৭								
২	ময়মনসিংহ	ণ ৷০ ত	৷০	৷৪				৷৪	৷৪	৷৷০	৫৸	৬	৷৷৫								
২১	চট্টগ্রাম	৶৯ থ	৶৯	০				৷২	৶৯৷৷	৷১	'৮	'৮	৷৭								
২২	নওয়াখালী							৷২	৷২	৷৪	'৮	৷৯	৷০								
No. 19 —*Transfer* —Baboo Sreeram Chunder Dutt, Overseer, Third Grade, from the Mozufferpore to the Patna Division, which he joined on the 26th December 1877, afternoon, in the interests of the public service.

J. E T. NICOLLS, *Major-Genl*, R.E.,
Secy to the Govt of Bengal, in the P. W D.

[*Government Gazette, 29th January* 1878]

বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ২১ জানুয়ারি।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্যকরত তিনি, রঙ্গপুর জিলার অন্তর্গত ডোমারের মুনসেফ শ্রীযুত মৌলবী আবুল মনসুরকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রদান করিলেন। তিনি স্বীয় মুনসেফী বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানে উক্ত ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ২২ জানুয়ারি।—যিনি যে সময়ে নাটর মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ থাকেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাঁহাকে পাবনা ও রাজসাহী ও বগুড়া জিলার রেলওয়ে বিষয়ক ১৮৫৪ সালের ১৮ আইনমতে দণ্ডনীয় অপরাধের এবং পাবনা ও বগুড়া জিলার দণ্ডবিধির আইনের ১৬ ও ১৭ অধ্যায়ের নির্দ্দিষ্ট ও ঐ ২ অধ্যায়মতে দণ্ডনীয় অপরাধের বিচার করণার্থে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪২ ধারার বিধানমতে প্রথম শ্রেণীর বিশেষ মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত করিলেন।

যিনি যে সময়ে নেলফামারী মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ হন তিনি দিনাজপুর ও রঙ্গপুর জিলায় ১৮৫৪ সালের ১৮ আইনমতে দণ্ডনীয় অপরাধের এবং দিনাজপুর জিলায় দণ্ডবিধির আইনের ১৬ ও ১৭ অধ্যায়ের নির্দ্দিষ্ট ও ঐ২ অধ্যায়মতে দণ্ডনীয় অপরাধের বিচার করণার্থে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪২ ধারামতে প্রথম শ্রেণীর বিশেষ মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত কার্য্যকারকদিগকে জলপাইগুড়ি জিলায় ১৮৫৪ সালের ১৮ আইনমতে দণ্ডনীয় অপরাধের এবং কুচবিহার ষ্টেটে দণ্ডবিধির আইনের ১৬ ও ১৭ অধ্যায়ের নির্দ্দিষ্ট ও ঐ২ অধ্যায়মতে দণ্ডনীয় অপরাধের বিচার করণার্থে ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনের ৪২ ধারামতে প্রথম শ্রেণীর বিশেষ মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত করিলেন।

১। ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ রায়।

২। একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর, রিকেটস সাহেব।

৩। একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায়।

জলপাইগুড়ির ডেপুটী কমিশ্যনর সাহেব ১৮৫৪ সালের ১৮ আইনমতে দণ্ডনীয় অপরাধের এবং দণ্ডবিধির আইনের ১৬ ও ১৭ অধ্যায়ের নির্দ্দিষ্ট ও ঐ২ অধ্যায়মতে দণ্ডনীয় অপরাধের বিচার করণার্থে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৪২ ধারামতে কুচবিহার ষ্টেটে প্রথম শ্রেণীর বিশেষ মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইলেন।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক।

১৮৭৮ সাল ১৫ জানুয়ারি।

১৬ নম্বর।—ছুটী।—দিনাজপুর খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু গিরীশচন্দ্র রুদ্র সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৮ সালের ১০ জানুয়ারি অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৮ সাল ২১ জানুয়ারি।

১৭ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর ওবরসিয়র সর্জেণ্ট শ্রীযুত জে, গ্রে, সাহেব, ১৮৭৮ সালের ৭ জানুয়ারির পূর্ব্বাহ্নে নদীয়ার নদীখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮ নম্বর।—... নবীনচন্দ্র বিশ্বাস ... হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৭ সালের ৩০ ডিসেম্বরের পূর্ব্বাহ্নে উড়িষ্যা খণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

১৯ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু শ্রীরামচন্দ্র দত্ত রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে মজফরপুর খণ্ডহইতে পাটনাখণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৭ সালের ২৯ ডিসেম্বরের অপরাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৭ সালের ৭ সেপ্টেম্বরের ২৩৫ নং বিজ্ঞাপন।

জে, ই, টি, নিকলস, মেজর-জেনরল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের সেক্রেটরী।

IRRIGATION.

NOTIFICATIONS —ESTABLISHMENT.

Dated 16th January 1878

No 4 —Postings —Mr. A J Oldham, Assistant Engineer, Second Grade, having reported his return from Madras Famine Relief Works, is posted to the Gunduck Division of the South-Western Circle

Dated 17th January 1878

No 5 —Mr R A Oldham, Executive Engineer, Third Grade (temporary rank), having reported his return from Madras Famine Relief Works, is posted to the South-Western Circle

Dated 21st January 1878

No 7 —Leave —Serjeant M Doyle, Supervisor, Second Grade, Arrah Division, is granted privilege leave for one month, under Section 12, Supplement F, of the Civil Leave Code, which he availed himself of on the forenoon of the 2nd instant

No 8 —Notification —Mr T R Buxton, Temporary Supervisor, Second Grade, who availed himself on the 5th July last of the six months' sick leave granted him in the orders marginally noted, rejoined the Brahminee-Byturnee Division on the afternoon of the 3rd instant

No 334, dated 11th October 1877

No 9 —Posting —Serjeant O J Clarke, Supervisor, Second Grade, who reported his return from Madras Famine Relief Works to the Superintending Engineer, Sone Circle, on the afternoon of the 14th instant, is posted to the Eastern Sone Division

No 10 —Leave —This Department Notification No 286, dated 10th September 1877, cancelling the Notification marginally noted, in which Colonel G A Searle, M S C, Executive Engineer, First Grade, was granted three months' privilege leave, is hereby cancelled, and Colonel Searle is allowed to avail himself of the three months' privilege leave from the date of his being relieved of famine duties by the Madras Government

No 264, dated 28th August 1877

No 11 —Declarations —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for an escape channel for the Bihia Branch Canal, it is hereby declared that for the above purpose a strip of land, parallel to and adjoining the land appertaining to the East Indian Railway, measuring about 1 mile 1 furlong and 60 feet in length, averaging about 70 feet in breadth, and containing 9 acres and 15 poles, more or less, is required within the villages of Jungle Mahal Dawa, Bhingee, and Bella, pergunnah Bihia, zillah Shahabad

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

No 12 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for an escape channel from the Lethan Distributary, it is hereby declared that for the above purpose a strip of land running northerly between the 21st chain of the 17th mile of the said Distributary and the Chir Naddi, and measuring about 7 furlongs and 180 feet long and about 60 feet wide, with an area of 5 acres 3 roods and 36 poles, more or less, is required within the villages of Mowdiha and Silsila, pergunnah Bhojepore, zillah Shahabad

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

No 13 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by [illegible] at the public expense for a public purpose [illegible] declared that a lock and [illegible] Canal at [illegible] 7 [illegible] and 2 biswas, Orissa [illegible] said village of Danpore, pergunnah Assercesser, zillah Cuttack

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

F T HAIG, *Col*, R E,
Joint-Secy. to the Govt of Bengal
in the P W Dept. Irrigation Branch

[*Government Gazette*, 29th *January* 1878]

জলসেচন সম্পর্কীয়,

সিরিশতাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ১৬ জানুয়ারি।

৪ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, ওলডহাম সাহেব, মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া দক্ষিণ-পশ্চিম চক্রেরগণ্ডকখণ্ডে অবস্থিত হইলেন।

১৮৭৮ সাল ১৭ জানুয়ারি।

৫ নম্বর।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, এ, ওলডহাম সাহেব মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া দক্ষিণ-পশ্চিমচক্রে অবস্থিত হইলেন।

১৮৭৮ সাল ২১ জানুয়ারি।

৭ নম্বর।—ছুটী।—আরাখণ্ডের দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সর্জেণ্ট শ্রীযুত এম, ডয়লি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে যে এক মাস অনুগ্রহের ছুটী পান তাহা এই মাসের ২ তারিখের পূর্ব্বাহ্ণে গ্রহণ করিলেন।

৮ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরবাইসর শ্রীযুত টি, আর, বক্সটন সাহেব পীড়াপ্রযুক্ত পার্শ্বলিখিত আজ্ঞামতে যে ছয় মাস ছুটী পান তাহা গত জুলাই মাসের ৫ তারিখে গ্রহণ করিয়া এই মাসের ৩ তারিখের অপরাহ্ণে ব্রাহ্মণী-বৈতরণী খণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ১১ অক্টোবরের ৩৩৪ নং।

৯ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সর্জেণ্ট শ্রীযুত সি, জে, ক্লার্ক সাহেব, মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে প্রত্যাগমন করিয়াছেন সোণ চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের নিকট এই মাসের ৪ তারিখের অপরাহ্ণে ইহার রিপোর্ট করিয়া পূর্ব্ব সোণ খণ্ডে অবস্থিত হইলেন।

১০ নম্বর।—ছুটী।—পার্শ্বলিখিত জ্ঞাপনপত্র রহিতকারি এই কার্য্যবিভাগের ১৮৭৭ সালের ১০ সেপ্টেম্বরের ২৮৬ নং যে জ্ঞাপনপত্রে প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুক্ত জি, এ, সেরল, এম, এস, সি, সাহেবকে তিন মাস অনুগ্রহের ছুটী দেওয়া যায় তাহা এতদ্দ্বারা রহিত করা গেল। মান্দ্রাজের গবর্ণমেণ্ট দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে কর্ণেল শ্রীযুত সেরল সাহেবকে যে তারিখে অবকাশ দেন সেই তারিখ অবধি তিনি উক্ত তিন মাস অনুগ্রহের ছুটী লইবেন।

১৮৭৭ সালের ২৮ আগষ্টের ২৬৪ নং।

১১ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বিহিয়াশাখা খালের জল নির্গত করিবার নালার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত বিহিয়া পরগনার জঙ্গলমহল দাওয়া ও ফিলিঙ্গি ও বেল্লাগ্রামে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের ভূমির সমানুবাল ও তৎসংলগ্ন ১ মাইল ১ যর্ল্লং ও ৬০ ফুট দীর্ঘ ও গড়ে ৭০ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৯ একর ১৫ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১২ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ লেথান জলবিতরণের নালাহইতে জলনির্গত করণের নালা করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত ভোজপুর পরগনার, মৌড়িহা ও সিলসিলা গ্রামে উক্ত জলবিতরণের নালার ১৭ মাইল ২১ চেনের ও চিরনদীর মধ্য দিয়া উত্তরমুখগামি প্রায় ৭ যর্ল্লং ১৮০ ফুট দীর্ঘ ও ৬০ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৫ একর ৩ রুড ৩৬ পোল পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৩ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দাঁপুরে [illegible] আছে। [illegible] বাঁধ করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি [illegible] সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই [illegible] অন্তর্গত আমেরেশ্বর পরগনার উত্ত দাঁপুর গ্রামে উড়িষ্যার মাপের [illegible] পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৯ জানুয়ারি।]

written specification of the time of payment, at or before the time when such instalment is payable according to established usage, shall be held to be an arrear of rent under this Act, and unless otherwise provided by written agreement, shall be liable to interest at six per centum per annum

রীতিমতে কিস্তি যে সময়ে দেনা পড়ে সেই সময়ে কি তাহার পূর্ব্বে না দেওয়া গেলে, এই আইনমতে বাকী বলিয়া জ্ঞান হইবে, ও লিখিত করারমতে অন্য প্রকারের নিয়ম না থাকিলে, ঐ বাকীর উপর বৎসর শতকরা ৬ ছয় টাকার হিসাবে সুদ চলিবে ইতি ।

Liability of ryot to be ejected for arrear due

31. When an arrear of rent remains due from any ryot at the end of the Bengal year, or at the end of the month of Jeth of the Fusly or Sambut or Willayutee year, as the case may be, such ryot shall be liable to be ejected from the land in respect of which the arrear is due, but only in execution of a decree or order passed under the provisions of this Act

বাকীর নিমিত্ত রায়তকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবার কথা ।

৩১ ধারা । বাঙ্গলা সনের শেষে, কিম্বা বিষয়বিশেষে ফসলী কি সম্বৎ কি বিলায়তী সনের জ্যৈষ্ঠ মাসের শেষে কোন রায়তের খাজানা বাকী থাকিলে, যে জমীর ঐ খাজানা বাকী আছে তাহাহইতে রায়তকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে, কিন্তু এই আইনের বিধানমতে ডিক্রী কি হুকুম জারী না করিয়া তাহাকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে না ইতি ।

Liability of farmer to have his lease cancelled for arrear adjudged due

32 When an arrear of rent shall be adjudged to be due from any farmer or other leaseholder not having a permanent or transferable interest in the land, the lease of such leaseholder shall be liable to be cancelled, and the leaseholder to be ejected

Provided that no such lease shall be cancelled nor the leaseholder ejected otherwise than in execution of a decree or order under the provisions of this Act

বিচারমতে ইজারদারের বাকী আছে বলিয়া নির্ণয় হইলে তাহার পাট্টা রহিত হইতে পারিবার কথা ।

৩২ ধারা । ভূমিতে যে ইজারদারের কি অন্য পাট্টাদারের চিরকালীন কিম্বা হস্তান্তরযোগ্য সম্পর্ক না থাকে, বিচারমতে তাঁহার খাজানা বাকী বলিয়া নির্ণয় হইলে, ঐ পাট্টাদারের পাট্টা রহিত করা ও তাহাকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে ।

কিন্তু এই আইনের বিধানমতে ডিক্রী কি হুকুম জারী না হইয়া পাট্টা রহিত করা কি পাট্টাদারকে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে না ইতি ।

Measurement of lands

33 When rent is payable by an under-tenant or ryot at a certain rate or rates according to the quantity of land held or cultivated by him, or when any written engagement conditioned for the payment of a certain amount of rent on account of land held or cultivated by an under-tenant or ryot has expired or become cancelled by the sale for arrears of revenue or rent of the estate or tenure in which the land is situate, the person to whom the rent is payable has a right to measure such land for the purpose of ascertaining the quantity of land actually held or cultivated by such under-tenant or ryot, and every proprietor of an estate or tenure has a right to make a general survey or measurement of the lands comprised in such estate or tenure, unless restrained from doing so by express engagement with the occupants of the lands

জমী মাপিবার কথা ।

৩৩ ধারা । পেটাও প্রজা কি রায়ত যত জমী ভোগ কি চাষ করেন তদনুসারে তাহার হারহারিমতে খাজানা দিতে হইলে, কিম্বা পেটাও প্রজার কি রায়তের ভোগ কি চাষ করা জমীর নিমিত্ত নির্দ্ধারিত খাজানা দিবার করারনামা থাকিলেও তাহার মিয়াদ ফুরাইলে, কিম্বা জমা যে মহালের কি তালুকের মধ্যে থাকে বাকী রাজস্বের কি খাজানার নিমিত্ত তাহা বিক্রয় হওয়াতে সেই করার রহিত হইলে, ঐ পেটাও প্রজা কি রায়ত ঠিক যত জমী ভোগ কি চাষ করিতেছে ইহা নিশ্চয়মতে জানিবার জন্যে, খাজানা যে ব্যক্তিকে দেওয়া গিয়া থাকে তাঁহার ঐ জমী মাপ করিবার অধিকার আছে । এবং ভূমির দখিলকারদের সঙ্গে স্পষ্ট একরার ক্রমে বাধা না হইয়া থাকিলে, মহালের কি তালুকের অন্তর্গত জমার সাধারণমতে জরাপ কি মাপ করিতে ঐ মহালের কি তালুকের প্রত্যেক অধিকারির স্বত্ব আছে ।

If any person intending to measure any land which he has a right to measure is opposed in making such measurement by the occupant of the land, or if any under tenant or ryot, having received notice of the intended measurement of land held or cultivated by him which is liable to such measurement, refuses to attend and point

যে ব্যক্তির কোন ভূমি মাপ করিবার স্বত্ব আছে তিনি তাহা করিতে মনস্থ করিলে যদি ভূমির দখীলকার তাঁহার সেই মাপ করণ কার্য্যের বাধা দেয়, কিম্বা কোন পেটাও প্রজার কি রায়তের ভোগ কি চাষ করা জমী মাপ হইবার যোগ্য হইলে ও মাপ করিবার কল্পনা আছে এই মর্ম্মের নোটিস পাইলে তিনি যদি হাজির হইয়া ঐ জমী দেখাইয়া দিতে অস্বীকার করেন, তবে

out such land, such person may make application to the Deputy Commissioner, and the Deputy Commissioner shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under this Act, and shall pass an order either allowing or disallowing the measurement, and, if the case so require, enjoining or excusing the attendance of any such under-tenant or ryot

If any under-tenant or ryot, after the issue of an order enjoining his attendance, neglects to attend, it shall not be competent to him to contest the correctness of the measurement made in his absence

34 All dependent talookdars and other persons possessing a permanent heritable interest in land intermediate between the zemindar and the cultivator are required to register, in the sherishteh of the zemindar or superior tenant to whom the rents of their talooks or tenures are payable all transfers of such talooks or tenures, or portions of them, by succession or inheritance And every zemindar or superior tenant is required to admit to registry and otherwise give effect to all such transfers Application for the registration of all such successions as may have occurred previously to the commencement of this Act shall be made within two years from the commencement thereof, and for future successions within one year from the date on which the succession occurred and if such application be not made within the period herein specified, the zemindar or superior tenant may apply to the Deputy Commissioner to put him in possession of the talook or tenure

Registry of transfers of talooks, &c

On receipt of such an application the Deputy Commissioner shall issue a notice to the talookdar or tenure-holder in possession requiring him to register the transfer within three months from the receipt of the notice, and if he should still neglect or refuse so to register, the Deputy Commissioner, on proof to his satisfaction being given of the service of the notice, may put the zemindar or superior tenant aforesaid in possession of the talook or tenure

35 The provisions of the last preceding section shall also be applicable to transfers by sale of such undertenures as are mentioned in section 127

36 If any zemindar or superior tenant refuse to admit to registry or otherwise to give effect to any such transfer by succession, the successor may make application to the

Procedure on refusal to register

উক্ত ব্যক্তি ডেপুটী কমিশ্যনরের নিকট দরখাস্ত করিতে পারিবেন। তাহা করিলে ডেপুটী কমিশ্যনর এই আইনমত মোকদ্দমার বিধানানুসারে সেই বিষয়ের তদারক করিয়া ঐ জমী মাপ করিবার বা না করিবার আজ্ঞা দিবেন, ও প্রয়োজন হইলে ঐ পেটাও প্রজার কি রায়তের হাজির হইবার আজ্ঞা করিবেন বা তাহা ক্ষমা করিবেন।

হাজির হইবার হুকুমজারী হইলে পর যদি পেটাও প্রজা কি রায়ত হাজির না হন, তবে তিনি হাজির না থাকিতে জমীর মাপ হইলে পর তিনি তাহার দোষ দেখাইয়া আপত্তি করিতে পারিবেন না ইতি।

৩৪ ধারা। সকল মফঃসলী তালুকদারের প্রতি, ও জমীদারের এবং চাষির মধ্যবর্ত্তি অন্য যে ব্যক্তিরা ভূমিতে চিরকালীন ও পুত্রপৌত্রাদি ক্রমে ভোগ্য সম্পর্ক প্রাপ্ত হন তাঁহাদের প্রতি এই আদেশ থাকিল যে, ঐ তালুক কি ভূসম্পর্ক কি তাহার কোন অংশ উত্তরাধিকারির কি পুত্রাদির হস্তগত করা গেলে জমীদারের সিরিশতায় কিম্বা ঐ তালুকের কি ভূমির খাজানা উপরিস্থ যে প্রজাকে দিয়া থাকেন তাঁহার সিরিস্তায় ঐ সকল হস্তান্তর কার্য্য রেজিস্টরী করাইয়া দেন। ও প্রত্যেক জমীদারের কি উপরিস্থ প্রজার প্রতি এই আদেশ থাকিল যে, তাঁহারা ঐ সকল হস্তান্তরকার্য্য রেজিস্টরী করিয়া লন ও প্রকারান্তরে তাহা প্রবল করেন। তদ্রূপে যে সকল ভূমি এই আইন প্রচলিত হওয়ার পূর্ব্বে উত্তরাধিকারির হস্তগত করা যায়, এই আইন প্রচলিত হওয়ার পর দুই বৎসরের মধ্যে তাহা রেজিস্টরী করিবার প্রার্থনা করিতে হইবে। ও ইহার পরে উত্তরাধিকারির হস্তগত হওনের তারিখ অবধি এক বৎসরের মধ্যে তাহা রেজিস্টরী করিতে হইবে। ও এই ধারার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্টরী করিবার প্রার্থনা না হইলে, জমীদার কি উপরিস্থ প্রজা ডেপুটী কমিশ্যনরের নিকট ঐ তালুকের কি ভূমির দখল পাইবার প্রার্থনা করিতে পারিবেন।

তালুক প্রভৃতি হস্তান্তর হইলে তাহা রেজিষ্টরী করিবার কথা।

ডেপুটী কমিশ্যনর সেই প্রকারের প্রার্থনাপত্র পাইলে, ভূমি যে তালুকদারের কি ভূমিভোগির দখলে থাকে তাঁহার নামে নোটিস জারী করিয়া, ঐ নোটিস পাইবার পর তিন মাসের মধ্যে ঐ হস্তান্তর কার্য্য রেজিস্টরী করিতে আজ্ঞা দিবেন। তাহা হইলেও তিনি রেজিস্টরী করিতে শৈথিল্য কি অস্বীকার করিলে, ঐ নোটিস যে তাঁহাকে দেওয়া গেল ডেপুটী কমিশ্যনর স্ববোধমতে ইহার প্রমাণ পাইলে, ঐ জমীদারকে কি উপরিস্থ তালুকদারকে ঐ তালুকের কি ভূসম্পর্কের দখল দেওয়াইতে পারিবেন ইতি।

৩৫ ধারা। ১২৭ ধারায় যে পেটাও তালুকের কথা আছে তাহা বিক্রয় করিয়া হস্তান্তর করা গেলে তাহারও প্রতি ইহার পূর্ব্ব ধারার বিধান খাটে ইতি।

৩৬ ধারা। কোন জমীদার কি উপরিস্থ প্রজা উত্তরাধিকারক্রমে ভূমির তদ্রূপ হস্তান্তর কার্য্য রেজিস্টরী করিতে কি প্রকারান্তরে প্রবল করিতে অস্বীকার

রেজিষ্টরী করিতে অস্বীকার হইলে কার্য্যপ্রণালীর কথা।

Deputy Commissioner, and the Deputy Commissioner shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under this Act, and if no sufficient grounds are shown for the refusal, shall pass an order enjoining the zemindar or superior tenant to admit to registry and otherwise give effect to such transfer by succession

Provided that no zemindar or superior tenant shall be required to admit to registry or give effect to any division or distribution of the rent payable on account of any such tenure, as is mentioned in section 34, nor shall any such division or distribution of rent be valid and binding without the consent in writing of the zemindar or superior tenant

Cognizance of suits under this Act

37 1 All suits for the delivery of pottahs or kubooliyets, or for the determination of the rates of rent at which such pottahs or kubooliyets are to be delivered,

2 all suits for damages on account of the illegal exaction of rent or of any unauthorized cess or impost, or on account of the refusal of receipts for rent paid, or on account of the extortion of rent by confinement or other duress,

3 all complaints of excessive demand of rent, and all claims to abatement of rent,

4 all suits for arrears of rent due on account of land either rent-paying or rent-free, or on account of any rights of pasturage, forest-rights, fisheries, or the like,

5 all suits to eject any ryot or to cancel any lease on account of the non-payment of arrears of rent, or on account of a breach of the conditions of any contract by which a ryot may be liable to ejectment, or a lease may be liable to be cancelled,

6 all suits to recover the occupancy or possession of any land, farm, or tenure, from which a ryot, farmer, or tenant has been illegally ejected by the person entitled to receive rent for the same,

7 All suits by zemindars and others in receipt of the rent of land, against any agents employed by them in the management of land or collection of rents, or the sureties of such agents, for money received or accounts kept by such agents in the course of such employment, or for papers in their possession,

করিলে, ঐ উত্তরাধিকারী ডেপুটী কমিশ্যনরের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা করিলে, ডেপুটী কমিশ্যনর এই আইনমত মোকদ্দমার বিধান অনুসারে ঐ বিষয়ের তদারক করিবেন, ও অস্বীকার করণের কোন বিশিষ্ট কারণ দেখান না গেলে, জমীদারের কি উপরিস্থ প্রজার নামে হুকুম জারী করিয়া উত্তরাধিকারক্রমে সেই হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করিতে ও প্রকারান্তরে তাহা প্রবল করিতে আজ্ঞা দিবেন।

কিন্তু ৩৪ ধারার লিখিত ভূসম্পর্কের যে খাজানা দেওয়া গিয়া থাকে কোন জমীদারের কি উপরিস্থ প্রজাদের প্রতি সেই খাজানার কোন বিভাগ কি বণ্টন কার্য্য রেজিষ্টরী কি প্রবল করিতে আজ্ঞা হইবে না, ও জমীদার কি উপরিস্থ প্রজা লিখিয়া অনুমতি না দিলে সেই খাজানার বিভাগ কি বণ্টন কার্য্য সিদ্ধ কি বলবৎ হইবে না ইতি।

এই আইনমত বিচার্য্য মোকদ্দমার কথা।

৩৭ ধারা। ১। পাট্টা কি কবুলিয়ৎ পাইবার মোকদ্দমা, ও খাজানার যে হার ধরিয়া সেই পাট্টা কি কবুলিয়ৎ দিতে হইবে তাহা নির্ণয় করণার্থ মোকদ্দমা,

২। খাজানা কি বিনানুমতির আবওয়াব কি সাযের বেআইনীমতে জোর করিয়া লওয়াতে কিম্বা খাজানা দেওয়া গেলেও কবজ দিতে অস্বীকার হওয়াতে কিম্বা কয়েদ করিয়া কি অন্য প্রকারে আটক রাখিয়া ভয় জন্মাইয়া খাজানা লওয়াতে হানিপূরণের সকল মোকদ্দমা,

৩। অতিরিক্ত খাজানার দাওয়া হেতুক সকল নালিশ, ও খাজানা কমাইয়া দিবার সকল দাওয়া,

৪। সকর বা নিষ্কর জমীর বাবৎ কিম্বা চরাণী জমীর কি বনকর কি জলকর প্রভৃতি স্বত্বের বাবৎ বাকী খাজানার নিমিত্ত সকল মোকদ্দমা,

৫। বাকী খাজানা না দেওয়াপ্রযুক্ত, কিম্বা চুক্তির যে নিয়ম ভঙ্গ হইলে রায়তকে উঠাইয়া দেওয়া যাইতে কি তাহার পাট্টা রহিত করা যাইতে পারে তৎপ্রযুক্ত কোন রায়তকে উঠাইয়া দিবার কি পাট্টা রহিত করিবার সকল মোকদ্দমা,

৬। কোন জমীর কি ইজারার কি তালুকের খাজানা পাইবার অধিকারি ব্যক্তি বেআইনীমতে সেই জমী প্রভৃতিহইতে রায়তকে কি ইজারদারকে কি প্রজাকে উঠাইয়া দিলে ঐ রায়ত প্রভৃতির সেই জমীর দখল বা অধিকার পুনরায় পাইবার সকল মোকদ্দমা,

৭। জমীদারের ও অন্য যে ব্যক্তিরা জমীর খাজানা পাইয়া থাকেন তাঁহারা ভূমির অধ্যক্ষতা করিবার কিম্বা খাজানা আদায় করিবার নিমিত্ত যে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করেন সেই কর্ম্মকারকেরা ঐ কর্ম্মে নিযুক্ত থাকন সময়ে যে টাকা পাইলেন ও যে হিসাব রাখিলেন তাহা কিম্বা তাঁহাদের অধিকারগত কাগজপত্র পাইবার নিমিত্ত ঐ কর্ম্মকারকদের বা তাঁহাদের জামীনদের নামে ঐ জমীদারদের ও ঐ অন্য ব্যক্তিদের সকল মোকদ্দমা,

shall be cognizable by the Deputy Commissioners, and shall be instituted and tried under the provisions of this Act, and shall not be cognizable in any other court, except in the way of appeal as provided in this Act

38 The Deputy Commissioner may, with the consent of the parties concerned, refer any suit under this Act to arbitration, and the provisions of sections 506 to 522 (both inclusive) of the Code of Civil Procedure shall, as far as may be practicable, apply to such references

Power to refer to arbitration

39 In every suit under this Act, of the nature of those specified in the first, second, third, and fourth clauses of section 37 and in applications for enhancement and measurement under sections 22 and 33, any number of ryots or other tenants may sue or be sued collectively, and it shall be no ground for dismissing the suit or refusing to hear the application that such ryots or other tenants are wrongly joined as plaintiffs or defendants, provided that all such ryots or other tenants hold land in the same village,

Suit may be brought by or against any number of ryots collectively

but no order shall be passed in such case, unless the officer making the same is satisfied that all parties have had an opportunity to appear and make objection to any claims preferred against them,

and if at any time it shall appear to the Deputy Commissioner that the question between any two of the parties, of whom one is so joined with others, cannot conveniently be so jointly tried, the Deputy Commissioner may order a separate trial to be held

40 Every order passed in any such case as is mentioned in the first clause of the last preceding section shall specify the extent to which each of the ryots or other tenants named in the order shall be affected thereby

Order to specify how far it applies to each ryot

41 All suits which, under this Act, may be brought by or against zemindars or other persons in the receipt of the rent of land, may be brought by or against surburakars or tuhseeldars of estates held under khas management, whether such estates are the property of Government or of individuals

Suits by or against surburakars or tuhseeldars of estates held khas

ডেপুটী কমিশ্যনরদের বিচার্য্য হইবে, ও এই আইনের বিধানমতে উপস্থিত ও বিচার করা যাইবে, ও এই আইনমতে আপীল না হইয়া অন্য কোন আদালতে বিচার্য্য হইবে না ইতি।

৩৮ ধারা। ডেপুটী কমিশ্যনর উভয় পক্ষের সম্মতি লইয়া এই আইনমত কোন মোকদ্দমা সালিসীতে অর্পণ করিতে পারিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫০৬ অবধি ৫২২ পর্য্যন্ত ধারার বিধান যত দুর বর্ত্তিতে পারে, ততদূর ঐ সালীসী কার্য্যের প্রতি খাটিবে ইতি।

সালিসীতে অর্পণ করিবার ক্ষমতার কথা।

৩৯ ধারা। রাযতেরা কি অন্য প্রজার যত জন হউক একত্র হইয়া এই আইনমতে ৩৭ ধারার প্রথম ও দ্বিতীয় ও চতুর্থ প্রকরণের নির্দ্দিষ্ট কোন মোকদ্দমা, এবং ২২ ও ৩৩ ধারামতে খাজানা বৃদ্ধি ও জমী মাপ করিবার দরখাস্ত উপস্থিত করিতে পারিবেন, ও একত্র ধরিযা তাহাদের নামে উপস্থিত করা যাইতে পারিবে। এবং ঐ সকল রাযত কি অন্য প্রজা যদি একি গ্রামে জমী ভোগ করিয়া থাকেন তবে তাঁহাদিগকে বাদী কি প্রতিবাদি স্বরূপ অন্যাযমতে একত্র ধরা গিযাছে বলিয়া ঐ মোকদ্দমা ডিসমিস করিবার কি দরখাস্ত না শুনিবার কারণ হইবে না।

রায়ত যত জন হউক তাঁহাদের একত্র হইয়া মোকদ্দমা উপস্থিত করিতে কি তাহাদের নামে উপস্থিত হইতে পারিবার কথা।

কিন্তু সকলপক্ষ উপস্থিত হইবার ও তাঁহাদের নামে যে কোন দাওযা থাকে তাহার আপত্তি করিবার সুযোগ পাইযাছেন উক্ত কর্ত্তৃপক্ষ ইহা হৃদ্বোধমতে না জানিলে, তদ্রূপ স্থলে কোন আজ্ঞা করা যাইবে না।

আরো কোন দুইপক্ষের মধ্যে যে বিবাদ হয, অন্যদের সঙ্গে এক পক্ষের সংযুক্ত হওযাতে সেই সংযুক্তভাবে ঐ বিবাদের বিচার সুবিধামতে হইতে পারে না, ডেপুটী কমিশ্যনর কোন সময়ে ইহা দেখিতে পাইলে, তিনি স্বতন্ত্র বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৪০ ধারা। ইহার পূর্ব্ব ধারার প্রথম প্রকরণের নির্দ্দিষ্ট প্রত্যেক মোকদ্দমার যে আজ্ঞা করা যায়, তাহা ঐ আজ্ঞাপত্রের লিখিত প্রত্যেক জন রায়তের কি প্রজার প্রতি যত দূর খাটে, তাহা ঐ আজ্ঞাপত্রে বিশেষ করিয়া লিখিতে হইবে ইতি।

আজ্ঞা প্রত্যেক জন রায়তের প্রতি যত দূর খাটে তাহা নির্দ্দিষ্ট করিবার কথা।

৪১ ধারা। এই আইনমতে জমীদারদের, কিম্বা অন্য যে ব্যক্তিরা জমীর খাজানা পাইযা থাকেন তাঁহাদের দ্বারা বা তাঁহাদের নামে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে, খাস তহসীলের মহাল গবর্ণমেণ্টের বা কোন ব্যক্তির সম্পত্তি হইলেও সেই খাস মহালের সরবরাহকারদের বা তহসীলদারদের দ্বারা বা তাঁহাদের নামে সেই সকল মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

খাস মহালের সরবরাহকারদের কি তহসীলদারদের মোকদ্দমার বা তাহাদের নামে মোকদ্দমার কথা।

42 Except, as otherwise herein provided, all suits instituted under this Act shall be commenced within the period of one year from the date of the accruing of the cause of action.

Time for commencement of suits generally

43 Suits for the delivery of pottahs or kubooliyets, and for the determination of the rates of rent, at which such pottahs or kubooliyets are to be delivered, may be instituted at any time during the tenancy

Time for commencement of suits for grant of pottahs, &c

44 Suits for the recovery of arrears of rent shall be instituted within three years from the last day of the Bengal year, or from the last day of the month of Jeth of the Fusly or Sambut or Willayutee year in which the arrear claimed shall have become due

Time for the commencement of suits for arrears of rent

Provided that, if the suit be for the recovery of rent at a higher rate than was payable in the previous year, such rent having been enhanced under section 24, the suit shall be instituted within three months from the end of the Bengal year, or of the month of Jeth of the Fusly or Sambut or Willayutee year on account of which such enhanced rent is claimed

45 Suits for the recovery of money in the hands of an agent, or for the delivery of accounts or papers by an agent, may be brought at any time during the agency, or within one year after the determination of the agency of such agent

Time for the commencement of suits against agents for money, papers, or accounts

Provided that, if the person having the right to sue shall, by means of fraud, have been kept from the knowledge of the receipt of any such money by the agent, or if any fraudulent account shall have been rendered by the agent, the suit may be brought within one year from the time when the fraud shall have been first known to such person, but no such suit shall in any case be brought at any time exceeding three years from the termination of the agency.

46. Suits under this Act shall be instituted by presenting to the Deputy Commissioner a statement of claim which shall contain the name, description, and place of abode of the plaintiff, the name, description, and place of abode of the defendant, so far as they can be ascertained, the substance of the claim, and the date of the cause of action

Mode of instituting suits. Form of statement of claim

৪২ ধারা। এই আইনে ভাবান্তরের বিধান না থাকিলে, এই আইনমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা নালিশের হেতু ঘটিবার সময়াবধি এক বৎসর মিয়াদের মধ্যে উপস্থিত করিতে হইবে ইতি।

সর্চরাচর মোকদ্দমা উপস্থিত করিবার সময়ের কথা।

৪৩ ধারা। পাট্টা কি কবুলিয়ত পাইবার মোকদ্দমা, ও খাজানার যে হার ধরিয়া ঐ পাট্টা কি কবুলিয়ত দেওয়া যাইবে ইহা নির্ণয় করণার্থ মোকদ্দমা, ভুমি ভোগ করিবার কোন সময়েই উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

পাট্টাপ্রভৃতি পাইবার মোকদ্দমা উপস্থিত করিবার সময়ের কথা।

৪৪ ধারা। বাকী খাজানার দাওয়া হইলে তাহা যে বৎসরে বাকী পড়ে, বাঙ্গলা সন হইলে ঐ সনের শেষ দিবসাবধি, ও ফসলী কি সম্বৎ কি বিলায়তী সন হইলে জ্যৈষ্ঠ মাসের শেষ দিন অবধি তিন বৎসরের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে।

বাকী খাজানার নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিবার সময়ের কথা।

কিন্তু পূর্ব্ব বৎসরে যত খাজানা দেওয়া যাইত ২৪ ধারামতে বৃদ্ধি হইয়া সেই বর্দ্ধিত হারে খাজানা পাইবার মোকদ্দমা হইলে, যে বৎসরের সেই বর্দ্ধিত খাজানার দাওয়া হয় বাঙ্গলা সন হইলে তাহার শেষ অবধি কিম্বা ফসলী কি সম্বৎ কি বিলায়তী সন হইলে জ্যৈষ্ঠ মাসের শেষ অবধি তিন মাসের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে ইতি।

৪৫ ধারা। গোমাশতার হস্তগত টাকা পাইবার কিম্বা গোমাশতার হিসাব কি কাগজপত্র পাইবার নিমিত্তে মোকদ্দমা হইলে, ঐ গোমাশতার গোমাশতাগিরি রহিত হইবার পর এক বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে।

টাকা কি কাগজপত্র কি হিসাব পাইবার নিমিত্ত গোমাশতাদের নামে মোকদ্দমা উপস্থিত করিবার সময়ের কথা।

কিন্তু যে ব্যক্তির ঐ মোকদ্দমা উপস্থিত করিবার অধিকার থাকে তাঁহার নিকট যদি প্রতারণাক্রমে গোমাশতার ঐ টাকা পাওনের কথা গুপ্ত রাখা যায়, কিম্বা গোমাশতা যদি প্রতারণাভাবের কোন হিসাব দিয়া থাকে, তবে সেই ব্যক্তির নিকট সেই প্রতারণার কথা জানা যাইবার সময়াবধি এক বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে। কিন্তু গোমাশতাগিরি রহিত হওনের সময়াবধি তিন বৎসর গত হইলে পর, তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ইতি।

৪৬ ধারা। দাওয়ার বর্ণনাপত্র ডেপুটী কমিশ্যনরের নিকট দাখিল করিয়া এই আইনমত মোকদ্দমা উপস্থিত করা যাইবে। ঐ বর্ণনাপত্রে বাদির নাম ও পদবীপ্রভৃতি ও বাসস্থান, ও যত দূর জানা যাইতে পারে তত দূর প্রতিবাদির নাম ও পদবীপ্রভৃতি ও বাসস্থান, ও দাওয়ার মর্ম্ম ও নালিশের হেতুর তারিখ লিখিতে হইবে ইতি।

মোকদ্দমা যে প্রকারে উপস্থিত করা যাইবে তাহার কথা। ও দাওয়ার বর্ণনা লিখিবার পাঠ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৯ জানুয়ারি।]

Form of statement in suits for arrears of rent

47 If the suit be for the recovery of an arrear of rent, the statement of claim shall specify the name of the village and estate and of the pergunnah or other local division in which the land is situate, and if the arrear is alleged to be due from any ryot, the quantity of land, and where fields have been numbered in a Government survey, the number of each field, the yearly rent of the land, the amount (if any) received on account of the year for which the claim is made, the amount in arrear, and the time in respect of which it is alleged to be due

বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমায় ঐ বর্ণনাপত্রের পাঠের কথা।

৪৭ ধারা। বাকী খাজানা আদায়ের নিমিত্ত মোকদ্দমা হইলে, ভূমি যে গ্রামে ও মহালে ও পরগণায় ও স্থানবিশেষের অন্য যে খণ্ডে থাকে তাহা দাওয়ার বর্ণনাপত্রে বিশেষ করিয়া লিখিতে হইবে· ও রায়তের স্থানে সেই বাকী খাজানা পাওনা বলিয়া কহা গেলে, যত জমী আছে, ও গবর্ণমেণ্টের জরীপী নকশায় ক্ষেত্রের নম্বর দেওয়া গিযা থাকিলে প্রত্যেক ক্ষেত্রের নম্বর, ও জমীর সালিয়ানা খাজানা, ও যে বৎসরের খাজানার দাওযা হয় সেই বৎসরের কিছু খাজানা পাওয়া গিয়া থাকিলে কত পাওয়া গেল, ও কত বাকী আছে, ও যে সময়ের নিমিত্ত তাহা পাওনা আছে বলিয়া কথিত হয় সেই সময় ঐ বর্ণনাপত্রে লিখিতে হইবে ইতি।

Form of statement in suits for ejectment of ryot, &c, or for recovery of occupancy or possession of land, &c

48 If the suit be for the ejectment of a ryot, farmer, or tenant from any land, farm, or tenure, or for the recovery of the occupancy or possession of any land, farm, or tenure, the statement of claim shall describe (as circumstances may require) the extent, situation, and designation of the same, and if necessary for the identification of the land, shall set forth the boundaries of such land

রায়ত প্রভৃতিকে উঠাইয়া দিবার, কিম্বা ভূমি প্রভৃতির দখল কি অধিকার ফিরিয়া পাইবার মোকদ্দমার বর্ণনাপত্রের পাঠের কথা।

৪৮ ধারা। কোন জমী কি ইজারা কি ভূসম্পর্ক হইতে রাযতকে কি ইজারদারকে কি প্রজাকে উঠাইযা দিবার, কিম্বা কোন জমীর কি ইজারার কি ভূসম্পর্কের দখল কি অধিকার ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা হইলে, দাওযার বর্ণনাপত্রের মধ্যে ভাবগতিক বিবেচনায জমী প্রভৃতির পরিমাণ ও স্থান ও নাম জানাইতে হইবে, ও ভূমি চিনিযা লইবার নিমিত্ত প্রয়োজন হইলে ঐ জমির সীমা সরহদ্দ লিখিতে হইবে ইতি।

Statement by whom to be presented

49 The statement of claim shall be presented by the plaintiff, or by an authorized agent of the plaintiff who has personal knowledge of the facts of the case, or by an agent who shall be accompanied by a person who has such knowledge

বর্ণনাপত্র যাহার দিতে হইবে তদ্বিষয়ের কথা।

৪৯ ধারা। বাদী আপনি, কিম্বা বাদির স্থানে অনুমতি প্রাপ্ত যে মোক্তার নিজে মোকদ্দমার বৃত্তান্ত জানেন তিনি, কিম্বা যে ব্যক্তি তদ্রূপে সকল বৃত্তান্ত জানেন তাহাকে সঙ্গে করিযা মোক্তার ঐ দাওযার বর্ণনা পত্র দিবেন ইতি।

Verification of statement

50 The statement of claim shall be subscribed and verified at the foot by the plaintiff or his agent in the manner following, or to the like effect —

I, A B, do declare that the above statement is true to the best of my knowledge and belief

বর্ণনাপত্র সত্যা করণের কথা।

৫০ ধারা। বাদী কিম্বা তাঁহার মোক্তার ঐ দাওযার বর্ণনাপত্রের নিম্নভাগে স্বাক্ষর করিযা নিম্নলিখিত কথানুসারে কি তাহার কর্ম্মমতে সত্যাকরণের এই কথা লিখিবেন,

"উক্ত বর্ণনা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য আমি শ্রী অমুক ইহা নির্দ্দেশ করিযা জানাইতেছি" ইতি।

Punishment for false verification

51 If the statement of claim shall contain any averment which the person making the verification shall know or believe to be false, or shall not know or believe to be true, such person shall be subject to punishment according to the law for the time being in force for the punishment of giving or fabricating false evidence

সত্যাকরণের কথা মিথ্যা হইলে দণ্ডের কথা।

৫১ ধারা। যে ব্যক্তি সত্যাকরণের কথা লেখেন তিনি যাহা মিথ্যা জানেন কি মিথ্যা বলিযা বিশ্বাস করেন কিম্বা সত্য বলিযা না জানেন কি সত্য বলিযা বিশ্বাস না করেন, ঐ বর্ণনাপত্রে এমত কোন কথা থাকিলে, তৎকালের প্রচলিত যে আইনমতে মিথ্যা প্রমাণ দেওনের কি সৃষ্টি করণের যে দণ্ড ধার্য্য আছে, ঐ ব্যক্তির সেই দণ্ড হইবে ইতি।

Documentary evidence to be produced by plaintiff

52 If the plaintiff rely in support of his claim on any document in his possession, he shall deliver the same to the Deputy Commissioner at the time of presenting his statement of claim Unless such document be delivered or its non-production be sufficiently excused, or unless

বাদির দলীল দেখাইতে হইবার কথা।

৫২ ধারা। বাদির নিকট যে দলীল থাকে তাহার উপর তাঁহার দাওযার প্রতিপোষণের নির্ভর হইলে, তিনি যে সময়ে দাওযার বর্ণনাপত্র উপস্থিত করেন সেই সময়ে ডেপুটী কমিশানরকে ঐ দলীলও দিবেন। সেই দলীল দেওযা না গেলে, কিম্বা তাহা না দেখাইবার উপযুক্ত কারণ

the Deputy Commissioner see fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

Plaintiff may require production of document from defendant

53 If the plaintiff require the production of any document in the possession or power of the defendant, he may, at the time of presenting his statement of claim, deliver to the Deputy Commissioner a description of the document in order that the defendant may be required to produce the same.

Statement may be returned or allowed to be amended

54 If the statement of claim do not contain the several particulars hereinbefore required to be specified therein, or be not subscribed and verified as hereinbefore required, the Deputy Commissioner may return the statement to the plaintiff, or at his discretion allow it to be amended

Issue of summons, personal attendance of defendant may be required.

55 If the statement of claim be in proper form, the Deputy Commissioner, except as otherwise hereinafter specially provided, shall direct the issue of a summons to the defendant, and if the plaintiff require the personal attendance of the defendant, and satisfy the Deputy Commissioner that such personal attendance is necessary, or the Deputy Commissioner of his own accord require such personal attendance, the summons shall contain an order for the defendant to appear personally on a day to be specified in the summons, otherwise the summons shall order the defendant to appear personally or by an agent duly authorized on his behalf, who has personal knowledge of the subject, or who shall be accompanied by a person who has such personal knowledge

The day to be specified in the summons how to be fixed Defendant to be ordered to produce necessary documents, and to bring witnesses willing to attend without process

56 The day to be specified in the summons shall be fixed with reference to the state of the file and the distance that the defendant may be or be supposed to be at the time from the place where the court is held, and the summons shall order the defendant to produce any document which he may have in his possession, of which the plaintiff demands inspection, or upon which the defendant may intend to rely in support of his defence It shall also enjoin him to bring with him his witnesses if they are willing to attend without issue of process, and shall be in the form contained in Schedule (D) hereto annexed, or to the like effect

জানান না গেলে, কিম্বা ডেপুটী কমিশ্যনর তাহা দেখাইবার মিয়াদ বাড়াইয়া দেওয়া উচিত বোধ না করিলে, ঐ দলীল পরে গ্রাহ্য হইবে না ইতি।

প্রতিবাদির দলীল দেখাইতে বাদির আদেশ করিতে পারিবার কথা।

৫৩ ধারা। প্রতিবাদির নিকটে কি অধিকারে যে দলীল থাকে তাহা দেখাইয়া দেওনে বাদির প্রয়োজন থাকিলে, প্রতিবাদির প্রতি তাহা দেখাইবার আদেশ যেন করা যায় এই নিমিত্ত, বাদী দাওয়ার বর্ণনাপত্র দেওন সময়ে ডেপুটী কমিশ্যনরকে ঐ দলিলের বয়ান জানাইবেন ইতি।

বর্ণনাপত্র ফিরিয়াদিতে কিম্বা শুধরাইবার অনুমতি দিতে পারিবার কথা।

৫৪ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে দাওয়ার বর্ণনাপত্রে যেং বৃত্তান্ত লিখিবার আদেশ হইল, তাহা ঐ পত্রে লেখা না থাকিলে, কিম্বা পূর্ব্বোক্ত বিধান মতে তাহাতে স্বাক্ষর করা কি সত্যাকরণের কথা লেখা না গেলে, ডেপুটী কমিশ্যনর বাদিকে তাহা ফিরিয়া দিতে, কিম্বা স্বীয় বিবেচনামতে তাহা শুধরাইয়া দিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

সমন জারীর কথা ও প্রতিবাদির নিজে উপস্থিত হওনের আদেশ হইতে পারিবার কথা।

৫৫ ধারা। দাওয়ার বর্ণনাপত্র উপযুক্ত দাঁড়াক্রমে লেখা থাকিলে, নিম্নলিখিত যে স্থলের অন্যরূপ বিশেষ বিধান হইয়াছে সেই স্থলছাড়া, ডেপুটী কমিশ্যনর প্রতিবাদির নামে সমন দিবার আজ্ঞা করিবেন, এবং প্রতিবাদী নিজে উপস্থিত হন বাদী এমত প্রার্থনা করিলে, ও তাঁহার স্বয়ং উপস্থিত হওয়া আবশ্যক বলিয়া ডেপুটী কমিশ্যনরের হৃদ্বোধ জন্মাইলে, কিম্বা ডেপুটী কমিশ্যনর আপনার বিবেচনায় তাঁহার স্বয়ং উপস্থিত হওয়া প্রয়োজন বোধ করিলে, সমনপত্রে প্রতিবাদির প্রতি স্বয়ং ঐ সমনের নির্দ্দিষ্ট দিনে উপস্থিত হইবার আদেশ থাকিবে, তাহা না হইলে প্রতিবাদির প্রতি স্বয়ং কিম্বা আপনার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার নিজে ঐ বিষয় জ্ঞাত আছেন তাঁহারদ্বারা, কিম্বা যে ব্যক্তি নিজে ঐ বিষয় অবগত আছেন তাঁহাকে সঙ্গে করিয়া মোক্তারের দ্বারা উপস্থিত হইবার আজ্ঞা হইবে ইতি।

সমনের নির্দ্দিষ্ট তারিখ যে রূপে স্থির করিতে হইবে তাহার কথা। প্রতিবাদির প্রতি বিনা পরওয়ানায় প্রয়োজনীয় দলীল ও আসিবার ইচ্ছুক সাক্ষিদিগকে উপস্থিত করিতে আজ্ঞা হওয়ার কথা।

৫৬ ধারা। নথীর অবস্থ বিবেচনায়, ও আদালত যে স্থানে করা যায় সেই স্থানহইতে প্রতিবাদী যত দূর আছেন কি তৎকালে তাঁহার যত দূর থাকা অনুভব হয়, ইহা বিবেচনা করিয়া, ঐ সমনের নির্দ্দিষ্ট দিন স্থির করিতে হইবে, ও বাদী প্রতিবাদির নিকট যে দলীল দেখিতে চাহেন কিম্বা প্রতিবাদী যে দলীলের উপর স্ব য উত্তরের প্রতিপোষণের নির্ভর করেন ঐ সমনে তাঁহার প্রতি তাহাও দেখাইতে আজ্ঞা হইবে। আরো তাঁহার যে সাক্ষীরা পরওয়ানা বিনা হাজির হইতে ইচ্ছুক হন তাঁহাদিগকেও তাঁহার সঙ্গে করিয়া আনিতেও আজ্ঞা হইবে। ঐ সমন এই আইনের D তফসীলের লিখিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে লিখিতে হইবে ইতি।

57 The summons shall be served by delivering a copy thereof to the defendant personally when practicable, or if the summons cannot be served on the defendant personally, by delivering it to any male member of his family residing with him, or by affixing a copy of it to some conspicuous part of his usual place of abode, and also affixing a copy of the same in the Deputy Commissioner's office

Summons how to be served

৫৭ ধারা। সমনের নকল প্রতিবাদিকেই দেওয়া যাইতে পারিলে, তাঁহাকে দিয়া সমন জারী করা যাইবে তাঁহাকে দেওয়া যাইতে না পারিলে, তাঁহার পরিবারের যে কোন পুরুষ তাঁহার সঙ্গে বাস করেন তাঁহাকে দিয়া, কিম্বা তাঁহার নিয়ত বাসগৃহের কোন প্রকাশস্থানে এক কেতা ও ডেপুটী কমিশনেরের কাছারীতে আর এক কেতা নকল লাগাইয়া, ঐ সমন জারী করা যাইবে ইতি।

সমন যে প্রকারে জারী করা যাইবে তাহার কথা।

58 If the summons be served personally, the Nazir shall endorse on the summons the fact of such service If personal service be not effected, the Nazir shall endorse on the summons the reason of not serving it personally, and how it has been served

Endorsement by Nazir if summons has been personally served or not

৫৮ ধারা। সমন প্রতিবাদিকেই দেওয়া গেলে, নাজির সমনের পৃষ্ঠে সেই কথা লিখিবেন। তাঁহাকে দেওয়া যাইতে না পারিলে, যে কারণে তাঁহাকে দেওয়া যাইতে পারে নাই ও সমন যেরূপে জারী করা গেল, নাজির এই কথা সমনের পৃষ্ঠে লিখিয়া দিবেন ইতি।

প্রতিবাদিকে সমন দেওয়া গেল কি না সমনের পৃষ্ঠে নাজিরের তাহা লিখিবার কথা।

59 If the usual place of abode of the defendant be in a district other than that in which the suit is instituted, the summons, together with the cost of the service thereof, shall be sent by the public post to the Deputy Commissioner or Collector, as the case may be, of such district, who shall issue the summons, and return the same, after service, with the prescribed endorsement, to the officer by whom it was transmitted to him

Execution of process in another district

৫৯ ধারা। মোকদ্দমা যে জিলায় উপস্থিত করা যায় প্রতিবাদির নিয়ত বাসস্থান তদ্ভিন্ন অন্য জিলায় থাকিলে, ঐ সমন ও তাহা জারী করিবার খরচ ডাকযোগে ঐ জিলার ডেপুটী কমিশ্যনরের কিম্বা বিষয়বিশেষে কালেক্টর সাহেবের নিকট পাঠান যাইবে। তিনি সেই সমন জারী করিবেন, ও যে রূপে জারী করা গেল এই কথা সমনের পৃষ্ঠে লেখাইয়া, যিনি সমন পাঠাইলেন তাঁহার নিকট ফিরিয়া পাঠাইবেন ইতি।

অন্য জিলায় পরওয়ানা জারীর কথা।

60 The amount of the cost of serving the summons, or if a warrant be issued as provided in the next succeeding section, of serving the warrant, shall in all cases be deposited in court upon the same day or the day next following that on which the plaint or statement of claim is presented to the Deputy Commissioner If the said amount be not so deposited (except in cases in which the Deputy Commissioner may allow the issue of summons free of cost under the discretion reserved to him in section 136,) the case shall not be brought on the file of suits but in such case the plaintiff may present another plaint at any time within the period allowed by the rules for the limitation of actions

Cost of serving summons or warrant to be deposited in court

৬০ ধারা। আবেদনপত্র কিম্বা দাওয়ার বর্ণনাপত্র যে দিনে ডেপুটী কমিশ্যনরকে দেওয়া যায়, সেই কি তাহার পর দিনে সমন জারী করিবার খরচ, কিম্বা ইহার পশ্চাৎ ধারার বিধানমতে পরওয়না দেওয়া গেলে ঐ পরওযানা জারী করিবার খরচ, আদালতে দিতে হইবে। স্থলবিশেষে ডেপুটী কমিশ্যনর ১৩৬ ধারামতে স্বীয় বিবেচনানুসারে কর্ম্ম করিয়া বিনাখরচে সমনজারী হইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু সেই স্থল ছাড়া ঐ খরচ আদালতে আমানৎ করা না গেলে ঐ মোকদ্দমাটি মোকদ্দমার নথীর শামীল করা যাইবে না। কিন্তু তাহা হইলে মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের বিধি মানিয়া বাদী ঐ মিয়াদের মধ্য কোন সময়ে অন্য আবেদনপত্র দিতে পারিবেন ইতি।

সমন বা পরওয়ানা জারীর খরচ আদালতে দাখিল করিবার কথা।

61 If in any suit against an under-tenant or ryot for the recovery of an arrear of rent, or against an agent for the recovery of any money, papers, or accounts the plaintiff desires a warrant of arrest to be issued against the defendant, such defendant being resident

Warrant of arrest in what cases to be issued

৬১ ধারা। পেটাও প্রজার কি রায়তের নামে বাকী খাজনা আদায়ের, কিম্বা গোমাশতার নামে টাকা কি কাগজপত্র কি হিসাব পাইবার মোকদ্দমায়, যদি বাদী প্রতিবাদির নামে গেস্তারী পরওয়ানা জারী করাইতে চাহেন ও মোকদ্দমা যে জিলায় উপস্থিত করা গেল

গ্রেপ্তারী পরওয়ানা যে স্থলে দেওয়া যাইতে পারে তাহার কথা।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 29, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ২৯ জানুয়ারি।

PART VIII

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

বঙ্গদেশের এই২ জিলাতে ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ১৫ তারিখের পূর্ব্ব

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর।	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			কঙ্গু ও বাজরা।			চোলম ও জোয়ার।			রাগী বা মাড়ুয়া ও চীনা।		
		এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ
	বঙ্গদেশী পশ্চিমদিকস্থ জিলা।																					
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	বর্দ্ধমান	ক ।২।।	।২	।৩।	।।৫	।।৫	০	।৪।।	।৫।।	।৯	।৫।	।৬	।।০									
২	বাঁকুড়া	খ ।৩৮	।৩।	।৫	।।৪	।।৪	।।৩	।৫	।৫	।।০	।৮	৮৸	।।১									
৩	বীরভূম	গ ।২।।	।৩	।৫	।।০	।।০		।২	।২	।৫	।৫	।৬	।৯।।									
৪	মেদিনীপুর	।৩	।৩	।৭				।৪	।৩	।৬	।৭	।৬	।।৪									
৫	হুগলী	।৩	।৩	।৭			.	।০	।০	।০-।১	।৩-।৩।।	।৩-।৩।।	।৬-।৭									
	হাবড়া	।৩	৩	।৫				/৯	/৯	।৫	।৪	।৩	৭									
	মধ্যস্থলের জিলা।																					
	কলিকাতা	।২	।২।	।৪	।৮	।।০	।।৫	/৭	/৭।।	/৯	।২	।১৮	।৷				।৮	।৮	।।৫			
৬	২৪-পরগনা	ঘ						/৭।	/৭।	/৵	।২।	।৩।	।৪									
৭	নদীয়া	।৩।/	।৩৸৶	।৫।		৸২		।২।/	।২।/	।১।	।২৸	।৩।/	।৬									
৮	যশোহর	ঙ	।১	।৮				।০	৯৸	।৫	।৪	।৪	।।১।									
৯	মুরশিদাবাদ	চ ।৪-।৫	।৪-।৫	।৭	।।৭	৸৫-৸৭।।	৸৫	।০-।৪	।০-।৪	।৬	।৫-।৫।।	।৪-।৬	।।০									
১০	দিনাজপুর ..	ছ ।৩৶	।২৸	।৬	।১।	।১।০	।২।	।৫	।৮৶	।৯	৯	।।২৸	।।৪									
১১	রাজশাহী	।৬।।-।৮	৬৸	।৫	।।৬৸	।।৬৸	৸০	/৯৸	/৯।	।৫-।৮	।৩।।-৫৸	।৬-৭।	।০।০ ।।২।।									
১২	রঙ্গপুর	জ ।৫৸/	।৫৸/	।।৬৸				।১।/-।১০	।১।/-১০	।৫	।।২।।	।।২।।	।।২।।									
১৩	বগুড়া	/৯৸	।২	।।০।।				।২	।৵।।	।।০	।।১	।।২।।	৸০									
১৪	পাবনা	ঝ ।৩-।৬	।৩-।৬	।।০				/৮	/৮	।২	।৬	।৬	।।৫									
১৫	দার্জ্জিলিঙ্গ*																					
১৬	জলপাইগুড়ি	ঞ /৯/	/৯।/					।৩	।৩	।৬	।৯	।৯	।।০									

* রিটর্ণ পাওয়া যায় নাই।

ক। মফঃসলে দর এই২।—গম ।২ সের অবধি ।৪ সের পর্য্যন্ত, যব ৸২ সের অবধি ১/ মণ পর্য্যন্ত, ভাল চাউল ।২।। সের অবধি ।৬। / সের পর্য্য- সামান্য চাউল ।৩। সের অবধি ।৭৶ সের পর্য্যন্ত, ও ছোলা ।৬ সের অবধি ।।২ সের পর্য্যন্ত।

খ। ঐ ঐ।—গম ।২ সের অবধি ।৬ সের পর্য্যন্ত, যব ।।০ সের অবধি ৸৬ সের পর্য্যন্ত, ভাল চাউল ।৩। সের অবধি ।৯ সের পর্য্য- সামান্য চাউল ।৬ সের অবধি ।।১ সের পর্য্যন্ত, জযেরা ।।৫ সের অবধি ৸৯ সের পর্য্যন্ত ও ছোলা ।৫ সের অবধি সের পর্য্যন্ত।

গ। ঐ ঐ।—গম ।২ সের অবধি ।৭ সের পর্য্যন্ত, ভাল চাউল ।৩। সের অবধি ।৯ সের পর্য্যন্ত, সামান্য চাউল ।৪।। সের অবধি ।।০ সের পর্য্য- ও ছোলা ।৪ সের অবধি ।।১ সের পর্য্যন্ত।

ঘ। ঐ ঐ।—গম ।১।। সের অবধি ।২। সের পর্য্যন্ত, যব ।৮। সের অবধি ।৮৸ সের পর্য্যন্ত, ভাল চাউল /৬।। সের অবধি /৬৸ পর্য্যন্ত, সামান্য চাউল /৯।। সের অবধি ।৫ সের পর্য্যন্ত, ও ছোলা ।৪।। সের অবধি ।৫।। সের পর্য্যন্ত।

দুই সপ্তাহ অবধি তণ্ডুলাদি খাদ্যদ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ খুচরা বিক্রয়ের বাজার দর।

টাকায় যত পাওয়া যায়।												মাসিক গড় মজুরী।									
কলেয়া।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			বলবান্ কৃষাণ।			মজুর।			রাজমিস্ত্রি বা ছুতর বা কামার।			জিলা।
৮ ধারা। রায়তদের দখলীস্বত্ব থাকিলে, তাহাদের হক ও ন্যায্য হারে পাট্টা পাইবার অধিকার থাকিবে।

এই বিষয়ের বিবাদ হইলে, যদি ২৪ ধারামতে তদারক হইয়া বিপরীত ভাব না দেখা যায়, তবে রায়ত পূর্ব্বে যে হারে খাজানা দিতেন তাহাই হক ও ন্যায্য বলিয়া জ্ঞান হইবে ইতি।

রায়তের দখলী স্বত্ব না থাকিলে যে প্রকারের পাট্টা পাইতে পারেন তাহার কথা।

৯ ধারা। রায়তদের দখলী স্বত্ব না থাকিলে, যাঁহাদিগকে খাজানা দিয়া থাকেন তাঁহাদের সঙ্গে যে হারে ও যে নিয়মমতে খাজানা দিবার করার করেন সেই হারানুসারে সেই নিয়মমতে তাঁহাদের পাট্টা পাইবার অধিকার আছে ইতি।

যে ব্যক্তি পাট্টা দেন তাঁহার কবুলিয়ৎ পাইবার স্বত্বের কথা।

১০ ধারা। যে ব্যক্তি যাঁহাকে পাট্টা দেন তিনি তাঁহার স্থানে পাট্টার নিয়ম অনুসারে কবুলিয়ত পাইবার স্বত্ববান।

রায়তের যে প্রকারের পাট্টা পাইবার অধিকার আছে তাঁহাকে সেই প্রকারের পাট্টা দিতে চাহিলেই,

the person to whom the rent is payable to receive a kubooliyet from such ryot

11. Every under tenant or ryot, from whom any sum is exacted in excess of the rent specified in his pottah, or payable under this Act, whether as abwab or under any other pretext, and every under-tenant, ryot, or cultivator from whom a receipt is withheld for any sum of money paid by him as rent, shall be entitled to recover from the person receiving such rent, damages not exceeding double the amount so exacted or paid

Exactions in excess of rent or receipt withheld

12 Receipts for rent shall specify the year or years on account of which the rent is acknowledged to have been paid, and any refusal to make such specification shall be held to be a withholding of a receipt

Form of receipt

13 If any under-tenant or ryot shall, at the mal kutcherry for the receipt of rents, or other place where the rents of the land held or cultivated by him are usually payable, tender payment of what he shall consider to be the full amount of rent due from him at the date of the tender to the zemindar or other person in receipt of the rent of such land, and if the amount so tendered shall not be accepted, and a receipt in full forthwith granted, it shall be lawful for the under-tenant or ryot, without any suit having been instituted against him, to deposit such amount in the court of the Deputy Commissioner having jurisdiction to entertain a suit for such rent (hereinafter referred to as the Deputy Commissioner) to the credit of the zemindar or other person aforesaid, and such deposit shall, so far as the under-tenant or ryot, and all persons claiming through or under him are concerned, in all respects operate as and have the full effect of a payment then made by the under-tenant or ryot, of the amount deposited to such zemindar or other person

Under tenant or ryot may, after tender &c pay into court, without any action being brought against him what he admits to be due to his zemindar, &c

Payment into court to have effect of payment to zemindar or other person entitled

14 The Deputy Commissioner shall receive such deposit on the application of the under-tenant, or ryot, or his agent, made in writing upon paper bearing a stamp of such value

Proceedings on making a payment into court and the drawing out the money

খাজানা যাঁহার হাতে দেওয়া গিয়া থাকে তিনি সেই রায়তের নিকট কবুলিয়ৎ পাইবার অধিকারী এমত জ্ঞান হইবে ইতি।

১১ ধারা। পেটাও প্রজার কি রায়তের পাট্টার যত খাজানা লেখা আছে কিম্বা এই আইনমতে তাঁহার যত দিতে হয়, আবওয়াব বলিয়া কি অন্য কোন ছল তাহার স্থানে জোর করিয়া অধিক লওয়া গেলে, ও পেটাও প্রজা কি রায়ত কি চাষী খাজানা বলিয়া কোন টাকা দিলেও তাঁহাকে সেই টাকার কবজ না দেওয়া গেলে, যাঁহাকে ঐ খাজানা দিলেন তাঁহার স্থানে ঐ পেটাও প্রজা প্রভৃতির হানি পূরণ স্বরূপ, জোর করিয়া লওয়া কি আপনার দেওয়া ঐ টাকার দ্বিগুণ পাইবার অধিকার থাকিবে ইতি।

খাজানার অধিক জোর করিয়া লওয়া গেলে কিম্বা কবজ না দেওয়া গেলে তদ্বিষয়ক কথা।

১২ ধারা। যে বা যেং বৎসরের খাজানা দেওয়া গেল বলিয়া স্বীকার হয়, খাজানার কবজে সেই বা সেইং বৎসর নির্দ্দিষ্ট করিয়া লিখিতে হইবে। তাহা নির্দ্দিষ্ট করিতে অস্বীকার হইলে কবজ না দেওয়াই বলিয়া জ্ঞান হইবে ইতি।

কবজ লিখিবার পাঠের কথা।

১৩ ধারা। পেটাও প্রজা কি রায়ত যে তারিখে খাজানা দিতে যায় সেই তারিখে আপনার নিকট জমীদারের, কি অন্য যে ব্যক্তি তাহার নিকট খাজানা লইয়া থাকেন তাঁহার, সম্পূর্ণ যত খাজানা পাওনা বলিয়া জ্ঞান করেন, খাজানা দাখিল করিবার মাল কাছারীতে, কিম্বা তাঁহার ভোগ কি চাষ করা জমীর খাজানা অন্য যে স্থানে দিবার রীতি আছে সেই স্থানে তত টাকা দিতে চাহিলে, ও সেই টাকা গ্রাহ্য না হইলে ও তৎক্ষণাৎ সমুদয় টাকার কবজ দেওয়া না গেলে, ঐ পেটাও প্রজার কি রায়তের নামে নালিশ না হইলেও, তিনি ঐ খাজানার বাবৎ মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন ডেপুটী কমিশ্যনরের আদালতে উক্ত জমীদারের কি অন্য ব্যক্তির নামে জমা করিয়া লইবার জন্যে ঐ টাকা গচ্ছিত করিতে পারিবেন। (ইহার পশ্চাৎ কোন ধারায় ডেপুটী কমিশ্যনর শব্দ থাকিলে সেই প্রকারের ক্ষমতাপন্ন ডেপুটী কমিশ্যনরকে জানিতে হইবে।) ও সেই পেটাও প্রজার কি রায়তের ও তাঁহার দ্বারা কি তাঁহার অধীন দাওয়াদারের পক্ষে উক্ত প্রকারে টাকা গচ্ছিত করা, সর্ব্বতোভাবে জমীদারকে কি উক্ত অন্য ব্যক্তিকে ঐ পেটাও প্রজার কি রায়তের ঐ গচ্ছিত টাকা দেওয়ার তুল্যরূপ কার্য্য হইবে ও তাহার সম্পূর্ণ সেই ফল হইবে ইতি।

পেটাও প্রজা কি রায়ৎ খাজানা দিতে চাহিবার পর তাহার নামে নালিশ না হইলেও আপনার নিকট জমীদার প্রভৃতির যত টাকা পাওনা বলিয়া স্বীকার করেন তাহা আদালতে দাখিল করিতে পারিবার কথা।

আদালতে টাকা দেওয়া জমীদারকে কি ঐ টাকা পাইবার স্বত্ববান ব্যক্তিকে দেওয়ার তুল্য ফল হইবার কথা।

১৪ ধারা। পেটাও প্রজা কি রায়ত কি তাহার সপক্ষ কর্ম্মকারক যত টাকা গচ্ছিত করিতে চাহেন, তত টাকার বাকী খাজানার মোকদ্দমা উপস্থিত করিতে

আদালতে টাকা দেওন ও ঐ টাকা বাহির করিয়া লওন সম্পর্কীয় কার্য্যের কথা।

22. Any person wishing to enhance the rent previously paid to him by any such under-tenant or ryot may present a petition to the Deputy Commissioner to measure the land in respect of which such enhancement is sought, and to assess the rent thereon.

Petition to be made to Deputy Commissioner.

23. Such petition shall specify the present rent of the under-tenant or ryot against whom the application is made, the general rate prevailing in the village for different classes of lands, the date (as nearly as it can be ascertained) when the rate was last adjusted in the village, the rate which the applicant desires to demand, and the general grounds on which he considers that he is entitled to enhancement. The provisions of sections 49, 50, and 51, shall apply to all such applications

Particulars to be specified

24. On receipt of such petition the Deputy Commissioner shall forthwith give notice of the contents thereof to the under-tenant or ryot holding the land in respect of which enhancement is sought, and may order the same to be measured, and may do all things necessary for the assessment of rent thereon, and may, upon consideration of all the circumstances, and after hearing any objection which may be advanced against the proposed enhancement by the said under tenant or ryot, fix such enhanced rent, or may otherwise alter or vary the rent for the said land as to him may seem fair and reasonable for such period, not exceeding twenty years, as he may think fit, and the rent so fixed or varied shall be payable by such under-tenant or ryot from the commencement of the local year following the year in which the order is passed, and may be recovered in any suit preferred against him for arrears of the same

Procedure on receipt of petition

25. When lands are held subject to any conditions or services other than or besides the payment of a rent in money, it shall be lawful for the tenant of such lands, or the person who has the right to receive the rents and services issuing from such lands, to apply in writing to the Deputy Commissioner for the commutation of all such conditions or services.

Commutation of conditions or services to which lands may be subject

26. The Deputy Commissioner shall thereupon cause a notice to be served on each of the persons who, under the last preceding section, would have a right to make such

Determination of rent payable in commutation

২২ ধারা। কোন ব্যক্তি উক্ত কোন পেটাও প্রজার কি রায়তের স্থানে যে খাজানা পূর্ব্বে পাইতেন তাহা বৃদ্ধি করিতে চাহিলে, যে ভূমির বৃদ্ধি করিতে চাহেন ডেপুটী কমিশ্যনরের নিকট সেই ভূমি মাপ করিয়া খাজানা ধার্য্য করিতে দরখাস্ত করিবেন ইতি।

ডেপুটী কমিশ্যনরের নিকট দরখাস্ত করিতে হইবার কথা।

২৩ ধারা। যে পেটাও প্রজার কি রায়তের বিপক্ষে ঐ দরখাস্ত করা যায়, তিনি সেই সময়ে কত খাজানা দিয়া থাকেন, ও গ্রামের মধ্যে নানা প্রকারের জমীর খাজানা সাধারণরূপে যেং হারে দেওয়া গিয়া থাকে, ও গ্রামের মধ্যে খাজানার হার শেষ যে তারিখে ধার্য্য করা যায় তাহা যত দূর জানা যাইতে পারে তত দূর সেই তারিখ, ও দরখাস্তকারী যে হারে খাজানা লইতে চাহেন, ও সাধারণ যেং হেতুতে তাঁহার খাজানা বৃদ্ধির অধিকার আছে বলিয়া জ্ঞান হয়, দরখাস্তে এই সকল কথা লিখিতে হইবে। তদ্রূপ সকল দরখাস্তের প্রতি ৪৯, ৫০ ও ৫১ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

বিশেষ যেং কথা লিখিতে হইবে তদ্বিষয়ক কথা।

২৪ ধারা। ডেপুটী কমিশ্যনর ঐ রূপ দরখাস্ত পাইলে, যে ভূমির খাজানা বৃদ্ধি করিতে চেষ্টা হয়, তাহার পেটাও প্রাজাকে কি রাযতকে তৎক্ষণাৎ ঐ দরখাস্তের মর্ম্মের নোটিস দিয়া, জমীর মাপ হইবার আজ্ঞা করিতে ও তাহার খাজানা ধার্য্য করণের আবশ্যক সকল কার্য্য করিতে পারিবেন, ও সকল ভাবগতিক বিবেচনা করিয়া, ও উক্ত পেটাও প্রজা কি রায়ত্ প্রস্তাবিত খাজানা বৃদ্ধির যে আপত্তি করেন তাহা শুনিয়া, বিশ বৎসরের অনধিক যত কাল উচিত বোধ করেন তত কালের নিমিত্ত ঐ বর্দ্ধিত খাজানা ধার্য্য করিতে পারিবেন, কিম্বা অন্য যে প্রকারে ন্যায্য ও সঙ্গত বোধ করেন সেই প্রকারে তাহা পরিবর্ত্তন বা রূপান্তর করিতে পারিবেন। ও যে বৎসরে সেই আজ্ঞা করা যায়, তৎস্থানে চলিত সনের তৎপর বৎসরের আরম্ভ অবধি ঐ পেটাও প্রজার কি রাযতের সেই নির্দ্ধারিত কি পরিবর্ত্তন করা খাজানা দিতে হইবে, ও বাকী পড়িলে মোকদ্দমা করিয়া তাঁহার নিকট ঐ খাজানা আদায় করা যাইতে পারিবে ইতি।

দরখাস্ত পাইলে কার্য্য-প্রণালীর কথা।

২৫ ধারা। যদি খাজানা না দিয়া কিম্বা খাজানার সহিত অন্য নিয়মে বা কোন প্রকারের চাকরীর উপলক্ষে ভূমি ভোগ হইয়া থাকে, তবে ঐ ভূমির প্রজা, কিম্বা ঐ জমীর খাজানা কি চাকরী পাইতে যে ব্যক্তির অধিকার থাকে তিনি, ডেপুটী কমিশ্যনরের নিকট লিখিয়া সেই সকল নিয়ম কি চাকরী পরিবর্ত্তন করাইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

যে নিয়মে বা যে প্রকারের চাকরী করিয়া ভূমি ভোগ হয় তাহা পরিবর্ত্তনের কথা।

২৬ ধারা। তাহা হইলে, ইহার পূর্ব্ব ধারামতে যাঁহাদের প্রার্থনা করিবার অধিকার থাকে, ডেপুটী কমিশ্যনর তাঁহাদের প্রত্যেক জনের নামে নোটিস জারী

তৎপরিবর্ত্তে যত খাজানা দিতে হইবে তাহা স্থির করিবার কথা।

application, and shall fix a date for considering the same, and on such date or any date thereafter to which the hearing may be postponed, shall proceed to enquire into the matter and to determine the amount of rent fairly and equitably payable in commutation of such conditions or services to which such lands may be subject

When ryot may claim abatement of rent

27. Every ryot having a right of occupancy shall be entitled to claim an abatement of the rent previously paid by him, if the area of the land has been diminished by diluvion or otherwise, or if the value of the produce, or the productive powers of the land, have been decreased by any cause beyond the power of the ryot, or if it should be shown in the course of an enquiry held under section 24 that he is for any good and sufficient reason entitled to an abatement

Relinquishment of land by ryot after notice given

28 Any ryot, who desires to relinquish the land held or cultivated by him, shall be at liberty to do so, provided he gives notice of his intention in writing to the person entitled to the rent of the land, or his authorized agent, in or before the month of Cheit (or of Magh, where the Sambut era is commonly used) of the year preceding that in which the relinquishment is to have effect If he fail to give such notice, and the land is not let to any other person, he shall continue liable for the rent of the land

If the person entitled to the rent of the land or his agent refuse to receive any such notice and to sign a receipt for the same, the ryot may make an application on plain paper to the Deputy Commissioner, who shall thereupon cause the notice to be served personally on such person or his agent

Service of notice

29 If for any reason the notice cannot be served personally upon such person or his agent, it shall be affixed at his usual place of residence, or if he have no such place of residence in the district in which the land is situate, the mode of service of such notice shall be by affixing it at the mal cutcherry of such land or other conspicuous place thereon, or at the village chowree bhandar, or chowpal, or at some other conspicuous place in the village in which the land is situate

What to be deemed an arrear of rent under this Act

30. Any instalment of rent which is not paid on or before the day when the same is payable according to the pottah or engagement, or, if there be no

করাইয়া ঐ প্রার্থনা বিবেচনা করিবার দিন স্থির করিবেন। ও সেই দিনে, কি সেই দিন স্থগিত হইয়া ঐ বিষয় শুনিবার জন্য যে দিন স্থির করা যায় সেই দিনে, তিনি সেই বিষয় তদারক করিয়া, যেং নিয়ম ও চাকরী ক্রমে ঐ জমী ভোগ হইয়া থাকে তাহার পরিবর্ত্তে হক ও ন্যায্য যত খাজানা দিতে হইবে তাহা স্থির করিবেন ইতি।

রায়ত যে স্থলে খাজানা কমাইয়া দিবার প্রার্থনা করিতে পারিবেন তদ্বিষয়ক কথা।

২৭ ধারা। যে রায়তের দখলীস্বত্ব আছে তাহার জমীর পরিমাণ যদি শিকস্তি দ্বারা বা অন্য প্রকারে কমিয়া যায়, কিম্বা রায়ত যাহা বারণ করিতে না পারেন এমত কোন কারণে যদি শস্যের মূল্য কিম্বা ভূমির উৎপাদনশক্তি কমিয়া যায়, কিম্বা ২৪ ধারামতে তদারক হইলে যদি বিহিত ও বিশিষ্ট কারণে তাহার খাজানা কমাইয়া লইবার অধিকার দেখা যায়, তবে পূর্ব্বে যে খাজানা দিতেন তাঁহার তাহা কমাইয়া দিবার দাওয়া করিতে অধিকার থাকিবে ইতি।

রায়তের নোটিস দিয়া জমী ত্যাগ করিবার কথা।

২৮ ধারা। কোন রায়ৎ যে জমী ভোগ কি চাষ করেন তাহা ত্যাগ করিতে চাহিলে, যে বৎসরাবধি জমী ছাড়িয়া দিতে চাহেন তাহার পূর্ব্ব বৎসরের চৈত্র মাসে (কিম্বা যে স্থানে সম্বৎসর চলন থাকে সেই স্থানে মাঘ মাসে) কি তৎপূর্ব্বে ঐ জমীর খাজানা পাইবার অধিকারি ব্যক্তিকে কিম্বা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারককে, ঐ জমী ত্যাগ করিবার কল্পনার নোটিস দিয়া তাহা ত্যাগ করিতে পারিবেন। সেই প্রকারের নোটিস না দিলে, ও অন্য ব্যক্তির নিকট জমী পাট্টা করিয়া না দেওয়া গেলে, সেই রায়ৎ ঐ জমীর খাজানার দায়ী থাকিবেন।

সেই জমীর খাজানা পাইবার অধিকারি ব্যক্তি বা তৎপক্ষ কর্ম্মকারক তদ্রূপ নোটিস গ্রাহ্য করিতে ও তাহা পাইবার রসীদে স্বাক্ষর করিতে অস্বীকার করিলে, ঐ রায়ৎ শাদা কাগজে ডেপুটী কমিশ্যনরের নিকট দরখাস্ত দিতে পারিবেন। তাহা হইলে তিনি নিজ ঐ ব্যক্তিকে কি তাঁহার কর্ম্মকারককে ঐ নোটিস দেওয়াইবেন ইতি।

নোটিস জারী করিবার কথা।

২৯ ধারা। যদি কোন কারণে ঐ নোটিস নিজ সেই ব্যক্তিকে কি তাঁহার কর্ম্মকারককে দেওয়া যাইতে না পারে, তবে তাঁহার নিয়ত বাসস্থানে লাগাইয়া দেওয়া যাইবে, কিম্বা জমী যে জিলায় থাকে তাহার মধ্যে তাঁহার তদ্রূপ বাসস্থান না থাকিলে, ঐ ভূমির মালকাছারীতে কি তাহার অন্য প্রকাশ স্থানে কিম্বা জমী যে গ্রামের মধ্যে থাকে সেই গ্রামের চৌরীতে কি ভাণ্ডারে কি চৌপালে কি অন্য প্রকাশ স্থানে লাগাইয়া দিয়া, ঐ নোটিস জারী করা যাইবে ইতি।

এই আইনমতে যাহা বাকী খাজানা বলিয়া জ্ঞান হইবে তদ্বিষয়ক কথা।

৩০ ধারা। পাট্টা কি করারমতে খাজানার যে কিস্তি যে দিনে দেনা পড়ে সেই দিনে, কিম্বা লেখা পড়া হইয়া খাজানা দিবার কোন সময় নির্দ্দিষ্ট না থাকিলে

as would be necessary on the institution of a suit for arrears of rent for an amount equal to that which it is intended to deposit; and on the under-tenant, or ryot, or his agent, making a declaration in the form, or as nearly as circumstances will admit in the form set forth in Schedule (B) hereto annexed, the Deputy Commissioner shall give a receipt for the same The provisions of section 51 shall apply to all such declarations. Upon receiving the money so deposited, the Deputy Commissioner shall issue a notice to the person to whose credit it has been deposited, in the form set forth in the Schedule (C) hereto annexed, and such notice shall be served by the Deputy Commissioner, without the payment of any fee, either upon the person to whom it is addressed, or upon his naib, gomastah, or other agent, and in the absence of any such agent, it shall be served by sticking up a copy of the same in the office of the Deputy Commissioner, and another copy at the mal kutcherry for the receipt of rents, or other place where the rents are usually paid for the land in respect of which the money has been deposited. If the person to whom such notice is issued, or his duly authorized agent, shall appear and apply that the money in deposit be paid to him, it shall be immediately made over to him

গেলে যে মূল্যের ইষ্টাম্প কাগজ লাগে, সেই মূল্যের ইষ্টাম্প কাগজে দরখাস্ত লিখিয়া ঐ টাকা দিলে, ডেপুটী কমিশ্যনর তাহা লইবেন। ও পেটাও প্রজা কি রায়ত কি তাঁহার সপক্ষ কর্ম্মকারক এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে, কিম্বা ভাবগতিক বিবেচনায় তাহার অনুসারে, লিখিয়া নির্দ্দেশপত্র দিলে, ডেপুটী কমিশ্যনর ঐ টাকার রসীদ দিবেন। তদ্রূপ সকল নির্দ্দেশপত্রের প্রতি ৫১ ধারার বিধান খাটিবে। যে ব্যক্তির নামে জমা করিয়া ঐ টাকা গচ্ছিত করা যায়, ডেপুটী কমিশ্যনর ঐ টাকা পাইলেই সেই ব্যক্তির নামে এই আইনের C তফসীলের নির্দ্দিষ্ট পাঠে নোটিস জারী করিবেন, ও ডেপুটী কমিশ্যনর ফী না লইয়া, যাঁহার নামে নোটিস লেখা গেল নিজ তাঁহাকেই কিম্বা তাঁহার নায়েবকে কি গোমাশতাকে কি অন্য কর্ম্মকারককে দেওযাইবেন, ও তদ্রূপ কোন কর্ম্মকারক না থাকিলে, ডেপুটী কমিশ্যনরের কাছারীতে ঐ নোটিসের এককেতা ও যে ভূমির নিমিত্ত ঐ টাকা গচ্ছিত হইল সেই ভূমির খাজানা আদায়ের মাল কাছারীতে কি অন্য যে স্থানে ঐ খাজানা দেওয়া গিয়া থাকে সেই স্থানে আর এক কেতা লাগাইয়া ঐ নোটিস জারী করা যাইবে। যাঁহার নামে নোটিস দেওযা যায় তিনি কি তৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক আসিয়া সেই গচ্ছিত টাকা পাইবার প্রার্থনা করিলে, তাহা তৎক্ষণাৎ তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

15. Whenever such deposit shall have been made, no suit shall be brought against the person making the same or his representatives, on account of any rent which accrued due prior to the date of the deposit, unless such suit be instituted within six months from the date of the service of the notice in the last preceding section mentioned

Suit for further balance to be instituted within six months of service of notice of deposit

১৫ ধারা। টাকা উক্ত প্রকারে গচ্ছিত হইলে পর, ইহার পূর্ব্ব ধারার লিখিত নোটিস জারী করিবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত করা না গেলে, ঐ টাকা গচ্ছিত করিবার তারিখের পূর্ব্বের প্রাপ্য কোন খাজানার নিমিত্ত ঐ গচ্ছিতকারি ব্যক্তির কি তাহার স্থলাভিষিক্তের নামে মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ইতি।

কিছু বাকী থাকিলে, গচ্ছিত টাকার নোটিস জারী হইবার পর ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিবার কথা।

16. The power heretofore vested in zemindars and other landholders of compelling the attendance of their tenants for the adjustment of their rents, or for any other purpose, is withdrawn, and all such persons are prohibited from adopting any means of compulsion for enforcing payment of the rents due to them other than are authorized by this Act.

Landholder not to compel the attendance of tenant for adjustment of rent or for any other purpose
Payment of rent to be enforced only under this Act

১৬ ধারা। খাজানা নিষ্পত্তি করিয়া লইবার কি অন্য কোন কার্য্যের নিমিত্ত প্রজাদিগকে জমীদারদের ও অন্য ভূম্যাধিকারিদের জোর করিয়া হাজির করাইবার যে ক্ষমতা এত দিন ছিল, তাহা রহিত করা গেল। ও উক্ত সকল ব্যক্তির প্রতি নিষেধ করা যাইতেছে যে এই আইনক্রমে যে উপায়ের অনুমতি দেওযা গেল তদ্ভিন্ন তাঁহারা যেন অন্য কোন উপায়ে আপনাদের প্রাপ্য খাজানা জোর করিয়া না লন ইতি।

খাজানা নিষ্পত্তি করিবার কি অন্য কোন কার্য্যের নিমিত্ত প্রজাকে জমীদারের জোর করিয়া হাজির করাইতে না পারিবার কথা।

কেবল এই আইনমতে খাজানা লইতে পারিবার কথা।

17 If payment of rent, whether the same be legally due or not, is extorted from any under-tenant or ryot by illegal confinement or other duress, such under-tenant or ryot shall

Damages for extorting payment of rent by duress

১৭ ধারা। কোন পেটাও প্রজার কি রায়তের স্থানে খাজানা আইনমতে প্রাপ্য থাকিলে বা না থাকিলেও যদি বেআইনীমতে কয়েদ করিয়া বা আটক রাখিয়া

আটক রাখিয়া বলপূর্ব্বক খাজানা লওয়া গেলে হানি পূরণের কথা।

be entitled to recover such damages, not exceeding in any case the sum of two hundred rupees, as may be deemed a reasonable compensation for the injury done him by such extortion.

তাহার ভয় জন্মাইয়া ঐ খাজানা লওয়া যায়, তবে ভয় জন্মাইয়া ঐ টাকা লওনের দ্বারা যে হানি হয় সেই হানিপুরণস্বরূপ দুই শত টাকার অনধিক যত টাকা সঙ্গত বোধ হয়, ঐ পেটাও প্রজার কি রায়তের মোকদ্দমা করিয়া তত টাকা আদায় করিবার অধিকার আছে।

An award of compensation under this section shall not bar or affect any penalty or punishment to which the person practising such extortion may be subject by law

এই ধারাক্রমে হানিপুরণস্বরূপ টাকা দিবার আজ্ঞা হইলেও, যে ব্যক্তি ভয় জন্মাইয়া খাজানা লন আইন-মতে তাঁহার অন্য অর্থদণ্ড বা দণ্ড হইবার কোন বাধা কি আটক নাই ইতি।

Dependent talookdar, &c holding land at fixed rent without change since permanent settlement not liable to enhancement of rent

18 No dependent talookdar or other person possessing a permanent transferable interest in land, intermediate between the proprietor of an estate and the ryots, who holds his talook or tenure (otherwise than under a terminable lease) at a fixed rent which has not been changed from the time of the permanent settlement, shall be liable to any enhancement of such rent, anything in section fifty-one, Regulation VIII, 1793, or in any other law, to the contrary notwithstanding

মফঃসলী তালুকদার প্রভৃতি চিরকালীন বন্দোবস্তের সময়াবধি একই হারে নির্দ্ধারিত খাজানা দিয়া জমী ভোগ করিলে তাঁহার খাজানা বৃদ্ধি হইতে না পারিবার কথা।

১৮ ধারা। মফঃসলী তালুকদার, কিম্বা অন্য যে ব্যক্তি মহালের জমীদারের ও প্রজাদের মধ্যবর্ত্তী হইয়া ভুমিতে হস্তান্তর যোগ্য চিরকালীন সম্পর্ক পান তিনি, যাহার মেযাদ রহিত করা যাইতে পারে এমত পাট্টা-দ্বারা না হইয়া চিরকালীন বন্দোবস্তের সময়াবধি অপরিবর্ত্তিত একই অবধারিত খাজানায তালুক কি জমী ভোগ করিয়া আইলে, তাঁহার সেই খাজানার কিছুমাত্র বৃদ্ধি হইতে পারিবে না। ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারায় কিম্বা অন্য কোন আইনে ভাবান্তরের বিধান থাকিলেও হইতে পারিবে না ইতি।

Enhancement of the rent of bhuinhari and khoodkatti lands

19 No tenant of lands known as bhuinhari or khoodkatti shall be liable to any enhancement of the rent previously paid by him for such lands, unless it be shown that the tenure has been created within twenty years before the institution of the suit to enhance the rent of the said lands, and where enhancement of the rent of such holding is decreed, the rent assessed shall not exceed one half of the rent paid by an ordinary ryot with a right of occupancy on the same class of land with similar advantages.

ভুঁইহারি ও খোদকাট্টি জমীর খাজানা বৃদ্ধির কথা।

১৯ ধারা। ভুঁইহারি কি খোদকাট্টি নামে যে২ জমী জানা যায়, তাহার খাজানা বৃদ্ধি করণার্থ মোকদ্দমা উপস্থিত করিবার পুর্ব্ব বিশ বৎসরের মধ্যে ঐ ভুসম্পর্ক সৃষ্ট হইয়াছে ইহা দেখান না গেলে, ঐ ভুমির নিমিত্ত প্রজা যে খাজানা দিতেন তাহার কিছু মাত্র বৃদ্ধি হইতে পারিবে না। যদি সেই যোতের খাজানা বৃদ্ধির ডিক্রী হয়, তবে দখলীস্বত্ব প্রাপ্ত সামান্য রায়ৎ তত্তুল্য ফলজনক উপায়-বিশিষ্ট জমী ভোগ করিয়া যে খাজানা দিয়া থাকেন, উক্ত জমীর সেই খাজানার অর্দ্ধেকের অধিক ধার্য্য হইবে না ইতি।

Enhancement of the rent of koikor, &c, lands

20 No tenant of lands known as koikor, baeebullah, khundwut, sujhwut, jalsasun, and ariat shall be liable to any enhancement of rent, except in accordance with the general custom prevailing with respect to such lands in the village in which the said lands are situated

কয়কর প্রভৃতি ভুমির খাজানা বৃদ্ধির কথা।

২০ ধারা। কয়কর, ও বাইবল্লা, ও খণ্ডবৎ, ও সজ্জবৎ ও জলশাসন ও আরিয়ৎ ভুমি যে২ গ্রামে থাকে, সেই২ গ্রামের চলিত রীতি অনুসারে না হইলে, ঐ২ জমির প্রজার খাজানা কিছুমাত্র বৃদ্ধি করা যাইবে না ইতি।

Procedure for enhancement of rent

21 No other under tenant or ryot having a right of occupancy shall be liable to any enhancement of the rent previously paid by him except in the manner provided by the two next succeeding sections.

খাজানা বৃদ্ধি করিবার কার্য্য প্রণালী বিষয়ক কথা।

২১ ধারা। অন্য যে পেটাও প্রজার কি রায়তের দখলীস্বত্ব থাকে তিনি পুর্ব্বে যে খাজানা দিতেন, ইহার পশ্চাৎ দুই ধারার বিধান-মতে তাহার সেই খাজানা বৃদ্ধি হইতে পারিবে অন্য কোন প্রকারে নয় ইতি।

within the district in which the suit is instituted, he shall present with his statement of claim an application for the issue of such warrant

When such application is presented, the Deputy Commissioner shall examine the plaintiff or his agent, on his oath or affirmation or otherwise according to the law for the time being in force for the examination of witnesses, and inspect the documents adduced by him in support of his claim, and if there be *primâ facie* grounds for believing the claim to be well-founded, and that, if a summons be issued, the defendant will abscond instead of appearing to answer the claim the Deputy Commissioner may issue a warrant for the arrest of the defendant

The Deputy Commissioner shall fix a reasonable time for the return of the warrant, which shall be in the form contained in the Schedule (E) hereto annexed, or to the like effect, and the officer entrusted with the service of the warrant shall at the time of arresting the defendant deliver to him a notice addressed to the defendant, which shall be in the form in the Schedule (F) hereto annexed, or to the like effect, containing the particulars of the claim, and requiring the defendant, if he contest the claim, to bring with him any document upon which he may intend to rely in support of his defence

But no such warrant shall be issued in a suit for arrears of rent due in respect of a dependent talook or other transferable tenure which, as hereinafter provided, is liable to sale in execution of any decree which may be passed in the case

Procedure after arrest of defendant.

62 If the defendant be arrested under the warrant of arrest, he shall be brought with all convenient speed before the Deputy Commissioner, and the Deputy Commissioner shall commit him to custody, unless he deposit in court such sum as may be specified in the notice

Procedure when defendant is brought before the Deputy Commissioner under warrant.

63 When the defendant is brought before the Deputy Commissioner under warrant, the Deputy Commissioner shall with all convenient speed proceed to try the case in the manner hereinafter provided, and if the suit cannot be at once adjudicated, the Deputy Commissioner may, if he think fit, require the defendant to give security for his appearance whenever the same may be required at any time whilst the suit is depending, or until execution of the final decree which may be passed thereon, and may commit the defendant to the

প্রতিবাদী যদি সেই জিলার মধ্যে বাস করেন, তবে বাদী দাওয়ার বর্ণনাপত্রের সহিত ঐ গ্রেফ্তারী পরওয়ানা জারী করিবার প্রার্থনাপত্র দিবেন।

তদ্রূপ প্রার্থনাপত্র দেওয়া গেলে, ডেপুটী কমিশনর বাদিকে কি তাঁহার মোক্তারকে শপথ কি প্রতিজ্ঞা করাইয়া, কিম্বা সাক্ষিদের পরীক্ষা বিষয়ে যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে বাদির কি মোক্তারের পরীক্ষা লইয়া ও বাদী আপনার দাওয়ার প্রতিপোষণে যে২ দলীল দাখিল করিলেন তাহা দেখিয়, আপাততঃ তাহার দাওয় সমূলক বলিয় জ্ঞান করিবার, ও সমন জারী হইলে প্রতিবাদী দাওয়ার উত্তর দিবার জন্যে না আসিয়া পলায়ন করিবেন এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, ডেপুটী কমিশনর প্রতিবাদিকে ধরিয়া আনিবার পরওয়ানা জারী করিবেন।

ডেপুটী কমিশনর ঐ পরওয়ানা ফিরিয়া আনিবার সঙ্গত সময় স্থির করিবেন। সেই পরওয়ানা এই আইনের E তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে। ও ঐ পরওয়ানা জারী করিবার ভার যে কর্ম্মকারককে দেওয়া যায় তিনি প্রতিবাদিকে ধরিবার সময়ে তাহার নামে এক খান নোটিস দিবেন। ঐ নোটিস এই আইনের F তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে। তন্মধ্যে দাওয়ার বৃত্তান্ত লেখা থাকিবে, ও প্রতিবাদির প্রতি এই আদেশ থাকিবে যে ঐ দাওয়ার আপত্তি জানাইতে চাহিলে, আপন উত্তরের প্রতিপোষণে যে দলীলের উপর নির্ভর করেন তাহা সঙ্গে করিয়া আনিবেন।

কিন্তু মফঃসলী তালুকের, কিম্বা যে ভূসম্পর্ক হস্তান্তর করা যাইতে পারে ও পশ্চাৎ লিখিত বিধানমতে মোকদ্দমার ডিক্রীজারীক্রমে বিক্রয় হইতে পারে, সেই ভূসম্পর্কের বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমা হইলে, সেই প্রকারের গ্রেফ্তারী পরওয়ানা জারী হইতে পারিবে না ইতি।

প্রতিবাদিকে ধরিলে পর কার্য্যপ্রণালীর কথা।

৬২ ধারা। গ্রেফ্তারী পরওয়ানামতে প্রতিবাদিকে ধরা গেলে তাঁহাকে সুবিধামতে ত্বরায় ডেপুটী কমিশনরের সম্মুখে আনা যাইবে, ও নোটিসে যত টাকা নির্দ্দিষ্ট থাকে প্রতিবাদী আদালতে তত টাকা আমানৎ না করিলে ডেপুটী কমিশনর তাঁহাকে হাজতে রাখিবেন ইতি।

প্রতিবাদিকে পরওয়ানাক্রমে ডেপুটী কমিশনরের সম্মুখে আনা গেলে কার্য্য প্রণালীর কথা।

৬৩ ধারা। প্রতিবাদিকে পরওয়ানাক্রমে ডেপুটী কমিশনরের সম্মুখে আনা গেলে, ডেপুটী কমিশনর নিম্নলিখিত বিধানক্রমে সুবিধামতে ত্বরায় মোকদ্দমার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন। তৎকালেই মোকদ্দমার নিষ্পত্তি হইতে না পারিলে, তিনি উচিত বোধ করিলে, মোকদ্দমা উপস্থিত থাকন কালের মধ্যে যে কোন সময়ে প্রতিবাদির উপস্থিত হওয়া প্রয়োজন তাঁহার স্থানে সেই সময়ে, কিম্বা মোকদ্দমার শেষ যে ডিক্রী করা যায় তাহা জারী না করণ পর্য্যন্ত কোন সময়ে উপস্থিত হইবার জামীন লইবেন। ও যত কাল সেই জামিন না দেন কিম্বা ডেপুটী কমি-

civil jail to be there detained until he shall furnish such security, or deposit such sum as the Deputy Commissioner shall order.

The security bond shall be in the form contained in the Schedule (G) hereto annexed, or to the like effect

64 If the defendant cannot be arrested under the warrant, the Deputy Commissioner, on the application of the plaintiff, shall either postpone the case for such period as he may think proper in order that the plaintiff may apply within the said period for another warrant to be issued for the arrest of the defendant, or shall forthwith issue a proclamation to be affixed to his own office and to the residence of the defendant appointing a day for the hearing of the case, which shall not be less than ten days from the date of the publication of the notice at the residence of the defendant If the defendant shall appear in pursuance of the proclamation, he shall be dealt with as provided in the last preceding section

Procedure if warrant of arrest cannot be served upon the defendant

65 If it shall appear to the Deputy Commissioner that the arrest of the defendant was applied for without reasonable cause, the Deputy Commissioner may in his decree award to the defendant such sum not exceeding one hundred rupees as he may deem a reasonable compensation for any injury or loss which the defendant may have sustained by reason of such arrest or of his detention in jail during the pendency of the suit

Compensation for arrest applied for without reasonable cause

66. If on the day fixed by the summons or proclamation for the appearance of the defendant, or on any subsequent day to which the hearing of the case may be postponed prior to the recording of an issue for trial as hereinafter provided, neither of the parties appears in person or by an agent, the case shall be struck off, with liberty to the plaintiff to bring a fresh suit, unless precluded by the rules for the limitation of actions.

Consequence of neither party appearing on the day of trial.

67. If on any such day the defendant only appear, the Deputy Commissioner shall pass judgment against the plaintiff by default unless the defendant admit the cause of action, in which case the Deputy Commissioner shall proceed to give judgment for the plaintiff upon such admission without costs,

If defendant only appear to dispute the demand, Deputy Commissioner shall pass judgment by default, but if defendant admit the claim, Deputy Commissioner shall decree upon such admission

শানর যত টাকা আজ্ঞা করেন তত টাকা যত কাল আমা-নৎ না করেন তাঁহাকে তত কাল দেওয়ানী জেলে কয়েদ রাখিতে পারিবেন।

ঐ জামীনী খৎ এই আইনের G তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে ইতি।

৬৪ ধারা। যদি প্রতিবাদিকে পরওয়ানাক্রমে ধরা যাইতে না পারে, তবে বাদির প্রার্থনামতে ডেপুটী কমিশ্যনর যত দিন উচিত বোধ করেন তত দিনের মধ্যে যেন বাদী প্রতিবাদিকে ধরিয়া আনিবার অন্য পরওয়ান জারি করিবার প্রার্থনা করিতে পারেন এই নিমিত্ত, তত দিন মোকদ্দমার বিচার স্থগিত রাখিবেন, কিম্বা তৎকালেই মোকদ্দমা শুনিবার দিন নিরূপণ করিয়া এক খান ঘোষণাপত্র আপনার কাছারীতে ও প্রতিবাদির বাসস্থানে লাগাইবার নিমিত্ত জারী করিবেন। মোকদ্দমা শুনিবার যে দিন ধার্য্য করেন তাহা প্রতিবাদির বাসস্থানে ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি দশ দিনের কম হইবে না। প্রতিবাদী ঐ ঘোষণাপত্রমতে আইসে, তাঁহাকে লইয়া ইহার পূর্ব্ব ধারামতে কার্য্য করা যাইবে ইতি।

গ্রেপ্তারী পরওয়ানা প্রতিবাদির উপর জারী হইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

৬৫ ধারা। প্রতিবাদিকে গ্রেপ্তার করিবার প্রার্থনা করণের সঙ্গত কারণ ছিল না ডেপুটী কমিশ্যনর ইহা দেখিতে পাইলে, তাঁহাকে গ্রেপ্তার করাতে কিম্বা মোকদ্দমা উপস্থিত থাকনকালে তাঁহাকে জেলে আটক রাখাতে প্রতিবাদির যে অপকার কি হানি হইয়াছে তাহার জন্যে, ডেপুটী কমিশ্যনর আপনার ডিক্রীতে ঐ প্রতিবাদির হানিপূরণ স্বরূপ এক শত টাকার অনধিক যত সঙ্গত বোধ করেন ততই পাইবার আজ্ঞা করিবেন ইতি।

সঙ্গত কারণ না থাকিতেও ধরিয়া আনিবার প্রার্থনা হইলে হানিপূরণের কথা।

৬৬ ধারা। সমনে কি ঘোষণাপত্রে প্রতিবাদির হাজির হইবার যে দিন স্থির করা যায় সেই দিনে, কিম্বা পশ্চাৎলিখিত বিধানমতে বিচারার্থ ইস্যু লিপিবদ্ধ হওনের পূর্ব্বে অন্য যে দিন পর্য্যন্ত মোকদ্দমার শ্রবণকার্য্য স্থগিত রাখা যায় সেই দিনে, উভয়পক্ষ নিজে কি মোক্তারের দ্বারা হাজির না হইলে, মোকদ্দমা উঠাইয়া ফেলা যাইবে, কিন্তু বাদির প্রতি মোকদ্দমার মিয়াদের বিধিদ্বারা বাধা না হইলে, নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি থাকিবে ইতি।

বিচারের দিনে কোন পক্ষের উপস্থিত না হওয়ার ফলের কথা।

৬৭ ধারা। উক্ত কোন দিনে কেবল প্রতিবাদী হাজির থাকিলে, ডেপুটী কমিশ্যনর বাদির ত্রুটিহেতুক তাঁহার বিপক্ষ নিষ্পত্তি করিবেন। কিন্তু প্রতিবাদী নালিশের হেতু স্বীকার করিলে, ডেপুটী কমিশ্যনর সেই স্বীকারমতে খরচা সহিত বাদির পক্ষে ডিক্রী করিবেন। কিন্তু দুই কি তদ-

কেবল প্রতিবাদী দাওয়ার আপত্তি করিতে হাজির হইলে ডেপুটী কমিশ্যনর ত্রুটিহেতুক ডিক্রী করিবার কিন্তু প্রতিবাদী দাওয়া স্বীকার করিলে সেই স্বীকারমতে ডিক্রী হইবার কথা।

provided that such judgment, if there be more than one defendant, shall be only against the defendant who makes the admission.

থিক জন প্রতিবাদী থাকিলে যে প্রতিবাদী স্বীকার করেন, কেবল তাঁহার বিপক্ষে ঐ ডিক্রী হইবে ইতি।

If plaintiff only appear, Deputy Commissioner may proceed *ex parte*

68 If on any such day the plaintiff only appear, the Deputy Commissioner, upon proof that the summons or proclamation has been duly served according to the provisions of this Act, shall proceed to examine the plaintiff or his agent, and after considering the allegations of the plaintiff, and any documentary or oral evidence adduced by him, may either dismiss the case, or postpone the hearing of it to a future day for the attendance of any witness the plaintiff may wish to call, or may pass judgment *ex parte* against the defendant

কেবল বাদী হাজির হইলে এক পক্ষমাত্রের উপস্থিত থাকনমতে ডেপুটি কমিশ্যনরের কর্ম করিবার কথা।

৬৮ ধারা। উক্ত কোন দিনে কেবল বাদী হাজির থাকিলে সমন কি ঘোষণাপত্র এই আইনের বিধানানুসারে নিয়মমতে যে জারী করা গেল ডেপুটী কমিশ্যনর ইহার প্রমাণ পাইলে, বাদির কি তাঁহার মোক্তারের পরীক্ষা লইবেন। ও বাদির কথা, ও তিনি লিখিত কি বাচনিক যে প্রমাণ দেন তাহা বিবেচনা করিয়া, হয় মোকদ্দমা ডিসমিস করিতে পারিবেন, না হয় বাদী কোন সাক্ষিকে ডাকিতে চাহিলে তাঁহার হাজির হইবার নিমিত্ত মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন, কিম্বা একপক্ষের কথা শুনিয়া প্রতিবাদির বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন ইতি।

If defendant appear on a day to which the case is postponed, Deputy Commissioner may allow him to be heard in answer to the suit

69 If the defendant shall appear on any subsequent day to which the hearing of the suit may be postponed under the last preceding section, the Deputy Commissioner may, upon such conditions, if any, as to costs or otherwise as he may think proper, allow the defendant to be heard in answer to the suit as if he had appeared on the day fixed for his attendance

মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ হইলে ও প্রতিবাদী হাজির হইলে তাঁহাকে মোকদ্দমার উত্তর দিতে ডেপুটি কমিশ্যনরের অনুমতি দিতে পারিবার কথা।

৬৯ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ হইলে, ও প্রতিবাদী সেই দিনে হাজির হইলে, ডেপুটী কমিশ্যনর খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম করা উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া, প্রতিবাদির হাজির হইবার নিরূপিত দিনে হাজির হওয়ার ন্যায় মোকদ্দমায় তাহার উত্তর শুনিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

Revival, reversal, and alteration of decrees *ex parte* or by default.

70 No appeal shall lie from a judgment passed *ex parte* against a defendant who has not appeared, or from a judgment against a plaintiff by default for non appearance But in all such cases, if the party against whom judgment has been given shall appear, either in person or by agent, if a plaintiff within fifteen days from the date of the Deputy Commissioner's order, and if a defendant within fifteen days after any process for enforcing the judgment has been executed, or at any earlier period, and shall show good and sufficient cause for his previous non-appearance and shall satisfy the Deputy Commissioner that there has been a failure of justice, the Deputy Commissioner may, upon such terms and conditions as to costs or otherwise as he may think proper, revive the suit and alter or rescind the decree, according to the justice of the case But no decree shall be reversed or altered without previously summoning the opposite party to appear and be heard in support of it

এক পক্ষমাত্র উপস্থিত থাকাতে কিম্বা ত্রুটিপ্রযুক্ত যে ডিক্রী করা যায় তাহার পুনঃস্থাপন ও অন্যথা ও অন্যথাকরণবিষয়ক কথা।

৭০ ধারা। প্রতিবাদী উপস্থিত না হইয়া অন্য পক্ষ মাত্র উপস্থিত থাকিতে যে ডিক্রী করা যায়, কিম্বা বাদী উপস্থিত না হইলে ত্রুটিপ্রযুক্ত তাঁহার বিপক্ষে যে ডিক্রী করা যায়, তাহার উপর আপীল নাই। কিন্তু তদ্রূপ সকল স্থলে, যাঁহার বিপক্ষে ঐ ডিক্রী করা যায়, তিনি বাদী হইলে যদি ডেপুটী কমিশ্যনরের আজ্ঞার তারিখ অবধি পনেরো দিনের মধ্যে আপনি কি মোক্তারের দ্বারা উপস্থিত হয়েন, কিম্বা প্রতিবাদী হইলে ঐ ডিক্রী প্রবল করণের পরওয়ানা জারী হইবার তারিখ অবধি পনেরো দিনের মধ্যে কি তৎপূর্ব্বে উপস্থিত হইয়া, পূর্ব্বে উপস্থিত না হওয়ার উত্তম ও বিশিষ্ট কারণ দেখাইলে, ও ন্যায়বিচারের ত্রুটি যে হইয়াছে ডেপুটী কমিশ্যনরের হৃদ্বোধমতে ইহা দেখাইতে পারিলে, ডেপুটী কমিশ্যনর খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম ও বিধান উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া ঐ মোকদ্দমা পুনস্থাপন করিতে ও ন্যায়ানুসারে ডিক্রী পরিবর্ত্তন বা রহিত করিতে পারিবেন। কিন্তু অন্য পক্ষকে উপস্থিত হইতে সমন করা না গেলে ও ডিক্রীর সপক্ষে তাঁহার কথা শুনা না গেলে, উক্ত কোন ডিক্রী অন্যথা কি পরিবর্ত্তন করা যাইবে না ইতি।

71 In all cases in which the Deputy Commissioner shall pass an order for setting aside a judgment, the order shall be final, but in all appealable cases in which the Deputy Commissioner shall reject the application, an appeal shall lie from the order of rejection to the tribunal to which the final decision in the suit would be appealable, provided that the appeal be preferred within the time allowed for an appeal from such final decision, and be written upon stamp paper of the value prescribed for petitions to the court to which the appeal lies where a stamp is required for petitions

Order to set aside judgment shall be final but rejection of application to set it aside shall be appealable

৭১ ধারা। ডেপুটী কমিশ্যনর যে কোন স্থলে ডিক্রী অসিদ্ধ করণের আজ্ঞা করেন, ঐ আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু যে স্থলে মোকদ্দমার উপর আপীল হইতে পারে ডেপুটী কমিশ্যনর এমত স্থলে উক্ত প্রার্থনা অগ্রাহ্য করিলে, মোকদ্দমার শেষ নিষ্পত্তির উপর যে আদালতে আপীল হইতে পারে, সেই আদালতে ঐ অসিদ্ধ করণের আজ্ঞার উপর আপীল হইতে পারিবে। কিন্তু শেষ নিষ্পত্তির উপর আপীল করণের যে মিয়াদ আছে সেই মিয়াদের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে, এবং যে আদালতে আপীল করা যায় সেই আদালতের নিকট দরখাস্তের উপর ইষ্টাম্প লাগিলে, ঐ আপীল তদ্রূপ দরখাস্তের নির্দ্ধারিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে ইতি।

ডিক্রী অসিদ্ধ করিবার আজ্ঞা চূড়ান্ত হইবার কিন্তু অসিদ্ধ করিবার প্রার্থনা অগ্রাহ্য হওয়ায় আজ্ঞার উপর আপীল হইতে পারিবার কথা।

72 When both parties appear in person on the day named in the summons, or upon any subsequent day to which the hearing of the case may be adjourned, for sufficient reason to be recorded by the Deputy Commissioner, the Deputy Commissioner shall proceed to examine them, and either party or his agent may cross-examine the other

On appearance of parties, the parties to be examined by the Deputy Commissioner and may cross examine each other

৭২ ধারা। সমনের নিরূপিত দিনে, কিম্বা ডেপুটী কমিশ্যনরের বিহিত যে কারণ লিপিবদ্ধ করিতে হইবে এমত কারণে, মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ হইলে, সেই দিনে উভয় পক্ষ উপস্থিত হইলে, ডেপুটী কমিশ্যনর তাঁহাদের পরীক্ষা লইতে প্রবর্ত্ত হইবেন ও এক পক্ষ কি তাহার মোক্তার অন্য পক্ষের কূট পরীক্ষা লইতে পারিবেন।

উভয় পক্ষ উপস্থিত হইলে ডেপুটী কমিশ্যনরের পরীক্ষা করণের ও উভয় পক্ষের পরস্পর কূটপরীক্ষা করণের কথা।

If either of the parties be not bound to attend personally, any agent by whom he shall appear, or any person who shall accompany such agent, shall be examined and cross-examined in like manner as the party himself would have been if he had attended personally.

কোন এক পক্ষ স্বয়ং উপস্থিত হইলে তাঁহার যে প্রকারের পরীক্ষা ও কূট পরীক্ষা হইতে পারিত, স্বয়ং উপস্থিত হইতে আবদ্ধ না হইলে তিনি যে মোক্তারের দ্বারা উপস্থিত হন কিম্বা ঐ মোক্তারের সঙ্গে যে ব্যক্তি আইসেন, তাঁহার সেই প্রকারে পরীক্ষা ও কূট পরীক্ষা হইতে পারিবে।

At the time of examination the defendant, if he think fit, may file a written statement of his defence Such statement shall be verified in the manner and under the penalties prescribed in sections 50 and 51 for the verification of statements of claim

পরীক্ষার সময়ে প্রতিবাদী উচিত বোধ করিলে, আপন উত্তরের বর্ণনাপত্র অর্পণ করিতে পারিবেন। দাওয়াব বর্ণনাপত্রে সত্যাকরণের যে কথা লিখিবার আদেশ আছে, ও ৫০ ক ৫১ ধারায় তৎসম্পর্কীয় যে দণ্ড নির্দ্ধারিত আছে ঐ বর্ণনাপত্রেও সেই সত্যাকরণের কথা লেখা যাইবে ও তাহার প্রতি সেই দণ্ড বর্ত্তিবে ইতি।

73. The examination of the parties or their agents, or such other persons as aforesaid, shall be upon oath or affirmation or otherwise according to the law for the time being in force for the examination of witnesses The substance of the examination shall be reduced to writing in the vernacular language of the Deputy Commissioner and filed with the record

Examination of parties, &c

৭৩ ধারা। উভয় পক্ষের কি তাঁহাদের মোক্তারদের বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিদের পরীক্ষা শপথ বা প্রতিজ্ঞাক্রমে, বা যৎকালের প্রচলিত যে আইন অনুসারে অন্য যে প্রকারে সাক্ষিদের পরীক্ষা লওয়া যায়, তদনুসারে লওয়া যাইবে। ডেপুটী কমিশ্যনরের স্বদেশীয় ভাষায় সেই পরীক্ষার মর্ম্ম লিখিয়া লওয়া যাইবে ও নথীর শামিল করা যাইবে।

উভয় পক্ষপ্রভৃতির পরীক্ষার কথা।

Provided that all examinations of parties and witnesses may be recorded in English, if the Deputy Commissioner be sufficiently acquainted with that language

কিন্তু ডেপুটী কমিশ্যনর ইংরেজী ভাষা উপযুক্তমতে জানিলে, উভয় পক্ষের ও সাক্ষিদের সকল পরীক্ষা ইংরেজী ভাষায় লেখা যাইতে পারিবে ইতি।

74 If either of the parties shall bring forward a witness on the day aforesaid, the Deputy Commissioner may take the evidence of such witness

Witnesses to be examined

৭৪ ধারা। পূর্ব্বোক্ত দিনে কোন পক্ষ সাক্ষি উপস্থিত করিলে, ডেপুটী কমিশ্যনর ঐ সাক্ষির প্রমাণ লইতে পারিবেন ইতি।

সাক্ষিদের পরীক্ষা লইতে হইবার কথা।

75 If the defendant rely on any document in support of his defence, he shall deliver the same into court at the first hearing of the suit, and unless such document be so delivered in, or its non-production be sufficiently excused, or unless the Deputy Commissioner see fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

Documentary evidence to be produced by defendant

৭৫ ধারা। প্রতিবাদী আপন উত্তরের প্রতিপোষণে কোন দলীলের উপর নির্ভর করিলে তিনি মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে তাহা আদালতে দাখিল করিবেন। তৎকালে ঐ দলীল দাখিল করা না গেলে, কিম্বা না করিবার বিশিষ্ট কারণ জানান না গেলে, কিম্বা ডেপুটী কমিশ্যনর তাহা উপস্থিত করণের মিয়াদ বাড়াইয়া না দিলে, তাহা পশ্চাৎ গ্রাহ্য হইবে না ইতি।

প্রতিবাদির দলীল দেখাইতে হইবার কথা।

76 If after the examination required by section seventy five, and also the examination of any witness who may attend to give evidence on behalf of either of the parties, and after a consideration of the documentary evidence adduced, a decree can be properly made without further evidence, the Deputy Commissioner shall make his decree accordingly

After examination Deputy Commissioner may make his decree if no further evidence is required

৭৬ ধারা। ৭৫ ধারার আদেশমতে পরীক্ষা লওয়া গেলে পর, ও কোন পক্ষের সপক্ষে প্রমাণ দিতে যে সাক্ষিরা উপস্থিত হন তাঁহাদের পরীক্ষা লওয়া গেলে পর ও যে দলীল উপস্থিত করা যায় তাহাও বিবেচনা করিলে পর, যদি আর প্রমাণ না লইয়া উপযুক্তমতে ডিক্রী করা যাইতে পারে, তবে ডেপুটী কমিশ্যনর তদনুসারে ডিক্রী করিবেন ইতি।

পরীক্ষার পরে আর প্রমাণের প্রয়োজন না হইলে ডেপুটী কমিশ্যনরের ডিক্রী করিতে পারিবার কথা।

77 If on such examination as aforesaid, the agent of either party be unable to answer any material question relating to the case which the Deputy Commissioner is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Deputy Commissioner may postpone the hearing of the case to a future day, and direct that the party whose agent may have been unable to answer as aforesaid shall attend in person on such day, and if the party so directed to attend shall fail to appear in person on the day appointed, the Deputy Commissioner may pass judgment as in case of default, or make such other order as he may deem proper under the circumstances of the case

Consequence of inability of agent to answer

৭৭ ধারা। পূর্ব্বোক্তরূপ পরীক্ষা হওন সময়ে, ডেপুটী কমিশ্যনরের বিবেচনামতে কোন পক্ষের গুরুতর যে প্রশ্নের উত্তর দেওয়া উচিত ও স্বয়ং উপস্থিত থাকিলে উত্তর দিতে পারা সম্ভব, তাঁহার মোক্তার সেই প্রশ্নের উত্তর দিতে না পারিলে, ডেপুটী কমিশ্যনর অন্য দিনপর্য্যন্ত মোকদ্দমা শ্রবণের কার্য্য স্থগিত রাখিয়া, যে পক্ষের মোক্তার ঐ প্রশ্নের উত্তর দিতে পারেন নাই তাঁহারই নিজে সেই দিনে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ও সেই পক্ষ তদ্রূপ আজ্ঞা পাইয় সেই নিরূপিত দিনে উপস্থিত না হইলে, ডেপুটী কমিশ্যনর ত্রুটি হওয়ার স্থলের ন্যায় ডিক্রী করিতে, কিম্বা মোকদ্দমার ভাবগতিক বিবেচনায় অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

মোক্তার উত্তর দিতে না পারিলে তাহার করণের কথা।

78 If on such examination as aforesaid it appear that the parties are at issue on any question upon which it is necessary to hear further evidence, the Deputy Commissioner shall declare and record such issue, and shall fix a convenient day for the examination of witnesses and the trial of the suit, and the trial shall take place on that day, unless there be sufficient reason for adjourning it, which reason shall be recorded by the Deputy Commissioner.

If necessary, Deputy Commissioner to record issue and to fix a day for hearing further evidence

৭৮ ধারা। পূর্ব্বোক্তরূপ পরীক্ষার সময়ে উভয় পক্ষের যে বিষয় লইয়া বিবাদ আছে তাহার আরো প্রমাণ লওয়া আবশ্যক বোধ হইলে, ডেপুটী কমিশ্যনর সেই ইসু জানাইয়া লিপিবদ্ধ করিবেন ও সাক্ষিদের পরীক্ষার ও মোকদ্দমার বিচারের সুবিধার দিন নিরূপণ করিবেন ও সেই দিনে মোকদ্দমার বিচার হইবে। কিন্তু সেই দিনে স্থগিত করিয়া অন্য দিন নিরূপণ করিবার বিশিষ্ট কারণ থাকিলে, ডেপুটী কমিশ্যনর সেই কারণ লিপিবদ্ধ করিবেন ইতি।

আবশ্যকমতে ডেপুটী কমিশ্যনরের ইসু লিখিয়া আরো প্রমাণ শুনিবার দিন নিরূপণ করিবার কথা।

Parties shall produce their witnesses on the day of trial, or Deputy Commissioner on application of either party shall issue summons for the attendance of a witness

79 The parties shall bring forward their witnesses on the day of trial, and if either party require assistance to procure the attendance of a witness on such day either to give evidence or to produce a document, he shall apply to the Deputy Commissioner in sufficient time before the day fixed for the trial, to enable the witness to be summoned to attend on that day, and the Deputy Commissioner shall issue a summons requiring such witness to attend

Rules regarding attendance, examination, &c of witnesses

80 The provisions of the Code of Civil Procedure and the Indian Evidence Act, 1872, so far as they relate to the attendance and examination of witnesses and the production of documents, and of all other rules for the time being in force for the remuneration and punishment of witnesses before the Civil Courts of the Lower Provinces of Bengal, shall, so far as they are consistent with this Act, apply to all suits under this Act

Consequence of parties not appearing on the day fixed for the trial of any issue

81 If on the day fixed for the trial of any issue neither of the parties appear, the case shall be struck off under the conditions provided in section sixty nine If on any such day one only of the parties appear, the issue may be tried and determined in the absence of the other party upon such proof as may be then before the court

Suits instituted or defended by naibs, gomastahs, &c

82 When suits under this Act are instituted or defended by naibs, gomastahs, or other persons employed in the collection of rent or management of land in the name and on the behalf of the landholders by whom they are so employed, all the provisions of this Act, by which the personal appearance or attendance of parties to a suit is or may be required, shall be applicable to such naibs, gomastahs, or other persons, and anything which by this Act is required or permitted to be done by a party in person, may be done by any such person as aforesaid

Processes served on any such person shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been served on the landholder in person, and all the provisions of this Act, relative to the service of processes on a party to the suit, shall be applicable to the service of processes on such person

বিচারের দিনে উভয় পক্ষের সাক্ষিদিগকে আনিতে হইবার কথা। কিম্বা কোন পক্ষের প্রার্থনা হইলে সাক্ষিদিগকে উপস্থিত করিবার নিমিত্ত ডেপুটী কমিশ্যনরের সমন দিবার কথা।

৭৯ ধারা। বিচারের দি.ন উভয় পক্ষ আপনহ সাক্ষিদিগকে আনিবেন। ও প্রমাণ দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে কোন পক্ষের সাক্ষিকে সেই দিনে উপস্থিত করাইতে সাহায্যের প্রয়োজন হইলে, ঐ সাক্ষির নামে যেন সেই দিনে উপস্থিত হইবার সমন দেওয়া যায় এই নিমিত্ত ঐ পক্ষ বিচাবের নিরূপিত দিনের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে ডেপুটী কমিশ্যনরের নিকট প্রার্থনা করিবেন। ও ডেপুটী কমিশ্যনর ঐ সাক্ষির উপস্থিত হইবার সমন জারী করিবেন ইতি।

সাক্ষিদের উপস্থিত হইয়া পরীক্ষা দেওনপ্রভৃতির বিধির কথা।

৮০ ধারা। দেওযানা মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ও ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের আইনের বিধান সাক্ষিদের উপস্থিত হওনের ও সাক্ষ্য দেওনের ও দলীল উপস্থিত করণের প্রতি যত দূর খাটে, ও বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী আদালতের সম্মুখে সাক্ষিদের খরচার ও দণ্ডেব যে বিধি যৎকালে প্রচলিত থাকে, তাহা এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয তত দূব এই আইনমত সকল মোকদ্দমার প্রতি খাটিবে ইতি।

কোন ইস্যুর বিচার করিবার নিরূপিত দিনে কোনপক্ষের উপস্থিত না হইবার ফলের কথা।

৮১ ধারা। কোন ইস্যুর বিচার করিবার নিরূপিত দিনে উভয় পক্ষ উপস্থিত না হইলে, ৬৯ ধারার বিধানমত নিয়মানুসারে মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দেওযা যাইবে। সেই দিনে কেবল এক পক্ষ উপস্থিত হইলে, আদালতের সম্মুখে তৎকালে যে প্রমাণ থাকে তদনুসারে অন্য পক্ষের অনুপস্থানে ঐ ইস্যুর বিচার ও নিষ্পত্তি হইতে পারিবে ইতি।

ন এব গোমাশতা প্রভৃতি যে মোকদ্দমায় বাদী কি প্রতিবাদী হন তদ্বিষয়ক কথা।

৮২ ধাবা। নাএবেরা ও গোমাশতারা, কিম্বা জমীদারদের নিকট কর্ম্ম করিয়া অন্য যে ব্যক্তিরা জমীদারের নামে ও তৎপক্ষে খাজানা আদায় কি ভূমির সরবরাহ করিযা থাকেন তাঁহারা, এই আইনমত মোকদ্দমায বাদী কি প্রতিবাদী হইলে, এই আইনের যে সকল বিধানমতে মোকদ্দমাব উভয পক্ষের নিজে আসিবাব কি উপস্থিত হইবার আদেশ হয বা থাকে, সেই সকল বিধান ঐ নাএব ও গোমাশতাদের ও অন্য ব্যক্তিদেব প্রতি খাটিবে, ও এই আইনক্রমে কোন পক্ষের নিজে যে কর্ম্ম করিবার আদেশ বা অনুমতি থাকে, তাহা পূর্ব্বোক্ত কোন ব্যক্তির দ্বাবা কবা যাইতে পারিবে।

If third party claim to be the lawful possessor of such under-tenure, Deputy Commissioner to stay the sale and to enquire into and adjudicate upon the claim.

১২৬ ধারা। ডিক্রীজারীক্রমে অস্থাবর সম্পত্তির নীলামের কথা প্রকাশ করণে কিম্বা নীলাম করণে কোন বেদাঁড়াব কার্য্য হইলে, ঐ নীলাম অসিদ্ধ হইবে না। কিন্তু এই বিধি থাকিলেও ঐ বেদাঁড়ার কার্য্য হেতুক কোন ব্যক্তির হানি হইলে তাঁহার দেওয়ানী আদালতে নালিশ করিয়া সেই হানিপূরণ পাইবার বাধা নাই, কিন্তু নীলামের তারিখ অবধি এক বৎসরের মধ্যে তাঁহার ঐ নালিশ করিতে হইবে ইতি।

নীলামের কথা প্রচার করণে কি নীলাম করণে বেদাঁড়া কর্ম্ম হইলে নীলাম অসিদ্ধ না হওনের কথা।

১২৭ ধারা। অধিকারপত্রক্রমে কিম্বা দেশাচারমতে যে পেটাও তালুক বিক্রয় করিয়া হস্তান্তর করা যাইতে পারে এমত পেটাও তালুকের বাকী খাজানার নিমিত্ত ডিক্রী হইলে, ডিক্রীমত মহাজন ঐ জমী বিক্রয় করিবার দরখাস্ত করিতে পারিবেন। ও কমিশ্যনর সাহেব অনুমতি দিলে, ১৮৬৫ সালের বঙ্গীয় ৮ আইনে পেটাওতালুক নীলাম করিবার যে বিধি আছে সেই বিধিমতে ঐ জমী ডিক্রীজারীক্রমে নীলাম হইতে পারিবে, কিন্তু তাঁহার অনুমতিবিনা হইবে না। পরন্তু যদি তৎপূর্ব্বে ডিক্রীমত খাতকের কি তাঁহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইয়া থাকে, তবে সেই পরওয়ানা যত দিন প্রবল থাকে তত দিন উক্ত প্রকারের দরখাস্ত গ্রাহ্য হইবে না।

হস্তান্তর করণে যোগ্য জমীর বাকী খাজানার নিমিত্ত ডিক্রীজারীক্রমে নীলাম হওয়ার কথা।

পেটাও তালুক বিক্রয় হইলেও ডিক্রীমত টাকার কোন অংশ পাওনা থাকিলে, খাতকের স্থাবর কি অস্থাবর অন্য কোন সম্পত্তির উপর পরওয়ানা বাহির হইবার দরখাস্ত করা যাইতে পারিবে, ও ১৩৩ ধারার বিধানমতে উক্ত কোন স্থাবর সম্পত্তির নীলাম হইতে পারিবে ইতি।

১২৮ ধারা। যে ব্যক্তি পেটাও তালুক পান তাঁহার মরণের পর পুরুষ উত্তরাধিকারী থাকিলে তিনি সেই জমী ভোগ করিবেন, না থাকিলে, ঐ জমী দেওয়ার তারিখের পর তাহার উপর যে সকল দায় বর্ত্তান যায় তাহা ব্যতীত, ঐ জমী দাতার অধিকারে আসিবে, এই নিয়মে যে পেটাও তালুক ভোগ হয় তাহা এই আইনমতে বিক্রয় হইতে পারিবে না।

পুরুষ উত্তরাধিকারী উত্তর জীবী হওয়ার নিয়মে পেটাও তালুক ভোগ হইলে তাহা নীলাম করিয়া হস্তান্তর হইতে না পারিবার কথা।

কিন্তু কমিশ্যনর সাহেবের অনুমতি হইলে, সেই জমীতে কোন ব্যক্তির যে স্বত্ব ও অধিকার থাকে তাহা বিক্রয় হইতে পারিবে ইতি।

১২৯ ধারা। ১২৮ ধারায় যে পেটাও তালুকের কথা আছে তাহার বাকী খাজানার নিমিত্তে ডিক্রীজারীক্রমে সেই পেটাও তালুক, কিম্বা তাহাতে পূর্ব্বোক্তমতে কোন ব্যক্তির স্বত্ব ও অধিকার, নীলাম করিবার নির্দ্ধারিত দিনের পূর্ব্বে, যদি তৃতীয় ব্যক্তি ডেপুটী কমিশ্যনরের সম্মুখে আসিয়া বলেন

তৃতীয় ব্যক্তি সেই পেটাও তালুকের আইনমত দখীলকার বলিয়া দাওয়া রাখিলে ডেপুটী কমিশ্যনরের ঐ নীলাম স্থগিত করিয়া ঐ দাওয়ার সন্ধান লইয়া নিষ্পত্তি করিবার কথা।

missioner and allege that such third party, and not the person against whom the decree has been obtained, is the proprietor of such under tenure, and was in lawful possession of the same at the time when such decree was obtained the Deputy Commissioner shall examine such party in the manner provided in section 122 for the examination of third parties, and if he see sufficient reason for so doing, and such party shall deposit in court the amount of the decree, or give sufficient security for the same, the Deputy Commissioner shall stay the sale and proceed to enquire into and adjudicate upon the claim

Provided that no transfer of an under tenure which, by the provisions of this Act or any other law for the time being in force, is required to be registered in the sherishtah of the zemindar or superior tenant shall be recognized unless it have been so registered, or unless sufficient cause for non registration be shown to the satisfaction of the Deputy Commissioner

Mode of adjudicating such claims

130 In trying such claim the Deputy Commissioner shall be guided by the rules contained in this Act, so far as the same may be applicable, and the judgment passed by the Deputy Commissioner on such claim shall not be subject to appeal, but the party against whom it is given may bring a suit in the civil court to establish his right at any time within one year from the date of the judgment

Execution of decrees given in favor of sharers in undivided estates or tenures

131 If a decree be given in favor of a sharer in a joint undivided estate, dependent talook, or other similar tenure for money due to him on account of his share of the rent of an under-tenure situate in such undivided estate, or talook, or tenure, application for the sale of such under-tenure shall not be received, unless execution shall have been first taken out against any moveable property which the judgment-debtor may possess within the district in which the suit was instituted, and the sale of such property, if any, shall have proved insufficient to satisfy the judgment

In such case such under tenure, if of the nature described in section 127 and not of the nature described in section 128 may, with the sanction of the Commissioner, but not otherwise, be brought to sale in execution of the decree in the same manner as any other immoveable property may be sold in execution of a decree for money under the provisions of the next two succeeding sections

যে, ঐ ডিক্রী যাঁহার বিপক্ষে পাওয় গিয়াছে তিনি ঐ পেটাও তালুকের অধিকারী নহেন, আমিই সেই অধিকারী, ও সেই ডিক্রী যে সময়ে পাওয়া গিয়াছিল সেই সময়ে ঐ জমী আইনমতে আমার দখলে ছিল, তাহা হইলে ১২২ ধারায় তৃতীয় ব্যক্তিদের পরীক্ষা লইবার যে বিধি আছে ডেপুটী কমিশ্যনর সেই বিধিমত ঐ ব্যক্তির পরীক্ষা লইবেন। ও নীলাম স্থগিত রাখিবার বিশিষ্ট কারণ জানিলে ও সেই ব্যক্তি ডিক্রীর টাকা আদালতে অমানৎ করিলে কিম্বা তাহার প্রচুর জামীন দিলে, ডেপুটী কমিশ্যনর ঐ নীলাম স্থগিত করিয়া ঐ দাওয়ার সন্ধান লইয়া নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন।

কিন্তু এই আইনের, কিম্বা তৎকালে যে আইন প্রচলিত থাকে তাহার বিধানানুসারে পেটাও তালুক হস্তান্তর হওনের কথা জমীদারের কি উপরিস্থ তালুকদারের সিরিশতায় রেজিষ্টরী করিবার আদেশ থাকিলে তাহা তদ্রূপ রেজিষ্টরী করা না গেলে, কিম্বা ডেপুটী কমিশ্যনরের জ্ঞাতসারে রেজিষ্টরী না করিবার উপযুক্ত কারণ দর্শান না গেলে, ঐ হস্তান্তর কার্য্য স্বীকার হইবে না ইতি।

তদ্রূপ দাওয়া নিষ্পত্তি করিবার নিয়ম বিষয়ক কথা।

১৩০ ধারা। তদ্রূপ দাওয়ার বিচার করণ সময়ে এই আইনের বিধি যত দূর খাটিতে পারে ডেপুটী কমিশ্যনর সেই বিধিমতে বিচার করিবেন, ও ডেপুটী কমিশ্যনর সেই দাওয়ার উপর যে বিচার করেন তাহার উপর আপীল নাই। কিন্তু যাঁহার বিপক্ষে বিচার হয় তিনি ঐ বিচারের তারিখ অবধি এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ব স্থাপনার্থে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

অবিভক্ত মহালের কি তালুকের অংশদের পক্ষে ডিক্রী হইলে ঐ ডিক্রীজারী করণের কথা।

১৩১ ধারা। সাধারণ অবিভক্ত মহালের কি মফঃসলী তালুকের কি তদ্রূপ অন্য ভূমির কোন অংশির পক্ষে ঐ অবিভক্ত মহালের কি তালুকের কি জমার অন্তর্গত পেটাও তালুকের খাজানার অংশের বাবৎ তাঁহার প্রাপ্য টাকার ডিক্রী হইলে, ঐ মোকদ্দমা যে জিলায় উপস্থিত করা গেল তন্মধ্যে ডিক্রীমত খাতকের কোন অস্থাবর সম্পত্তির উপর ঐ ডিক্রী জারীর পরওয়ানা প্রথমে না লওয়া গেলে, ও তদ্রূপ সম্পত্তি থাকিলে তাহার নীলামে হওয়াও ডিক্রীমত সমুদয় টাকা পাওয়া গেল না বলিয়া প্রমাণ না হইলে, সেই পেটাও তালুক নীলাম করিবার দরখাস্ত গ্রাহ্য হইবে না।

তদ্রূপ স্থলে সেই পেটাও তালুক ১২৮ ধারায় লিখিত প্রকারের জমি না হইয়া ১২৭ ধারায় লিখিত প্রকারের জমি হইলে, ইহার পশ্চাৎ দুই ধারার বিধানমতে টাকার ডিক্রী জারী করিয়া অন্য কোন স্থাবর সম্পত্তি যে প্রকারে নীলাম হইতে পারে, কমিশ্যনর সাহেবের অনুমতি হইলে সেই পেটাও তালুকও সেই প্রকারে নিলাম হইতে পারিবে, কিন্তু তাঁহার অনুমতিবিনা হইতে পারিবে না ইতি।

In all cases of decrees for money if judgment cannot be satisfied by sale of moveable property execution may be had against his immoveable property.

132. In the execution of any decree for the payment of money under this Act not being money due as arrears of rent of a saleable under-tenure, or of a tenure the right and title in which is saleable, if satisfaction of the judgment cannot be obtained by execution against the person or moveable property of the debtor within the district in which the suit was instituted, the judgment-creditor may apply for execution against any immoveable property belonging to such debtor, and such immoveable property may, with the sanction of the Commissioner, but not otherwise, be brought to sale in the manner in the next succeeding section mentioned.

Mode of executing process if immoveable property be a house or other building.

133. If the immoveable property against which execution is applied for be a house or other building, process shall be issued in the same manner as for the attachment and sale of moveable property, and the provisions of sections 115 to 121 (both inclusive) shall so far as may be practicable, be applicable to the execution of such process.

If it be a saleable under-tenure.

If the property be a saleable under-tenure, it shall be sold under the provisions of the law for the time being in force in the Lower Provinces of Bengal applicable to the sale of such under-tenures for demands other than those of arrears of rent due in respect thereof.

If it be an estate or a share of an estate.

If the property be an estate, or a share of an estate it shall be sold under the provisions of the law for the time being in force in the Lower Provinces of Bengal applicable to the sale of estates for the recovery of demands recoverable by the same process as arrears of land revenue.

Consequence of objection being filed before the sale of any immoveable property.

134. If, before the day fixed for the sale of any immoveable property as aforesaid, objection shall be offered to the sale on the ground of such property not belonging to the judgment debtor, and consequently not being liable to be sold in execution of a decree against him, the Deputy Commissioner shall examine the party making the objection in the manner prescribed in section 122 for the examination of third parties, and if satisfied that there is sufficient ground for so doing, shall stay the

টাকার নিমিত্তে কোন ডিক্রী হইলে খাতকের অস্থাবর সম্পত্তি নীলাম হইয়া ডিক্রীমত সমস্ত টাকা আদায় না হইলে তাহার স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হইতে পারিবার কথা।

১৩২ ধারা। যে পেটাও তালুকের নীলাম হইতে পারে কিম্বা জমীতে যে স্বত্ব ও সম্পর্ক বিক্রয় হইতে পারে তাহার খাজানার বাবৎ প্রাপ্য টাকা ছাড়া কোন টাকা আদায়ের নিমিত্ত এই আইনমতে ডিক্রী জারী হইলে, খাতকের উপর, কিম্বা মোকদ্দমা যে জিলায় উপস্থিত করা গেল, সেই জিলায় তাঁহার যে অস্থাবর সম্পত্তি থাকে তাহার উপর ডিক্রী জারী হইয়, যদি ডিক্রীর সমস্ত টাকা আদায় হইতে না পারে, তবে ডিক্রীমত মহাজন ঐ খাতকের কোন স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হইবার দরখাস্ত করিতে পারিবেন, ও কমিশনর সাহেবের অনুমতি হইলে সেই স্থাবর সম্পত্তি ইহার পশ্চাৎলিখিত ধারামতে নীলাম হইতে পারিবে, কিন্তু তাঁহার অনুমতি বিনা হইবে না ইতি।

স্থাবর সম্পত্তি কোটা প্রভৃতি ঘর হইলে পরওয়ানা যেরূপে জারী হইবে তাহার কথা।

১৩৩ ধারা। যে স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী করিবার প্রার্থনা হয় তাহা ঘর কি কোন প্রকারের গাঁথনি হইলে অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার পরওয়ানার ন্যায় ঐ গৃহাদির উপর পরওয়ানা বাহির হইবে, ও ১১৫ অবধি ১২১ পর্য্যন্ত সকল ধারার বিধান যত দূর খাটিতে পারে তত দূর ঐ পরওয়ানা জারীর প্রতি খাটিবে।

যে পেটাও তালুক বিক্রয় হইতে পারে এমত তালুক হইলে।

যে পেটাও তালুক বিক্রয় হইতে পারে ঐ সম্পত্তি এমত জমী হইলে, সেই প্রকারের পেটাও তালুকের বাকী খাজানা ছাড়া অন্য দাওয়ামতে ঐ তালুক বিক্রয় করণ স্থলে বঙ্গদেশে তৎকালের প্রচলিত যে আইনের বিধান খাটে, সেই বিধানমতে উক্ত পেটাও তালুকের নীলাম হইতে পারিবে।

মহাল কি মহালের একাংশ হইলে।

মহাল কি মহালের একাংশ ঐ সম্পত্তি হইলে ভূমির বাকী রাজস্বের ন্যায় অন্য প্রকারের দাওয়া আদায় করণার্থে মহালের নীলাম প্রভৃতি বঙ্গদেশে তৎকালের প্রচলিত যে আইনের বিধান খাটে, উক্ত মহাল কি তাহার অংশ সেই বিধানমতে নীলাম হইতে পারিবে ইতি।

কোন স্থাবর সম্পত্তি নীলাম হওয়ার পূর্ব্বে আপত্তি করা গেলে তাহার ফলের কথা।

১৩৪ ধারা। পূর্ব্বোক্তমতে কোন স্থাবর সম্পত্তি নীলাম করিবার দিন নিরূপণ হওয়ার পূর্ব্বে, ঐ সম্পত্তি ডিক্রীমত খাতকের না হওয়াতে তাঁহার বিপক্ষে ডিক্রীজারীক্রমে বিক্রয় হইতে পারে না বলিয়া ঐ নীলামের বিষয়ে আপত্তি করা গেলে ১২২ ধারায় তৃতীয় ব্যক্তির পরীক্ষা লইবার যে বিধান আছে ডেপুটী কমিশনর সেই বিধানমতে ঐ আপত্তিকারকের পরীক্ষা লইবেন, ও নীলাম স্থগিত রাখিবার বিশিষ্ট কারণ জানিলে, তিনি নীলাম স্থগিত করিয়া ১২৩ ধারার বিধানমতে ঐ আপত্তির সন্ধান

sale and proceed to enquire into and adjudicate upon the objection, in the same manner, and subject to the same right of suit by the party against whom judgment may be given, as is provided in section 130.

লইয়া তাহা নিষ্পত্তি করিবেন, ও যাঁহার বিপক্ষে ডিক্রি হয় সেই ধারার বিধানমতে তাঁহার মোকদ্দমা উপস্থিত করিবার অধিকার থাকিবে ইতি।

135 Every process issued by a Deputy Commissioner under this Act shall be under the seal and signature of the Deputy Commissioner, and shall be served or executed by the Nazir, or by such other officer as the Deputy Commissioner may direct, at the cost of the party at whose instance it issued

Service of process

Provided that, if in any case the Deputy Commissioner is satisfied that a party is unable to pay the cost of any necessary process, he may direct such process to be served free of charge

১৩৫ ধারা। ডেপুটী কমিশ্যনর এই আইনমতে যে কোন পরওয়ানা দেন তাহাতে তাঁহার দস্তখৎ ও মোহর থাকিবে। ও যাঁহার প্রার্থনামতে পরওয়ানা বাহির হয় তাঁহার খরচে নাজির, কিম্বা ডেপুটী কমিশ্যনর অন্য যে আমলাকে আজ্ঞা করেন তিনি, ঐ পরওয়ানা দিবেন বা জারী করিবেন।

পরওয়ানা জারীর কথা।

কিন্তু কোন পরওয়ানা আবশ্যক হইলেও উক্ত পক্ষ ঐ পরওয়ানাজারীর খরচ দিতে পারে না, ডেপুটী কমিশ্যনর কোন স্থলে ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে, বিনা খরচে ঐ পরওয়ানা জারী করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

136 Any resistance or opposition to the lawful process of a Deputy Commissioner under this Act may be punished by the Deputy Commissioner according to the provisions of the law for the time being in force for the punishment of resistance or opposition to the processes of the courts of civil justice When in any such case the offender is not present in court, the Deputy Commissioner may summon him to answer to the charge, and if after due service of the summons he fail to attend, may issue a warrant for his apprehension

Resistance of process

Orders passed by a Deputy Commissioner under this section shall not be deemed to be orders relating to the trial of suits, or to the execution of decrees within the meaning of section 139

১৩৬ ধারা। ডেপুটী কমিশ্যনর এই আইনক্রমে বৈধমতে যে পরওয়ানা দেন কেহ তাহার বাধা দিলে কি বিপক্ষতা করিলে, দেওয়ানী আদালতের পরওয়ানার বাধা কি বিপক্ষতা করণের দণ্ডবিষয়ক তৎকালের প্রচলিত আইনের যে বিধান থাকে ডেপুটী কমিশ্যনর সেই বিধানমতে উক্ত বাধা কি বিপক্ষতা করণের দণ্ড করিতে পারিবেন। তদ্রূপ কোন স্থলে অপরাধী আদালতে না থাকিলে ডেপুটী কমিশ্যনর ঐ নালিশের উত্তর দিবার জন্যে তাহার নামে সমন দিতে পারিবেন ও সমন বাতিমতে জারী হইলেও ঐ ব্যক্তি না আসিলে তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন।

পরওয়ানার বাধা দেওনের কথা।

ডেপুটী কমিশ্যনর এই ধারামতে যে আজ্ঞা করেন তাহা ১৩৯ ধারার অর্থমতে মোকদ্দমার বিচার কি ডিক্রী জারী করণ সম্পর্কীয় আজ্ঞা বলিয়া জ্ঞান করিতে হইবে না ইতি।

137 It shall be competent to the Deputy Commissioner to hold a court for hearing and determining suits under this Act in any place within the limits of his district or local jurisdiction, provided that every hearing and decision shall be in open court, and that the parties to the suit, or their authorized agents, shall have had due notice to attend at such place

Deputy Commissioner competent to hold a court in any part of his jurisdiction

১৩৭ ধারা। ডেপুটী কমিশ্যনর আপন জিলা কি স্থান সম্পর্কীয় এলাকার সীমার মধ্যে কোন স্থানেই না কেন স্থানেই এই আইনমত মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিবার জন্যে আদালত করিতে পারিবেন। কিন্তু খোলা কাছারীতে মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিতে হইবে, ও উপযুক্ত সময় থাকিতে মোকদ্দমার উভয় পক্ষকে কিম্বা তাঁহাদের ক্ষমতাপ্রাপ্ত মোক্তারকে সেই স্থানে উপস্থিত হইবার নোটিস দেওন যাইবে ইতি।

ডেপুটী কমিশ্যনরের এক স্থানেই মোকদ্দমা শুনিয়া আদালত করিতে পারিবার কথা।

138 All the powers vested in the Deputy Commissioner by this Act may be exercised by any Deputy Collector in cases referred to him by a Deputy Commissioner, and in all cases without such reference, by any Deputy Collector placed in charge of any subdivision of a district, or who is specially author-

Powers of Deputy Collectors

১৩৮ ধারা। ডেপুটী কমিশ্যনর ডেপুটী কালেক্টরের প্রতি কোন মোকদ্দমা অর্পণ করিলে, কিম্বা না করিলেও ডেপুটী কালেক্টর কোন জিলার মহকুমার অধ্যক্ষতা পদ পাইলে, কিম্বা গবর্ণমেণ্ট তাঁহার প্রতি উক্ত প্রকারের মোকদ্দমা আদি করিবার বিশেষ ক্ষমতা দিয়া থাকিলে, এ আইনমতে ডেপুটী কমিশ্যনরের প্রতি যে সকল ক্ষমতা অর্পণ

ডেপুটী কালেক্টরদের ক্ষমতার কথা।

zed by Government to receive such cases, and all applications and reports allowed or required by this Act to be made to the Deputy Commissioner may be made to any Deputy Collector having such local jurisdiction, or such special authority as aforesaid.

হইলে, উক্ত সকল মোকদ্দমার ডেপুটি কালেক্টরও সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। ও এই আইনমতে ডেপুটি কমিশ্যনরের নিকট যে সকল দরখাস্ত ও রিপোর্ট করিবার অনুমতি কি আদেশ থাকে, উক্ত প্রকারের স্থানীয় এলাকা প্রাপ্ত কিম্বা ঐ বিশেষ ক্ষমতা-প্রাপ্ত ডেপুটী কালেক্টরেরও নিকট সেইং দরখাস্ত ও রিপোর্ট করা যাইতে পারিবে ইতি।

Deputy Commissioner and Deputy Collectors to be subject to direction and control of the Commissioners and the Board of Revenue

139 In the performance of their duties under this Act, the Deputy Commissioners and Deputy Collectors shall be subject to the general direction and control of the Commissioner and the Board of Revenue, and the Deputy Collectors shall be subject to the direction and control of the Deputy Commissioner to whom they are subordinate.

ডেপুটী কমিশ্যনর ও ডেপুটী কালেক্টরদের কমিশ্যনর সাহেবের ও রেবিনিউ বোর্ডের আদেশ ও তত্ত্বাধিন থাকার কথা।

১৩৯ ধারা। ডেপুটী কমিশ্যনরেরা ও ডেপুটী কালেক্টরেরা এই আইনমতে আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণ সম্পর্কে কমিশ্যনর সাহেবের ও রেবিনিউ বোর্ডের সাধারণ আজ্ঞা ও তত্ত্বাধীনে থাকিবেন। ও ডেপুটী কালেক্টরেরা যে ডেপুটী কমিশ্যনরের অধীন হন তাঁহার আজ্ঞা ও তত্ত্বাধীনে থাকিবেন।

No appeal from orders of Deputy Commissioner and Deputy Collectors in certain cases

All orders passed by a Deputy Commissione under this Act, not being judgments in suits or orders passed in the course of suits and relating to the trial thereof, or orders passed after decree and relating to the execution thereof, shall be appealable to the Commissioner, and all such orders passed by a Deputy Collector shall be appealable to the Deputy Commissioner, but no judgment of a Deputy Commissioner or Deputy Collector in any suit, and no order of a Deputy Commissioner or Deputy Collector passed in any suit and relating to the trial thereof, or after decree and relating to the execution thereof, shall be open to revision or appeal otherwise than as expressly provided in this Act

কোনং স্থলে ডেপুটী কমিশ্যনরের ও ডেপুটী কালেকটরের আজ্ঞার উপর আপীল না থাকার কথা।

মোকদ্দমায় যে বিচার হয়, কিম্বা মোকদ্দমা চলন সময়ে তাহার বিচার সম্পর্কীয় যে আজ্ঞা করা যায়, কিম্বা ডিক্রীর পর ডিক্রীজারী করণ সম্পর্কীয় যে আজ্ঞা করা যায় তাহা ছাড়া, ডেপুটী কমিশ্যনর এই আইনমতে যে সকল আজ্ঞা করেন তাহার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে, ও ডেপুটী কালেকটর তদ্রূপ যে সকল আজ্ঞা করেন তাহার উপর ডেপুটী কমিশ্যনরের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু ডেপুটি কমিশ্যনর কি ডেপুটী কালেকটর কোন মোকদ্দমায় যে বিচার করেন, কিম্বা ডেপুটী কমিশ্যনর কি ডেপুটী কালেকটর কোন মোকদ্দমার বিচার করণ সম্পর্কীয় যে আজ্ঞা করেন, কিম্বা ডিক্রীর পর ঐ ডিক্রী জারী করণ সম্পর্কীয় যে আজ্ঞা করেন, কেবল এই আইনের নির্দ্দিষ্ট বিধান অনুসারে তাহার পুনরালোচনা হইতে কিম্বা তাহার উপর আপীল হইতে পারিবে, নতুবা হইতে পারিবে না ইতি।

Time for presenting appeals from orders

140 Every appeal against the order of a Deputy Commissioner shall be presented to the Commissioner within thirty days, and every appeal against the order of a Deputy Collector shall be presented to the Deputy Commissioner within fifteen days from the date of the order

আজ্ঞার উপর আপীল উপস্থিত করিবার মিয়াদের কথা।

১৪০ ধারা। ডেপুটী কমিশ্যনরের আজ্ঞার উপর আপীল ঐ আজ্ঞার তারিখ-অবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট উপস্থিত করিতে হইবে, ও ডেপুটী কালেক্টরের আজ্ঞার উপর আপীল ঐ আজ্ঞার তারিখঅবধি ১৫ পনেরো দিনের মধ্যে ডেপুটী কমিশ্যনরের নিকট উপস্থিত করিতে হইবে।

Orders passed in appeal by a Commissioner or a Deputy Commissioner shall not be open to any further appeal, but the Board of Revenue or the Commissioner may call for any case and pass such orders thereon as they may think proper.

কমিশ্যনর সাহেব কিম্বা ডেপুটী কমিশ্যনর আপীলমুখে যে আজ্ঞা করেন তাহার উপর আর আপীল নাই। কিন্তু রেবিনিউ বোর্ডের সাহেবেরা কিম্বা কমিশ্যনর সাহেব কোন মোকদ্দমা আনাইয়া তাহার উপর যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

[Government Gazette, 29th January 1878

141. In suits under clauses two, four and seven of section 37, tried and decided by a Deputy Commissioner, if the amount sued for, or the value of the property claimed does not exceed one hundred rupees, the judgment of the Deputy Commissioner shall be final, and not open to revision or appeal except as hereinafter provided, unless in any such suit a question relating to a title to land, or to some interest in land as between parties having conflicting claims thereto has been determined by the judgment, in which case the judgment shall be open to appeal in the manner provided in section 148.

No appeal from any decree of Deputy Commissioner for money below Rupees 100 unless the decision involve a question of right to land, or some question relating to a title to land.

১৪১ ধারা। ডেপুটী কমিশ্যনর ৩৭ ধারার ২ ও ৪ ও ৭ প্রকরণমতে মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিলে, যে টাকার নিমিত্ত নালিশ হয় তাহা কিম্বা যে সম্পত্তির দাওয়া হয় তাহার মূল্য এক শত টাকার অধিক না হইলে, ডেপুটী কমিশ্যনরের বিচার চুড়ান্ত হইবে, ও পশ্চাৎ লিখিত বিধানমতে তাহার পুনরালোচনা কি তাহার উপর আপীল হইতে পারিবে, নতুবা হইবে না। কিন্তু উক্ত মোকদ্দমার ভূমিগত অধিকার বিষয়ে কিম্বা ভূমিতে কোন স্বার্থ বিষয়ে উভয় পক্ষের পরস্পর বিপরীত দাওয়া থাকাতে যদি বিচারে তৎসম্পর্কীয় কোন বিবাদ নির্ণয় হইয়া থাকে, তবে ১৪৮ ধারার বিধানমতে ঐ বিচারের উপর আপীল হইতে পারিবে ইতি।

ডেপুটী কমিশ্যনর এক শতের কম টাকার ডিক্রী করিলে, ঐ নিষ্পত্তির মধ্যে থাজানা হুণ্ডির স্বত্ব বিষয়ে কিম্বা ভূমিতে অধিকার বিষয়ে কোন বিবাদ না থাকিলে তাহার উপর আপীল না হইবার কথা।

142. In suits in which the judgment of the Deputy Commissioner is final, as provided in the last preceding section, the Deputy Commissioner may, upon the application of either party, if preferred within thirty days from the date of the decision, order the rehearing of a suit upon the ground of the discovery of new evidence or matter material to the issue of the case which the applicant had no knowledge of, or could not produce at the time of trial

In suits not open to appeal, Deputy Commissioner may grant a rehearing upon the discovery of new evidence, &c.

১৪২ ধারা। কোন মোকদ্দমায় ইহার পূর্ব্ব ধারামতে ডেপুটী কমিশ্যনরের বিচার চূড়ান্ত হইলে যদি কোন পক্ষ, পূর্ব্বে যাহা জানিতেন না বা বিচারের সময়ে যাহা উপস্থিত করিতে পারিলেন না এমত নূতন প্রমাণ কিম্বা মোকদ্দমার ফলসম্পর্কে গুরুতর বিষয় জানা গিয়াছে বলিয়া, ঐ নিষ্পত্তির তারিখ অবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে দরখাস্ত দেন, তবে ডেপুটী কমিশ্যনর সেই মোকদ্দমা পুনরায় শুনিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মোকদ্দমায় আপীল হইতে না পারিলে নূতন প্রমাণপ্রভৃতি প্রকাশ হইলে ডেপুটি কমিশ্যনরের পুনরায় শুনিতে পারিবার কথা।

143. When any such suit as aforesaid, in which, if tried and decided by a Deputy Commissioner, the judgment of the Deputy Commissioner would be final, is tried and decided by a Deputy Collector, an appeal from the judgment of the Deputy Collector shall lie to the Deputy Commissioner

Appeal from decision of Deputy Collector

১৪৩ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের যে মোকদ্দমা ডেপুটী কমিশ্যনর বিচার করিয়া নিষ্পত্তি করিলে তাঁহার বিচার চূড়ান্ত হয়, ডেপুটী কালেকটর সেই মোকদ্দমা বিচার করিয়া নিষ্পত্তি করিলে, তাঁহার বিচারের উপর ডেপুটী কমিশ্যনরের নিকট আপীল হইতে পারিবে ইতি।

ডেপুটি কালেক্টরের নিষ্পত্তির উপর আপীলের কথা।

144. The petition of appeal shall be presented to the Deputy Commissioner within fifteen days from the date of decree, provided that such time as may be requisite for procuring a copy of the decree appealed against shall not be reckoned as part of the fifteen days

Period allowed for appeal.

১৪৪ ধারা। ঐ ডিক্রীর তারিখ অবধি ১৫ পনেরো দিনের মধ্যে ডেপুটী কমিশ্যনরের নিকট আপীলের দরখাস্ত উপস্থিত করিতে হইবে। কিন্তু যে ডিক্রীর উপর আপীল করা যাইবে সেই ডিক্রীর নকল পাইতে প্রয়োজনমতে যত দিন লাগে তাহা ঐ ১৫ দিনের মধ্যে ধরিতে হইবে না ইতি।

আপীল করিবার মিয়াদের কথা।

145. The Deputy Commissioner shall fix a day for hearing the appeal, and shall cause notice of the same to be served on the respondent in the manner hereinbefore prescribed for the service of summons.

Procedure in appeal.

১৪৫ ধারা। ডেপুটী কমিশ্যনর ঐ আপীল শুনিবার দিন স্থির করিবেন, ও ইহার পূর্ব্বভাগে সমন জারী করিবার যে বিধান আছে সেই বিধানমতে রিস্পাণ্ডেণ্টের নামে নোটিস জারী করা-

আপীল হইলে কার্য্যপ্রণালীর কথা।

If on the day fixed for hearing the appeal, or any other day to which the hearing may be adjourned, the appellant shall not appear in person or by an agent, the appeal shall be dismissed for default. If the appellant shall appear, and the respondent shall not appear in person or, by an agent, the appeal shall be heard *ex parte*.

হইবেক। আপীল শুনিবার নিরূপিত দিনে, কিম্বা তাহা শুনিবার নিমিত্ত তাহার পর অন্য দিন স্থির করা গেলে সেই দিনে, আপেলান্ট আপনি কি মোক্তারের দ্বারা হাজির না হইলে আপীল ত্রুটি প্রযুক্ত ডিসমিস করা যাইবে। আপেলান্ট আইলে ও রিস্পণ্ডেন্ট আপনি কি মোক্তারের দ্বারা হাজির না হইলে, এক পক্ষ উপস্থিত থাকিতে আপীল শুনা যাইবে ইতি।

146 If an appeal be dismissed for default of prosecution, the appellant may within fifteen days from the date of the dismissal apply to the Deputy Commissioner for the re-admission of the appeal, and if it shall be proved to the satisfaction of the Deputy Commissioner that the appellant was prevented by any sufficient cause from appearing when the appeal was called on for hearing, the Deputy Commissioner may re-admit the appeal.

Re-admission of appeal.

১৪৬ ধারা। আপীল চালাইবার ত্রুটিহেতুক ডিসমিস হইলে, ডিসমিস হইবার তারিখ অবধি ১৫ পনেরো দিনের মধ্যে আপেলান্ট ডেপুটী কমিশনরের নিকট ঐ আপীল পুনরায় গ্রাহ্য করিবার দরখাস্ত করিতে পারিবেন। ও আপীল যে সময়ে শুনিবার জন্যে তলব করা যায় আপেলান্ট কোন বিশিষ্ট কারণে সেই সময়ে আসিতে পারিলেন না এই কথা ডেপুটী কমিশনরের হৃদবোধমত প্রমাণ করা গেলে ডেপুটী কমিশনর ঐ আপীল পুনরায় গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

আপীল পুনরায় গ্রাহ্য করিবার কথা।

147 After hearing the appeal, the Deputy Commissioner shall give judgment in the manner hereinbefore prescribed for giving judgment in original suits, and the judgment of the Deputy Commissioner shall be final.

Judgment in appeal.

১৪৭ ধারা। আপীল শুনিলে পর, পূর্ব্বভাগে আসল মোকদ্দমায় বিচার জানাইবার যে বিধান আছে ডেপুটী কমিশনর সেই বিধানমত বিচার জানাইবেন। ও ডেপুটী কমিশনরের বিচার চূড়ান্ত হইবে ইতি।

আপীলক্রমে বিচারের কথা।

148 In all suits other than those in which, when tried and decided by a Deputy Commissioner the judgment of the Deputy Commissioner is declared to be final, or when tried and decided by a Deputy Collector an appeal is allowed to the Deputy Commissioner, an appeal from the judgment of the Deputy Commissioner or Deputy Collector shall lie to the Judicial Commissioner of the Division unless the amount or value in dispute exceed five thousand rupees, in which case the appeal shall lie to the High Court.

In what suits appeal to lie to Judicial Commissioner.

To High Court.

১৪৮ ধারা। ডেপুটী কমিশনর যে মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিলে তাঁহার বিচার চূড়ান্ত হয়, কিম্বা যে মোকদ্দমা ডেপুটী কালেক্টরের দ্বারা বিচার ও নিষ্পত্তি হইলে ডেপুটী কমিশনরের নিকটে আপীল হইতে পারে, সেই২ মোকদ্দমা ছাড়া, অন্য সকল মোকদ্দমায় ডেপুটী কমিশনরের কি ডেপুটী কালেক্টরের বিচারের উপর দেশখণ্ডের জুডিশ্যল কমিশনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু বিবাদীয় টাকা, কি বিবাদীয় বিষয়ের মূল্য ৫০০০ পাঁচ হাজার টাকার অধিক হইলে, হাই কোর্টে আপীল হইতে পারিবে ইতি।

যেং মোকদ্দমায় জুডিশ্যল কমিশনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে তাহার কথা।

কিম্বা হাই কোর্ট।

149 Appeals to the Judicial Commissioner shall be presented within thirty days from the date of the order appealed against, and in all such appeals the procedure laid down in sections 145, 146, and 147 shall be followed.

Rules regarding presentation and hearing of appeals.

১৪৯ ধারা। জুডিশ্যল কমিশনর সাহেবের নিকট আপীল হইলে, যে আজ্ঞার উপর আপীল হইবে তাহার তারিখঅবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে। ও তদ্রূপ সকল আপীলে ১৪৫, ১৪৬ ও ১৪৭ ধারার নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালীমতে কার্য্য করিতে হইবে ইতি।

আপীল উপস্থিত করিবার ও শুনিবার বিধি।

[*Government Gazette* 29th *January* 1878.]

150 Appeals to the High Court shall be presented within ninety days from the date of the order appealed against, and all such appeals shall be regulated by the Code of Civil Procedure

Period allowed for appeal to High Court and procedure in appeal

১৫০ ধারা। হাই কোর্টে আপীল হইলে যে আজ্ঞার উপর আপীল হইবে তাহার তারিখঅবধি ৯০ নব্বই দিনের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে। ও দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনমতে ঐ আপীলের বিধান হইবে ইতি।

হাই কোর্টে আপীল করিবার মিয়াদ ও কার্য্যপ্রণালীর কথা।

151 Suits under this Act shall be preferred in the Revenue Office of the district, or, when a sub-division of a district has been placed under the jurisdiction of a Deputy Collector, in the Revenue Office of the sub division in which the cause of action shall have arisen, or, when the cause of action shall have arisen within the limits of the local jurisdiction of any Deputy Collector not in charge of a sub division, but who has been specially authorized by Government to receive such suits, then in the office of such last-mentioned Deputy Collector Provided always that the Deputy Commissioner may withdraw any suit from any Deputy Collector and try it himself, or refer it to another Deputy Collector If the lands comprised in any talook, farm, or other tenure, or any lands held under one lease or engagement, or at one entire rent in respect of which arrears of rent may be due, are situated in more than one district or sub division, the district or sub division in which the greater part of such lands is situate shall be held to be the district or sub division in which the cause of action has arisen, and if any question shall be raised respecting the district or sub division in which the greater part of the lands is situate, the Board of Revenue, or if all the lands be situate in one district, the Deputy Commissioner of the district shall decide the question, and such decision shall be conclusive on the point of jurisdiction

Suits to be preferred in the Revenue Office of the District or sub division in which the greater part of the land is situate

১৫১ ধারা। নালিশের হেতু যে জিলায় উঠিয়াছে এই আইনমত মোকদ্দমা সেই জিলার রাজস্বের কাছারিতে উপস্থিত করিতে হইবে, কিম্বা জিলার মহকুমা ডেপুটী কালেক্টরের এলাকাভুক্ত করা গিয়া থাকিলে ঐ মহকুমার রাজস্বের কাছারীতে উপস্থিত করিতে হইবে। কিম্বা মহকুমা ডেপুটী কালেক্টরের কর্তৃত্বাধীন না থাকিলেও গবর্ণমেণ্ট তাঁহার প্রতি সেই প্রকারের মোকদ্দমা গ্রাহ্য করিবার বিশেষ ক্ষমতা প্রদান করিলে, ও তাঁহার এলাকার অন্তর্গত স্থানের মধ্যে ঐ নালিশের হেতু উঠিলে, তাঁহারই কাছারীতে ঐ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে। কিন্তু ডেপুটী কমিশানর সর্ব্বদাই কোন ডেপুটী কালেক্টরের স্থানে কোন মোকদ্দমা আনাইয়া আপনি তাহার বিচার করিতে, কিম্বা অন্য ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন। কোন তালুকের কি ইজারার কি অন্য ভূসম্পর্কের জমী, কিম্বা একি পাট্টা কি করারমতে কিম্বা মোটে একি খাজানামতে ভোগ করা যে জমীর খাজানা বাকী পড়ে তাহা একের অধিক জিলার কি মহকুমার অন্তর্গত থাকিলে, অধিকাংশ জমী যে জিলার কি মহকুমার অন্তর্গত থাকে তাহার মধ্যে নালিশের হেতু উঠিয়াছে বলিয়া জ্ঞান হইবে। এবং জমীর অধিকাংশ কোন্ জিলার কি মহকুমার মধ্যে আছে এই বিষয়ের কোন বিবাদ হইলে, রেবিনিউ বোর্ডের সাহেবেরা, কিম্বা সকল জমী একি জিলার অন্তর্গত থাকিলে ঐ জিলার ডেপুটী কমিশানর সেই বিবাদ নিষ্পত্তি করিবেন, ও এলাকা সম্পর্কে সেই নিষ্পত্তি সিদ্ধান্ত হইবে ইতি।

ভূমির অধিকাংশ যে জিলায় বা মহকুমায় থাকে তথাকার রাজস্বের কাছারী ও মোকদ্দমা উপস্থিত করিতে হইবার কথা।

152 Except as provided in the last preceding section, no Deputy Commissioner shall exercise any jurisdiction under this Act in respect of any lands situate beyond the limits of the district to which he is appointed, by reason of such lands forming part of an estate, the revenue of which is paid into the treasury of the said district

Except as above Deputy Commissioner not to exercise jurisdiction in respect to lands situate beyond his district

১৫২ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানের স্থলভিন্ন, কোন ডেপুটী কমিশানর যে জিলায় নিযুক্ত থাকেন কোন জমী সেই জিলার সীমার মধ্যে না থাকিলেও যে মহালের অন্তর্গত আছে সেই মহালের জমা উক্ত জিলার খাজানাখানায় আদায় করা গিয়া থাকে, কেবল এই কারণে এই আইনমতে তাঁহার সেই জমাতে এলাকা থাকিবে না ইতি।

উক্ত স্থলভিন্ন ডেপুটি কমিশানরের জিলার বহির্ভূত ভূমি সম্পর্কে তাঁহার এলাকা না থাকার কথা।

153 Nothing contained in this Act shall be deemed to affect the provisions of Bengal Act II of 1869, or of Act VI of 1876

Saving clause

১৫৩ ধারা। এই আইনের কোন কথাক্রমে ১৮৬৯ সালের বঙ্গীয় ২ আইনের কিম্বা ১৮৭৬ সালের ৬ আইনের বিধানের ব্যতিক্রম হইল বলিয়া জ্ঞান করিতে হইবে না ইতি।

বর্জ্জিত করণের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৯ জানুয়ারি।]

SCHEDULE A

(*See Section* 3)

Being Acts repealed in the territories to which this Act extends

DATE AND NO OF ACT	TITLE OF ACT	EXTENT OF REPEAL.
Act X of 1859	An Act to amend the law relating to the recovery of rent in the Presidency of Fort William in Bengal	The whole Act
Act VI of 1862 passed by the Lieutenant Governor of Bengal in Council	An Act to amend Act X of 1859	The whole Act
Act IV of 1867 passed by the Lieutenant Governor of Bengal in Council	An Act to explain and amend Act VI of 1862 passed by the Lieutenant Governor of Bengal in Council and to give validity to certain judgments	The whole Act

SCHEDULE B *

(*See Section* 14)

I, A B, of &c, do solemnly declare that I did personally (*or* by my agent C D) on the day of tender payment to E F, at his mal kutcherry (*or at*) the place where the rent of the lands at held or cultivated by me under or from the said E F, are usually payable, of the sum of Rupees as and for the whole amount due from me in respect of the rent of the said lands from the month of to the month of , both inclusive I further declare that the said E F refused to accept the said sum so tendered (or to give me a receipt in full forthwith for the same) And I do declare that to the best of my belief, the sum of Rupees so tendered and which I now desire to pay into Court, is the full amount which I owe the said E F on account of the rent of the said lands from the month of to the month of , both inclusive, and that I owe the said E F no further sum on account of the rent of the said lands

* If this declaration is made by an agent, it must be altered accordingly

[*Government Gazette*, 29th *January* 1878]

A তফসীল।

(৩ ধারা দেখ।)

এই আইন যেং প্রদেশে প্রচলিত করা যায় তন্মধ্যে নিম্নলিখিত আইন রহিত হইবে।

সাল ও নম্বর	আইনের নাম	যত দুর রহিত হইল।
১৮৫৯ সা ১০ আ	বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে বাকী খাজানা আদায় করণবিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।	সম্পূর্ণ আইন।
বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত ১৮৬২ সালের ৬ আইন।	১৮৫৯ সালের ১০ আইন সংশোধন করণার্থ আইন।	সম্পূর্ণ আইন।
বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত ১৮৬৭ সালের ৪ আইন।	বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত ১৮৬২ সালের ৬ আইনের অর্থ করণ ও সংশোধন করণার্থ এবং কোনং বিচার সিদ্ধ করণার্থ আইন।	সম্পূর্ণ আইন।

B তফসীল।*

(১৪ ধারা দেখ।)

অমুক স্থানবাসি শ্রী অমুক আমি শ্রী অমুকের তাবে কি তাঁহার নিকটে অমুক স্থানের যে জমী ভোগ বা চাষ করিয়া থাকি, সেই জমীর অমুক মাসাবধি অমুক মাস পর্য্যন্ত খাজানার বাবৎ আমার নিকট যত টাকা পাওনা ছিল তৎসমুদয় বলিয়া এত টাকা অমুক সালের অমুক মাসের অমুক তারিখে উক্ত শ্রী অমুকের মাল কাছারীতে কিম্বা ঐ জমীর খাজানা যে স্থানে দেওয়া গিয়া থাকে সেই অমুক স্থানে আমি আপনি (কিম্বা আমার সপক্ষ কর্ম্মকারক শ্রী অমুকের দ্বারা) উক্ত শ্রী অমুককে দিতে উদ্যত ছিলাম ইহা ধর্ম্মতঃ নির্দ্দেশ করিয়া লিখিলাম। আরো নির্দ্দেশমতে জানাইলাম যে আমি উক্ত টাকা দিতে উদ্যত হইলে উক্ত শ্রী অমুক তাহা লইতে (কিম্বা, তৎকালেই সমুদয় টাকার রসীদ দিতে) অস্বীকার করিলেন। আরো উক্ত যত টাকা দিতে উদ্যত ছিলাম, আমার বিশ্বাসমতে তত টাকা উক্ত জমীর অমুক মাসের প্রথমাবধি অমুক মাসের শেষপর্য্যন্ত আমার স্থানে উক্ত শ্রী অমুকের পাওনা সমুদয় খাজানা বলিয়া জ্ঞান করি ও উক্ত জমীর খাজানার বাবৎ উক্ত শ্রী অমুকের আর কিছু ধারি না।

* তাঁহার সপক্ষ কর্ম্মকারক এই নির্দ্দেশপত্র লিখিয়া দিলে, তদনুসারে কথার পরিবর্ত্তন করিতে হইবে।

SCHEDULE C †

(*See Section* 14.)

Court of the Deputy Commissioner of

Dated the *day of* 18 .

To E F of &c.

WITH reference to the within declaration, you are hereby informed that the sum of Rupees therein mentioned is now in deposit in this Court, and that the above sum will be paid to you or to your duly authorised agent on application And take notice that if you have any further claim or demand whatsoever to make against the said A B in respect of the rent of the said lands, you must institute a suit in Court for the establishment of such claim or demand within six calendar months from this date, otherwise your claim will be for ever barred

C তফসীল ।†

(১৪ ধারা দেখ ।)

অমুক স্থানের ডেপুটী কমিশ্যনরের আদালত ।

সাল তারিখ।

অমুক স্থানবাসি শ্রী অমুক সমীপেষু ।

অন্য পার্শ্বের লিখিত নির্দ্দেশপত্র লক্ষ করিয়া তোমাকে এই কথা জানান যাইতেছে, ঐ পত্রের লিখিত এত টাকা এই আদালতে গচ্ছিত আছে, তুমি কিম্বা তোমার পক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক দরখাস্ত করিলে দেওয়া যাইবে। উক্ত শ্রীঅমুকের উপর উক্ত জমীর খাজানার বাবৎ তোমার আর কোন দাওয়া কি দাবী থাকিলে, সেই দাওয়া কি দাবী স্থাপন করিবার নিমিত্ত এই তারিখঅবধি ইঙ্গরেজী পাঁজিমতে ছয় মাসের মধ্যে আদালতে তোমার মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, না করিলে তোমার আর দাওয়া হইতে পারিবে না ইহার নোটিস দেওয়া গল।

SCHEDULE D.

(*See Section* 56)

FORM OF SUMMONS TO DEFENDANT

No (of suit) dated

In the Court of

A B, Plaintiff

[*Name, description, and address of plaintiff*]

C D, Defendant

[*Name, description, and address of defendant*]

Whereas the said A B has brought a claim against you in this court for [*here specify particulars of claim as given in the statement*] you are hereby required to appear in person in this court on the day of [*if not specially required to appear in person, state* "in person or by an agent who has personal knowledge of the subject, or who shall be accompanied by a person who has such knowledge"] to answer the abovenamed plaintiff and you will bring with you (or send by your agent) [*here mention any document, the production of which may be required by the plaintiff*] which the plaintiff desires to inspect, and all documents on which you may intend to rely in support of your defence You will also bring with you your witnesses, if they are willing to attend without issue of process

D তফসীল ।

(৫৬ ধারা দেখ ।)

প্রতিবাদির নামে সমন লিখিবার পাঠ ।

মোকদ্দমার নম্বর ও তারিখ ।

শ্রীঅমুকের আদালতে

শ্রী ক খ বাদী ।

[বাদির নাম ও পদবীপ্রভৃতি ও ঠিকানা ।]

শ্রী চ ছ প্রতিবাদী ।

[প্রতিবাদির নাম ও পদবীপ্রভৃতি ও ঠিকানা ।]

উক্ত ক খ তোমার নামে এই আদালতে এই দাওয়া উপস্থিত করিয়াছেন [বর্ণনাপত্রে দাওয়ার যে কথা আছে তাহা এই স্থলে বিশেষ করিয়া লিখিতে হইবে] অতএব উক্ত বাদিকে উত্তর দিবার জন্যে তোমার প্রতি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে স্বয়ং [তাঁহার স্বয়ং আসিবার আদেশ না থাকিলে এই কথা লিখিতে হইবে "স্বয়ং কিম্বা তোমার সপক্ষ যে কর্ম্মকারক নিজে এই বিষয় অবগত আছেন কিম্বা যে ব্যক্তি নিজে অবগত থাকেন তাঁহাকে ঐ কর্ম্মকারকের সঙ্গে পাঠাইয়া।"] উপস্থিত হইবার আদেশ হইল। এবং বাদী অমুকের যে দলীল দেখিতে চাহিয়াছেন সেই২ দলীলের উল্লেখ করিতে হইবে] তাহাও তোমার উত্তরের পোষকতায় জন্য যে দলীলের উপর তোমার নির্ভর থাকে তাহাও সঙ্গে করিয়া আনিবা (কিম্বা তোমার সপক্ষ কর্ম্মকারকের দ্বারা পাঠাইবা।) ও সমন জারী না করিলে তোমার যে সাক্ষিরা আসিতে চাহেন তাহাদিগকেও সঙ্গে করিয়া আনিবা।

---

† This is to be by endorsement on a copy of the Declaration under Schedule B made by the person paying the money into Court

† যে ব্যক্তি আদালতে টাকা গচ্ছিত করেন তিনি B তফসীলমতে যে নির্দ্দেশপত্র লিখিয়া দেন তাহার এক কেতা নকলের পৃষ্ঠে এই তফসীল লিখিতে হইবে।

SCHEDULE E

(*See Section* 61)

FORM OF WARRANT OF ARREST

No (of suit) dated

In the Court of

A B, Plaintiff

C D, Defendant

To

The Nazir of the Court of the Deputy Commissioner of

Whereas the plaintiff in this suit has obtained an order from the Court for the arrest of the defendant, you are hereby commanded to bring the defendant before the Court on or before the day of to be dealt with according to law

Dated this day of 187

E তফসীল।

(৬১ ধারা দেখ।)

গ্রেফ্তারী পরওয়ানা লিখিবার পাঠ।

মোকদ্দমার নম্বর ও তারিখ।

শ্রীঅমুকের আদালতে।

ক খ বাদী।

চ ছ প্রতিবাদী।

অমুক স্থানের ডেপুটী কমিশ্যনরের আদালতের নাজির শ্রীঅমুক সমীপেষু।

এই মোকদ্দমার বাদী এই আদালতে প্রতিবাদিকে ধরিয়া আনিবার আজ্ঞা পাইয়াছেন, অতএব তোমার প্রতি এই আজ্ঞা হইল যে ঐ প্রতিবাদিকে লইয়া আইন অনুসারে কার্য্য হইবার নিমিত্ত তুমি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বা তৎপূর্ব্বে তাঁহাকে এই আদালতের সম্মুখে আনিয়া দেও।

সাল তারিখ।

SCHEDULE F

(*See Section* 61)

FORM OF NOTICE TO ACCOMPANY SUCH WARRANT

In the Court of

A B, Plaintiff

[*Name, description, and address of plaintiff*]

C D, Defendant

[*Name, description, and address of defendant*]

Whereas the said A B has brought a claim against you in this Court for (*here specify particulars of claim as given in the statement*) and has obtained a warrant for your arrest, you are hereby required, unless you admit the claim, to bring with you to the Court all documents on which you may intend to rely in support of your defence

F তফসীল।

(৬১ ধারা দেখ।)

উক্ত পরওয়ানার সঙ্গে যে নোটিস দিতে হইবে তাহা লিখিবার পাঠ।

শ্রী অমুকের আদালতে।

শ্রী ক খ বাদী।

[বাদির নাম ও পদবী প্রভৃতি ও ঠিকানা]

শ্রী চ ছ প্রতিবাদী।

[প্রতিবাদির নাম ও পদবী প্রভৃতি ও ঠিকানা।]

উক্ত ক খ এই আদালতে তোমার উপর এই দাওয়া করিয়াছেন, [বর্ণনাপত্রে ঐ দাওয়ার যে কথা লেখা আছে তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে] ও তোমাকে ধরিয়া আনিবার পরওয়ানা পাইয়াছেন অতএব তোমার প্রতি এই আজ্ঞা হইল যে সেই দাওয়া স্বীকার না করিলে, তোমার উত্তরের পোষকতায় যে সকল দলীলের উপর নির্ভর কর তাহা সঙ্গে করিয়া আদালতে আন।

SCHEDULE G

(*See Section* 63)

FORM OF SECURITY BOND FOR APPEARANCE OF DEFENDANT

Whereas A B, plaintiff, has instituted a suit in the Court of the Deputy Commissioner of against C D, defendant, and the said C D has been required to give security for his appearance at any time when called on while the suit is depending and until execution of the

G তফসীল।

(৬৩ ধারা দেখ।)

প্রতিবাদির হাজির জামিনের খৎ লিখিবার পাঠ।

বাদী শ্রী ক খ অমুক স্থানের ডেপুটী কমিশ্যনরের আদালতে প্রতিবাদী শ্রী চ ছর নামে মোকদ্দমা উপস্থিত করিয়াছেন। ও মোকদ্দমা যত দিন উপস্থিত থাকে। ডিক্রী যত দিন জারী না হয় তত দিনের মধ্যে কোন সময়ে উক্ত চ ছকে তলব করা গেলেই যেন উপস্থিত হন তাঁহার প্রতি ইহার জামিন দিবার আজ্ঞা হইয়াছে,

decree, I, E F, hereby declare myself surety for the said C D's appearance as aforesaid, and in case of his making default in such appearance, I engage to pay any sum for the payment of which the said C D may be liable under the decree. *If the suit be for the delivery of papers or accounts, specify some sum to be fixed by the Deputy Commissioner.*

অতএব আমি শ্রী জ ঝ আপনাকে উক্ত চ ছর পূর্ব্বোক্ত মতে হাজির হইবার জামিন বলিয়া নির্দ্দেশ করিলাম। উক্ত চ ছ তদ্রূপে উপস্থিত হইবার ত্রুটি করিলে ডিক্রীমতে তাঁহার যত টাকার দায় হয় আমি সেই টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম। (কাগজপত্র কি হিসাব দিবার মোকদ্দমা হইলে ডেপুটী কমিশনর যত টাকা ধার্য্য করেন তত টাকা বিশেষ করিয়া লিখিতে হইবে।)

SCHEDULE H

(*See Section* 103.)

WRIT OF EXECUTION AGAINST THE PERSON.

A B, Plaintiff.

C D, Defendant.

To

The Nazir of the Court of the Deputy Commissioner of

Whereas the said C D was directed by a decree of this Court, under date the day of 187 , to pay to A B the sum of and for costs of suit, amounting to , and whereas the said C D has omitted to pay the same, you are hereby commanded to apprehend the said C D, and to bring him with all convenient speed before this court to be dealt with according to law.

H তফসীল।

(১০৩ ধারা দেখ।)

ব্যক্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা।

শ্রী ক খ বাদী।

শ্রী চ ছ প্রতিবাদী।

অমুক স্থানের ডেপুটী কমিশনরের আদালতের নাজির শ্রী অমুক সমীপেষু।

এই আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের ডিক্রীক্রমে উক্ত শ্রী চ ছর প্রতি শ্রী ক খকে এত টাকা ও মোকদ্দমার খরচা বলিয়া এত টাকা সমস্ত সুদ্ধ এত টাকা দিবার আদেশ হইয়াছিল, ও উক্ত চ ছ সেই টাকা দিলেন না। এই কারণে তোমার প্রতি এতৎক্রমে আজ্ঞা হইল যে, তুমি উক্ত চ ছকে ধরিয়া তাঁহাকে লইয়া আইন অনুসারে কার্য্য হইবার নিমিত্ত সুবিধামতে ত্বরায় এই আদালতের সম্মুখে আনিয়া দেও।

SCHEDULE I

(*See Section* 103.)

WRIT OF EXECUTION AGAINST THE EFFECTS.

A B, Plaintiff.

C D, Defendant.

To

The Nazir of the Court of the Deputy Commissioner of

Whereas C D was directed by a decree of this Court, under date the day of 187 , to pay to A B the sum of and for costs of suit, amounting to , and whereas the said C D has omitted to pay the same, you are hereby commanded to levy the said sum of , and the sum of for costs of executing this process by seizure and sale of such moveable property of the said C D as (is described in the list annexed, and) [*if no list is furnished, these words to be omitted*] shall be pointed out to you by the judgment-creditor or his agent, and you are hereby ordered to seil

I তফসীল।

(১০৩ ধারা দেখ।)

দ্রব্যের উপর ডিক্রীজারীর পরওয়ানা লিখিবার পাঠ।

শ্রী ক খ, বাদী।

শ্রী চ ছ প্রতিবাদী।

অমুক স্থানের ডেপুটী কমিশনরের আদালতের নাজির শ্রী অমুক সমীপেষু।

এই আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের ডিক্রীক্রমে শ্রী চ ছর প্রতি শ্রী ক খকে এত টাকা ও মোকদ্দমার খরচা বলিয়া এত টাকা সর্ব্বসুদ্ধ এত টাকা দিবার আজ্ঞা হইয়াছিল, ও উক্ত চ ছ ঐ টাকা দিলেন না, অতএব তোমার প্রতি এতৎক্রমে আজ্ঞা করা গেল যে, ডিক্রীমত মহাজন কিম্বা তাহার সপক্ষ কর্ম্মকারক উক্ত শ্রী চ ছর (নিম্নলিখিত ফর্দ্দের নির্দ্দিষ্ট) [ফর্দ্দ না দেওয়া গেলে এই কথা ছাড়িয়া দিতে হইবে] যে অস্থাবর সম্পত্তি দেখাইয়া দেন তাহা ক্রোক ও নীলাম করিয়া উক্ত এত টাকা ও এই পরওয়ানা জারী করিবার খরচা বলিয়া আর এত টাকা আদায় কর। আরো তোমার প্রতি এতৎক্রমে আজ্ঞা হইল যে, উক্ত যে টাকা আদায় করিতে হইবে তাহা অগ্রে না দেওয়া

such property of the said C D. on some convenient day, not being less than ten nor more than fifteen days from the day of seizure, unless the amount leviable as aforesaid shall be sooner paid, and you are hereby commanded to certify to me what you shall do by virtue of this warrant

---

Statement of Objects and Reasons

The peculiarities of the tenures and customs prevailing in the Chota Nagpore Division require that the relations of landlord and tenant in that part of the country should be regulated by special procedure

The existing rent-law of the province is contained in Act X of 1859, and the present Bill is based upon that measure, the omissions and alterations of importance being as follows —

The grounds of enhancement specified in section 17 of Act X are considered inapplicable to the districts of Lohardugga, Hazareebagh, and Singbhoom, and are therefore omitted from the Bill

Tenants of lands known as bhuinhari, khood katti, korkoi, baeebullah, khundwut, &c, are protected from enhancement except under certain circumstances and conditions

A special procedure is laid down for the enhancement of the rents of other occupancy ryots

The provisions of Act X relating to distraint are omitted, as unsuitable to the circumstances of the province

It being advisable to continue the restriction on the sale of landed property observed in the province, it is declared that no sale shall take place under sections 105, 108, and 109 of Act X without the consent of the Commissioner of the province

An appeal is given from the Deputy Commissioner to the Judicial Commissioner, and, when the amount in dispute exceeds Rs 5,000, to the High Court

H Reynolds

The 29th December 1877

W E H Forsyth,
Offg Asst Secy to the Govt of Bengal, Legislative Department.

গেলে ঐ দ্রব্য ক্রোক করিবার পর ১০ দশ দিনের কম নয় ও ১৫ পনেরো দিনের অধিক নয় এমত কোন উপযুক্ত দিনে ঐ দ্রব্য নীলাম কর ও এই পরওয়ানামতে তুমি যাহা কর তাহার সর্টিফিকট লিখিয়া আমাকে জানাও এতৎক্রমে এই আজ্ঞা করা গেল।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ছোট নাগপুরখণ্ডের মধ্যে ভূমি যেরূপে ভোগ হইয়া থাকে ও যেং রীতি প্রচলিত আছে তাহা বিশেষ প্রকারের হওয়াতে, বিশেষ কার্য্যপ্রণালীমতে তদ্দেশের জমিদারের ও প্রজার পরস্পর সম্বন্ধের বিধান করা প্রয়োজন।

ঐ দেশে খাজানার প্রচলিত আইন ১৮৫৯ সালের ১০ আইনে আছে। এই পাণ্ডুলিপি সেই আইনমূলক। তাহার গুরুতর যেং অংশ ত্যাগ বা পরিবর্ত্তন করা গেল তাহা এইং।

১০ আইনের ১৭ ধারায় খাজনা বৃদ্ধি করিবার যেং হেতুর উল্লেখ হইল, তাহা লোহারডগা ও হাজারিবাগ ও সিংহভূম জিলায় খাটে না বোধ হওয়াতে এই পাণ্ডুলিপির মধ্যে ধরা যায় নাই।

ভূঁইহারি ও খোদকাট্টি ও করকর ও বাইবল্লা ও খণ্ডবৎ প্রভৃতি নামে যেং জমী জানা আছে, কোনং বিশেষ ভাবগতিক ও নিয়ম না থাকিলে সেইং ভূমির প্রজাদের খাজনা বৃদ্ধি না হওয়ার বিধান হইল।

অন্য যে রায়তদের দখলী স্বত্ব আছে তাঁহাদের খাজানা বৃদ্ধি করিবার বিশেষ বিধান করা গেল।

১০ আইনে ক্রোক করণবিষয়ের যে বিধান আছে তাহা ঐ দেশের ভাবগতিক বিবেচনায় খাটে না বলিয়া ত্যাগ করা গিয়াছে।

ঐ দেশে ভূসম্পত্তি বিক্রয় করিবার যে সীমা নির্দ্ধারিত আছে তাহা প্রবল রাখা বিহিত বোধ হওয়াতে, ঐ প্রদেশের কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা ১০ আইনের ১০৫, ১০৮ ও ১০৯ ধারামতে বিক্রয় না হইবার আদেশ হইল।

ডেপুটী কমিশ্যনরের আজ্ঞার উপর জুডিশ্যল কমিশ্যনর সাহেবের নিকট, ও ৫০০০ টাকার অধিকের বিবাদ হইলে হাই কোর্টে, আপীল হইবার অনুমতি হইল।

এচ, রেনলডস।

১৮৭৭ সাল ২৯ ডিসেম্বর।

ডব লউ, ই, এচ, ফরসাইথ,
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

John Robinson, *Bengali Translator*

Numb. 2010 ২০১০

REGISTERED No 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ৫ ফেব্রুয়ারি।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS —ESTABLISHMENTS

Fort William, the 25th January 1878

No 95 —Mr D J A Campbell, of Her Majesty's Bengal Civil Service, reported to the Government of Bengal his arrival at Calcutta on the 24th November last

No 97 —Mr J Pitt-Kennedy resumed charge of the Office of Standing Counsel for the Presidency of Fort William in Bengal, from Mr J D Bell on the forenoon of the 16th instant

J O'KINEALY,
Offg Secy to the Govt of India

FINANCIAL DEPARTMENT

NOTIFICATION

Fort William, the 25th January 1878

No 525 —The Governor General in Council directs the publication of the following addenda and corrigenda to the Codes of the Financial Department —

CIVIL PENSION CODE

SECTION 28, RULE 1 (PAGE 11)

For " Mamlatdars and Karkuns" *substitute* " Mamlatdars, Karkuns, and schoolmasters "

SECTION 52 (B), RULE 2 (PAGE 27)

Substitute the following for the form of certificate —

" I do hereby certify that I have examined A B, a candidate for employment in the ——————————Department, and cannot discover that he has any disease, constitutional affection or bodily infirmity except—————— I do not consider this a disqualification for employment in the office of—————— —————— His age is, according to his own statement,————years, and by appearance about————years "

Insert the following note under the Rule —

The 22nd January 1878

No 14.—*Transfer*.—Mr R A Oldham, Executive Engineer, Third Grade (temporary rank), is transferred in the interests of the public service from the South-Western to the Sone Circle

The 26th January 1878

No 15.—*Leave*.—Mr H Unwin, Executive Engineer, Second Grade, temporarily transferred to Madras for employment on Famine Relief Works, is granted leave on urgent private affairs for six weeks, under Chapter V, Section 21, of the Civil Leave Code, with effect from the date of re-transfer to Bengal

The 28th January 1878

No 17.—*Leave*.—Baboo Ram Lall Cooar, Sub-Overseer, First Grade, Northern Drainage and Embankment Division, is granted two months' sick leave, with effect from the 13th November 1877 to 13th January 1878, both days inclusive, under Section 3, Supplement F, of the Civil Leave Code Baboo Ram Lall Cooar, Sub-Overseer, First Grade, returned to duty and joined the Gunduk Division, to which he was transferred in the orders marginally noted, on the forenoon of the 14th January 1878

No 862, dated 19th November 1877

No. 18 — *Transfer*.—Baboo Jodoo Nath Nath, Overseer, First Grade, Northern Drainage and Embankment Division, is transferred in the interests of the public service to the Cossye Division

No 19.—*Notification*.—With reference to Notifications marginally noted, Mr A M Salmon, Assistant Engineer, Second Grade, joined the Gunduk Division on the forenoon of the 21st ultimo

No 378 dated 15th December 1877
No 2 dated 7th January 1878

No 20.—*Leave*.—Baboo W V C Subba Roydoo Naidoo, Overseer, Second Grade, Eastern Sone Division, is granted sick leave for 24 days, under Section 3, Supplement F, of the Civil Leave Code, with effect from the 8th December 1877

No 21.—Mr G W Faulkner, Assistant Engineer, First Grade, is granted furlough to Europe for one year, under Chapter IV, Section 12, of the Civil Leave Code, with effect from the date of his availing it

No 22.—Baboo Parbutty Churn Mitter, Supervisor, First Grade, Gunduk Division, is granted privilege leave for three months, under Section 12, Supplement F, of the Civil Leave Code, with effect from the 15th February 1878

No 23.—*Notifications*.—Baboo Surbesshur Singh, Temporary Overseer, Third Grade, joined the Gunduk Division on the forenoon of the 21st instant

No 24.—Sergeant C J Clarke, Supervisor, Second Grade, joined the Eastern Sone Division on the forenoon of the 16th instant

F T HAIG, *Col*, R E,
Joint-Secy to the Govt of Bengal
in the P W Dept, *Irrigation Branch*

জলসেচন সম্পর্কীয়,

সিবিলসংক্রান্ত কর্মচারিবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ২২ জানুয়ারি।

১৪ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত 'আর, এ, ওলডহাম সাহেব, রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে দক্ষিণ-পশ্চিম চক্রহইতে সোণচক্রে প্রেরিত হইলেন।

১৮৭৮ সাল ২৬ জানুয়ারি।

১৫ নম্বর।—ছুটী।—দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যের নিমিত্তে কিয়ৎকালের নিমিত্তে মান্দ্রাজে প্রেরিত দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, অনউইন সাহেব নিজের বিশেষ প্রয়োজনের নিমিত্তে বঙ্গদেশে পুনঃপ্রেরিত হওনের তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ২১ ধারামতে ছয় সপ্তাহ ছুটী পাইলেন।

১৮৭৮ সাল ২৮ জানুয়ারি।

১৭ নম্বর।—ছুটী।—উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের প্রথম শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু রামলাল কুণ্ডর পীড়াপ্রযুক্ত সিবিল কার্য্যকারকদের F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ৮৭৭ সালের ১৩ নবেম্বর অবধি ১৮৭৮ সালের ১৩ জানুয়ারি পর্য্যন্ত দুই মাস ছুটী পাইয়াছিলেন। প্রথম শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু রামলাল কুণ্ডর পার্শ্বলিখিত আজ্ঞামতে গণ্ডক খণ্ডে প্রেরিত হওয়াতে কর্ম্মে প্রত্যাগমন করিয়া ১৮৭৮ সালের ১৪ জানুয়ারির পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ১৯ নবেম্বরের ৩৬২ নং।

১৮ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু যদুনাথ নাথ রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে কাঁসাই খণ্ডে প্রেরিত হইলেন।

১৯ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত জ্ঞাপনপত্রোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এম, সালমন সাহেব গত মাসের ২১ তারিখের পূর্ব্বাহ্ণে গণ্ডক খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৭ সালের ১৫ ডিসেম্বরের ৩৭৮ নং।
১৮৭৮ সালের ৭ জানুয়ারির ২ নং।

২০ নম্বর।—ছুটী।—পূর্ব্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু ডবলিউ, বি, সি, সন্ধ্যা রায়চৌধুরী পীড়া প্রযুক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৭ সালের ৮ ডিসেম্বর অবধি চব্বিশ দিন ছুটী পাইয়াছেন।

২১ নম্বর।—প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, ডবলিউ, ফলকনর সাহেব, যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ১২ ধারামতে ইউরোপে গমনের নিমিত্তে এক বৎসর নিয়মিত ছুটী পাইয়াছেন।

২২ নম্বর।—গণ্ডক খণ্ডের প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু পার্ব্বতীচরণ মিত্র, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৮ সালের ১৫ ফেব্রুয়ারি অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

২৩ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন ওবরসিয়র শ্রীযুত বাবু সর্ব্বেশ্বর সিংহ এই মাসের ২১ তারিখের পূর্ব্বাহ্ণে গণ্ডক খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

২৪ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সর্জেণ্ট শ্রীযুত সি, জে, ক্লার্ক সাহেব এই মাসের ১৬ তারিখের পূর্ব্বাহ্ণে পূর্ব্ব সোণ খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ৫ ফেব্রুয়ারি।

PART VI.

Bill of the Bengal Council

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT

THE following Report of a Select Committee, with the Bill as amended by them, is published for general information —

We, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal to whom the Bill to define and limit the powers of settlement officers in respect to the enhancement of rent was referred, have the honor to make the following report —

We have considered the provisions of this Bill

In Section 3 we have made it clear who are to be the revenue authorities who shall hawe power to confirm settlements

In Section 4 we have introduced words to provide for the issue of a general notice

We have extended the provisions of the Bill to settlements now pending

We have introduced a few verbal alterations

We recommend that the Bill as now settled be passed

H J REYNOLDS
H T PRINSEP
RAMSHUNKER SEN

The 26th January 1878

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্ণয় ও তৎসীমা নিরূপণ করণার্থ আইনের পাণ্ডুলিপি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মন্ত্রিসভাগত আমাদের প্রতি অর্পিত হওয়াতে আমরা নিম্নলিখিত রিপোর্ট করিলাম।

উক্ত পাণ্ডুলিপির বিধান বিবেচনা করিলাম।

রাজস্বের যে কর্ত্তৃপক্ষেরা বন্দোবস্ত স্থির করিবার ক্ষমতাপ্রাপ্ত হইবেন, ৩ ধারায় তাঁহাদিগকে স্পষ্ট করিয়া নির্দ্দেশ করা গেল।

৪ ধারায় সাধারণ নোটিস প্রচার করিবার বিধানসূচক কথা প্রয়োগ করিলাম।

যে বন্দোবস্তী কার্য্য এইক্ষণে চলিতেছে তৎপ্রতি এই পাণ্ডুলিপির বিধান বর্ত্তাইলাম।

কএকটি শব্দও পরিবর্ত্তন করিলাম।

এই প্রকারে নির্দ্ধারিত পাণ্ডুলিপি বিধিবদ্ধ করিবার পরামর্শ দিলাম।

এচ জে রেনলড্স।
এচ টি প্রিনসেপ।
রামশঙ্কর সেন।

১৮৭৮ সাল ২৬ জানুয়ারি।

[Government Gazette, 5th February 1878]

AMENDED BILL.

A Bill to define and limit the powers of Settlement Officers with respect to enhancement of rent

Preamble

WHEREAS it is expedient to define and limit the powers of settlement officers in the territories subject to the Lieutenant-Governor of Bengal in respect of the enhancement of rent It is enacted as follows —

Commencement of Act

1 This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Rent of ryot having right of occupancy not to be enhanced by settlement officer except as under Bengal Act VIII, 1869, or Act X 1859

2 No ryot having a right of occupancy shall be liable to have the rent previously payable by him enhanced in the course of any settlement proceedings under Regulation VII of 1822, except on some one of the grounds specified in section 18 of Bengal Act VIII of 1869, or, where Act X of 1859 is still in force, in section 17 of the latter Act

Provisoes added to section 15, Bengal Act VIII, 1869 and section 14, Act X 1859

3 The following words shall be added to section 15 of Bengal Act VIII of 1869, and to section 14 of Act X of 1859 —

"Provided that where in the course of any settlement proceedings conducted under Regulation VII of 1822, and confirmed by the revenue authorities from time to time empowered in this behalf by the local Government, the rent of any under-tenant or ryot has been in any way enhanced, such rent shall be deemed to have been correctly enhanced until the contrary is proved

"Provided also that any suit by such under-tenant or ryot to contest his liability to pay the enhanced rent shall be instituted within three months from the date of the service of the notice of enhancement, and provided also that unless he has instituted such suit within such period, he shall not contest the said liability in answer to any suit which may be preferred against him for recovery of arrears of enhanced rent after the expiration of three months from the date of service of such notice, anything in this Act to the contrary notwithstanding"

সংশোধিত পাণ্ডুলিপি।

খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্ণয় ও তৎসীমা নিরূপণ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে খাজানা বৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্ণয় করা ও তাহার সীমা নিরূপণ করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে,—

আইন যে অবধি প্রচলিত হইবে তদ্বিষয়ের কথা।

১ ধারা। এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

রায়তের দখলীস্বত্ব থাকিলে বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইন কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনমতে না হইলে বন্দোবস্তী কার্য্যকারক দ্বারা খাজানা বৃদ্ধি হইতে না পারিবার কথা।

২ ধারা। কোন রায়তের দখলীস্বত্ব থাকিলে, যে খাজানা দিতেন, ১৮২২ সালের ৭ আইনমতে বন্দোবস্তী কোন কার্য্য চলনক্রমে, সেই খাজানা বৃদ্ধি হইতে পারিবে না। কেবল বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৮ ধারার, কিম্বা ১৮৫৯ সালের ১০ আইন যেং স্থানে প্রচলিত আছে সেইং স্থানে ঐ আইনের ১৭ ধারার নির্দ্দিষ্ট কোন কারণে, বৃদ্ধি করা যাইতে পারিবে ইতি।

বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৫ ধারায় ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৪ ধারায় সংযোগ করিবার উপবিধি।

৩ ধারা। বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৫ ধারায় ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৪ ধারায় এইং কথা সংযোগ করিতে হইবে,—

"পরন্তু ১৮২২ সালের ৭ আইনমতে যে বন্দবস্তী কার্য্য করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এতৎকার্য্যপক্ষে রাজস্বের যে কর্ত্তৃপক্ষদিগকে ক্ষমতা প্রদান করেন তাঁহারা ঐ কার্য্য মঞ্জুর করিলে, ঐ কার্য্য চলনক্রমে কোন পেটাও প্রজার কি রায়তের খাজানা কোন প্রকারে বৃদ্ধি করা গেলে, ঐ খাজানা যে অন্যায়মতে বৃদ্ধি হইয়াছে ইহার প্রমাণ না হওনপর্য্যন্ত, তাহা ন্যায়মতে বৃদ্ধি করা গিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

"আরো কোন পেটাও প্রজা কি রায়ত ঐ বর্দ্ধিত হারে খাজানা দিবার যোগাযোগ বিষয়ে আপত্তি করণার্থ মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ খাজানা বৃদ্ধির নোটিস জারী হইবার তারিখ অবধি তিন মাসের মধ্যে তাঁহার সেই মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। আরো সেই মিয়াদের মধ্যে যদি ঐ মোকদ্দমা উপস্থিত না করেন, তবে ঐ নোটিস জারী হওনের তারিখ অবধি তিন মাস গত হইলে পর ঐ বর্দ্ধিত হারে বাকী খাজানা আদায়ের নিমিত্ত তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে, তিনি ঐ খাজানা দিবার যোগ্যতা বিষয়ে আপত্তির উত্তর করিবেন না, এই আইনে ভাবান্তরের বিধান থাকিলেও করিবেন না ইতি।"

Notice to sign *jummabundi* shall be deemed notice of enhancement

4 A notice in writing served on an under-tenant or ryot by, or by the authority of, a settlement officer, calling on him to attend and sign the *jummabundi*, shall be deemed a notice within the meaning of section 14 of Bengal Act VIII of 1869, and section 13 of Act X of 1859

Provided that it shall not be necessary to make personal service of such notice on each under tenant or ryot, but that service may be lawfully made through proclamation by beat of drum of a general notice addressed to all whom it may concern, and by affixing such general notice with a copy of the *jummabundi*, or of such part thereof as the Collector may think fit, at the mal cutcherry of the village to which the *jummabundi* relates, or at some other conspicuous place therein

Application of Act

5 The provisions of this Act shall apply to all settlement proceedings under Regulation VII of 1822 which, after the commencement of this Act, may be confirmed by the revenue authorities mentioned in section three, whether such proceedings shall have been commenced before or after the commencement of this Act

FREDERICK CLARKE,
Asst Secy to the Govt of Bengal,
Legislative Department

জমাবন্দীতে দস্তখৎ করিবার নোটিস খাজানা বৃদ্ধি হওয়ার নোটিস বলিয়া জ্ঞান হওয়ার কথা।

৪ ধারা। বন্দোবস্তী কার্য্যকারকের দ্বারা কি তাঁহার অনুমতিক্রমে পেটাও প্রজার কি রায়তের নামে, হাজির হইয়া জমাবন্দীতে দস্তখৎ করিবার নোটিস লিখিয়া দেওয়া গেলে, সেই নোটিস বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের ১৪ ধারার ও ১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারার মর্ম্মানুযায়ি নোটিস বলিয়া জ্ঞান হইবে।

পরন্তু নিজ প্রত্যেক পেটাও প্রজার কি রায়তের উপর ঐ নোটিস জারী করা আবশ্যক নাই, কিন্তু উক্ত বিষয়ে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে ঢেঁড়রা দিয়া তাঁহাদের সকলের নামে সাধারণমতে ঘোষণা করিয়া, ও ঐ জমাবন্দীর এক কেতা নকলের সঙ্গে, কিম্বা কালেক্টর সাহেব তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশের নকলের সঙ্গে ঐ সাধারণ নোটিস, জমাবন্দী যে গ্রামসম্পর্কীয় হয় তাহার মাল কাছারীতে কিম্বা ঐ গ্রামের অন্য কোন প্রকাশ স্থানে, লাগাইয়া, তাহা আইনমতে জারী করা যাইতে পারিবে ইতি।

যেং কার্য্যের প্রতি আইন খাটে তদ্বিষয়ক কথা।

৫ ধারা। ১৮২২ সালের ৭ আইনমত যে সকল বন্দোবস্তী কার্য্য এই আইন প্রচলিত হওনের পর ৩ ধারার উল্লিখিত রাজস্বের কর্ত্তৃপক্ষদের দ্বারা মঞ্জুর হয়, এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে বা পরেও ঐ কার্য্যের আরম্ভ হইলে, তাহার প্রতি এই আইনের বিধান খাটিবে ইতি।

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengali Translator*

TUESDAY, FEBRUARY 5, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ৫ ফেব্রুয়ারি ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

CIVIL AND CRIMINAL

No 23, *dated the 22nd December* 1877

THE Court directs that the annexed forms of daily registers of Court fees realized, which have been prescribed for adoption by the Government of India, may at once be introduced in all Civil and Criminal Courts subordinate to the High Court, and regularly maintained in future

2 The entries in these registers are not to be made in detail, but only so as to show, in the case of the Civil Courts, the aggregate value of the stamps filed in the Court during each day under each of the four classes indicated, and in the case of the Criminal and Revenue Courts, the total daily receipts from Process fees and other fees The entries should be initialled daily by the presiding officer

3 The register prescribed by Circular Order (Civil) No 30, dated 16th September 1867, if still in use in any Court, and the Memo Book of Process Fees, prescribed by Circular Order (Civil) No 37, dated 22nd December 1870, may now be discontinued

(FOR CIVIL COURTS)

I

Daily Register of Court Fees realized in the Court of the

Date	Process Fees		Amount realized under Act VII of 1870 Schedule I Articles 1 to 9 inclusive		Amount realized under the same Schedule Nos 10 to 12		Amount realized under Schedule II		Total		REMARKS
	Rs	A	Rs	A	Rs	A	Rs	A	Rs	A	

(FOR REVENUE AND CRIMINAL COURTS)

II

Daily Register of Court Fees realized in the

Date	Process Fees		Other Fees		Total		REMARKS
	Rs	A	Rs	A	Rs	A	

[*Government Gazette*, 5*th February* 1878]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর ।

দেওয়ানী ও ফৌজদারী ।

১৮৭৭ সাল ২২ ডিসেম্বর । ২৩ নম্বর ।

যে কোর্ট ফী আদায় হয় তাহার দৈনিক রেজিষ্টরের নিম্নলিখিত পাঠ ব্যবহার হইবার জন্যে ভারতবর্ষের গবর্নমেন্টকর্ত্তৃক নির্দ্ধারিত হওয়াতে, হাই কোর্টের সাহেবেরা হাই কোর্টের অধীন সকল দেওয়ানী ও ফৌজদারী আদালতে তাহার অগৌণেই প্রচলিত হইবার ও এই অবধি নিয়মিতরূপে রাখিবার আদেশ করিলেন ।

২ । এই২ রেজিষ্টরে বিস্তারিত কথা লিখিতে হইবে না, কিন্তু দেওয়ানী আদালতে চারি শ্রেণীর প্রত্যেক শ্রেণীমতে প্রতিদিন মোটে যত ইষ্টাম্প অর্পণ করা যায়, ও ফৌজদারী ও রাজস্বের আদালতে পরওয়ানার ও অন্য২ প্রকারের ফী বলিয়া দিন২ যত আদায় হয়, তাহাই যেন দেখিতে পাওয়া যায়, এমতে ঐ রেজিষ্টর লিখিতে হইবে । ঐ লিখিত কথায় কর্ত্তৃপক্ষের প্রতিদিন স্বীয় নামের আদ্যক্ষর লিখিতে হইবে ।

৩ । ১৮৬৭ সালের ১৬ ডিসেম্বরের ৩০ নং দেওয়ানী সরকুলর অর্ডরে যে রেজিষ্টর রাখিবার আজ্ঞা ছিল তাহা কোন আদালতে ব্যবহার হইয়া থাকিলে উঠিয়া যাইবে, ও ১৮৭০ সালের ২২ ডিসেম্বরের ৩৭ নং দেওয়ানী সরকুলর অর্ডরে পরওয়ানার ফীর যে স্মরণার্থ বহী রাখিবার আদেশ ছিল তাহাও উঠিয়া যাইবে ।

(দেওয়ানী আদালতের)

১ ।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিষ্টর ।

তারিখ ।	পরওয়ানার ফী ।	১৮৭০ সালের ৭ আইনের ১ তফসীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণ মতে আদায় হইল	ঐ তফসীলের ১০, ১১, ১২ প্রকরণমতে আদায় হইল ।	২ তফসীলমতে আদায় হইল ।	মোট ।	মন্তব্য ।
	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	

(রাজস্বের ও ফৌজদারী আদালতের)

২ ।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিষ্টর ।

তারিখ ।	পরওয়ানার ফী ।	অন্য২ ফী ।	মোট ।	মন্তব্য ।
	টাকা	টাকা	টাকা	

[গবর্নমেন্ট গেজেট । ১৮৭৮ । ৫ ফেব্রুয়ারি ।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P

DECEMBER 1877

H L DAMPIER, ESQ

No 3

WITH reference to the Resolution of the Government of India, Financial Department, No 3556, dated 19th October 1877, published in Part IA of the *Calcutta Gazette* of 14th November 1877, page 204, the following should be added as questions 14A and 14B to the revised set of questions prescribed by the Board's Circular Order No 4 of December 1875 for the inspection of treasuries —

"14A —Is silver freely given in exchange for legal tender copper coin in parcels of the nominal value of not less than two Rupees?

"14B —Is care taken not to receive any copper coin that is not a legal tender under the Indian Coinage Act, XXIII of 1870?

2 The following should also be added as clause 1(*f*) at page 32 of the present edition of the Board's Rules and as clause 12(*a*), page 27, of the new edition of the Board's Rules which will shortly be issued —

"Silver should be freely given in exchange for legal tender copper coin in parcels of the nominal value of not less than two Rupees at all Government treasuries and sub treasuries Care must be taken not to receive at any treasury, sub treasury, or currency office, any copper coin that is not a legal tender under the Indian Coinage Act, 1870

No 4

A QUESTION having arisen as to the manner in which the value of houses appertaining to estates under the management of the court of wards or of the revenue authorities should be calculated and shown in return No XXXI, it has been determined that the estimated total value of such houses should in all cases be shown in Table V, the total value being calculated at 12 times the actual or (in the case of houses not let on hire) probable annual letting value

2 The annual receipts from such houses should be shown in Table VI, under heading "V—Miscellaneous"

No 5

A SERIES of frauds having recently been committed in a certain sub-divisional treasury, the Board think it necessary to warn district and sub-divisional officers generally against the laxity in certain points which rendered it possible for these frauds to be committed and to pass for some time undetected The circumstances will be understood from the following extracts from a letter from the Government on the subject —

"*Embezzlement of a judicial deposit*

The Moonsif remitted, on the 26th August 1876, a sum of Rs 41 2 to the sub divisional treasury, sending his pass book with it The head clerk initialled the pass book, returned it to the Moonsif, and himself kept the money The proper procedure was that the pass book should have been initialled by the sub divisional officer himself, after checking the entry of the deposit in the accountant s book The sub divisional officer, however, instead of comparing and intialling each *item* in the pass book, appears to have been in the habit of signing the *pages* only, and the advice list (which is sent daily to the Moonsif, shewing all transactions effected in connection with his court) was altered by the head clerk apparently after the sub divisional officer signed it The Moonsif on his side was content to accept the head clerk s initials in the pass book, and took no notice of the alterations in the advice list Both the sub divisional officer and the Moonsif are open to censure for neglect of rule"

[*Government Gazette*, 5*th February* 1878]

বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৭ সাল ডিসেম্বর মাস।

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

৩ নম্বর।

বোর্ডের ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ৪ নম্বরের সরক্যুলর অর্ডরে, খাজানাখানার পরিদর্শন-সম্পর্কে যে২ প্রশ্ন নির্দ্দিষ্ট হইয়াছিল, ফিনান্স্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ১৯ অক্টোবরের ৩১৫৬ নং যে নির্দ্ধারণপত্র ১৮৭৭ সালের ১৪ নবেম্বরের কলিকাতা গেজেটের ১ A খণ্ডের ২০৪ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা লক্ষ করিয়া, উক্ত প্রশ্নের সঙ্গে ১৪ ক ও ১৪খ নম্বরের এই২ প্রশ্ন সংযোগ করিতে হইবে।

১৪ ক।—দুই টাকার অন্যূন মূল্যের বলিয়া আইনমত প্রচলিত তামার মুদ্রা পুঁটলি বাঁধিয়া আনা গেলে তৎপরিবর্ত্তে রূপার মুদ্রা স্বচ্ছন্দে দেওয়া গিয়া থাকে কি না।

১৪ খ। ভারতবর্ষীয় মুদ্রা বিষয়ক ১৮৭০ সালের ২৩ আইনঅনুসারে যে তামার মুদ্রা আইনমতে প্রচলিত নয়, তাহা গ্রহণ না করণ বিষয়ে মনোযোগ হইয়া থাকে কি না।

২। বোর্ডের এইক্ষণকার প্রচলিত বিধিপুস্তকের ৫২ পৃষ্ঠায়, ১ চ প্রকরণ বলিয়া, ও ঐ বিধিপুস্তকের যে নূতন সংস্করণ অপ্রকাশের মধ্যে প্রকাশ হইবে তাহার ১২ পৃষ্ঠার ১২ ক প্রকরণ বলিয়া, এই বিধি দিতে হইবে।—

গবর্ণমেণ্টের সকল খাজানাখানায় ও অধীন খাজানাখানায় দুই টাকার অন্যূন মূল্যের বলিয়া আইনমত প্রচলিত তাম্র মুদ্রা পুঁটলি বাঁধিয়া আনা গেলে, তাহার পরিবর্ত্তে রূপার মুদ্রা স্বচ্ছন্দে দিতে হইবে। ভারতবর্ষীয় মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের আইনঅনুসারে যে তামার মুদ্রা আইনমত প্রচলিত নয়, তাহা কোন খাজানাখানায় কি অধীন খাজানাখানায় কি করেন্সি আফিসে যেন লওয়া না যায় এই বিষয়ে সতর্ক থাকিতে হইবে।

৪ নম্বর।

কোর্ট ওয়ার্ডের কিম্বা রাজস্বের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন মহালের অন্তর্গত গৃহাদির মূল্য কি প্রকারে নিরূপিত হইয়া ৩১ নং রিটর্ণে লেখা যাইবে, এই প্রশ্ন হওয়াতে, ইহা স্থির করা গেল, কোন ঘরের বৎসর যত টাকা ভাড়া পাওয়া গিয়া থাকে, কিম্বা ভাড়া না হইলে তাহার বৎসর যত টাকা ভাড়া হইতে পারে, ইহার ১২ দ্বাদশগুণ ঐ ঘরের মোট মূল্য ধরিয়া ৫ নং টেবিলে ঐ মূল্য লিখিতে হইবে।

২। ঐ২ ঘরহইতে বৎসর২ যত টাকা পাওয়া যায় তাহা ৬ নং টেবিলের, "৫, বিবিধ বিষয়" এই শীর্ষকের নীচে লিখিতে হইবে।

৫ নম্বর।

সম্প্রতি কোন মহকুমার খাজানাখানায় প্রতারণার কার্য্য শ্রেণীমতে হইয়া আসিতেছে ও কোন২ অংশে শৈথিল্য না হইলে সেই প্রকারের প্রতারণা কতক কাল ধৃত না হইয়া কখনও চলিতে পারিত না, বিবেচনায় বোর্ডের সাহেবেরা জিলার ও মহকুমার কর্ত্তৃপক্ষদিগকে সতর্ক করা আবশ্যক জ্ঞান করিলেন। গবর্ণমেণ্ট এতদ্বিষয়ের যে পত্র লিখিলেন তাহাহইতে উদ্ধৃত নিম্নলিখিত কথা পাঠ করিলে উক্ত ব্যাপার বুঝা যাইতে পারিবে।

আদালতে আমানৎ করা টাকা অপহরণের কথা।

১৮৭৬ সালের আগষ্ট মাসের ২৬ তারিখে মুনসেফ মহকুমার খাজানাখানায় ৪১৵ টাকা চালান করিয়া আপনার পাসবুক সঙ্গে পাঠাইলেন। প্রধান কেরাণী ঐ পাসবুকে আপন নামের আদ্যক্ষর লিখিয়া মুনসেফের নকট ফিরিয়া পাঠাইয়া, আপনি ঐ টাকা রাখিলেন। এমন স্থলে মহকুমার কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য ছিল যে ঐ আমানতের টাকা হিসাব নবীসের খাতায় জমা করিয়া লওয়া গেলে পর আপনি তাহা দেখিয়া ঐ পাসবুকে আপন নামের আদ্যক্ষর লিখিয়া দেন। কিন্তু পাসবুকের এক২ দফা মিলাইয়া দেখিয়া প্রত্যেকের নিকট আপন নামের আদ্যক্ষর না লিখিয়া, কেবল পৃষ্ঠায়২ তাঁহার স্বাক্ষর করিবার রীতি দেখা যাইতেছে। ও মুনসেফের আদালতের সঙ্গে যত টাকার লেনা দেনা চলে তাহা জানাইবার যে আডবাইস ফর্দ্দ প্রতিদিন মুনসেফের নিকট পাঠান গিয়া থাকে তাহাতে বোধ হয় মহকুমার কর্ত্তৃপক্ষের স্বাক্ষর করিবার পর, প্রধান কেরাণী সেই ফর্দ্দের কোন কথা পরিবর্ত্তন করিতেন। পরপক্ষে মুনসেফও পাসবুকে প্রধান কেরাণীর নামের আদ্যক্ষর দেখিয়া তাহাই যথেষ্ট জ্ঞান করিতেন ও আডবাইস ফর্দ্দে যাহা পরিবর্ত্তন করা গেল তাহার কিছুই সন্ধান লইতেন না। বিধি মানিতে তাচ্ছল্য করাতে মহকুমার কর্ত্তৃপক্ষ ও মুনসেফ উভয়ই অনুযোগের ভাগী হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৫ ফেব্রুয়ারি।]

"Embezzlement of pound collections

"This money remitted to the sub divisional treasury by the police was never credited by the head clerk Inquiry proves that the head clerk was in the habit of keeping back such moneys in his own hands neglecting to credit them sometimes till long after receipt while sometimes he never paid them in at all The money misappropriated has been recovered but the Accountant General points out that this fraud was rendered possible only by the neglect of two positive rules—the first requiring that in each sub divisional office the treasurer and the accountant shall be two distinct persons, and the other that the sub divisional officer shall compare chalans and cash registers item by item, initialling each item separately and receipting the chalans In ——the head clerk was allowed to be both treasurer and accountant—an arrangement which the Collector should certainly have found out and disallowed any time he inspected the sub divisional office, while the sub divisional officer failed either to check the items or sign the receipts The police accepted the head clerk's initials on the chalans, while the second clerk , who had special charge of pound collections, and should have seen that they were duly credited never brought the omission to notice The Collector recommends that the second clerk should be suspended for a month only, but the Lieutenant Governor feels that an example should be made of him But for the Collector's recommendation he would have directed his dismissal as it is he must certainly be suspended for a year It is most important that subordinate officials in such offices should be made to understand that Government will insist on their performing their duties intelligently and actively If they are responsible for money and accounts they must not be content with taking things for granted, but must personally satisfy themselves that rules are properly observed, and that remittances are brought to credit in due course These pound frauds reflect seriously on the management of the officers in charge of the sub division between April and December 1876

'Besides the frauds described above there has been a series of embezzlements extending from 5th October 1872 to 27th August 1875 It is gathered that as in the cases already noted the head clerk used to retain moneys paid into the treasury and that he kept up one set of accounts for the sub division, and a different set for transmission to the district treasury The extracts sent daily to head quarters were tampered with and altered after the sub divisional officer had signed them, and frequently were sent without being signed by him at all, being nevertheless accepted by the district treasury The sub divisional officer, moreover, never took any notice of the constant alterations apparent in the extracts of accounts sent in by the head clerk

"These embezzlements have only been rendered possible by continued neglect of rules on the part of successive sub divisional officers by the carelessness of successive treasury officers in the discharge of their duty in respect of the scrutiny of sub divisional accounts, and by the general failure of the sudder accountant to detect irregularities in the sub divisional statements, and by the evident failure of the Collector himself to inspect thoroughly his sudder and sub divisional treasuries, and to satisfy himself that the rules and system were properly understood and observed by all concerned

"It is manifest, from the facts of the present case that civil courts and officers of the police are frequently careless in accepting irregular receipts in their pass books and chalans for moneys paid by them into sub divisional and other treasuries The Lieutenant Governor considers it necessary that such officers should be warned that if loss is caused to Government, any officer who has failed to detect and expose an obvious irregularity of the kind will be held equally responsible with the officer committing it

2 In connection with these frauds, Government has ordered that "all Collectors be directed in their coming cold weather tours to examine carefully into the state of their sub-divisional offices "

3 Commissioners of divisions are, therefore, requested to give effect to the above orders

---

C T BUCKLAND, ESQ

No 6

OWING to the changes which have been made in the details of Excise administration in the Lower Provinces of Bengal since the Board's Rules on Excise were published in 1866, many of those rules have become wholly or partly obsolete, others have been materially altered, and many new rules have been added A fresh series of rules is therefore now issued, in supersession of the existing rules

[*Government Gazette, -th February* 1878]

খোঁয়াড়ে আদায় করা টাকা অপহরণের কথা।

এই টাকা পোলীসের দ্বারা মহকুমার খাজানাখানায় চালান করা গেলেও প্রধান কেরাণী তাহা জমা করিয়া লইতেন না। ইহার অনুসন্ধানে এই প্রমাণ হইল যে প্রধান কেরাণী সেই প্রকারের সকল টাকা আপন হাতে রাখিয়া অনেক দিন পরে তাহা খাতায় জমা করিয়া লইতেন কখন২ দিতেনও না। এই প্রকারে যত টাকা অবৈধমতে লওয়া গিয়াছিল তাহা ফিরিয়া পাওয়া গিয়াছে, কিন্তু আকৌণ্টেণ্ট জেনরল সাহেব কহিলেন যে নিম্ন লিখিত দুইটি বিধিতে তাচ্ছল্য না করিলে ঐ বঞ্চনা কার্য্য কখনই হইতে পারিত না। প্রথম বিধি এই যে, মহকুমার আফিসে খাজাঞ্চী ও হিসাবনবীসের কর্ম্ম দুই স্বতন্ত্র ব্যক্তির করিতে হইবে দ্বিতীয় বিধি এই মহকুমার কর্ত্তৃপক্ষ চালানের ও নগদের রেজিষ্টরী বহীর প্রত্যেক দফা মিলাইয়া দেখিয়া দফায়২ আপন নামের আদ্যক্ষর লিখিয়া চালানে রসীদ লিখিবেন। অমুক স্থানে প্রধান কেরাণী খাজাঞ্চী ও হিসাবনবীসও ছিলেন। কালেক্টর সাহেব কোন সময়ে মহকুমার আফিস দেখিতে গেলে তাঁহার সেই বিষয়ের সন্ধান জানিয়া তাহা নিবারণ করা কর্ত্তব্য ছিল। মহকুমার কর্ত্তৃপক্ষও প্রত্যেক দফা মিলাইয়া দেখিয়া রসীদে স্বাক্ষর করিতেন না। চালানে প্রধান কেরাণীর নামের আদ্যক্ষর দেখিয়া পোলীস তাহা গ্রাহ্য করিতেন। আরও খোঁয়াড়ে যত টাকা আদায় হইত তাহার দায় বিশেষমতে দ্বিতীয় কেরাণীর প্রতি ছিল ও তাহা যেন নিয়মমতে জমা করিয়া লওয়া যায় এই বিষয়ে তাঁহারই দেখা উচিত ছিল কিন্তু জমা করিয়া না লওয়া গেলে তিনি কাহাকেও সেই কথা জানাইতেন না। কালেক্টর সাহেব ঐ দ্বিতীয় কেরাণীর এক মাস সসপেণ্ড হওয়ার পরামর্শ দিলেন, কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে, অন্যেরা যাহাতে সতর্ক হইতে পারে তাঁহার এমত দণ্ড দেওয়া উচিত। কালেক্টর সাহেব অনুরোধ না করিলে, তিনি একেবারে তাঁহার কর্ম্মচ্যুতির আজ্ঞা করিতেন তদ্রূপ অনুরোধ হওয়াতে তাঁহাকে ন্যূনকল্পে এক বৎসর সসপেণ্ড করা যাইবে। গবর্ণমেণ্ট সেই প্রকারের আফিসের কর্ম্মকারকদিগকে জ্ঞানপূর্ব্বক ও চতুর হইয়া কর্ম্ম করাইতে দৃঢ় প্রতিজ্ঞ আছেন, এই কথা তাঁহাদের বুঝিয়া লওয়া অত্যাবশ্যক। টাকা ও হিসাব রাখিবার দায় তাঁহাদের প্রতি বর্ত্তিলে, কার্য্য সকল ঠিক হইয়া চলিতেছে বলিয়া তাঁহাদের নিশ্চিন্ত থাকিতে হইবে না কিন্তু বিধি মতে উপযুক্তরূপে কার্য্য করা যাইতেছে কি না ও যত টাকা চালান হয় তাহা যেন নিয়মমতে জমা করিয়া লওয়া যায়, এই২ বিষয় তাঁহাদের স্বয়ং দেখিয়া হৃদ্বোধমতে জানিতে হইবে। ১৮৭৬ সালের আপ্রিল মাস অবধি ডিসেম্বর মাসপর্য্যন্ত খোঁয়াড় হইতে প্রাপ্ত টাকা লইয়া এই প্রকারের প্রতারণা হওয়াতে মহকুমার কর্ত্তৃপক্ষদের কার্য্যাধ্যক্ষতার প্রতি ভারী দোষ বর্ত্তিয়াছে।

পূর্ব্বোক্ত প্রতারণার ব্যাপারভিন্ন ১৮৭২ সালের অক্টোবর মাসের ৫ তারিখঅবধি ১৮৭৫ সালের আগষ্ট মাসের ২৭ তারিখপর্য্যন্ত ক্রমশই তহবীল ভাঙ্গন হইয়া আসিতেছে। তদ্দৃষ্টে পূর্ব্বোক্ত বিষয়ে যাহা কথিত হইয়াছে এই২ বিষয়েরও তদ্রূপ অনুভব হয়, খাজানাখানায় টাকা চালান হইলে প্রধান কেরাণী তাহা রাখিয়া মহকুমার নিমিত্ত এক প্রকারের খাতা ও জিলার খাজানাখানায় পাঠাইবার নিমিত্ত অন্যপ্রকারের খাতা রাখিতেন। দিন২ যে চুম্বক সদর আফিসে পাঠান যাইত মহকুমার কর্ত্তৃপক্ষ তাহাতে স্বাক্ষর করিলে পর তাহার কোন২ কথা প্রভৃতি পরিবর্ত্তন করা যাইত কএকবার তাঁহার স্বাক্ষর না হইলেও চালান হইত ও জিলার খাজানাখানাতেও অমনি গ্রাহ্য হইত। ও প্রধান কেরাণী হিসাবের যে চুম্বক পাঠাইতেন তাহাতে পরিবর্ত্তিত কথা সর্ব্বদা দেখা যাইতে পারিলেও মহকুমার কর্ত্তৃপক্ষ তাহার কিছুই সন্ধান লইতেন না।

মহকুমার একের পর এক কর্ত্তৃপক্ষ ক্রমশই বিধি তাচ্ছল্য না করিলে, ও মহকুমার হিসাব সূক্ষ্মরূপে দেখিয়া লওন-সম্পর্কে খাজানাখানার কর্ত্তৃপক্ষদের যাহা কর্ত্তব্য সেই কর্ত্তৃপক্ষেরা একের পর এক ঐ কর্ত্তব্য কর্ম্মে অমনোযোগ না করিলে ও সদর হিসাবনবীস মহকুমার কৈফিয়তের অনিয়মিত নানা দোষ সাধারণমতে ধরিতে ত্রুটি না করিলে, ও কালেকটর সাহেবের সদর ও মহকুমার খাজানাখানা সম্পূর্ণরূপে পরিদর্শন করিবার ও তথাকার সকল কর্ম্মকারক সকল বিধি ও কার্য্য করণের নিয়ম উপযুক্তমতে বুঝিয়া মানিয়া থাকেন ইহা হৃদ্বোধমতে জানিবার স্পষ্ট ত্রুটি না হইলে ঐ প্রকারের তহবীল ভাঙ্গন কখনও হইতে পারিত না।

এই সকল ব্যাপারের বৃত্তান্ত দৃষ্টে জানা গেল যে নানা দেওয়ানী আদালত ও পোলীসের কর্ম্মকারকেরা মহকুমার ও অন্যান্য খাজানাখানায় টাকা দিলে তাঁহাদের পাসবুকে ও চালানে অনিয়মিতরূপে রসীদ লেখা গেলেও তাঁহারা অমনোযোগে তাহা গ্রাহ্য করিয়া থাকেন। ইহার পর গবর্ণমেণ্টের কোন হানি হইলে যে ব্যক্তি অনিয়মিত কার্য্য করেন তিনি যে প্রকারে দায়ী হইবেন উক্ত যে কর্ত্তৃপক্ষেরা স্পষ্ট নিয়ম বিরুদ্ধ ঐ কার্য্য প্রকাশ করিতে ত্রুটি করেন তিনিও সেই প্রকারে দায়ী হইবেন, এই কথা তাঁহাদিগকে সতর্ক করিয়া জ্ঞাত করা শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্নর সাহেব আবশ্যক জ্ঞান করিলেন।

২। উক্ত সকল প্রতারণাব্যাপার সম্পর্কে গবর্ণমেণ্ট এই আজ্ঞা করিয়াছেন, "এই শীতকালে কালেক্টর সাহেবেরা দাওরায় গেলে, অত্যন্ত মনোযোগে আপনাদের নানা মহকুমার অবস্থার পরীক্ষা করেন।"

৩। অতএব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবদের প্রতি উক্ত সকল আজ্ঞা সফল করিবার আদেশ থাকিল।

শ্রীযুত সি, টি, বকল্যাণ্ড সাহেব।

---

৬ নম্বর।

বোর্ডের সাহেবদের আবকারী বিধি ১৮৬৬ সালে প্রকাশ করা গেলে পর, বঙ্গপ্রভৃতি দেশে আবকারি কার্য্য নিরূপণ সম্পর্কে অনেক বিষয়ের পরিবর্ত্তন হওয়াতে, তৎকালের প্রচলিত কোন২ বিধি সম্পূর্ণরূপে, আর কোন২ বিধি আংশিক ভাবে অকর্ম্মণ্য হইয়াছে, অন্যান্য বিধিও পরিবর্ত্তন, ও নূতন কএক বিধি প্রণীত হইয়াছে। এই২ কারণে এইক্ষণকার প্রচলিত বিধির পরিবর্ত্তে নূতন বিধিশ্রেণী প্রচার করা যাইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮ ৬ ফেব্রুয়ারি।]

2 The rules have been carefully revised in order to bring them into conformity with the avowed principles and practice by which, under Government instructions, the Excise administration is to be conducted The former arrangement of sections has been retained as far as possible The first two sections have been recast They relate to the present sources and methods of taxation, and the rules generally applicable to all the systems of management Particular attention should be given to the instructions regarding the annual settlement of excise shops contained in clauses 7 to 10 of Section II

3 Section III contains the rules applicable to the auction system, and is almost entirely new

4 Sections XII, XIII, and XIV, relate to the different methods of taxing country spirit, viz the outstill system, the system of taxing the materials used in the manufacture, and the fixed duty system

5 The rules in Section XVII, relating to the cultivation, storage, transport, and sale of ganja, &c, have received considerable modifications and additions, and require close attention

6 Sections XIV and XV and part of Section XVIII of the former rules, concerning opium and preparations therefrom, have been omitted, as a separate series of rules on the subject has been drawn up, and will be issued as soon as the rules have received the sanction of the Government of India under section 8 of Act XXIII of 1876 The rules, however, contained in Sections I, II, and III, apply to opium in common with other exciseable articles

7 Appendix A contains specimen forms of notices, licenses, passes, and accounts, &c, in which many changes have been introduced

8 The rules are interleaved with blank pages for the purpose of showing any alterations or additions to them made subsequently to the 1st January 1878

No 7

IT has been brought to notice by an inspection of the accounts of some of the District Road Fund Committees that the provisions of the General Stamp Act regarding the necessity for affixing stamps to receipts for sums of money above Rs 20 are frequently disregarded The Board therefore desire to call the attention of District Road Fund Committees to the requirements of the law in such respect

2 District Officers should take every opportunity of reminding Municipalities, Road Cess Committees, Railway Companies and Managers of courts of wards that the law requires every receipt for a sum of money exceeding Rs 20, unless it is granted by, or on behalf of, Government, to be stamped with a one-anna adhesive stamp

---

[*Government Gazette, 5th February 1878*]

২। গবর্ণমেন্টের আদেশানুসারে আবকারী কার্য্য নিরূপণ হওয়ার যে নিয়ম ও রীতি ব্যক্ত হইল তাহার অনুযায়ি কর্ম্মের নিমিত্তে উক্ত সকল বিধি মনোযোগে সংশোধন করা গিয়াছে। পূর্ব্বের যে২ পরিচ্ছেদ ছিল সাধ্যপর্য্যন্ত তাহা পূর্ব্ববৎ রহিল, কিন্তু প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদ নূতন করিয়া লেখা গেল। এইক্ষণে যে২ দ্রব্যের উপর ও যে নিয়মমতে টাক্স ধার্য্য হইয়াছে, ও কার্য্য নির্ব্বাহ করিবার সকল নিয়মের প্রতি সাধারণমতে যে২ বিধি খাটে, ঐ দুই পরিচ্ছেদে তাহাই লেখা গেল। দ্বিতীয় পরিচ্ছেদের ৭ অবধি ১০ পর্য্যন্ত ধারায় আবকারী দোকানের সালিয়ানা বন্দোবস্ত সম্পর্কীয় যে উপদেশ আছে তৎপ্রতি বিশেষ মনোযোগ করা কর্ত্তব্য।

৩। নীলাম করণের নিয়মের প্রতি যে সকল বিধি খাটে তাহা তৃতীয় পরিচ্ছেদে আছে, প্রায় সমুদয়ই নূতন।

৪। দেশীয় মদিরার উপর টাক্স আদায়ের যে২ নিয়ম আছে, অর্থাৎ বাহিরের ভাটিখানার নিয়ম ও মদিরা প্রস্তুত করিতে যে২ সরঞ্জামের ব্যবহার হয় তাহার উপর টাক্স ধার্য্য ও অবধারিত মাসুল ধার্য্য করণের নিয়ম বিষয়ক বিধি, ১২ ও ১৩ ও ১৪ পরিচ্ছেদে আছে।

৫। ১৭ সপ্তদশ পরিচ্ছেদে গাঁজা প্রভৃতির চাষ ও গুদামজাত ও চালান ও বিক্রয় করণ বিষয়ক বিধির অনেকাংশ পরিবর্ত্তন হইয়াছে ও নূতন২ বিধি সংযোগ করা গিয়াছে, তাহাতে অত্যন্ত মনোযোগের প্রয়োজন।

৬। আফীম ও তদ্দ্বারা প্রস্তুত নানা বিষয়ের নূতন বিধিশ্রেণী প্রণীত হওয়াতে পূর্ব্ব বিধির ১৪ ও ১৫ পরিচ্ছেদ ও ৮ পরিচ্ছেদের একাংশ ত্যাগ করা গিয়াছে। ১৮৭৬ সালের ২৩ আইনের ৮ ধারামতে ভারতবর্ষের গবর্ণমেন্টের অনুমতি পাওয়া গেলে সেই নূতন বিধিশ্রেণী প্রকাশ করা যাইবে। পরন্তু ১ ও ২ ও ৩ পরিচ্ছেদের বিধি, যেমন আবকারী মাসুলের যোগ্য অন্যান্য দ্রব্যের প্রতি খাটে, তেমনি আফীমেরও প্রতি খাটে।

৭। A ক্রোড়পত্রে নোটিস, পাট্টা, ছাড়পত্র, হিসাব প্রভৃতি লিখিবার পাঠ আছে, তাহারও অনেকাংশ পরিবর্ত্তন করা গেল।

৮। ঐ বিধিপুস্তকের সকল পেজের মধ্যে২ শাদা কাগজ দেওয়া গিয়াছে। ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ১ তারিখের পর ঐ বিধির পরিবর্ত্তন হইলে কি নূতন বিধি করা গেলে ঐ কাগজে লেখা যাইতে পারিবে।

---

৭ নম্বর।

ডিষ্ট্রিক্ট রোড ফণ্ডের কোন২ কমিটীর হিসাব দেখিয়া জানা গেল যে ২০ বিশ টাকার অধিকের রসীদে টিকিট বসাওনের বিষয়ে সাধারণ ইষ্টাম্প বিষয়ক আইনের বিধান অনেক বার তুচ্ছ হইয়া থাকে। অতএব বোর্ডের সাহেবেরা তৎসম্পর্কে আইনের আদেশের প্রতি ডিষ্ট্রিক্ট রোড ফণ্ডের সকল কমিটীকে মনোযোগ করিতে বলিয়াছেন।

২। গবর্ণমেন্টের দ্বারা বা গবর্ণমেন্টের পক্ষে না দেওয়া গেলে, ২০ বিশ টাকার অধিকের প্রত্যেক রসীদে ৵০ এক আনার আটাল টিকিট দিবার আজ্ঞা আছে, এই কথা নানা মুনিসিপালিটির ও পথকর কমিটীর ও রেলওয়ে কোম্পানির ও কোর্টওয়ার্ডসের অধীন কার্য্যাধ্যক্ষদের স্মরণ করাইয়া দেওয়া জিলার কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৫ ফেব্রুয়ারি।]

JANUARY 1878

C T BUCKLAND, ESQ

No 1

IN supersession of the Board's Circular Order No 1 of March 1876, the following table showing the rates of discount to be allowed from 1st February 1878 on the sale of General and Court Fees Stamps respectively is published for the information and guidance of all Revenue Officers —

1	2	3	4	5	6	7	8
	General or Non Judicial Stamps						
	Class I (Adhesive stamps and stamps under schedule I, articles 1 and 2 and schedule II articles 1 to 9)			Class II * (All other stamps prescribed by the General Stamp Act of 1869)		Judicial or Court Fees Stamps *	
	Stamps not exceeding in value 8 annas each	Stamps exceeding in value 8 annas each but not exceeding in value Rs 5 each	Stamps exceeding in value Rs 5 each but not exceeding in value Rs 50 each.		Per cent		Per cent
	Per cent	Per cent	Per cent				
Calcutta, Howrah (Sudder Station), 24 Pergunnahs (Sudder Station)	$3\frac{1}{8}$ = two pice in the rupee	$1\frac{9}{16}$ one pice in the rupee	$1\frac{9}{16}$ one pice in the rupee	At all places	$3\frac{1}{8}$ = two pice in the rupee	Moorshedabad, Dinagepore, Maldah, Rungpore, Mymensingh } Licensed vendors at places more than five miles distant from either a sudder or sub divisional treasury	2
All other places	$4\frac{11}{16}$ — three pice in the rupee	$3\frac{1}{8}$ = two pice in the rupee	$1\frac{9}{16}$ one pice in the rupee			Sundeep Island	$2\frac{1}{2}$
						All other places except Calcutta where salaried vendors are employed	$1\frac{9}{16}$ = one pice in the rupee

N B — Stamps coming under this class (1) may be sold by any person and discount at the above rates is allowed on purchases the total value of Rs 5 and upwards at one time

* Only *licensed* vendors purchasing stamps of the total value of Rs [illegible] or upwards at one time are allowed discount on these kinds of stamps

Note — (1) — No discount is allowed on the purchase of any general or court fees stamps of which the value is more than Rs 50 and Rs 75 respectively or in the purchase of any stamp applied on material furnished by the purchaser himself

(2) — Discount is allowed at 6¼ per cent (one anna in the rupee) on the sale of the special description of paper to be used for documents under the Court Fees Act VII of 1870

[*Government Gazette, 5th February* 1878]

১৮৭৮ সাল জানুয়ারি মাস।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব।

১ নম্বর।

বোর্ডের ১৮৭৬ সালের মার্চ মাসের ১ নং সরক্যুলর রহিত হইল। ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখঅবধি সাধারণ ও কোর্ট ফী ইষ্টাম্প বিক্রয় করিলে যে হারে ডিসকৌণ্ট দেওয়া যাইবে তাহার নিম্নলিখিত ফর্দ্দ সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে।

১	২	৩	৪	৫	৬	৭	৮
আদালতের ইষ্টাম্পভিন্ন সাধারণ ইষ্টাম্প							
প্রথম শ্রেণী। আটাম ইষ্টাম্প এবং ১ তফসীলের ১ ও ২ প্রকরণমত ও ২ তফসীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণমত ইষ্টাম্প।				দ্বিতীয় শ্রেণী * সাধারণ ইষ্টাম্প বিষয়ক ১৮৬৯ সালের আইনের নির্দ্ধারিত অন্য সকল ইষ্টাম্প।		কোর্ট ফী ইষ্টাম্প।*	
	একং ইষ্টাম্প ।০ আট আনা মূল্যের অধিক না হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ।০ আট আনার অধিক কিন্তু ৫৲ টাকার অনধিক হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ৫৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হইলে।		শতকরা		শতকরা।
	শতকরা	শতকরা	শতকরা				২৲
কলিকাতা। হাবড়া সদর স্থান। চব্বিশ পরগনা (সদর স্থান)	৩⅛ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা	১৯/১৬ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা	১৯/১৬ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা	সকল স্থানে	৩⅛ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা	মুরশিদাবাদ, দিনাজপুর, মালদহ, রঙ্গপুর, ময়মনসিংহ, সন্দ্বীপ — সদর কিম্বা মহকুমার খাজানাখানা হইতে পাঁচ মাইলের অধিক দূর লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা থাকিলে; কলিকাতা ছাড়া অন্য যে সকল স্থানে বেতনভোগী বিক্রেতারা থাকেন	২।০ ১৯/১৬ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা।
অন্য সকল স্থানে	৪11/16 অর্থাৎ টাকাপ্রতি তিন পয়সা	৩⅛ অর্থাৎ টাকাপ্রতি দুই পয়সা	১৯/১৬ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা				

মন্তব্য।— এই প্রথম শ্রেণীর মধ্যে যে সকল ইষ্টাম্প আইসে তাহা কোন ব্যক্তি বিক্রয় করিতে পারিবেন। একিকালে মোটে ৫৲ পাঁচ টাকার কি অধিক মূল্যের ইষ্টাম্প ক্রয় করা গেলে, উক্ত হারে ডিসকৌণ্ট পাওয়া যাইবে।

* কেবল লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা একিকালে ২৫৲ টাকার কি অধিক মূল্যের এই প্রকারের ইষ্টাম্প ক্রয় করিলে ডিসকৌণ্ট পাইতে পারিবেন।

মন্তব্য।— ১। ৫০৲ টাকার অধিক মূল্যের সাধারণ ইষ্টাম্প কিম্বা ৭৫৲ টাকার অধিক মূল্যের কোর্ট ফী ইষ্টাম্প ক্রয় করা গেলে, কিম্বা ক্রেতা আপনি কাগজ দিয়া তাহাতে ইষ্টাম্প বসাইবার নিমিত্ত ইষ্টাম্প ক্রয় করিলে তাহার উপর ডিসকৌণ্ট দেওয়া যাইবে না।

(২) আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনমতে দলীল লিখিবার বিশেষ প্রকারের কাগজ ক্রয় করা গেলে তাহার উপর শতকরা ৬০ টাকা অর্থাৎ টাকা প্রতি ১০ এক আনা ডিসকৌণ্ট দেওয়া যাইবে।

No 2

DISTRICT OFFICERS are informed that a revised form of Half-yearly Return No XXI(*c*) is now passing through the press, and that the submission of the separate reports in stamp prosecution cases, required by Board's Circular Order No 6 of December 1875, is no longer necessary The form will be issued for use as soon as the supply of the old form of Return No XXI(*c*) is exhausted

[*Government Gazette*, 5th *February* 1878]

২ নম্বর ।

জিলার কর্ত্তৃপক্ষদিগকে এই কথা জ্ঞাত করা যাইতেছে । ষাণ্মাসিক ২১০ নং রিটর্ণের সংশোধিত পাঠ এইক্ষণে ছাপা হইতেছে । বোর্ডের ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ৬ নং সরক্যুলর অর্ডরমতে ইষ্টাম্প সম্পর্কীয় নালিশের মোকদ্দমায় যে স্বতন্ত্র রিপোর্ট দেওয়া যায় তাহার আর প্রয়োজন নাই । ২১০ নং রিটর্ণের পূর্ব্বকার পাঠ ফুরাইলে নূতন পাঠ ব্যবহার হইবার নিমিত্ত দেওয়া যাইবে ।

JOHN ROBINSON, *Bengalee Translator*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ৫ ফেব্রুয়ারি।

PART VIII

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

জিলা চব্বিশ পরগনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা চব্বিশ পরগনা।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তী ইস্টারণ বেঙ্গল রেলওয়ের পরিত্যাগীয় সিঃ ক্লাশ ভুক্ত জমি গবর্ণমেন্টের প্রযোজন নাথাকায় নিম্নের লিখিত নিয়মানুসারে সন ১৮৭৮ সালের ২৮ ফেব্রুযারি বাঙ্গলা সন ১২৮৪ সালের ১৭ ফাল্গুন বৃহস্পতিবার বেলা ১২ ঘন্টার সময়ে মোকাম আলীপুরের কালেক্টরির কাছারিতে নিলাম বিক্রয হইবেক।

১। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। এক শত টাকার অধিক পণ হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক বিক্রযের দিবস এক দিন ধরিয়া গণনা করিযা বিক্রযের পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায সেই দিবস মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয তবে বিক্রয রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেন্টে জব্দ হইবেক ও প্রথম স্থলীয় বিক্রযের ন্যায পুনবায বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। ঐ জমি সকল সর্ব্ব ঊর্দ্ধ ডাককারিকে নিক্কবে বিক্রয করা যাইবেক।

লাট নম্বর	মৌজা ও পরগনার নাম	জমির পরিমাণ ন্যূনাতিরেক বিঘার দ্বারা	চৌহদ্দী।
১	পঃ কলিকাতা মৌঃ রামভদ্রবাটী	১।১	উত্তর রাস্তা দক্ষিণ ও পশ্চিম পীতাম্বর ঘোষের জমির পূর্ব্ব কীর্ত্তিচন্দ্র মিত্রের খরিদা জমি।

W. M. SOUTTAR,
Offg. Collector, 24-Pergunnahs

নীলামের ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মুরশিদাবাদের এলাকাধীন নলহাটী ষ্টেট রেলওয়ের উদ্বর্ত্ত বিঃ শ্রেণীর নিম্নলিখিত ভূমি গবর্ণমেন্টের আর আবশ্যক না থাকাপ্রযুক্ত সন ১৮৭৮ সালের ৫ মার্চ মোতাবেক বাঙ্গালা সন ১২৮৪ সালের ২২ ফাল্গুন মঙ্গলবার বেলা মধ্যাহ্নের সময়ে আজিমগঞ্জের রেলওয়ের ষ্টেসনে নীলাম বিক্রয় হইবেক।

ঐ সকল জমির খরিদারগণ নিম্নলিখিত নিয়মাধীন হইবেন।

১। নীলামী পণের সমুদয় টাকা এককালীন নীলামের দিনে দিতে হইবেক।

২। নিরূপিত সময় মধ্যে নীলামী পণের টাকা যদ্যপি না দেওয়া হয় ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে ঐ লাট ছানি নীলাম করা যাইবেক ছানি নীলামে কম মূল্যে বিক্রীত হইলে তজ্জন্য ঐ ত্রুটিকারি ক্রেতা দায়ীক হইবেন।

৩। রেলওয়ের তারের বেড়াহইতে ৫ ফুট মধ্যে খরিদারাণ মৃত্তিকা খনন করিবেন না।

৪। প্রত্যেক লাটের যে মূল্য অবধারিত হইল তদতিরিক্ত মূল্যে ঐ সকল জমী ডাক না নামে নিষ্কর নীলাম করা যাইবেক।

৫। শ্রীযুত কালেক্টর সাহেব নীলাম মঞ্জুর করিলে ক্রেতাদিগকে দখল দেওয়া যাইবেক কিন্তু মহামান্য রেবিনিউ বোর্ডের শ্রীযুত মেম্বর ইন্‌চার্য্য বাহাদুরের অমত হইলে দখল অনড ও বলবৎ থাকিবেক না।

লাট নম্বর।		জিলার নাম।	পরগনা ও মৌজার নাম।	মাইল নম্বর।	রেলওয়ের কোন পার্শ্বে জমির অবস্থিতি।	বিঘা ও একর হিসাবে জমির ন্যুনাধিক পরিমাণ।		ধার্য্যকৃত মূল্য।	প্রত্যেক লাটে যে জমী নীলামহইতে বাদ দেওয়া হইয়াছে।		লাটের আরম্ভ ও শেষ।	জমির বাউণ্ডরি।
হাল।	সাবেক।					বিঃ কাঃ ছঃ	এঃ রুঃ পোঃ	টাঃ আঃ পাঃ	কি জন্য বাদ দেওয়া হইল।	এ রু পো		
১	২১	মুর্শিদাবাদ	মৌজা আজিমগঞ্জ বরাহনগর পরগনে মু রিপুর	২৭	দক্ষিণ	২/ ০ ।০	০ ২ ২৮	১০১২ ।।০ ০		০ ০ ০	২৭ নং মাইলের ২২৫০ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৩০৫০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়ের এঃ ক্লাশ জমী। দক্ষিণ—কেষণচাঁদ গুলিচার বাগান জমী। পূর্ব্ব—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। পশ্চিম— ঐ
২	২২	ঐ	ঐ ঐ	ঐ	উত্তর	১/ ।০ ।/১০	০ ১ ২৮	৬৩৩ ।/ ৬		০ ০ ০	২০ নং মাইলের ২৯২০ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৩৪৫০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়ের এঃ ক্লাশ জমী। দক্ষিণ—রেলওয়ে ডিঃ ক্লাশ জমী। পূর্ব্ব—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। পশ্চিম— ঐ

৩	২৩	ঐ	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	০	৮১	০	০	১	২	৪০০৲	০	০	০	০	০	২৭ নং মাইলের ৩০৫০ ফুট হইতে শুরু লং ঐ মাইলের ৩৪৫০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়ে এঃ ক্লাশ জমী। দক্ষিণ—জমিদারী জমী। পূর্ব্ব—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। পশ্চিম—ঐ
৪	২৩৷১	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	০	৷৩	০	০	০	২২	২০০৲	০	০	০	০	০	২৭ নং মাইলের ৩৪৫০ ফুট হইতে শুরু নাং ঐ মাইলের ৩৭০০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়ের এঃ ক্লাশ জমী। দক্ষিণ—জমিদারী জমী। পূর্ব্ব—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। পশ্চিম—ঐ
৫	২৪	ঐ	ঐ	ঐ	ঐ	উত্তর	০	৩	৷৫	০	০	২৩	২০৬	৷৶	৩	০	০	০	২৭ নং মাইলের ৩৪৫০ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৩৭০০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—জমিদারী জমী। দক্ষিণ—রেলওয়ের ডিঃ ক্লাশ জমী। পূর্ব্ব—জমিদারী জমী। পশ্চিম—রেলওয়ের বিঃ ক্লাশ জমী।
৬	২৫	ঐ	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	০	৷০	৷৷৹	০	০	১৫	১৪০	৷৷৶	০	০	০	০	২৭ নং মাইলের ৩৭০০ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৪০২০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়ের এঃ ক্লাশ জমী। দক্ষিণ—জমিদারী জমী। পূর্ব্ব—সরকারি রাস্তা। পশ্চিম—রেলওয়ের বিঃ ক্লাশ জমী।
৭	২৫৷১	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	০	৷৪	৷৴	০	০	২৫	৪৬৫	৷৷৶	০	০	০	০	২৭ নং মাইলের ৪০৪০ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৪৫১০ পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। দক্ষিণ—জমিদারী জমী। পূর্ব্ব—মাধবচান্দ কুণ্ডুর পুষ্করিণী। পশ্চিম—রাস্তা।
৮	২৬	ঐ	ঐ	ঐ	ঐ	উত্তর	০	৵১	৷৶	০	০	৪	৵৫	৸৶	০	০	০	০	২৭ নং মাইলের ৩৯৮৫ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৪০২০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—জমিদারী জমী দক্ষিণ—রেলওয়ের ডিঃ ক্লাশ জমী। পূর্ব্ব—রাস্তা। পশ্চিম—জমিদারী জমী।
৯	২৬৷১	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	১৴	৮০	৷০	০	২	১৲	১৭৬২	৷০	০	০	০	০	২৭ নং মাইলের ৪০৪০ ফুট হইতে শুরু লং ঐ মাইলের ৪৭০০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—জমিদারী জমী। দক্ষিণ—রেলওয়ের ডিঃ ক্লাশ জমী। পূর্ব্ব—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। পশ্চিম—রাস্তা।
১০	২৬৷২	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	১৴	৸০	৶	০	২	১১	১৭৯৬	৷০	০	০	০	০	২৭ নং মাইলের ৪৭৭০ ফুট হইতে শুরু লং ঐ মাইলের ৫২০০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—জমিদারী জমী। দক্ষিণ—রেলওয়ের ডিঃ ক্লাশ জমী। পূর্ব্ব—রাস্তা। পশ্চিম—জমিদারী জমী ও রেলওয়ের বিঃ ক্লাশ জমী।
							৯৴৪৸	১৭		৩০১৲			৬৬১৩	৷৶৯						

লাট নম্বর। হাল।	লাট নম্বর। সাবেক।	জেলার নাম	পরগনা ও মৌজার নাম।		মাইল নম্বর।	রেলওয়ের কোন্ পার্শ্বে জমির অবস্থিত।	বিঘা ও একর হিসাবে জমির ন্যূনাধিক পরিমাণ। বি. ক ঃ ছঃ	এ° রু° পো.	ধার্য্যকৃত মূল্য। টাঃ আঃ পা	প্রত্যেক লাটে যে জমী নীলাম হইতে বাদ দেওয়া হইয়াছে। কি জন্য বাদ দেওয়া হইল	এ° রুঃ পোঃ	লাটের আরম্ভ ও শেষ।	জমির বাউণ্ডারি।
							জর ৯৴৪৸৴১০	জের ৩৩১৩	জর৬৬১৩॥৭৯				
১১	২৬,৩	মুর্শিদাবাদ	মৌজা আজীম গঞ্জ পরগনে মুর্শিদপুর		২৭৩২৮	উত্তর	০ ৴১ ।০	০ ০ ৩	১ ৫ ০ ০		০ ০ ০	২৭ নং মাইলের ৫২৩০ ফুট হইতে শুরু লাং ২৮ম মাইলের ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—জমিদারি জমী। দক্ষিণ—রেলওয়েব বি. ক্লাশ জমী। পূর্ব্ব—ঐ পশ্চিম—ঐ
১২	২৭	ঐ	ঐ	ঐ	২৭	দক্ষিণ	১৴ ॥০ ॥০	০ ২ ১	১৫২৫ ০ ০		০ ০ ০	২৭ নং মাইলের ৪৭০০ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৫২০০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়েরে এঃ ক্লাশ জমী। দক্ষিণ—রায়ধনপত সিং বাহাদুরের ঠাকুর বাটির জমী। পূর্ব্ব—রাস্তা। পশ্চিম—রেলওয়ের বিঃ ক্লাশ জমী।
১৩	২৭।১	ঐ	ঐ	ঐ	২৭৩২৮	ঐ	০ ।৩ ৸৶	০ ০ ২৪	৭৩১ ।০ ০		০ ০ ০	২৭ নং মাইলের ৫২১৮ ফুট হইতে শুরু লাং ২৮ নং মাইলের ৮৫ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। দক্ষিণ—জমিদারী জমী। পূর্ব্ব—রেলওয়ের বিঃ ক্লাশ জমী। পশ্চিম—রাস্তা।
১৪	২৯	ঐ	ঐ	ঐ	২৮	উত্তর	২৴ ৸২ ।৶	০ ৩ ৩২	৫৭৩৭ ।০ ০		০ ০ ০	২৮ নং মাইলের ১৫২ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৬৯০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—জমিদারী জমী। দক্ষিণ—রেলওয়ের ডিঃ ক্লাশ জমী। পূর্ব্ব—গলি রাস্তা। পশ্চিম—রেলওয়ের বিঃ ক্লাশ জমী।
১৫	২৯।১	ঐ	ঐ	ঐ	২৮	ঐ	০ ০ ৸৴	০ ০ ১৬	৫৮১ ।০ ০		০ ০ ০	২৮ নং মাইলের ৬৯৭ ফুট হইতে শুরু লাং ঐ মাইলের ৭৯০ ফুট পর্য্যন্ত মোতাবেক নকশা।	উত্তর—মেকরাজ রায় বাহাদুরের জমী। দক্ষিণ—রেলওয়ের ডিঃ ক্লাশ জমী। পূর্ব্ব—গলিরাস্তা। পশ্চিম—ঐ
5 Every officer authorized to grant receipts shall be provided with a certificate of his authority to collect and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman Every collecting officer, at the time of demanding payment, shall be bound to show this certificate, if required, and no tax-payer shall be bound to pay unless such certificate is shown and a printed receipt tendered to him

6 For all sums paid on account of any tax mentioned in the Act, a printed receipt signed by the tax darogah and the collecting officer, showing the quarter for which the sum is paid, the amount of the tax, the number of the holding and of the ward in which it is situated, and the person from whom the tax is levied, shall be given to the person paying the same

7 Bills shall not be made over at one time to any collecting sirkar or warrant clerk to a larger amount than that of the security given by him

8 The darogah shall periodically settle accounts with the sirkars and warrant clerks, at such intervals as the Commissioners may from time to time direct The darogah shall report to the Chairman the result of such settlements of accounts, and shall certify that the accounts are correct

9 The darogah shall have a permanent advance of Rs 25 to meet petty contingent expenses, to be accounted for at the end of each month

10 When any tax, rate, or toll is levied by distress and sale of moveable property, payment of the purchase-money and delivery of the property shall be made immediately after the sale, and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer to sell the property again on the same or any other day, and the first or any succeeding purchaser, except the last, shall in such case be responsible to the Commissioners for any loss, such loss shall be recoverable as a debt due from him.

[*Government Gazette*, 12*th February* 1878]

১৮৭৮ সাল ২৩ জানুয়ারি।—শ্রীযুত প্রধান কমিশ্যনর সাহেব লক্ষ্মীপুরের তৃতীয় শ্রেণীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আর মাকের, সি, এস, সাহেবকে ১৮৭২ সালের ১০ আইনের ৩৭ ধারার বিধানমতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান করিলেন।

হরেস্ এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ৪ ফেব্রুয়ারি।—কৃষ্ণনগরের মুনিসিপল কমিশ্যনরেরা সভাগত হইয়া ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩১৩ ধারামতে নিম্নলিখিত উপবিধি প্রণয়ন করিলে ঐ আইনের ৩১৪ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

সভাতে কার্য্য চালাইবার নিয়ম।

১। সভাপতি বিশেষ কোন কারণে দিনান্তর নিরূপণ না করিলে প্রতি মাসের শেষ শনিবার সভাধিবেশনের দিন ধার্য্য থাকিল। সভাধিবেশনের অন্ততঃ তিন দিন পূর্ব্বে সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষরিত নোটিস প্রচার করিতে হইবে।

২। সভায় যেং কার্য্য করা যাইবে তাহার নির্ঘণ্টপত্র নোটিসের সঙ্গে থাকিবে, উক্ত নির্ঘণ্টপত্রে যে বিষয় লেখা না থাকে, সভাস্থ কমিশ্যনরদের অধিকাংশের সম্মতি বিনা বাদানুবাদ করিবার নিমিত্ত তাহা উপস্থিত করিতে হইবে না।

৩। কোন মেম্বর সভাস্থ কমিশ্যনরদের সম্মুখে কোন প্রস্তাব করিতে ইচ্ছুক হইলে সভাপতিকে বা প্রতিনিধি সভাপতিকে আপনার সেই অভিপ্রায় লিখিয়া জানাইলে, তাহা হইলে নোটিস পাইবার পর আগামি সভার কার্য্যের যে নির্ঘণ্টপত্র প্রস্তুত করা যাইবে তন্মধ্যে সেই প্রস্তাব গৃহীত হইবে।

টাক্স আদায় করিবার সময়ের ও নিয়মের বিধান।

৪। টাক্স আদায় করণ কার্য্যের উপর কর্তৃত্ব করণার্থে এক জন দারোগা নিযুক্ত হইবেন। এই মুনিসিপালিটী এইক্ষণকার ন্যায় ছয় পল্লীতে বিভক্ত থাকিবে, ও প্রত্যেক পল্লীতে এক২ জন সরকার নিযুক্ত করা যাইবে ও তাহাকে টাক্স আদায় করিবার ও রসীদ দিবার ক্ষমতা দেওয়া যাইবে। টাক্স আদায় করণার্থে পরওয়ানা জারীর যত আমলা ও অন্য কার্য্যকারকের আবশ্যক, কমিশ্যনরেরা তত জনকে নিযুক্ত করিতে পারিবেন।

৫। রসীদ দিবার ক্ষমতাপন্ন প্রত্যেক কার্য্যকারককে টাক্স আদায় করিবার ক্ষমতাসূচক সর্টিফিকট দেওয়া যাইবে। উক্ত প্রত্যেক সর্টিফিকটে মুনিসিপালিটীর মোহর ও সভাপতির স্বাক্ষর থাকিবে। আদায়কারি প্রত্যেক জন কার্য্যকারক টাকা চাহিলে, তাঁহার প্রতি ঐ সর্টিফিকট দেখাইবার আদেশ হইলেই দেখাইতে হইবে। উক্ত সর্টিফিকট দেখান না গেলে কিম্বা ছাপার রসীদ দেওয়া না গেলে কোন টাক্সদাতা টাকা দিতে বদ্ধ নহেন।

৬। আইনের লিখিত কোন টাক্সের নিমিত্ত যত দেওয়া যায়, যে ব্যক্তির স্থানে আদায় হয় তাঁহাকে টাক্সের দারোগার ও টাক্স আদায়কারি কর্ম্মচারির স্বাক্ষরিত ছাপার রসীদ দেওয়া যাইবে। সেই রসীদে, যে ক্বাটরের টাকা, যত টাকা হোল্ডিঙের নম্বর ও যে পল্লীতে আছে, ও যাহার স্থানে আদায় করা গেল এই সকল কথা থাকিবে।

৭। টাক্স আদায়কারি সরকার ও পরওয়ানা জারীর আমলা যত টাকার জামিন দিয়াছেন তদপেক্ষা অধিক টাকার বিল তাঁহাদিগকে এক কালে দেওয়া যাইবে না।

৮। কমিশ্যনরেরা সময়েং যত দিন অন্তর আদেশ করেন তত দিন অন্তর দারোগা সরকারদের ও পরওয়ানা জারীর আমলাদের সঙ্গে হিসাব মিটাইয়া লইবেন। দারোগা হিসাব মিটাইবার ফলের কথা সভাপতির নিকট রিপোর্ট করিবেন। ও হিসাব সকল ঠিক আছে এই বিষয়ের সর্টিফিকট লিখিয়া দিবেন।

৯। দারোগা সামান্য নৈমিত্তিক খরচের নিমিত্তে সর্ব্বদাই ২০০ টাকা অগ্রিম লইয়া মাসের শেষে তাহার হিসাব দিবেন।

১০। অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া টাক্সের কি খেটের কি মাসুলের টাকা আদায় করা গেলে, নীলামের পরই ক্রেতার টাকা দিতে হইবে, ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে, যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিবেন তিনি সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে প্রথম ক্রেতা বা তাঁহার পর শেষ ক্রেতাভিন্ন অন্য কোন ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন ও তাঁহাদের নিকট প্রাপ্য ঋণের ন্যায় সেই হানির টাকা আদায় করা যাইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

11. Every person required, in writing, to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition, in the manner described in section 367 of the Act Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rs 5 for the omission, and to a penalty not exceeding Rs 2 for every day the omission shall continue Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rs 20, provided that nothing in this bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code, should the facts appear to warrant such a proceeding

For Regulating the Conduct of Persons Employed by the Commissioners

12 The Commissioners shall have power to inflict for neglect of duty a fine not exceeding one month's pay upon any person employed by them

13 All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix, and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office

For Regulating the Disposal of Offensive Matter, Rubbish, and Dead Bodies of Animals

14 Every person within whose premises any animal may die shall, within six hours after its death, or, if death occurs at night, within four hours after day light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcasses, or report the death to the conservancy overseer of the division within which such premises may be situated Penalty for infringement, Rs 20 In case the person liable shall not remove the carcass, he shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine, and in case the said person be not the owner of the animal, and the owner be known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners

15 No person shall dispose, or cause to be disposed, of any corpse, or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some lawful burning or burial ground

Penalty for infringement, Rs 50

16 If the corpse of any person within the municipal limits shall remain unburied or unburnt after 12 hours from the time of death, the Municipal Commissioners may dispose of such corpse through their servants, and recover the expense from any assets left by the deceased

For the Regulation and Management of Privies

17 No person shall perform any office of nature in any place outside private premises, other than such place as may be appointed by the Commissioners

Penalty for infringement, Rs 10

18 No person shall carry night-soil through the streets except between the hours of 3 A M and 8 A M, or otherwise than in a closely covered receptacle, or shall use any place, other than those approved by the Commissioners, for the purpose of depositing such night-soil therein

Penalty for infringement, Rs 20

19 Within such limits as the Municipal Commissioners may appoint, no person shall construct or keep, after prohibition by the Municipal Commissioners, any well-privy

Penalty, Rs 20 and a daily fine of one rupee

20 The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or premises, if at any time it seem to them necessary for the preservation of public health, or for the prevention of infection or spread of disease provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants, &c, at cost price, and the price shall be recoverable as a debt due to the Commissioners

Penalty, daily fine of one rupee

[*Government Gazette, 12th February* 1878]

১১। কমিশ্যনরেরা আইনমতে কোন ব্যক্তির নামে লিখিয়া কোন তকসীল কি রিটর্ন দিবার আদেশ করিতে সক্ষম হইলে তাঁহার প্রতি তাহা দিতে আদেশ করিলে, তিনি সেই আদেশপত্র জারী হইবার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে আইনের ৩৬৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশ্যনরদের আফিসে ঐ তকসীল কি রিটর্ন পাঠাইবেন। না পাঠাইলে তাঁহার ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও আর যত দিন সেই ত্রুটি করেন দিন প্রতি তাঁহার আর ২ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কোন কেহ মিথ্যা কি অশুদ্ধ তকসীল কি রিটর্ন দিলে তাহার ২০৲ বিশ টাকা দণ্ড হইতে পারিবে। কিন্তু বৃত্তান্ত দৃষ্টে তাঁহার নামে দণ্ডবিধির আইনমতে ফৌজদারী আদালতে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিলে, এই উপবিধির কোন কথাই তাহা করিবার বাধাজনক বলিয়া জ্ঞান করিতে হইবে না।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণবিষয়ক বিধান।

১২। কমিশ্যনরদের নিযুক্ত কোন ব্যক্তি কার্য্যে শৈথিল্য করিলে, কমিশ্যনরেরা তাঁহার এক মাসের অনধিক বেতন কর্ত্তন করিতে পারিবেন।

১৩। যাঁহারা এইক্ষণে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন, তাঁহাদের প্রতি আদেশ হইলেই কমিশ্যনরেরা সময়েং যত টাকার জামিন নির্দ্ধার্য্য করেন তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কোন ব্যক্তি সঙ্গত সময়ের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে জামিন না দিলে, তাঁহাদের সেই পদে থাকিবার আর ক্ষমতা নাই জানিতে হইবে ও তাঁহাদিগকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধি।

১৪। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর ছয় ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর চারি ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা ঐ বাড়ী নগরের যে খণ্ডের অন্তর্গত থাকে সেই খণ্ড পরিষ্কার রাখিবার (Conservancy Overseer) তত্ত্বাবধারকের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। এই বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা। মরা জন্তু যাহার স্থানান্তর করিতে হয় তিনি স্থানান্তর না করিলে কমিশ্যনরেরা সময়েং যে হার ধরেন ঐ ব্যক্তি ওবরসিয়রকে সেই হারে ঐ জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ মরা জন্তু ঐ ব্যক্তিরই না হইলে, ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, কেবল তিনিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাঁহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে।

১৫। কোন ব্যক্তি আইনমতে শবদাহের কি কবর দিবার স্থানে শবদাহ বা কবর দেওন ভিন্ন অন্য স্থানে কোন শব কি শবের কোন অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫০৲ পঞ্চাশ টাকা।

১৬। মুনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তির মরণের সময়াবধি ১২ ঘণ্টা পরে যদি সেই শব কবর দেওয়া বা দাহ করা না যায়, তবে মুনিসিপল কমিশ্যনরেরা আপনাদের চাকরদ্বারা সেই শব কবর দেওয়াইয়া বা দাহ করাইয়া ঐ মৃত ব্যক্তির সম্পত্তি হইতে সেই খরচ আদায় করিতে পারিবেন।

পাইখানার বিধান ও কার্য্যনির্ব্বাহ করণার্থ বিধি।

১৭। কমিশ্যনরেরা যে স্থান নিরূপণ করেন তদ্ভিন্ন সাধারণ ব্যক্তির বাটীর বাহিরের কোন স্থানে কেহ মলমূত্র ত্যাগ করিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

১৮। কোন ব্যক্তি রাত্রি ৩টা ও প্রাতঃকালের ৮ ঘণ্টার মধ্য কেম সময়ভিন্ন অন্য সময়ে ও বদ্ধ আধারভিন্ন অন্য আধারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না। ও কমিশ্যনরেরা বিষ্ঠা জমা করিয়া রাখিবার যে স্থান অনুমোদন করেন তদ্ভিন্ন স্থানে কোন ব্যক্তি বিষ্ঠা ফেলিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

১৯। মুনিসিপল কমিশ্যনরেরা যে সীমা নিরূপণ করেন তন্মধ্যে কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের দ্বারা নিষিদ্ধ হইলে কোন পাতকুয়া পাইখানা প্রস্তুত করিবেন বা রাখিবেন না।

দণ্ড ২০৲ বিশ টাকা ও দিনপ্রতি ১৲ এক টাকা।

২০। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্য কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যাপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে, কোন পাইখানায় কি বাড়ীর মধ্যে চূণের কি আলকাতরার কি কারবলিক আসিডের কিম্বা দুর্গন্ধনাশক ও রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমত স্থলে মুনিসিপল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক প্রভৃতি দ্রব্য যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেইং দ্রব্য দিতে হইবে, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐং দ্রব্যের সেই মূল্য আদায় হইতে পারিবে।

দিনপ্রতি দণ্ড ১৲ এক টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

For Regulating Traffic in the Streets.

21 Every carriage or cart plying on the streets after one hour after sunset shall carry a light or lights

Penalty for infringement, Rs 5

For Regulating or Prohibiting the use of Fire balloons, Fire-works, Fire-arms, or Missiles, in the Vicinity of Public Roads

22 No one shall let off any fire-balloon, fire-work, fire-arm, or any missile, in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained

Penalty for infringement, Rs 10

Miscellaneous Bye-laws

23 No person shall put, or cause to be put, on any house or building any spout or other thing intended for the conveyance and discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and all persons shall take such order with existing spouts, &c, as may be necessary to prevent injury to any public road or thoroughfare

Penalty for infringement, Rs 10, penalty for continued infringement, one rupee daily

24 No person shall deposit, or cause to be deposited, in or by the side of any public drain any substance or thing whereby the said drain is or may be in any way obstructed

Penalty for infringement, Rs 10, penalty for continued infringement, Rs 3 daily

25 Except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct, no person shall construct any building or structure of any kind abutting on any public road or drain, and no person shall place over any public drain any bridge or platform

Penalty for infringement, Rs 50

The Commissioners may direct that the owner or occupier shall remove the said building or obstruction at his own expense In case of default, the defaulter shall be liable to pay a daily fine not exceeding Rs 3

26 No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners, and any such channel may be filled up by the Commissioners, who may recover the expense from the offender, or from the person for whose benefit the channel may have been cut

Penalty for infringement, Rs 50

27 No person shall, without the permission of the Commissioners, steep in any tank or ditch within municipal limits any jute, hemp, or other vegetable matter, or any animal matter

Penalty for infringement, Rs 20, penalty for continued infringement, Rs 2 daily

28 No person shall wash in any tank, or ditch, or well the clothes, or bedding, or furniture used by any person suffering from cholera or from any contagious disease

Penalty for disobedience, a fine of Rs 50

29 No person shall, without the consent of the Municipal Commissioners, fill up or stop any existing cesspool so as to obstruct the drainage of any part of the town

Penalty for infringement, Rs 20, and the Commissioners may order the offender to re-dig the hole at his own expense, and, if he neglects to do so, may impose a daily fine not exceeding Rs 2 or may do the work at his expense

30 No person shall collect, or allow to be collected (except for the purpose of conveying it away), on or near any public road or place, any manure or other offensive substance

Penalty for infringement, Rs 5.

31 No person shall tether or graze cattle, goats, or other animals, or cause them to be tethered, or cause or allow them to stray, on any public highway

Penalty for infringement, Rs 5

32 No person shall allow any diseased or worn-out animal to stray into any highway, or into any place whence such animal can escape into any highway

Penalty for infringement, Rs 5

[*Government Gazette*, 12*th February* 1878]

রাস্তার গাড়ীপ্রভৃতি চালাওনের বিধান।

২১। সূর্য্যাস্তের এক ঘণ্টা পরে প্রত্যেক গাড়ী কি গরুর গাড়ী রাস্তা দিয়া গেলে এক কি দুই আলো জ্বালিয়া যাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

সরকারী রাস্তার ধারে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক ছুড়িবার কি প্রস্তরাদি ফেলিবার বিধান ও নিষেধ।

২২। কোন ব্যক্তি কমিশ্যনরদের আজ্ঞা না পাইলে সরকারী রাস্তায় কি তন্নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক কি তীরাদি ছুড়িবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

বিবিধ উপবিধি।

২৩। কোন ঘরের কি অন্য গাঁথনির ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তায় কি লোকদের গমনাগমনের কোন পথে জল পড়িতে পারে, কেহ এমত নল বসাইবেন না ও অন্যকে বসাইতে দিবেন না। এবং এইক্ষণে যে নলাদি আছে তাহা এমত ভাবে বসাইয়া লইবেন যেন তাহাহইতে নিঃসৃত জলদ্বারা সরকারী রাস্তার বা লোকদের গমনাগমনের পথের হানি না হয়।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা ও ক্রমিক লঙ্ঘনহইতে থাকিলে দিনপ্রতি ১৲ এক টাকা দণ্ড।

২৪। সরকারী নরদমা যাহাতে অবরোধ হয় বা হইতে পারে, কোন ব্যক্তি এমত বিষয় বা দ্রব্য নরদমার মধ্যে বা তৎপার্শ্বে ফেলিবেন বা ফেলাইবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা, ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৩৲ তিন টাকা। গাঁথিয়া দিবেন।

২৫। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কোন ব্যক্তি রাজকীয় নরদমার পার্শ্বে পাকা কি অন্য প্রকারের গাঁথনী নির্ম্মাণ করিবেন না ও রাজকীয় নরদমার উপরে কোন সাঁকো কি রোয়াক কি গাঁথিবেন না। ঐ অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেইরূপে গাঁথিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫০৲ পঞ্চাশ টাকা।

কমিশ্যনরেরা স্বামির বা দখিলকারের নিজ ব্যয়ে উক্ত গাঁথনি কি অবরোধক বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা করিতে পারিবেন। ইহাতে ক্রটি হইলে ক্রটিকারি ব্যক্তির দিনপ্রতি ৩৲ তিন টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

২৬। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে, কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেইরূপে তাহা করিতে পারিবেন, নতুবা করিবেন না কমিশ্যনরেরা তদ্রূপ কোন নালা ভরাট করিয়া দোষী ব্যক্তির স্থানে কিম্বা যে ব্যক্তির উপকারের নিমিত্ত নালা কাটা গেল তাঁহার স্থানে খরচ আদায় করিতে পারিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫০৲ পঞ্চাশ টাকা।

২৭। কমিশ্যনরদের অনুমতি না পাইলে কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত কোন পুষ্করিণীতে কি নরদমায় শণ কি পাট কি উদ্ভিজ্জ অন্য দ্রব্য কি কোন দৈহিক পদার্থ ভিজাইয়া রাখিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা। ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকা।

২৮। কোন ব্যক্তি কোন পুকুরে কি গর্ত্তে কি কূপে ওলাউঠা কি সংক্রামক অন্য রোগগ্রস্ত ব্যক্তির কাপড় কি বিছানা কি তাহার ব্যবহৃত অন্য দ্রব্য কাচিবেন কি ধুইবেন না।

বিধি অমান্য করণের দণ্ড ৫০৲ পঞ্চাশ টাকা।

২৯। নগরের কোন অংশের জল বাহির হইবার বাধা যাহাতে হয়, কমিশ্যনরদের অনুমতিবিনা কোন ব্যক্তি এমত ভাবে বর্ত্তমান কোন ময়লার গর্ত্ত পূরাইবেন না কি বন্দ করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা। কমিশ্যনরেরা দোষী ব্যক্তির নিজ ব্যয়ে সেই গর্ত্ত পুনর্ব্বার খনন করিবার আজ্ঞা করিতে, ও তিনি তাহা করিতে শৈথিল্য করিলে দিনপ্রতি ২৲ টাকার অনধিক অর্থদণ্ড ধার্য্য করিতে, কিম্বা তাহার খরচে আপনারাই তাহা করিয়া দিতে পারিবেন।

৩০। কোন ব্যক্তি (স্থানান্তর করিবার অভিপ্রায় ভিন্ন) সরকারী কোন পথে কি স্থানে কি তন্নিকটে সার কি দুর্গন্ধ অন্য দ্রব্য জমা করিবেন না কি করাইতে দিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

৩১। কোন ব্যক্তি সরকারী পথে গবাদি কি ছাগল কি অন্য জন্তু দিগড়াইয়া দিবেন কি চরিতে দিবেন না কিম্বা দিগড়াইয়া দেওয়াইবেন না কি চরাইতে দিবেন না কিম্বা আলগা ছাড়িয়া কি ছাড়াইয়া দেওয়াইবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ পাঁচ টাকা।

৩২। কোন ব্যক্তি রুগ্ন কিম্বা জীর্ণ কোন জন্তু রাস্তায় ছাড়িয়া দিবেন না কিম্বা যে স্থানহইতে রাস্তায় যাইতে পারে এমত স্থানেও ছাড়িয়া দিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ৫৲ টাকা পাঁচ টাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।

33 No person shall cut grass from the banks or sides of any roads or from any public place within municipal limits

Penalty for infringement, Rs 10

34 No person shall throw or place on any road or street any broken glass, broken bottles, or crockery

Penalty for infringement, a fine not exceeding Rs 10

For Regulating Burial-grounds, &c

35 No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than four feet from the surface ground

Penalty for infringement, Rs 10

36 No person shall bury, or cause to be buried, in any burial ground any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry which shall be less than six feet deep

Penalty for infringement, Rs 10

37 No person shall build or dig, or cause to be built or dug, any grave in a burial ground at a less distance than two feet from any other existing grave

Penalty for infringement, Rs 20

38 No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners or some person authorized on their behalf

Penalty for infringement, Rs 20

39 No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners

Penalty for infringement, Rs 20.

For Regulating the Burning of Dead Bodies

40 Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse or part thereof to any burning ground, shall burn, or cause the same to be burnt, within six hours after its arrival at the said burning ground

Penalty for infringement, Rs 20

41 No person, when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground, shall permit the same or any part thereof to remain without being completely reduced to ashes, or shall permit the clothes or other articles connected with the burning of such corpse to remain at or near such burning ground unless the same be completely reduced to ashes

Penalty for infringement, Rs 20

42 No person shall carry a corpse, or part of a corpse, through any highway unless it be decently covered and totally concealed from public view

Penalty for infringement, Rs 10

43 No person while carrying any corpse, or part of a corpse, shall deposit it on any bazar or crowded thoroughfare for any purpose whatever

Penalty for infringement, Rs 10

44 Every corpse, or part of a corpse, that has been kept or used for the purpose of dissection must be removed in a closed vehicle

Penalty for infringement, Rs 20

General

45 Each penalty laid down in the above bye-laws shall be the maximum penalty

H J REYNOLDS,
Secy to the Govt of Bengal

[*Government Gazette*, 12*th February* 1878]

৩৩। কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত কোন রাস্তার ধারের কিম্বা সরকারী স্থানের ঘাস তুলিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ টাকা।

৩৪। কোন ব্যক্তি কোন রাস্তায় কি পথে কাঁচ কি বোতল ভাঙ্গা কিম্বা হাঁড়িকুঁড়ি ভাঙ্গা ফেলিবেন কি রাখিবেন না।

বিধি লঙ্ঘনের নিমিত্ত দিন প্রতি ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

কবর স্থান প্রভৃতি বিষয়ক বিধান।

৩৫। কোন ব্যক্তি গোরস্তানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে চারি ফুটের কম থাকে এমত কবরে পুঁতিবেন কি পোঁতাইবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৩৬। কোন ব্যক্তি কোন গোরস্তানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোঁতাইলে কবর ছয় ফুটের কম গভীর হইতে দিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৩৭। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবরহইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩৮। কমিশানরেরা কিম্বা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কবরস্থানে যে রেখার চিহ্ন দিয়া থাকেন কোন ব্যক্তি ঠিক সেই রেখার টান না মানিয়া কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৩৯। কবরে একটী শব দেওয়া গেলে কমিশানরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

শব দাহ করণার্থ বিধান।

৪০। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে কোন শব কি শবের কোন অংশ আনিলে বা বহন করিলে কি আনাইলে কি বহন করাইলে, সেই স্থানে আনিবার পর ছয় ঘণ্টার মধ্যে তাহা দাহ করিবে বা করাইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৪১। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে কোন শব কি শবের কোন অংশ দাহ করিলে কি করাইলে, যত ক্ষণ সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা যায় ততক্ষণ তাহা কি তাহার কোন অংশ ত্যাগ করিতে দিবে না, ও সেই শবদাহকরণ সম্পর্কে যে কাপড় কি অন্য দ্রব্যের ব্যবহার হইয়া থাকে, তাহা সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা গেলে ঐ দাহ করিবার স্থানে কি তাহার নিকটে পড়িয়া থাকিতে দিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

৪২। কোন ব্যক্তি কোন শব কি শবের কোন অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টিহইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন পথ দিয়া লইয়া যাইবেন না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৪৩। কোন ব্যক্তি শব কি শবের এক অংশ লইয়া গেলে, কোন কারণে কোন বাজারে কি জনতাযুক্ত সাধারণের গমনাগমনের পথে কি তাহার পার্শ্বে ঐ শব রাখিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ১০৲ দশ টাকা।

৪৪। যে প্রত্যেক শব বা শবের যে অংশ ছেদ করিবার নিমিত্তে রাখা গিয়াছে কি ব্যবহার হইয়াছে তাহা কোন বদ্ধ যানে লইয়া যাইতে হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ বিশ টাকা।

সাধারণ।

৪৫। উপরোক্ত সকল বিধিতে যে প্রত্যেক দণ্ডের কথা লেখা গেল তাহা অত্যুচ্চ দণ্ড বলিয়া জানিতে হইবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

NOTIFICATION.

The 5th Februayr 1878 —It is hereby notified for general information that on the recommendation of the Commissioners of the Municipality of Soory, in the district of Beerbhoom, at a meeting, the Lieutenant-Governor has been pleased, under section 234 of Act V (B C) of 1876, to extend to that Municipality the provisions of Part VII, Chapter II, of the Act

H J REYNOLDS,
Secy to the Govt of Bengal.

DECLARATION

The following declaration is published in supersession of the declaration published at page 1296 of the *Calcutta Gazette* of the 19th September 1877 —

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that the undermentioned plot of land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz to compensate Tara Chand Banerji, Ghatwal, for service land previously taken up for the road from Bankoora to Judpore —

In the village of Rajgram, pergunnah Chhatna, zillah Bankoora, a piece of land measuring, more or less, 1 beegha 11 cottahs and 4 chittacks of standard measurement, bounded on the north by Patharchangra, Mahesh Chaudhuri's land, Sibu Kundu's Hir, and a Búlan, south by the ghatwali land of Tarachand Banerji and Beni-Jogtis' jote land of Mangrasole, east by the road from Bankoora to Judpore, and west by mouzah Krishnanuggur, pergunnah Chhatna, chauki and zillah Bankoora

It is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 beegha 11 cottahs and 4 chittacks of standard measurement, is required within the aforesaid village of Rajgram

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

H. J REYNOLDS,
Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 767A

The 30th January 1878 —Baboo Uma Churun Laha, Officiating Sub Deputy Collector, Nattore, in Rajshahye, is vested with the powers of a Magistrate of the Third Class

The 1st February 1878 —Baboo Upendro Chunder Ghose, B L, Officiating Moonsif of Nemal, in the district of Midnapore, is vested, under Section 29 of the Bengal Civil Courts' Act (VI of 1871), with the powers of a Small Cause Court Judge for the trial of suits cognizable by such courts up to the amount of Rs 50

The 4th February 1878 —Mr A Forbes, who has, under separate orders of this date, been appointed to be an Assistant Magistrate and Collector in the 24-Pergunnahs, is vested with the powers of a Magistrate of the First Class, and under Sections 142, 157, 417, and 521 of the Criminal Procedure Code He is also vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Code

Mr H B Beames, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Cox's Bazar Division of the Chittagong district, is vested with the powers of a Magistrate of the First Class

Mr Beames is also vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

The 5th February 1878 —Mr F W R Cowley, Joint-Magistrate and Deputy Collector, Shahabad, is vested with the powers of a Magistrate of the First Class, and under Sections 142, 157, 417, and 521 of the Criminal Procedure Code Mr Cowley is also vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Code

These orders will have effect from the date on which Mr Cowley joined his appointment at Arrah

[*Government Gazette*, *12th February* 1878]

বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ৫ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বীরভূম জিলার অন্তর্গত শিউড়ী মুনিসিপালিটীর সভাগত কমিশানরদের অনুরোধক্রমে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের বিধান উক্ত আইনের ২৩৪ ধারামতে উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

এচ, জে, রেনলডস্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৭ সালের ২৫ সেপ্টেম্বরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১১০১ পৃষ্ঠায় প্রকাশিত জ্ঞাপনপত্র রহিত করিয়া নিম্নলিখিত বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাঁকুড়া জিলার অন্তর্গত ছাতনা পরগনার রাজগ্রাম গ্রামে, বাঁকুড়া অবধি যদপুর পর্য্যন্ত পথ করিবার নিমিত্তে তারাচাঁদ বন্দ্যোপাধ্যায় ঘাটওয়ালের যে চাকরান ভূমি লওয়া গিয়াছে তাহার ক্ষতি পূরণার্থ ভূমি দিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিম্নলিখিত ভূমিখণ্ড লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত রাজগ্রাম গ্রামে কম্তিমতে ন্যূনাধিক ১।।১। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা পাথারচাকড়া ও মহেশ চৌধুরীর ভূমি, ও শিব কুণ্ডুর ছিড়, ও বুলান, দক্ষিণ সীমা তারাচাঁদ বন্দ্যোপাধ্যায়ের ঘাটওয়ালী ভূমি, ও মঙ্গুসোলের বেণী জগদীশের যোত ভূমি, পূর্ব্ব-সীমা বাঁকুড়া অবধি যদপুর পর্য্যন্ত পথ, ও পশ্চিম সীমা চৌকী ও জিলা বাঁকুড়ার ছাতনা পরগনার কৃষ্ণনগর মৌজা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৭৬৭A নম্বর।

১৮৭৮ সাল ৩০ জানুয়ারি।—রাজশাহীর অন্তর্গত নাটোরের একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ লাহা, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭৮ সাল ১ ফেব্রুয়ারি।—মেদিনীপুর জিলার অন্তর্গত নেমালের একটিং মুনসেফ শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ঘোষ, বি, এল, ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচারকরণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র-মোকদ্দমার আদালতে জজের ক্ষমতা পাইলেন।

১৮৭৮ সাল ৪ ফেব্রুয়ারি।—অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে ২৪-পরগনায় আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত শ্রীযুত এ, ফর্ব্বস সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্য-প্রণালী বিষয়ক আইনের ১৪২ ও ১৫৭ ও ৪১৭ ও ৫২১ ধারামতে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন। তিনি উক্ত আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতাও পাইয়াছেন।

চট্টগ্রাম জিলার অন্তর্গত কক্সবাজার মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এচ, বি, বীমস সাহেব, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতাও পাইলেন।

১৮৭৮ সাল ৫ ফেব্রুয়ারি।—শাহাবাদের জাইণ্টমাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এফ, ডবলিউ, আর, কৌলী সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৪২ ও ১৫৭ ও ৪১৭ ও ৫২১ ধারামতে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন। তিনি উক্ত আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতাও পাইয়াছেন।

শ্রীযুত কৌলী সাহেব, যে তারিখে আবার কর্ম্মগ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত আজ্ঞা সফল হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 4th February* 1878.—Baboo Mutty Lal Haldar, B L Moonsif of Gaibanda, in Rungpore, is allowed leave for one month under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st March 1878.

HORACE A COCKERELL,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 31st January 1878 —It is hereby notified that, under Section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor has been pleased to declare the ferry on the Gungadhor river at Bolarhat, in the district of Rungpore, to be a public ferry

HORACE A COCKERELL,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 29th January 1878 —Under Section 3, Act I (B C) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces) the Lieutenant-Governor has been pleased to grant a license to Munshi Abdour Rouf, authorizing him to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police stations of Mirzagunge, Bowful, Gulisakhali, and Golachipa (Khalisakhali), in the district of Backergunge HORACE A COCKERELL,

Offg Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

ESTABLISHMENTS

The 30th January 1878

No 27 —*Leave of Absence* —Mr W H Nightingale, Executive Engineer (temporary rank), Third Grade, Officiating Executive Engineer, First Calcutta Division, is allowed furlough to Europe for 13 months, under Civil Leave Code, Chapter IV, Section 12

2 Mr Nightingale is also allowed preparatory leave for 15 days, under the above Code, Chapter VI, Section 24

No 28 —*Transfer* —Baboo Haran Chunder Bannerjee, Assistant Engineer, Third Grade, from the Ganges and Darjeeling Road to the Dinagepore Division, which he joined on the 14th January 1878, before noon, in the interests of the public service

The 2nd February 1878

No 29 —*Notification* —Baboo Nilmadhub Dey, Accountant, Third Grade, joined the Dinagepore Division on the 21st January 1878, before noon

J E T NICOLLS, *Major-Genl*, R E,
Secy to the Govt of Bengal in the P W D

IRRIGATION

NOTIFICATIONS —ESTABLISHMENT

The 30th January 1878

No 25 —*Postings* —Mr W H Johnstone, Supervisor, First Grade, having reported his return from the Madras Famine Works on the 28th instant, is posted to the Gunduk Division, South-Western Circle

No 26 —Mr W J Fahie, Executive Engineer, Third Grade, having reported his arrival from the Madras Famine Works, is posted to the South-Western Circle

The 4th February 1878

No. 28 —*Postings* —Mr T H Girling, Supervisor, Second Grade, having reported his arrival from the Madras Famine Works to the Superintending Engineer, Sone Circle, Arrah, on the 1st instant, is posted to the Dehree Workshop Division.

[*Government Gazette*, 12*th February* 1878]

মুনসেফদের ছুটী।—১৮৭৮ সাল ৪ ফেব্রুয়ারি।—রঙ্গপুরের অন্তর্গত গাইবান্ধার মুনসেফ শ্রীযুত বাবু মতিলাল হালদার, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ১৮৭৮ সালের মার্চ মাসের ১ তারিখ অবধি এক মাস ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ৩১ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব, রঙ্গপুর জিলার অন্তর্গত ভোলার-হাটস্থ গঙ্গাধর নদীর খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারামতে রাজকীয় ঘাট বলিয়া প্রকাশ করিলেন, এতদ্দ্বারা এই কথা প্রকাশ করা গেল।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ২৯ জানুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব, মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিস্টরী করণের বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মুনশী আবদুর রৌফকে লাইসেন্স দিয়া বাকরগঞ্জ জিলার অন্তর্গত মির্জ্জাগঞ্জ ও বৌফল ও গুলিসাখালী ও গলাচিপা (খালিসাখালী) পোলীস থানার সীমার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিস্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

হরেস্, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলস্থ বিষয়ক।

১৮৭৮ সাল ৩০ জানুয়ারি।

২৭ নম্বর।—ছুটী।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন এক্সেকিটিব ইঞ্জিনিয়র, কলিকাতার প্রথম খণ্ডের একটিং ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এচ, নাইটিঙ্গেল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ১২ ধারামতে ইউরোপে গমনের নিমিত্ত তের মাস নিয়মিত ছুটী পাইয়াছেন।

২। শ্রীযুত নাইটিঙ্গেল সাহেব উক্ত বিধির ৬ অধ্যায়ের ২৪ ধারামতে প্রস্তুত হওনার্থেও পনের দিন ছুটী পাইয়াছেন।

২৮ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে গাঞ্জেস ও দারজিলিঙ্গ রোড খণ্ডহইতে দিনাজপুর খণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৮ সালের ১৪ জানুয়ারির পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৮ সাল ২ ফেব্রুয়ারি।

২৯ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর আকোণ্টাণ্ট শ্রীযুত বাবু নীলমাধব দে ১৮৭৮ সালের ২১ জানুয়ারির পূর্ব্বাহ্নে দিনাজপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

জে, হ, টি, নিকলস, মেজর-জেনরল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়,

সিবিলস্থবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ৩০ জানুয়ারি।

২৫ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত ডবলিউ, এচ, জনস্টন সাহেব মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে এই মাসের ২৮ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া দক্ষিণ পশ্চিম চক্রের গণ্ডক খণ্ডে অবস্থিত হইলেন।

২৬ নম্বর —তৃতীয় শ্রেণীর একসেকটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, জে কোহাই সাহেব মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া দক্ষিণ পশ্চিম চক্রে অবস্থিত হইলেন।

২৮ নম্বর।—অবস্থিতির কথা। দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত টি, এচ গর্লিং সাহেব মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে প্রত্যাগমন করিয়াছেন, আবার অন্তর্গত সোণ চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের নিকট এই মাসের ১ তারিখে এই কথার রিপোর্ট করিয়া, ভিজিনী কারখানা খণ্ডে অবস্থিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

No 29 —With reference to the orders marginally noted, Mr. R A Oldham, Executive Engineer, Third Grade (temporary rank), has been posted to the Arrah Division, which he joined on the afternoon of the 28th January 1878

No 14, dated 22nd January 1878

No 30 —*Notification* —With reference to the orders marginally noted, Mr A J Oldham, Assistant Engineer, Second Grade, joined the Gunduk Division on the afternoon of the 21st January 1878

No 4, dated 16th January 1878

No 31 —*Leave* —Baboo Sreedhun Chunder Sen, Overseer, First Grade, Buxar Division, is granted one month's privilege leave from the afternoon of the 25th January 1878, under Section 12, Supplement F, of the Civil Leave Code

F T Haig, *Col*, R E,
Joint-Secy to the Govt of Bengal
in the P W Dept, *Irrigation Branch*

২৯ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন একজেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, এ ওলডহাম সাহেব, আরা খণ্ডে অবস্থিত হইয়া ১৮৭৮ সালের ২৮ জানুয়ারির অপরাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৮ সালের ২২ জানুয়ারির ১৪ নং।

৩০ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ জে, ওলডহাম সাহেব, ১৮৭৮ সালের ২১ জানুয়ারির অপরাহ্নে গণ্ডক খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৮ সালের ১৬ জানুয়ারির ৪ ন।

৩১ নম্বর।—ছুটী।—বক্সার খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু শ্রীধন চন্দ্র সেন, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৮ সালের ২৫ জানুয়ারির অপরাহ্ন অবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইলেন।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের জাইন্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 12, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ১২ ফেব্রুয়ারি।

PART IV

Bill of the Legislative Council of India

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT

The following Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 31st January 1878 —

We, the undersigned Members of the Select Committee to which the Bill for the recovery in British India of wages due to, and expenses incurred in respect of, certain seamen and apprentices, was referred, have the honour to report that we have considered the Bill and the papers noted in the margin

From Department of Revenue, Agriculture and Commerce, No 220, dated 15th June 1877, and enclosures
" Ditto ditto, No 242, dated 5th July 1877, and enclosure
From Chief Commissioner, British Burma, No 1953-514, dated 27th October 1877, and enclosures
Telegram from Secretary to Government Bombay dated 15th November 1877
From Government of Bombay, No 1404 dated 2 th November 1877
" Secretary to Chief Commissioner, British Burma No 1953 dated 27th October 1877 and enclosures
" Government of Madras, No 2802, dated 28th November 1877, and enclosure
" Government of Bengal No 3480 d t d 17th December 1877
" Secretary to Chief Commissioner, British Burma, No 2253 482, dated 15th December 1877, and enclosures
" Government of Bengal No 3576, dated 22nd December 1877
Department of Revenue, Agriculture and Commerce, No 1 dated 3rd January, 1878, and enclosures
Ditto ditto, No 8, dated 3rd January 1878, and enclosures

2 We have added sections 3, 4, and 5 to the Bill as introduced

Section 3 has been added to supply an accidental omission in the Indian Merchant Shipping Act, 1875, recently brought to notice by the Board of Trade, and owing to which a question has been raised as to whether, in certain cases, the certificate of a master, mate, or engineer could be cancelled or suspended on proof of a wrongful act or default by him causing the loss or abandonment of, or serious damage to, a ship, or loss of life

Section 4 has been added with a view to supplying a power (the want of which has recently been felt) to direct enquiry into casualties to foreign vessels occurring on the coasts of British India, and section 5 has been added at the suggestion of certain members of the mercantile community in Bombay, to compel persons recovering bales of goods, ships' stores, and other property, which may have fallen overboard or otherwise got adrift in a port, to deliver up such property to the Conservator, and to regulate the right to salvage, about which it is said disputes sometimes occur

3 The publication ordered by the Council has taken place, but we consider republication to be desirable

4 We recommend that the Bill as now amended be passed

The 31st January 1878

WHITLEY STOKES
A J ARBUTHNOT
F R COCKERELL

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের অবধারিত পাণ্ডুলিপি ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ৩১ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পাঠ করা গেল।

কোন২ নাবিকদের ও আপ্রেন্টিসদের প্রাপ্য বেতন ও তাঁহাদের জন্যে খরচ করা টাকা ব্রিটনীয় ভারতবর্ষে আদায় করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটী আমাদের প্রতি অর্পিত হওয়াতে আমরা ঐ পাণ্ডুলিপি ও পার্শ্বলিখিত কাগজপত্র বিবেচনা করিয়া এই রিপোর্ট করিলাম—

রাজস্ব ও কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগের ১৮৭৭ সালের ১৫ জুনের ২২০ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

রাজস্ব ও কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগের ১৮৭৭ সালের ৫ জুলাইর ২৪২ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৭ সালের ২৭ অক্টোবরের ১৯৫০। ৫১৪ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৭ সালের ১৫ নবেম্বরের টেলিগ্রাম।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ২৭ নবেম্বরের ১৪০৪ নং পত্র।

ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনরের সেক্রেটরী সাহেবের ১৮৭৭ সালের ২৭ অক্টোবরের ১১৫৩ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ২৮ নবেম্বরের ২৮২২ নং পত্র ও তৎসহিত অন্য পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ১৭ ডিসেম্বরের ৩৪৮০ নং পত্র।

ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনরের সেক্রেটরী সাহেবের ১৮৭৭ সালের ১৫ ডিসেম্বরের ২২৫৩। ৪৮২ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ২ ডিসেম্বরের ৩৫২৬ নং পত্র।

রাজস্ব ও কৃষি ও বাণিজ্যসম্পর্কীয় কর্ম্মবিভাগের ১৮৭৮ সালের ৩ জানুয়ারির ১ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

রাজস্ব ও কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগের ১৮৭৮ সালের ৩ জানুয়ারির ৮ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

২। পূর্ব্ব পাণ্ডুলিপিতে ৩, ৪ ও ৫ ধারা সংযোগ করিলাম।

৩। ভারতবর্ষীয় সওদাগরী জাহাজবিষয়ক ১৮৭১ সালের আইনে অকস্মাৎ একটি বিধি প্রয়োগ করিবার ত্রুটি হইল বলিয়া, সম্প্রতি বোর্ড ট্রেডের নিকট জ্ঞাত করা যাওয়াতে, ৩ ধারায় সেই বিধি প্রয়োগ করিলাম। তাহা না থাকাতে, স্থলবিশেষে কাপ্তানের কি মাষ্টরের কি ইঞ্জিনিয়রের কোন অন্যায় ক্রিয়া কি দোষ হেতুক জাহাজ নষ্ট বা পরিত্যাগ হওয়ার বা তাহার গুরুতর হানি বা প্রাণহানি হওয়ার প্রমাণ হইলেও, ঐ কাপ্তান প্রভৃতির সর্টিফিকট বাতিল বা সসপেণ্ড করা যাইতে পারে কি না এই প্রশ্ন উত্থিত হইয়াছে।

ব্রিটনীয় ভারতবর্ষের সমুদ্রাঞ্চলদেশে ভিন্নদেশীয় জাহাজের কোন বিপত্তি ঘটিলে, তাহার অনুসন্ধান লওয়ার ক্ষমতার অভাবে সম্প্রতি ক্লেশ হইয়াছে বলিয়া সেই অভাব পূরণার্থে ৪ ধারা প্রয়োগ হইল। বোম্বাইয়ের বণিকসমাজের অন্তর্গত কোন২ ব্যক্তির পরামর্শমতে ৫ ধারা প্রয়োগ হইল, তৎক্রমে বন্দরের কোন জাহাজহইতে মালের বস্তু কি জাহাজের সরঞ্জাম কি অন্য দ্রব্য জলে পড়িয়া গেলে কি অন্যরূপে ভাসিয়া গেলে, যাঁহারা সেই দ্রব্য তোলেন বন্দর রক্ষকের নিকট তাঁহাদের সেই দ্রব্য আনিয়া দিতে হইবে। ও ঐ দ্রব্য রক্ষা করণহেতুক যে পারিতোষিক পাওয়া যাইতে পারে কখন২ তদ্বিষয়ক বিবাদ হইয়া থাকে কথিত হওয়াতে, সেই পারিতোষিক পাইবার দাওয়ার বিধান করা যাইবে।

৩। মন্ত্রিসভার আজ্ঞাক্রমে এই পাণ্ডুলিপি প্রকাশ করা গিয়াছিল, কিন্তু আমাদের বিবেচনায় তাহা পুনরায় প্রকাশ করা বিহিত।

৪। এই প্রকারে সংশোধিত পাণ্ডুলিপি বিধিবদ্ধ হওয়ার পরামর্শ দিলাম।

উইটলি ষ্টোক্স।
এ জে আরবথনট।
এফ আর কাক্রেন।

১৮৭৮ সাল ৩১ জানুয়ারি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

No II

A Bill to provide for the recovery in British India of wages due to, and expenses incurred in respect of, certain seamen and apprentices, and to amend the Indian Merchant Shipping Act, 1875, *and the Indian Ports Act,* 1875

Preamble

WHEREAS by the Merchant Shipping Act, 1854, section 213, and by the Merchant Shipping Act Amendment Act, 1855, section 16, it is enacted that the Board of Trade may, in manner therein mentioned, and in the name of Her Majesty, sue for and recover the wages due to, and expenses incurred in respect of, the distressed seamen and apprentices in the said sections mentioned, And whereas it is expedient to empower such persons as the Governor-General in Council may think fit to sue for and recover in British India in the name of the Secretary of State for India in Council, such wages and expenses when the same are charged upon any ship, or recoverable from any master, owner, or other person, found in British India,

And whereas it is also expedient to amend the Indian Merchant Shipping Act, 1875, and the Indian Ports Act, 1875, in manner hereinafter appearing,

It is hereby enacted as follows,—

Power to appoint persons to sue

1 The Governor-General in Council may, from time to time by notification in the *Gazette of India,* authorize, either generally or specially, such persons as he thinks fit to sue for and recover, in manner in the Merchant Shipping Act, 1854, section 213, provided, any wages or expenses recoverable under the said sections of the said Acts in cases where such wages and expenses are, under the same sections, a charge upon any ship, or recoverable from any master, owner, or other person, within the jurisdiction of any Court in British India

Every person so authorized shall be entitled to sue and recover accordingly in any such Court, and shall be deemed to be a person filling a public office within the meaning of the Indian Evidence Act, 1872, section 57, clause 7

[*Government Gazette,* 12*th February* 1878]

২ নম্বর।

কোন২ নাবিকদের ও আপ্রেন্টিসদের প্রাপ্য বেতন ও তাঁহাদের জন্যে খরচ করা টাকা ব্রিটনীয় ভারতবর্ষে আদায় করিবার বিধান করণার্থ, ও ভারতবর্ষীয় সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৭৫ সালের আইন ও ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১৩ ধারায়, ও সওদাগরী জাহাজবিষয়ক আইন সংশোধনার্থ ১৮৫৫ সালের আইনের ১৬ ধারায় এই বিধান ছিল যে, ঐ২ ধারায় যে দুঃখ গ্রস্ত নাবিকদের ও আপ্রেন্টিসদের কথা আছে, তাঁহাদের প্রাপ্য বেতন ও তাঁহাদের জন্যে যে টাকা খরচ হইয়াছে তাহা পাইবার নিমিত্ত, বোর্ড ত্রেড ঐ২ ধারার উল্লিখিতমতে ও শ্রীশ্রীমতী মহারাণীর নামে মোকদ্দমা উপস্থিত করিয়া তাহা আদায় করিতে পারিবেন। আরো সেই বেতনের ও খরচের দায় ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন জাহাজের উপর বর্ত্তান গেলে কিম্বা কোন কাপ্তানের কি স্বামির কি অন্য ব্যক্তির স্থানে আদায় হইতে পারিলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে ব্যক্তিদিগকে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নাম ধরিয়া ঐ টাকার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিয়া আদায় করিবার উপযুক্ত জ্ঞান করেন, তাঁহাদের প্রতি সেই কর্ম্ম করিবার ক্ষমতা প্রদান করা বিহিত,

এবং ভারতবর্ষীয় সওদাগরী জাহাজবিষয়ক ১৮৭৫ সালের আইন ও ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইন পশ্চাৎ লিখিতমতে সংশোধন করা বিহিত, এই২ কারণে

নিম্নলিখিত বিধান করা গেল,—

মোকদ্দমা উপস্থিত করণার্থ ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

১ ধারা। পূর্ব্বোক্ত দুই আইনের উক্ত দুই ধারামতে যে বেতন বা খরচ আদায় হইতে পারে, তাহার দায় পূর্ব্বোক্ত ধারামতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন আদালতের এলাকার মধ্যে কোন জাহাজের প্রতি বর্ত্তিলে, কিম্বা কোন কাপ্তানের কি স্বামির কি অন্য ব্যক্তির স্থানে আদায় হইতে পারিলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন, সময়ে২ ইণ্ডিয়া গেজেটে ঘোষণাপত্র প্রকাশ করিয়া, সাধারণ কি বিশেষমতে তাঁহাদিগকে, সওদাগরী জাহাজবিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১৩ ধারার বিধানমতে, ঐ বেতন ও খরচের নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিয়া তাহা আদায় করিবার ক্ষমতা দিতে পারিবেন।

তদ্রূপে যে ব্যক্তি ক্ষমতাপ্রাপ্ত হন তিনি তদনুসারে উক্ত কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। ও ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক ১৮৭২ সালের আইনের ৫৭ ধারার ৭ প্রকরণের তাৎপর্য্যানুসারে ঐ ব্যক্তিকে রাজকীয় পদভুক্ত বলিয়া জ্ঞান হইবে ইতি।

2 All suits and proceedings under section one shall be instituted and carried on in the name of the Secretary of State for India in Council.

Suits, &c., to be instituted in name of Secretary of State for India in Council.

3 In sections 6, 7, 9 and 17 of the said Indian Merchant Shipping Act, 1875, the word "misconduct" shall be deemed to include, besides drunkenness, tyranny and other similar misconduct, any wrongful act or default causing the loss or abandonment of, or serious damage to, any ship, or loss of life

Amendment of sections 6, 7, 9 and 17 of Act IV of 1875

4 Notwithstanding anything contained in section one hundred and fourteen of Act No I of 1859 (*for the amendment of the law relating to Merchant Seamen*), or in section twenty-eight of the said Indian Merchant Shipping Act, 1875, the word "ship" in section three and the word "ships" in section five of the latter Act, shall be deemed to include all ships except ships belonging to, or in the service of, Her Majesty or belonging to any foreign Prince or State

Act IV of 1875, sections 3 and 5, amended.

Nothing herein contained shall be deemed to give power to cancel or suspend any certificate granted by the Board of Trade and held by the master, mate, or engineer of any ship belonging to the subject of any foreign Prince or State

5 For chapter V of the Indian Ports Act, 1875, the following shall be substituted (namely) —

Amendment of chapter V of Act XII of 1875

"CHAPTER V —*Of Salvage in Ports*

"43 If any anchors, wreck stores or other property be recovered by any officer employed by the Local Government for that purpose, from the sea [illegible] of any port subject to this Act, the Local Government shall be entitled to receive a reasonable sum for salvage, having regard to the place of recovery

Recovery of property by Government servant and salvage payable therefor

"If any such property is so recovered by any other person not entitled thereto nor authorized by the person so entitled to recover the same, he shall, without unnecessary delay, deliver the same to

Private person recovering property to deliver up same and receive salvage

২ ধারা। ১ ধারামত সকল মোকদ্দমা ও মোকদ্দমাঘটিত কার্য্য ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নাম ধরিয়া উপস্থিত করিয়া চালাইতে হইবে ইতি।

ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরীর নামে মোকদ্দমাপ্রভৃতি উপস্থিত করিবার কথা।

৩ ধারা। ভারতবর্ষীয় সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৭৫ সালের উক্ত আইনের ৬, ৭, ৯ ও ১৭ ধারায় "অহিতাচার" যে শব্দ আছে, তন্মধ্যে যেমন মত্ততা ও নিষ্ঠুরাচার ও তদ্রূপ অন্য অহিতাচার গণ্য, তেমনি যে অন্যায় ক্রিয়া কি দোষহেতুক জাহাজ নষ্ট হয় কি পরিত্যাগ করা যায় কিম্বা কোন জাহাজের গুরুতর হানি বা প্রাণহানি হয়, তাহাও গণ্য ইতি।

১৮৭৫ সালের ৪ আইনের ৬ ৭ ৯ ও ১৭ ধারা সংশোধনের কথা।

৪ ধারা। সওদাগরী জাহাজের নাবিকবিষয়ক আইন সংশোধন করণার্থ ১৮৫৯ সালের ১ আইনের ১১৪ ধারায়, কিম্বা ভারতবর্ষীয় সওদাগরী জাহাজবিষয়ক ১৮৭৫ সালের উক্ত আইনের ২৮ ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, শেষোক্ত আইনের ৩ ও ৫ ধারায় "জাহাজ" যে শব্দ আছে তন্মধ্যে, শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভিন্নদেশীয় রাজার কি রাজ্যাধিকারের কি তদীয় কার্য্যে নিযুক্ত জাহাজ ভিন্ন, সকল জাহাজ গণ্য বলিয়া জ্ঞান করিতে হইবে।

১৮৭৫ সালের ৪ আইনের ৩ ও ৫ ধারা সংশোধনের কথা।

ভিন্নদেশীয় কোন রাজার কি রাজ্যাধিকারের প্রজার কোন জাহাজের কাপ্তান কি মাল্যম কি ইঞ্জিনিয়র বোর্ড ত্রেডের দত্ত কোন সর্টিফিকট প্রাপ্ত হইলে, সেই সর্টিফিকট রাহিত কি সমপেণ্ড করিবার কোন ক্ষমতা যে এই ধারাক্রমে দেওয়া গেল, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

৫ ধারা। ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৫ অধ্যায়ের পরিবর্ত্তে এই অধ্যায় পাঠ করিতে হইবে,—

১৮৭৫ সালের ১২ আইনের ৫ অধ্যায় সংশোধন করণের কথা।

"পঞ্চম অধ্যায়।

"বন্দরে দ্রব্যাদি রক্ষা করিবার পুরস্কারের কথা।

"৪৩ ধারা। যে বন্দরে এই আইনের বিধান প্রচলিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট তাহার উপকূলভাগ কি গাত্র কি তীরহইতে কোন লঙ্গর কি ভগ্ন জাহাজের কোন অংশ কি সরঞ্জাম কি অন্য বিষয় তুলিবার নিমিত্ত যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি উক্ত কোন দ্রব্য তুলিয়া আনিলে, তাহা তুলিবার স্থান বিবেচনায় স্থানীয় গবর্ণমেণ্ট ঐ কার্য্যের উপযুক্ত পুরস্কার পাইবার অধিকারী হন।

গবর্ণমেণ্টের কার্য্যকারক দ্বারা সম্পত্তি রক্ষা হওয়াতে তজ্জন্যে পুরস্কার প্রাপনের কথা।

ঐ দ্রব্যেতে অন্য যে ব্যক্তির অধিকার নাই তিনি, সেই দ্রব্য ফিরিয়া পাইবার অধিকার বিশিষ্ট ব্যক্তির স্থানে অনুমতি না পাইলেও, তাহা উক্ত প্রকারে রক্ষা করিলে, অনাবশ্যক বিলম্ব না করিয়া বন্দর রক্ষ

সাধারণ ব্যক্তি দ্রব্য রক্ষা করণে তাহা অর্পিয়া দিবার ও পুরস্কার পাইবার কথা।

the Conservator, or to such other officer as the Local Government may appoint in this behalf, and shall be entitled to receive a reasonable sum as aforesaid in respect of the same

কের, কিম্বা এতৎকার্য্যাপেক্ষে স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার নিকট আনিয়া দিবেন। ও তজ্জন্যে ঐ ব্যক্তির পূর্ব্বোক্তমতে সঙ্গত টাকা পাইবার অধিকার থাকিবে।

"A register shall be kept of all property so recovered, in such manner and at such place as the Local Government may direct

Register to be kept of property recovered

তদ্রূপে যে দ্রব্য ফিরিয়া পাওয়া যায় তাহার রেজিষ্টরী বহী রাখা যাইবে। স্থানীয় গবর্ণমেণ্ট ঐ বহী যেরূপে লিখিবার ও যে স্থানে রাখিবার আজ্ঞা করেন তাহা সেইরূপে লেখা যাইবে ও সেই স্থানে রাখা যাইবে।

রক্ষিত দ্রব্যের রেজিষ্টর রাখিবার কথা।

"It shall contain a description of such property, and of the times and places where the same has been recovered,

যে প্রকারের দ্রব্য যে সময়ে ও যে স্থানে তুলিয়া আনা যায়, ঐ বহীতে ইহার বিবরণ লেখা থাকিবে।

"and it shall be open to public inspection at reasonable office-hours, except on Sundays and such holidays as the Local Government may direct

এবং রবিবার, ও স্থানীয় গবর্ণমেণ্ট বন্দের জন্য যেং দিন আজ্ঞা করেন সেইং দিনছাড়া, আফিস খোলা থাকিবার উপযুক্ত সকল সময়ে ঐ বহী সাধারণের দেখিবার জন্যে খোলা থাকিবে।

"Nothing in this section shall authorize any person to creep or sweep for any property in contravention of section forty, or entitle any person to salvage in respect of any property recovered by so creeping or sweeping

Provisions of section 40 saved

এই ধারার কোন কথাক্রমে কোন ব্যক্তি ৪০ ধারার বিপরীতাচরণ করিয়া কোন দ্রব্য খুঁজিয়া তুলিবার নিমিত্ত হামাগুড়ি দিতে কি জালাদি টানিতে ক্ষমতা পাইবেন না, ও হামাগুড়ি দিয়া কি জালাদি টানিয়া কোন দ্রব্য তুলিলেও তাঁহার ঐ দ্রব্য রক্ষা করণহেতুক পুরস্কার পাইবার অধিকার থাকিবে না।

৪০ ধারার বিধান প্রবল রাখিবার কথা।

"Any person omitting to deliver any property to the Conservator as required by this section shall be punished with imprisonment which may extend to six months, or with fine which may extend to one thousand rupees, or with both

Penalty for omitting to deliver up property

কোন ব্যক্তি এই ধারার আজ্ঞামতে বন্দর রক্ষক সাহেবের নিকট দ্রব্য আনিয়া না দিলে, তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড বা ঐ উভয় দণ্ড হইবে ইতি।

দ্রব্য আনিয়া না দিবার দণ্ডের কথা।

"44 If the property recovered under the last preceding section, or by a Conservator acting under section fifteen, is unclaimed,

Property recovered may, in certain cases be sold

৪৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে দ্রব্য তোলা যায়, কিম্বা বন্দর রক্ষক ১৫ ধারামতে কর্ম্ম করিয়া যে দ্রব্য পান, তাহার উপর কোন ব্যক্তির দাওয়া না থাকিলে,

কোনং স্থলে সেই ফিরিয়া পাওয়া দ্রব্য বিক্রয় করিবার কথা।

"or if the person claiming the same fails to pay the amount due to the Local Government, or to the finder of such property, in respect thereof,

কিম্বা কোন ব্যক্তি দাওয়া করিলেও, তদ্বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের কিম্বা যিনি ঐ দ্রব্য তুলিয়া আনিলেন তাঁহার যত পুরস্কার প্রাপ্য তত না দিলে,

"such property may be sold by public auction, if of a perishable nature, forthwith, and if not of a perishable nature, at any period not less than six months after the recovery thereof,

সেই দ্রব্য সহজে নষ্ট হইতে পারিলে তৎকালেই নীলাম করা যাইতে পারিবে, সহজে নষ্ট হইবার সম্ভাবনা না হইলে, তাহা তুলিবার পর ছয় মাসের অন্যূন কোন সময়ে নীলাম করা যাইতে পারিবে।

"and on the realization of the proceeds, the amount due to the Local Government, or to the finder of such property, for salvage, or for the expenses incurred under section fifteen, shall be deducted therefrom and credited to the Local Government, or paid to such finder, as the case may be, and the balance shall be paid to the person entitled to the property recovered, or, if no such person

Proceeds how applied

নীলামের টাকা পাওয়া গেলে পর, ঐ দ্রব্য তুলিবার জন্যে, কি ১৫ ধারামতে যে টাকা খরচ হয় তাহার জন্যে, স্থানীয় গবর্ণমেণ্টের কিম্বা যিনি ঐ দ্রব্য তুলিয়া আনিলেন তাঁহার যাহা পাওনা থাকে, তাহা ঐ টাকাহইতে লইয়া স্থানীয় গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লওয়া কিম্বা বিষয়বিশেষে যিনি ঐ দ্রব্য তুলিয়া আনিলেন তাঁহাকে

নীলাম করিয়া যে টাকা পাওয়া যায় তাহা দ্বারা যাহা করিতে হইবে তাহার কথা।

[Gazette of India, 12th February 1878]

appear and claim the same, shall be held in deposit for payment, without interest, to any person thereafter establishing his right to the same

"Provided that he makes his claim within one year from the date of the sale"

D FITZPATRICK,
Secy to the Govt of India

দেওয়া যাইবে। ঐ তোলা দ্রব্যে যাঁহার অধিকার থাকে বাকী টাকা তাঁহাকে দেওয়া যাইবে। কোন ব্যক্তি উপস্থিত হইয়া দাওয়া না করিলে, ঐ টাকা গচ্ছিত করিয়া রাখা যাইবে। তাহার উপর সুদ চলিবে না। পশ্চাৎ কোন ব্যক্তি ঐ দ্রব্যের উপর আপনার স্বত্ব স্থাপন করিলে তাঁহাকে দেওয়া যাইবে।

পরন্তু নীলাম হইবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে তাঁহার দাওয়া উপস্থিত করিতে হইবে ইতি।

ডি. ফিটসপাটরিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী
JOHN ROBINSON, *Bengali Translator*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 12, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ১২ ফেব্রুয়ারি।

PART VI.

Bill of the Bengal Council

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Report of a Select Committee, with the Bill as amended by them, is published for general information —

WE, the undersigned Members of the Council of the Lieutenant-Governor of Bengal to whom the Bill for the Licensing of Trades, Dealings, and Industries within the territories subject to the said Lieutenant-Governor was referred, have the honor to make the following report

From the Secretary Bengal Chamber of Commerce, dated 8th January 1878
From the Honorary Secretary British Indian Association, dated 17th January 1878

We have considered the provisions of this Bill, and the communications regarding it, noted on the margin

We have made the preamble to correspond with the preamble of the License Bill for the North-Western Provinces, now pending before the Council of the Governor-General for making Laws and Regulations

We have, for the sake of clearness, divided the Bill into Parts, whereof Part I contains the preliminary provisions and interpretation clause, Part II contains the general provisions applicable to all districts, including Calcutta, Part III sets forth the provisions and procedure applicable in the districts of the interior, Part IV provides a special procedure for Calcutta, and Part V contains certain miscellaneous matters of general application

We have provided that where a person carries on business in more than one district, he shall take out a license in each district with reference to his earnings in such district, and we have made it clear that Calcutta is, for the purposes of the Act, to be deemed to be a separate district

We have made the minimum taxable income Rs 100 per annum

In Part III we have re-arranged sections 10 to 20 of the original Bill so as to make it more clear what powers the Collector may exercise in framing and amending the list of licensees, and what his powers are to be in dealing with petitions of objection

We have provided for the recovery of fees from persons chargeable under the Act, who are employed in manufactories or under corporations, through and by means of their employers

We have provided for an appeal from any order passed on a petition of objection by any officer subordinate to the Collector of the district

We have removed the penalty clauses of sections 13 and 14 of the original Bill, because by section 37 of the Bill as now amended a legal obligation is imposed upon all persons to furnish information to a Collector when required in matters connected with this Act, and the needful penalties for non-compliance and for false statements are provided by Chapter X of the Indian Penal Code

We have made the provisions of sections 113–115 and 119 of Bengal Act V of 1876 applicable to warrants of distress and sale under this Act, and have specifically exempted tools and implements of trade and agriculture from attachment and sale

We have provided that no sums due under the Act shall be recoverable by any process of law after the expiry of three months from the last day of the year in respect of which they are payable

We have made it clear that the exemption from house cess (under the Road Cess and Public Works Cess Acts), to be enjoyed by licensees under this Act, is not to have retrospective effect as regards instalments of house cess due on or before the 1st April 1878

In Part IV we have provided that any person working or carrying on business in Calcutta shall be deemed to be a resident of the town for the purposes of the Act, and we have defined the limits of the town so as to include therein for such purposes the river and the fort

[*Government Gazette*, 12*th February* 1878]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের সংশোধিত আইনের পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশের মধ্যে ব্যবসায়ের ও কারবারের ও শিল্প কর্ম্মের লাইসেন্স দেওন বিষয়ক আইনের পাণ্ডুলিপি উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মন্ত্রিসভাগত আমাদের প্রতি অর্পিত হওয়াতে আমরা এই রিপোর্ট করিলাম।

আমরা এই পাণ্ডুলিপির বিধান ও তদ্বিষয়ক পার্শ্বলিখিত পত্র বিবেচনা করিলাম।

বাঙ্গাল চেম্বর অফ কামর্সের সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ৮ জানুয়ারির পত্র।
ভারতবর্ষীয় সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৭৮ সালের ১৭ জানুয়ারির পত্র।

আইন ও ব্যবস্থাপ্রণয়নার্থ শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার সম্মুখে উত্তর পশ্চিম দেশের নিমিত্ত লাইসেন্স বিষয়ক যে আইনের পাণ্ডুলিপি উপস্থিত আছে, এই পাণ্ডুলিপির হেতুবাদ তদনুযায়ি করিলাম।

স্পষ্ট করণাভিপ্রায়ে এই পাণ্ডুলিপি নানা খণ্ডে বিভাগ করিলাম। ১ প্রথম খণ্ডে পারিভাষিক বিধান ও শব্দের অর্থনির্ণায়ক ধারা আছে। কলিকাতাসুদ্ধ সকল জিলার প্রতি যে সাধারণ বিধান খাটে তাহা ২ দ্বিতীয় খণ্ডে পাওয়া যাইবে। অভ্যন্তর দেশের নানা জিলায় যে২ বিধান ও কার্য্যপ্রণালী বর্ত্তে তাহা ৩ তৃতীয় খণ্ডে ব্যক্ত হইল। ৪ চতুর্থ খণ্ডে কলিকাতার নিমিত্ত বিশেষ কার্য্যপ্রণালীর বিধান আছে। ও বিবিধ যে২ বিষয় সাধারণমতে বর্ত্তান যায় তাহা ৫ পঞ্চম খণ্ডে পাওয়া যাইবে।

কোন ব্যক্তি একের অধিক জিলায় কর্ম্ম চালাইলে, যে জিলায় যত লভ্য পান তৎসম্পর্কে তাঁহার সেই জিলায় লাইসেন্স লইবার বিধান করিলাম। ও এই আইনের কার্য্যপক্ষে কলিকাতা স্বতন্ত্র জিলা বলিয়া জ্ঞান করিতে হইবে, ইহা স্পষ্ট করিলাম।

বৎসর যাঁহার ১০০৲ টাকার ন্যূন আয় হয় তাঁহাকে টাক্স হইতে মুক্তি দিলাম।

লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদের নির্ঘণ্টপত্র প্রস্তুত ও সংশোধন করণে কালেক্টর সাহেব যে২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, ও আপত্তির দরখাস্ত লইয়া তাঁহার যে২ ক্ষমতানুসারে কার্য্য করিতে হইবে, ইহা আরো স্পষ্ট করণাভিপ্রায়ে ৩ তৃতীয় খণ্ডে, পূর্ব্বে পাণ্ডুলিপির ১০ অবধি ২০ পর্য্যন্ত ধারা রচনার নূতন প্রণালী করিলাম।

যাঁহারা কারখানায় কিম্বা সমাজবদ্ধ ব্যক্তিদের অধীনে নিযুক্ত হইয়া কর্ম্ম করেন, আইনমতে টাক্সের যোগ্য হইলে তাঁহাদের মুনীবদের দ্বারা কর আদায় করিবার বিধান করিলাম।

জিলার কালেক্টর সাহেবের অধীন কোন কর্ম্মকারক আপত্তিসূচক দরখাস্ত পাইয়া যে আজ্ঞা করেন তাহার উপর আপীলের বিধান করিলাম।

এই নূতন পাণ্ডুলিপির ৩৭ ধারামতে কোন ব্যক্তির প্রতি এই আইনসম্পর্কীয় কোন বিষয়ের সন্ধান জানাইবার আদেশ থাকিলে, তিনি আইনমতে কালেক্টর সাহেবের নিকট সেই সন্ধান জানাইতে আবদ্ধ আছেন, ও না জানাইলে কিম্বা মিথ্যা বর্ণনা করণে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০ দশম অধ্যায়ে তাঁহার উপযুক্ত দণ্ডের বিধান আছে, এই হেতুক পূর্ব্ব পাণ্ডুলিপির দণ্ডসূচক ১৩ ও ১৪ ধারা উঠাইয়া দেওয়া গেল।

এই আইনমতে ক্রোক ও নীলামের যে পরওয়ানা বাহির হয়, তাহার প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১১৩, ১১৪, ১১৫ ও ১১৯ ধারার বিধান বর্ত্তাইলাম। ও ব্যবসায় ও কৃষি কার্য্যের যন্ত্র, হাতিয়ার প্রভৃতি ক্রোক ও নীলাম হইতে বিশেষমতে মুক্ত করিলাম।

এই আইনমতে টাকা দেনা পড়িলে, যে বৎসর উপলক্ষে প্রাপ্য হয় তাহার শেষ দিনাবধি তিন মাস গত হইলে পর আইনের কোন কার্য্যক্রমে তাহা আদায় করিতে না পারিবার বিধান করিলাম।

এই আইনমতে যাঁহারা লাইসেন্স প্রাপ্ত হন, (পথকর বিষয়ক ও সাধারণের উপকারার্থ কার্য্যের নিমিত্ত কর বিষয়ক আইনক্রমে) ঘরের উপর করহইতে তাঁহাদের মুক্ত হইবার যে বিধান আছে, ১৮৭৮ সালের আপ্রিল মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে তাঁহাদের ঘরের উপর করের কোন কিস্ত বাকী থাকিলে তাহার প্রতি ঐ বিধান খাটিবে না, ইহা স্পষ্ট করিলাম।

কোন ব্যক্তি কলিকাতায় কর্ম্ম করিলে কি কার্য্য চালাইলে তাঁহাকে এই আইনের কার্য্যপক্ষে ঐ নগর নিবাসি বলিয়া জ্ঞান করিতে হইবে, ৪ চতুর্থ খণ্ডে এই বিধান করিয়া, কলিকাতা নগরের যে সীমা ধার্য্য করিলাম উক্ত কার্য্যপক্ষে নদী ও কিল্লা সেই সীমার অন্তর্গত হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

We have provided a special procedure suited to the circumstances of the town and its municipal organization both for the preparation of the lists of licensees and the disposal of petitions of objection

We propose that in Calcutta the fees shall be recovered in the same manner as municipal rates under Bengal Act IV of 1876 and not otherwise

In Part V, in the section regarding the disposal of fees and penalties, we have followed, as far as possible, the corresponding section in the Bill for the North-Western Provinces

The Schedules we have very considerably modified In Schedule A we have in class I provided for a higher grade of license fee of Rs 500, to supplement the rate of Rs 200 originally proposed as the maximum We have raised the rates of fee under classes III, IV, and V to Rs 50, 20, and 5 respectively We have struck out class VII and redrafted the definitions of classes V and VI, providing under the last named class for two grades of fee, Rs 2 and Re 1

In Schedule B we have provided for graduated fees under class I and class VI, to correspond with those under classes I and VI of Schedule A We have added to classes I, II, III, IV, and V the names of certain trades that are not specially mentioned in the municipal schedule, but which appeared to us able to pay higher rates than those of class VI

We have struck out the note to Schedule B as being matter more appropriate for the rules to be framed under the Act

We have made various other verbal and formal emendations in the Bill and Schedules

We recommend that the Bill as amended be passed

A MACKENZIE
H J REYNOLDS
KRISTODAS PAL
FREDERICK JENNINGS
RAMSHUNKER SEN

The 4th February 1878

I SIGN this report with reservations

KRISTODAS PAL

নগরের ও তৎসম্পর্কীয় মুনিসিপল নিয়মের ভাগগতিক বিবেচনায় লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিদের নাম নির্ঘণ্ট প্রস্তুত করণ ও আপত্তির দরখাস্ত নিষ্পত্তি করণোপযুক্ত বিশেষ কার্য্যপ্রণালীর বিধান করিলাম।

১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনমতে মুনিসিপল টাক্স যেরূপে আদায় হইয়া থাকে, কলিকাতায় সেইরূপে ঐ লাইসেন্স ফী আদায় হয় প্রকারান্তরে নয়, এই প্রস্তাব করিলাম।

ফী ও দণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে এতদ্বিষয়ে, ৫ পঞ্চম খণ্ডের একটি ধারায় আমরা সাধ্যমতে উত্তর পশ্চিম দেশের নিমিত্ত পাণ্ডুলিপির সেই মর্ম্মের ধারার ন্যায় বিধান করিলাম।

তফসীলের অনেকাংশ পরিবর্ত্তন করিলাম। পূর্ব্ব পাণ্ডুলিপিমতে A তফসীলের ১ প্রথম শ্রেণীর ২০০৲ টাকার অধিক টাক্স লওয়া যাইতে পারিত না, এই পাণ্ডুলিপিতে উচ্চতম সম্প্রদায়ের লাইসেন্স ফী ৫০০৲ টাকা ধার্য্য করিলাম। তৃতীয় ও চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ফীর হার ক্রমান্বয়ে ৫০, ২০ ও ৫ টাকা পর্য্যন্ত বৃদ্ধি করিলাম। সপ্তম শ্রেণী উঠাইয়া দিলাম। ও পঞ্চম ও ষষ্ঠ শ্রেণী ব্যাখ্যা করণের নূতন কথা লিখিয়া, ঐ ষষ্ঠ শ্রেণীর দুই সম্প্রদায় করিয়া তাহার ২৲ ও ১ টাকা ফীর বিধান করিলাম।

A তফসীলের প্রথম ও ষষ্ঠ শ্রেণী অনুসারে B তফসীলের প্রথম ও ষষ্ঠ শ্রেণীর দুই সম্প্রদায়ের ফীর বিধান করিলাম। মুনিসিপল তফসীলের মধ্যে কোন২ ব্যবসায় বিশেষমতে লিখিত না থাকিলেও আমাদের বিবেচনায় ঐ ব্যবসায়িরা ষষ্ঠ শ্রেণীর ব্যবসায়িদের অপেক্ষা অধিক দিতে সক্ষম আছেন বলিয়া, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ও পঞ্চম শ্রেণীর মধ্যে সেই২ ব্যবসায় ধরিলাম।

B তফসীলের যে নোট ছিল, তাহা এই আইনঅনুযায়ি বিধির অন্তর্গত করা উচিত বিবেচনায়, উঠাইয়া দিলাম।

পাণ্ডুলিপিতে ও তফসীলে আর২ শব্দ ও রচনার প্রণালী সংশোধন করিলাম।

এইরূপে সংশোধিত পাণ্ডুলিপি বিধিবদ্ধ হওয়ার পরামর্শ দিলাম।

এ মাকেঞ্জি।
এচ জে রেনলড্‌স।
কৃষ্ণদাস পাল।
ফ্রেড্রিক জেনিংস।
রামশঙ্কর সেন।

১৮৭৮ সাল ৪ ফেব্রুয়ারি।

এই রিপোর্টে স্বাক্ষর করিলাম কিন্তু কোন২ বিষয়ে অসম্মতি আছে।

কৃষ্ণদাস পাল।

AMENDED BILL

A Bill for the Licensing of Trades, Dealings, and Industries within the territories subject to the Lieutenant-Governor of Bengal

Preamble

WHEREAS, in order to provide means for defraying the public expenditure from time to time incurred and to be incurred for the relief and prevention of famine in British India, it is necessary to effect a permanent increase of the revenue, and it is therefore expedient that persons carrying on trades, dealings, and industries in the territories administered by the Lieutenant-Governor of Bengal should take out licenses and pay for the same, It is hereby enacted as follows —

PART I

Preliminary

Short title and commencement

1 This Act may be called "The Bengal License Act, 1878," and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Interpretation clause

2 In this Act, unless there be something repugnant in the subject or context —

"Collector"

"Collector" means the Chief Officer in charge of the revenue administration of a district

"The Commissioners"

"The Commissioners," except in Part IV, mean the Commissioners defined in Bengal Act V of 1876, and in Part IV, the Commissioners defined in Bengal Act IV of 1876

Local Government

"Local Government" means the Lieutenant-Governor of Bengal for the time being or the person acting in that capacity

"Section"

"Section" means a section of this Act

Saving of Bengal Act IV, 1876

3 Nothing in this Act shall be deemed to affect the tax on professions, trades, and callings imposed for municipal purposes by Bengal Act IV of 1876

Act not to apply to cultivators of land

4 Nothing in this Act shall be deemed to apply to persons earning their livelihood solely by agriculture, or to any cultivator of land as such in respect of the sale of the produce of his land, when he shall not keep a shop or stall for the sale of such produce

[*Government Gazette, 12th February* 1878]

সংশোধিত পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত দেশে ব্যবসায়ের ও কারবারের ও শিল্প কর্ম্মের লাইসেন্স দেওন বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে দুর্ভিক্ষ প্রপীড়িত লোকদের উপকারার্থে ও দুর্ভিক্ষ নিবারণার্থে সময়ে২ রাজকীয় অনেক অর্থ ব্যয় হইয়াছে, হইবারও সম্ভাবনা, এই হেতুক ঐ ব্যয় পোষণের সঙ্গিধান করণাভিপ্রায়ে, চিরকালের নিমিত্তে রাজস্ব বৃদ্ধির উপায় করা আবশ্যক। এই প্রযুক্ত যাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসিত দেশের মধ্যে ব্যবসায় ও কারবার ও শিল্প কর্ম্ম করেন তাঁহাদের লাইসেন্স লইয়া ফী দেওয়া বিহিত। এই কারণে এই২ বিধান করা যাইতেছে।

১ প্রথম খণ্ড।

পারিভাষক।

সংক্ষেপ নামের ও আইন প্রচলিত হওয়ার সময়ের কথা।

১ ধারা। এই আইন "১৮৭৮ সালের লাইসেন্স আইন" নামে খ্যাত হইতে পারিবে, ও শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

অর্থ করণের ধারা।

২ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর বোধ না হইলে,

'কালেক্টর।

জিলার রাজস্বসংক্রান্ত কার্য্যনির্ব্বাহের ভার প্রধান যে কর্ত্তৃপক্ষের প্রতি অর্পিত থাকে, "কালেক্টর" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"কমিশ্যনর।"

চতুর্থ খণ্ড ভিন্ন অন্য সকল স্থলে "কমিশনর" শব্দে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের নির্ণীত কমিশ্যনরদিগকে জানিতে হইবে। ৪ চতুর্থ খণ্ডে, ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের নির্ণীত কমিশনরদিগকে জানিতে হইবে।

স্থানীয় গবর্ণমেণ্ট।

যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবরনর হন কি তাঁহার ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করেন, "স্থানীয় গবর্ণমেন্ট" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

'ধারা।

"ধারা" শব্দে এই আইনের ধারা জানিতে হইবে ইতি।

১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইন প্রবল রাখিবার কথা।

৩ ধারা। ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনমতে মুনিসিপল কার্য্যের নিমিত্ত বৃত্তির ও ব্যবসায়ের ও কর্ম্মের উপর যে টাক্স ধার্য্য হইয়াছিল, এই আইনের কোন কথাদ্বারা তাহার ব্যতিক্রম হইল বলিয়া জ্ঞান করিতে হইবে না ইতি।

চাষিদের প্রতি এই আইন না খাটিবার কথা।

৪ ধারা। কৃষিকর্ম্ম যাঁহাদের একমাত্র জীবনোপায় তাঁহাদের প্রতি, ও ভূমির কৃষিকারী যদি ভূমির উৎপন্ন দ্রব্য বিক্রয় করিবার নিমিত্ত দোকান কি স্থান না রাখে, তবে সেই দ্রব্যবিক্রয়করণ সম্পর্কে তাহারও প্রতি, এই আইনের কোন কথা খাটিবে না ইতি।

PART II

General Provisions applicable in all Districts

Annual licenses to be taken out

5 Every person who, on or after the first day of April 1878, falls under any of the heads of the Schedules hereto annexed, and carries on (whether on behalf of himself or any other person) his trade, dealing, or industry in any district situated in the said territories, shall take out a license under this Act in such district and shall pay for the same the annual fee specified in the same Schedules as payable by persons of the class to which he belongs Provided that no person whose annual earnings from his trade, dealing or industry carried on within such district are less than one hundred rupees shall be required to take out a license under this Act

For the purposes of this Act the Town of Calcutta shall be deemed to be a separate district

Officer to grant license

6 Such license shall be granted by the Collector of such district or by such officer as he may appoint in this behalf, and in Calcutta by the Chairman of the Municipal Commissioners

Particulars to be specified in the license

7 Every such license shall specify—

(*a*) the date of the grant thereof,

(*b*) the name, father's name, residence, caste, if any, and the trade, dealing, or industry of the licensee,

(*c*) the fee paid for the license,

(*d*) the place or places within such district at which the licensee intends to carry on his trade, dealing, or industry for the ensuing year,

(*e*) the term for which such license shall remain in force,

and shall be received in evidence as *prima facie* proof of all matters contained therein

Commencement and expiration of license

8 Every such license shall have effect in such district only, and shall continue in force from the day of the date thereof until the first day of April next after the day of the granting thereof

Renewal of license

9 Every person to whom any such license has been granted, and who desires to continue to carry on his trade, dealing, or industry in such district after the expiration thereof, shall take out a fresh

২ দ্বিতীয় খণ্ড।

সকল জিলার নিমিত্ত সাধারণ বিধান।

বৎসর২ লাইসেন্স লইতে হইবার কথা।

৫ ধারা। কোন ব্যক্তি ১৮৭৮ সালের আপ্রিল মাসের ১ তারিখে কি তৎপরে এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যে আইলে, ও উক্ত দেশের অন্তর্গত কোন জিলায় আপনার নিমিত্ত কি অন্য ব্যক্তির পক্ষ হইয়া ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইলে সেই জিলায় তাঁহার এই আইনমতে লাইসেন্স লইতে হইবে, ও তিনি যে শ্রেণীর লোক হন ঐ তফসীলমতে সেই শ্রেণীর যত ফী ধার্য্য আছে তাঁহার বৎসর২ তত্তই দিতে হইবে। কিন্তু কোন ব্যক্তি তদ্রূপ জিলায় যে ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালান তদ্দ্বারা তাঁহার বার্ষিক লভ্য এক শত টাকার কম হইলে, এই আইনমতে লাইসেন্স লইতে হইবে না।

এই আইনের কার্য্যপক্ষে কলিকাতা নগর স্বতন্ত্র জিলা বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

যে কার্য্যকারকের স্থানে লাইসেন্স পাওয়া যাইবে তাহার কথা।

৬ ধারা। সেই জিলার কালেক্টর সাহেব, কিম্বা তিনি এই কার্য্যপক্ষে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি, এই আইনমত লাইসেন্স দিবেন। কলিকাতায় মুনিসিপল কমিশনরদের সভাপতি সাহেব লাইসেন্স দিবেন ইতি।

লাইসেন্সের মধ্যে বিশেষ যেং কথা লিখিত হইবে তাহার কথা।

৭ ধারা। উক্ত প্রত্যেক লাইসেন্সের মধ্যে এইং কথা বিশেষ করিয়া লেখা যাইবে,

(ক) লাইসেন্স যে তারিখে দেওয়া যায়।

(খ) লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার নাম ও নিবাস ও জাতি ও তাঁহার ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম।

(গ) লাইসেন্সের নিমিত্ত যত ফী দেওয়া গেল।

(ঘ) আগামি বৎসরে ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ঐ জিলার অন্তর্গত যে বা যেং স্থানে স্বীয় ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইতে চাহেন।

(ঙ) ঐ লাইসেন্স যত দিনের নিমিত্ত প্রবল থাকিবে।

ও সেই লাইসেন্সখানি আপাততঃ ঐ লাইসেন্সের লিখিত সকল কথার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

লাইসেন্স যে অবধি চলিবে ও যে সময়ে রহিত হইবে তাহার কথা।

৮ ধারা। উক্ত প্রত্যেক লাইসেন্স কেবল উক্ত জিলায় প্রচলিত হইবে, যে তারিখে দেওয়া যায় সেই তারিখঅবধি তাহার পশ্চাৎ আপ্রিল মাসের প্রথম দিবস পর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

লাইসেন্স নূতন করিয়া লইবার কথা।

৯ ধারা। যে ব্যক্তিকে তদ্রূপ কোন লাইসেন্স দেওয়া যায়, তিনি ঐ লাইসেন্সের মিয়াদ ফুরাইলে পরও ঐ জিলার মধ্যে স্বীয় ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে চাহিলে,

license for that purpose for the following year, to expire on the day appointed in the last preceding section, and shall renew the same so long as he desires to carry on such trade, dealing, or industry

PART III

Applicable to all districts except Calcutta

Collector to prepare annual list of licensees

10 As soon as may be after the commencement of this Act and the first day of January in every subsequent year, the Collector shall prepare a list of the persons in the district aforesaid to be licensed under this Act Such list shall state—

(*a*) the trade, dealing, or industry of each of the persons therein named,

(*b*) the class and grade under which he is charged, and

(*c*) the fee to be paid for his license

Such list shall be in such language as the Lieutenant-Governor of Bengal may direct, but a copy thereof in the language of the district shall be filed in the Office of the Collector and shall be open to public inspection at all reasonable times without any payment

Collector may require list of persons in any house

11 The Collector may by a notice in writing require the occupier of any house, manufactory or shop to forward to him a statement in writing signed by the occupier of the names of all persons residing in such house or working in such manufactory or shop, and of their respective trades, dealings, industries, or occupations

Collector to determine class under which licensee is to be charged

12 The Collector shall from time to time determine under which of the classes or grades mentioned in Schedule A hereto annexed every person required to take out a license under this Act shall be charged, and shall prepare or amend the said list accordingly

Persons carrying on several trades

13 A person carrying on several trades, dealings, or industries, in the same district and coming under more than one of the designations in the said Schedule, shall be chargeable only under one of the said designations at the discretion of the Collector But each member of a firm shall be chargeable with reference to his individual share of the earnings of such firm

[*Government Gazette*, 12*th February* 1878]

আগামি বৎসরের নিমিত্ত নূতন লাইসেন্স লইবেন. সেই লাইসেন্সের মিয়াদও ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট দিনে ফুরাইবে। এই প্রকারে যত দিন ঐ ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে চাহেন তত দিন ঐ লাইসেন্স বৎসর২ নূতন করিয়া লইবেন ইতি।

৩ তৃতীয় খণ্ড।

কলিকাতাভিন্ন সকল জিলার নিমিত্ত বিধান।

লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদের নির্ঘণ্টপত্র কালেক্টর সাহেবের বৎসর২ প্রস্তুত করিতে হইবার কথা।

১০ ধারা। পূর্ব্বোক্ত জিলায় যে ব্যক্তিদের লাইসেন্স লইতে হইবে, কালেক্টর সাহেব এই আইন প্রচলিত হইবার পর ও পশ্চাৎ প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম দিনের পর যত শীঘ্র হইতে পারে, ঐ সকল ব্যক্তির নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। ঐ নির্ঘণ্টপত্রে এই২ কথা লেখা যাইবে,

(ক) ঐ পত্রলিখিত প্রত্যেক ব্যক্তির ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম।

(খ) তাঁহাকে যে শ্রেণীর ও সম্প্রদায়ের মধ্যে ধরা গেল। ও

(গ) তাঁহার লাইসেন্সের নিমিত্ত যত ফী দিতে হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যে ভাষায় ঐ নির্ঘণ্টপত্র লিখিতে বলেন সেই ভাষায় লেখা যাইবে. কিন্তু তাহার নকল জিলার চলিত ভাষায় কালেক্টর সাহেবের কাছারীতে রাখা যাইবে, ও সাধারণ লোকেরা সঙ্গত যে সময়ে দেখিতে চাহেন বিনা খরচে দেখিতে পাইবেন ইতি।

কোন ঘরের মধ্যে যাঁহারা থাকেন তাঁহাদের নামের নির্ঘণ্ট কালেক্টর সাহেবের চাহিয়া লইতে পারিবার কথা।

১১ ধারা। কালেক্টর সাহেব কোন ঘরের কি কারখানার কি দোকানের দখীলকারের নামে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিতে পারিবেন যে, ঐ ঘরের মধ্যে যাঁহারা বাস করেন কি ঐ কারখানায় কি দোকানে যাঁহারা কর্ম্ম করেন ঐ দখীলকার তাঁহাদের নাম ও প্রত্যেক জন যে ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম বা যে কর্ম্ম করেন তাহার এক বর্ণনাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া তাঁহার নিকটে পাঠান ইতি।

লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিকে যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবে কালেক্টর সাহেবের ইহা নির্ণয় করিবার কথা।

১২ ধারা। এই আইনমতে. যে প্রত্যেক ব্যক্তির লাইসেন্স লইবার বিধান আছে তাঁহাকে এই আইনের A তফসীলের লিখিত যে শ্রেণীর কি সম্প্রদায়ের মধ্যে ধরিতে হইবে, কালেক্টর সাহেব ইহা সময়ে২ স্থির করিয়া তদনুসারে উক্ত নির্ঘণ্টপত্র প্রস্তুত কি সংশোধন করিবেন ইতি।

কোন ব্যক্তির নানা ব্যবসায় থাকিলে তদ্বিষয়ের কথা।

১৩ ধারা। কোন ব্যক্তি একি জিলার মধ্যে নানা প্রকারের ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, ও তাহা ঐ তফসীলের লিখিত দুই কি তদধিক নামের মধ্যে আইলে, কালেক্টর সাহেবের বিবেচনামতে তন্মধ্যে কোন এক নামঅনুসারে তাঁহার টাক্স ধার্য্য হইবে। কিন্তু কুঠীর অন্তর্গত প্রত্যেক ব্যক্তি ঐ কুঠীর লভ্যের যে অংশ পান তদুপলক্ষে তাঁহার টাক্স লাগিবে ইতি।

14 The Collector may, subject to such rules as the local Government may lay down, remit the whole or any part of the fee payable under this Act by any person who may carry on his trade, dealing, or industry for a portion of the year only

Power to remit fee

15 The list, or such part or parts thereof as the Collector thinks fit, shall be published in the principal bazars, and at all police-stations of all towns, and at all sub-divisional offices, police stations, and outposts in the district, and at some conspicuous place in all villages concerned, together with a notification setting forth the Schedule of this Act applicable to the district, and directing that if any person falling under any of the classes specified in the said schedule, whether he is mentioned in such list or not, continues his trade or dealing in the said district, payment of the fee specified in the list as payable by him, or, when he is not mentioned in such list, of the fee mentioned in the said schedule as payable by persons of the class and grade to which he belongs must be made by him within sixty days of the date of the publication of the notification, and within sixty days next after the first day of April of each succeeding year

Publication of list and notification

16 When a statement in writing has been furnished to the Collector under section 11, from which it appears that any person in the employ of any other person, company, or corporation is chargeable with fees under this Act, the Collector may require the employer of such person to deduct the amount of his fee from any salary or wages due to such person, and to pay it to the Collector on his behalf

Levy of fees on artizans and others in large works

17 Any person mentioned in the list referred to in section 10 and objecting to the class or grade in which he is charged, may within thirty days after its publication, or within such further time as the Collector may in each case think fit, apply by petition to the Collector in order to establish his right to have his name transferred to another class or grade, or altogether removed from the list

Petition of objector

18 The Collector shall fix a day for the hearing of the petition, and on the day so fixed, or on such subsequent day as he may from time to time direct, shall hear the same and pass such order thereon as he thinks fit

Hearing of petition

১৪ ধারা। কোন ব্যক্তি বৎসরের কএক মাসমাত্র ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া থাকিলে, এই আইনমতে তাঁহার যত ফী দেওয়া উচিত, কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারিত বিধিমতে ঐ ফীর একাংশ কি সমুদয় ক্ষমা করিতে পারিবেন ইতি।

ফী ক্ষমা করিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। উক্ত নির্ঘণ্টপত্র, কিম্বা কালেক্টর সাহেব তাহার যে বা যে২ অংশ প্রকাশ করা উচিত বোধ করেন তাহা, সকল নগরের অর্গন্তত প্রধান২ বাজারে ও সকল পোলীস থানায় ও জিলার সকল মহকুমার কাছারীতে ও পোলীস থানায় ও ফাঁড়িতে ও ঐ পত্র সম্পর্কীয় সকল গ্রামের কোন প্রকাশ স্থানে প্রচার করা যাইবে ও সেই জিলায় এই আইনের যে তফসীল খাটে তাহার জ্ঞাপনপত্রও ঐ নির্ঘণ্টপত্রের সহিত প্রকাশ করা যাইবে, ও তাহাতে এই আদেশ থাকিবে যে, কোন ব্যক্তি উক্ত তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যে আইলে, নির্ঘণ্টপত্রে তাঁহার নাম লেখা থাকিলে বা না থাকিলেও, উক্ত জিলায় আপনার ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, ঐ নির্ঘণ্টপত্রে তাঁহার যত ফী নির্দ্দিষ্ট থাকে, কিম্বা ঐ নির্ঘণ্টপত্রে তাঁহার নাম লেখা না থাকিলে তিনি যে শ্রেণীতে ও সম্প্রদায়ে ভুক্ত হন উক্ত তফসীলমতে সেই শ্রেণীর বা সম্প্রদায়ের লোকদের যত ফী দেওয়া উচিত, ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখ অবধি ৬০ ষাইট দিনের মধ্যে, ও তৎপরে প্রতি বৎসর আপ্রিল মাসের প্রথম দিবসাবধি ৬০ ষাইট দিনের মধ্যে, তাঁহার তত ফী দিতে হইবে ইতি।

নির্ঘণ্টপত্র ও জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

১৬ ধারা। ১১ ধারামতে যে বর্ণনাপত্র লিখিয়া কালেক্টর সাহেবকে দেওয়া যায় তদ্দ্বারা কোন ব্যক্তির কি কোম্পানির কি সামাজিক ব্যক্তিদের অধীনে অন্য ব্যক্তি কর্ম্ম করিয়া এই আইনমতে ফী দিবার যোগ্য বলিয়া দৃষ্ট হইলে, তাঁহার প্রাপ্য বেতন কি মাহিয়ানা হইতে ঐ ফী কাটিয়া তাঁহার নিমিত্ত কালেক্টর সাহেবকে দেওয়া যায়, কালেক্টর সাহেব ঐ ব্যক্তির মুনিবের প্রতি এই আদেশ করিতে পারিবেন ইতি।

কারিগরদের ও বড়২ কারখানার অন্য লোকদের ফী আদায় করণের কথা।

১৭ ধারা। ১০ ধারার উল্লিখিত নির্ঘণ্টপত্রে কোন ব্যক্তির নাম লেখা গেলে, তাঁহাকে যে শ্রেণী কি সম্প্রদায় ভুক্ত করিয়া ফী ধরা গেল তদ্বিষয়ের আপত্তি থাকিলে, তিনি আপনার নাম অন্য শ্রেণীতে কি সম্প্রদায়ে লেখাইবার কিম্বা একেবারে নির্ঘণ্টপত্রহইতে উঠাইয়া দিবার অধিকার স্থাপন করিবার জন্যে, ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ হওয়ার পর ৩০ ত্রিশ দিনের মধ্যে, কিম্বা কালেক্টর সাহেব কোন স্থলে আর যত সময় দেওয়া উচিত বোধ করেন সেই সময়ের মধ্যে, কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন ইতি।

আপত্তিকারকের দরখাস্তের কথা।

১৮ ধারা। কালেক্টর সাহেব দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিবেন, সেই দিনে কিম্বা তাহার পর সময়ে২ অন্য যে দিন ধার্য্য করেন সেই দিনে ঐ দরখাস্ত শুনিয়া তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন।

দরখাস্ত শুনিবার কথা।

Provided that if, in the judgment of the Collector, the petitioner is able to shew that the fee which has been charged exceeds two per cent upon his annual earnings, in his trade, dealing, or industry, within the district, such excess shall, for the purpose of section 17, be deemed a valid ground of objection, and the Collector shall thereupon order the petitioner's name to be transferred to another class or grade or to be altogether removed from the list The Collector may also on this ground at any time reduce the amount of fee payable by any person under class V of Schedule A hereto annexed to the fee payable under class VI

Appeals

19 There shall be no appeal from an order of a Collector under section 18, but where the order is passed by any officer subordinate to a Collector an appeal shall lie to the Collector, or to some officer specially empowered by the local Government in this behalf, whose decision shall be final Every petition of appeal under this section shall be accompanied by a copy of the order complained of, and be presented within fifteen days of the date of such order In computing the said period of fifteen days, the day on which the order complained of was made, and the time requisite for obtaining a copy of the same, shall be deducted

Power to summon witnesses, &c

20 The Collector may, for the purpose of enabling him to determine under which of the said classes or grades the petitioner should be charged, summon and enforce the attendance of witnesses and compel them to give evidence, and compel the production of documents by the same means, and, as far as possible, in the same manner as is provided in the case of a Civil Court by the Code of Civil Procedure

Provided that the Collector shall not, in the course of any proceedings under this section, call for any evidence except at the instance of the petitioner, or in order to ascertain the correctness of facts alleged by him

Penalty for carrying on business without a license

21 If after expiry of the period mentioned in the notification published under section 15 for payment of the amount specified therein, any person carries on his trade, dealing or industry without having taken out a license as required by this Act, he shall be liable, by order of the Collector, to pay a fine not exceeding thrice the amount payable by him in respect of such license, exclusive of

পরন্তু দরখাস্তকারী জিলার মধ্যে ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম করিয়া বৎসর২ যাহা উপার্জ্জন করেন তাহার উপর শতকরা ২৲ টাকার অধিক ফী ধার্য্য হইয়াছে, কালেক্টর সাহেবের বিচারমতে ইহা দেখাইতে পারিলে, ১৭ ধারার কার্য্যপক্ষে ঐ অতিরিক্ত ধরাই আপত্তির উপযুক্ত কারণ বলিয়া জ্ঞান হইবে। তাহা হইলে কালেক্টর সাহেব দরখাস্তকারির নাম এক শ্রেণী কি সম্প্রদায়হইতে উঠাইয়া অন্য শ্রেণী কি সম্প্রদায় ভুক্ত করিতে, কিম্বা একেবারে নির্ঘণ্টপত্রহইতে উঠাইয়া দিতে আজ্ঞা করিবেন। আরো এই আইনের A তফসীলের ৫ শ্রেণীমতে কোন ব্যক্তির ফী ধরা গেলে কালেক্টর সাহেব উক্ত প্রকারের হেতুতে কোন সময়ে তাঁহার ৬ শ্রেণীমতে ফী ধরিতে পারিবেন ইতি।

আপীলবিষয়ক কথা।

১৯ ধারা। কালেক্টর সাহেব ১৮ ধারামতে যে আজ্ঞা করেন তাহার উপর আপীল নাই। কিন্তু কালেক্টর সাহেবের অধীন কোন কর্ম্মকারক সেই আজ্ঞা করিলে কালেক্টর সাহেবের নিকট, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট এতৎকার্য্যপক্ষে অন্য যে কর্ম্মকারককে বিশেষ ক্ষমতা প্রদান করেন তাঁহার নিকট, আপীল হইতে পারিবে, ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে। এই ধারামতে যে আজ্ঞার বিষয়ে নালিশ হয়, আপীলের দরখাস্তের সঙ্গে সেই আজ্ঞার নকল দিতে হইবে, ও সেই আজ্ঞার তারিখ অবধি ১৫ পনের দিনের মধ্যে ঐ দরখাস্ত উপস্থিত করিতে হইবে। উক্ত ১৫ পনের দিন মিয়াদের হিসাব করিতে গেলে, ঐ আজ্ঞা যে তারিখে করা যায়, ও আজ্ঞার নকল পাইবার যত সময় আবশ্যক তাহা ধরিতে হইবে না ইতি।

সাক্ষিপ্রভৃতিকে তলব করিবার ক্ষমতার কথা।

২০ ধারা। দরখাস্তকারিকে যে শ্রেণীর কি সম্প্রদায়ের মধ্যে ধরিতে হইবে ইহা স্থির করিবার জন্যে কালেক্টর সাহেব সাক্ষিদিগকে সমন করিয়া, দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনে দেওয়ানী আদালতের যে উপায়ে যে প্রকারে করিবার বিধান আছে, সাধ্যমতে সেই উপায়ে সেই প্রকারে সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে ও তাঁহাদের সাক্ষ্য লইতে ও দলীল উপস্থিত করাইতে পারিবেন।

কিন্তু এই ধারামতে কোন কার্য্য করণ সময়ে, দরখাস্তকারী প্রার্থনা না করিলে, কিম্বা তিনি যে বৃত্তান্ত জানাইয়াছেন তাহা সত্য বলিয়া নির্ণয় করিবার নিমিত্ত না হইলে, কালেক্টর সাহেব কোন সাক্ষ্য তলব করিবেন না ইতি।

লাইসেন্স না পাইয়া কর্ম্ম চালাইবার দণ্ডের কথা।

২১ ধারা। ১৫ ধারামতে প্রকাশিত জ্ঞাপনপত্রে যত টাকা নির্দ্দিষ্ট থাকে তত টাকা দিবার নিমিত্ত ঐ জ্ঞাপনপত্রে যে মিয়াদ ধার্য্য হইল, কোন ব্যক্তি সেই মিয়াদ গত হইলেও, এই আইনের আদেশমতে লাইসেন্স না লইয়া আপনার ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, ঐ লাইসেন্স সম্পর্কে তাঁহার যত টাকা দিতে হইত কালেক্টর সাহেবের আজ্ঞামতে তাঁহার তাহা ও তাহার তিনগুণের অনধিক অর্থ দণ্ডও দিতে হইবে।

the amount so payable; and on receipt of such payment the Collector shall grant him a license.

22. All sums due under section 21, and all fees payable under this Act, shall, where the amount exceeds fifty rupees, be recoverable either as if they were arrears of land revenue, or by distress and sale of the moveables of the person liable, at the discretion of the Collector. In all other cases they shall be recoverable by distress and sale of the moveables of the person liable

Recovery of fees and penalties

The provisions of sections 113, 114, 115, and 119 of Bengal Act V of 1876 shall apply, as far as possible, to warrants of distress and sale issued by the Collector under this section, and no tools or implements of trade or agriculture shall be distrained or sold under any such warrant

23 No sums due under this Act shall be recoverable by any process of law after the expiry of three months from the last day of the year in respect of which they are payable

Limitation

24 Every person holding a license under this Act shall produce and show such license when required so to do by an officer generally or specially empowered in writing by the Collector to make such requisition

License to be produced on demand

But, save so far as is provided in section 29, no person shall be proceeded against for neglect or refusal to produce such license except at the instance of the Collector

Prosecution to be at instance of Collector.

25 Courts of Wards and receivers and managers appointed by any Court in British India shall be chargeable under this Act in respect of any trade, dealing or industry of which the income is officially in their possession or under their control

Receivers and managers chargeable.

26 When any trustee, guardian, curator, committee, or agent is charged under this Act in such capacity, or when any Court of Wards or receiver or manager appointed by any Court is charged under this Act, every Court and person so charged may, from time to time, out of the money coming to its or his possession as such trustee, guardian, curator, committee, or agent, or as such Court of Wards, receiver, or manager, retain so much as is sufficient to pay the fee charged

Power to retain assessment paid by trustee, &c

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৮। ১২ ফেব্রুয়ারি।]

সেই সকল টাকা পাইলে কালেক্টর সাহেব তাঁহাকে লাইসেন্স দিবেন ইতি।

২২ ধারা। কোন ব্যক্তির স্থানে ২১ ধারামতে পাওনা ও এই আইনমতে তাঁহার দেনা সকল ফী ৫০৲ টাকার অধিক হইলে, কালেক্টর সাহেবের বিবেচনামতে বাকী রাজস্বের ন্যায়, কিম্বা দায়ি ব্যক্তির অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া, আদায় হইতে পারিবে। অন্য সকল স্থলে, দায়ি ব্যক্তির অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া আদায় করা যাইবে।

ফী ও দণ্ডের টাকা আদায় করণবিষয়ক কথা।

কালেক্টর সাহেব এই ধারামতে ক্রোক ও নীলাম করণের যে পরওয়ানা দেন, তৎপ্রতি সাধ্যমতে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১১৩, ১১৪, ১১৫, ও ১১৯ ধারা খাটিবে। ও তদ্রূপ কোন পরওয়ানাক্রমে ব্যবসায়ের কি কৃষিকার্য্যের কোন যন্ত্র কি হাতিয়ার ক্রোক বা নীলাম হইতে পারিবে না ইতি।

২৩ ধারা। এই আইনমতে যে টাকা যে বৎসরের বাকী হয় সেই বৎসরের শেষ দিনের পর তিন মাস গত হইলে, আইনের কোন পরওয়ানাক্রমে ঐ বাকী টাকা আদায় হইতে পারিবে না ইতি।

মিয়াদের কথা।

২৪ ধারা। এই আইনমতে কোন ব্যক্তি লাইসেন্স পাইলে, কোন কর্ম্মকারক সাধারণমতে কিম্বা কালেক্টর সাহেবের লিখনক্রমে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়া তাঁহাকে ঐ লাইসেন্স দেখাইতে বলিলে, তাঁহার সেই লাইসেন্স বাহির করিয়া দেখাইতে হইবে।

চাহিবামাত্র লাইসেন্স দেখাইতে হইবার কথা।

কিন্তু ২৯ ধারার বিধানের স্থলভিন্ন, ঐ লাইসেন্স দেখাইবার তাচ্ছল্য বা ত্রুটি প্রযুক্ত কেবল কালেক্টর সাহেবের প্রবৃত্তিমতে কোন ব্যক্তির নামে নালিশ হইতে পারিবে, নতুবা নয় ইতি।

কালেক্টর সাহেবের উদ্যোগে নালিশ হইবার কথা।

২৫ ধারা। কোর্ট ওয়ার্ডসের, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন আদালত কর্তৃক নিযুক্ত গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের পদসম্পর্কে, কোন ব্যবসায়ের কি কারবারের কি শিল্প কর্ম্মের আয় তাঁহাদের অধিকারে কি তত্ত্বাধীনে থাকিলে, তৎসম্পর্কে তাঁহাদের এই আইনমতে ফী ধার্য্য হইবে ইতি।

সম্পত্তি গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের ফী দিতে হইবার কথা।

২৬ ধারা। কোন ট্রষ্টীর কি অভিভাবকের কি সম্পত্তিরক্ষকের কি কমিটীর কি এজেন্টের পদোপলক্ষে তাঁহার এই আইনমতে ফী ধার্য্য হইলে, কিম্বা কোর্ট ওয়ার্ডসের বা কোন আদালতকর্ত্তৃক নিযুক্ত গ্রাহকের কি কার্য্যাধ্যক্ষের এই আইনমতে ফী ধার্য্য হইলে, ঐ ট্রষ্টী কি অভিভাবক কি সম্পত্তিরক্ষক কি কমিটী কি এজেন্ট কি কোর্ট ওয়ার্ডস কি গ্রাহক কি কার্য্যাধ্যক্ষস্বরূপ তাঁহার অধিকারে যে টাকা আইসে তাহাহইতে তিনি সময়ে২ ঐ নির্দ্ধারিত ফীর উপযুক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন।

ট্রষ্টী প্রভৃতির হস্তগত টাকাহইতে ফী বাদ দিয়া দিতে পারিবার কথা।

Every such person or court is hereby indemnified for every retention and payment made in pursuance of this Act

Power to require returns from municipalities

27 The Collector may require the Commissioners, and the punchait of any union constituted under Bengal Act V of 1876, or any village punchait appointed under Bengal Act VI of 1870, to furnish, within a period to be specified under the orders of the local Government, returns showing the names and numbers of persons chargeable under this Act resident within the limits of their municipality, union or village, together with the class under which they respectively fall and the fees payable by them respectively

If the Commissioners or the punchait fail within the period prescribed to make such returns, or if they make such returns and the Collector has reason to doubt their accuracy, he may at any time revise the return or cause a return showing the names, numbers, and classes aforesaid to be prepared in such manner as may be prescribed by the local Government

Notice to municipalities

28 When the return mentioned in the last preceding section has been furnished or prepared for any municipality, station, or union the local Government may call upon the Commissioners or may direct the Magistrate in the case of a union, to pay to the Collector, within a period to be named by the local Government, a sum calculated on such return in accordance with the provisions of this Act

Penalties and fines to be credited to Municipal Funds

29 The Commissioners and Magistrate as aforesaid may take proceedings under sections 21 and 24 for the recovery of any penalties and fines, and shall exercise the powers conferred on a Collector by section 24

All such penalties and fines shall, when so recovered, be credited to the Municipal, Station, or Union Fund, as the case may be

Power of recovery in Municipalities

30 The Commissioners and the Magistrate, as aforesaid, shall have the same powers of recovering the fees chargeable under this Act within the limits of their municipality, station, or union that they have for the realization of municipal taxes under Bengal Act V of 1876 Where the amount due exceeds fifty rupees and it cannot be recovered in the manner above provided, application may be made by the Commis

এই আইন অনুসারে উক্ত টাকা কাটিয়া লওয়া গেলেও উক্ত প্রত্যেক ব্যক্তি কি আদালত এতৎক্রমে ক্ষতিহইতে নিষ্কৃতি পাইলেন ইতি।

মুনিসিপালিটীর স্থানে রিটর্ণ চাহিয়া লইবার ক্ষমতার কথা।

২৭ ধারা। কালেকুটর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনমতে সংস্থাপিত কমিশ্যনরদের ও কোন গ্রামসমাহারের পঞ্চায়তের, ও ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনমতে নিযুক্ত কোন গ্রামীয় পঞ্চায়তের প্রতি, স্থানীয় গবর্ণমেন্টের বিধিক্রমে নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে, আপন২ মুনিসিপালিটীর কি গ্রামসমাহারের কি গ্রামের সীমার মধ্যবাসি যে ব্যক্তিদের এই আইনমতে ফী ধার্য্য হইতে পারে তাঁহাদের নামের ও সংখ্যার ও তাঁহারা যে২ শ্রেণীর মধ্যে আইসেন ও তাঁহাদের যত করিয়া ফী দেওয়া উচিত ইহার রিটর্ণ দিবার আদেশ করিতে পারিবেন।

উক্ত কমিশ্যনরেরা কি পঞ্চায়ৎ নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে রিটর্ণ না দিলে, কিম্বা রিটর্ণ দিলেও তাহা ঠিক নয় বলিয়া কালেকুটর সাহেবের সন্দেহ করিবার কারণ থাকিলে, তিনি কোন সময়ে ঐ রিটর্ণ সংশোধন করিতে পারিবেন, কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট যেরূপে নির্দ্ধার্য্য করেন সেই রূপে পূর্ব্বোক্ত নামের ও সংখ্যার ও শ্রেণীর রিটর্ণ প্রস্তুত করাইয়া লইতে পারিবেন ইতি।

মুনিসিপালিটীর নামে নোটিস দিবার কথা।

২৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখনমতে কোন মুনিসিপালিটীর কি নগরের কি গ্রামসমাহারের রিটর্ণ দেওয়া গেলে কি প্রস্তুত করা গেলে, ঐ রিটর্ণমতে হিসাব করিয়া এই আইনের বিধানানুসারে যত টাকা ধার্য্য হয়, স্থানীয় গবর্ণমেন্ট কমিশ্যনরদের প্রতি, কিম্বা গ্রামসমাহার হইলে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি, ঐ স্থানীয় গবর্ণমেন্টের নিরূপিত সময়ের মধ্যে, কালেক্টর সাহেবকে তত টাকা দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

দণ্ডের ও অর্থদণ্ডের টাকা মুনিসিপলফণ্ডে জমা করিয়া লইবার কথা।

২৯ ধারা। পূর্ব্বোক্ত কমিশ্যনরেরা ও মাজিষ্ট্রেট সাহেব কোন দণ্ড ও অর্থদণ্ড আদায় করণার্থে ২১ ও ২৪ ধারামতে কার্য্য করিতে পারিবেন ও ২৪ ধারায় কালেকুটর সাহেবের প্রতি যে২ ক্ষমতার্পণ হইল সেই২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

সেই দণ্ডের ও অর্থদণ্ডের টাকা আদায় হইলে মুনিসিপল কিম্বা বিষয়বিশেষে নগরের কি গ্রামসমাহারের ফণ্ডের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

মুনিসিপালিটীতে আদায় করিবার ক্ষমতার কথা।

No 37 —*Declaration under Section* 6, *Act X of* 1870, *of the Go ernment of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a pub'ic purpose, viz for the construction of sub-divisional buildings in the village of Nowgong, pergunnah Barbukpoie, zillah Rajshahye, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 87 beeghas 9 cottahs and 3 chittacks of standard measurement, bounded on the north by the jotes of Moheshsâha and Neamut Khan, on the south by a pathway leading to the river up to the point where the road from the Nowgong bazar joins it, thence by the said road for a distance of 267 feet, and then by the land occupied by rice golahs and huts, on the east by the river Jamuna, and on the west by part of the jotes of Ekimolla Kazee, is required in the aforesaid village of Nowgong

2 This declaration is made under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

J E T NICOLLS, *Major-Genl*, R E,
Secy to the Govt of Bengal in the P W D.

IRRIGATION

NOTIFICATIONS —ESTABLISHMENT

The 16th February 1878

No 37 —*Notifications* —With reference to Notification No 28, dated 4th instant, Mr T H Girling, Supervisor, Second Grade, joined the Dehree Workshop Division on the forenoon of the 7th idem

No 38 —With reference to Notification No 35, dated 11th instant, Mr W J Fahie, Executive Engineer, Third Grade, joined the Northern Drainage and Embankment Division on the forenoon of the 6th idem

No 39 —Mr E Bicknell, Sub Engineer, Second Grade, who reported his return from Madras famine relief works to the Superintending Engineer, Sone Circle, on the forenoon of the 6th instant, is posted to the Buxar Division, which he joined on the afternoon of the 11th idem

The 18th February 1878

No 40 – Baboo Woodoy Narain Singh, Assistant Engineer, Second Grade, Northern Drainage and Embankment Division, returned to duty on the forenoon of the 4th instant from the privilege leave granted to him in the orders marginally noted

No 368, dated 24th November 1877

No 41 —With reference to the orders marginally noted, Mr D B Horn assumed charge of the duties of Assistant to the Chief Engineer and Assistant Secretary to the Government of Bengal, Public Works Department, Irrigation Branch, on the forenoon of the 16th instant

No 33 dated 9th February 1878

The 18th February 1878

No 43 *Transfer* – Baboo Kanty Chunder Banerjee, Overseer, Third Grade, is transferred, in the interests of the public service, from the Dehree Workshop Division to the Eastern Sone Division, which he joined on the forenoon of the 25th January 1878

No 44 —*Postings* —Mr R B Claudius, Overseer, First Grade, who reported his return from Madras famine relief works on the afternoon of the 16th instant, is posted to the Sone Circle

No 45 —Mr A Clerke, Assistant Engineer, Second Grade, who reported his return from Madras famine relief works on the afternoon of the 16th instant, is posted to the South-Western Circle

No 46 —*Notification* —With reference to the orders marginally noted, Mr J R. Swinden, Assistant Engineer, Second Grade, joined the South-Western Circle on the 8th instant, and assumed charge of the duties of Personal Assistant to the Superintending Engineer of that Circle on the same date.

No 32, dated 8th February 1878

F T HAIG, *Col*, R E,
Joint-Secy to the Govt of Bengal in the P W Dept, Irrigation Branch

[*Government Gazette, 26th February* 1878]

সিবিল আর্চীটিক্‌বিষয়ক।

১৮৭৮ সাল ১৮ ফেব্রুয়ারি।

৩৭ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থ ৎ রাজশাহী জিলার অন্তর্গত বারবকপুর পরগণার নৌগাঁ গ্রামে, মহকুমার বাড়ী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নৌগাঁ গ্রামে কমিমতে ন্যূনাধিক ৩৭।৫৴ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মহেশ শাহা ও নিয়ামৎ খাঁর যোত, দক্ষিণ সীমা নদীতে যাইবার পথের যে স্থানে নৌগাঁ বাজারের পথ আসিয়া মিলে সেই স্থান পর্য্যন্ত উক্ত পথ, তথাহইতে ২৬৭ ফুট দূর পর্য্যন্ত ঐ পথ, ও পরে চাউলের গোলা ও খড়ুয়া ঘর যে ভূমিতে আছে সেই ভূমি, পূর্ব্ব সীমা যমুনা নদী, পশ্চিম সীমা একিমোল্লা কাজীর যোতের কিয়দংশ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

জে, ই, টি, নিকলস, মেজর-জেনরল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়,

সিরিশতাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ১৬ ফেব্রুয়ারি।

৩৭ নম্বর।—বিজ্ঞাপন।—এই মাসের ৪ তারিখের ২৮ নং জ্ঞাপনপত্রোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত টি এচ, গার্লিং সাহেব উক্ত মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্ণে ডিহিরী কারখানাখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

৩৮ নম্বর।—এই মাসের ১১ তারিখের ৩৫ নং জ্ঞাপনপত্রোপলক্ষে তৃতীয় শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, জে, ফেহাই সাহেব, উক্ত মাসের ৬ তারিখের পূর্ব্বাহ্ণে উত্তর জলপ্রণালী ও বাঁধখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

৩৯ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত ই, বিবলেন সাহেব মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে স্বীয় প্রত্যাগমনের কথা এই মাসের ৬ তারিখের পূর্ব্বাহ্ণে সোণচক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের নিকট রিপোর্ট করিয়া বক্সার খণ্ডে অবস্থিত হইয়া এই মাসের ১১ তারিখের অপরাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৮ সাল ১৮ ফেব্রুয়ারি।

৪০ নম্বর।—উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু উদয়নারায়ণ সিংহ পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে এই মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্ণে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন।
১৮৭৭ সালের ২৬ নবেম্বরের ৩৬৮ নং।

৪১ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে শ্রীযুত ডি, বি, হর্ণ সাহেব, এই মাসের ১৬ তারিখের পূর্ব্বাহ্ণে প্রধান ইঞ্জিনিয়র সাহেবের আসিস্টাণ্টের ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার আসিস্টাণ্ট সেক্রেটরীর কর্ম্মের ভার গ্রহণ করিলেন।
১৮৭৮ সালের ৯ ফেব্রুয়ারির ৩৩ নং।

১৮৭৮ সাল ১৮ ফেব্রুয়ারি।

৪২ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু কান্তিচন্দ্র বন্দ্যোপাধ্যায়, রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে ডিহিরী কারখানাখণ্ডহইতে পূর্ব্ব সোণখণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৮ সালের ২৫ জানুয়ারির পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

৪৪ নম্বর।—অবস্থিতির ব্যবস্থা।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আর, বি, ক্লডিয়স সাহেব মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে এই মাসের ১৬ তারিখের অপরাহ্ণে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া সোণচক্রে অবস্থিতি হইলেন।

৪৫ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, ক্লার্ক সাহেব মান্দ্রাজের দুর্ভিক্ষ প্রশমনার্থ কার্য্যহইতে এই মাসের ১৬ তারিখের অপরাহ্ণে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া দক্ষিণ-পশ্চিম চক্রে অবস্থিত হইলেন।

৪৬ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, ডাব, মুহগেন সাহেব এই মাসের ৮ তারিখে দক্ষিণ পশ্চিম চক্রে কর্ম্ম গ্রহণ করিয়া উক্ত তারিখে উক্ত চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের স্বকীয় আসিস্টাণ্টের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।
১৮৭৮ সালের ৮ ফেব্রুয়ারির ৩২ নং।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের
গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৬ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 26, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ২৬ ফেব্রুয়ারি।

PART III

Act of the Legislative Council of India

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষের মন্ত্রিসভার আইন।

GOVERNMENT OF INDIA

LEGISLATIVE DEPARTMENT

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 13th February 1878 and is hereby promulgated for general information —

ACT No VI OF 1878

An Act to amend the law relating to Treasure-Trove

Preamble — WHEREAS it is expedient to amend the law relating to treasure-trove, It is hereby enacted as follows —

Preliminary

Short title — 1 This Act may be called "The Indian Treasure Trove Act, 1878"

Extent — It extends to the whole of British India,

Commencement — And it shall come into force at once

Repeal of enactments — 2 The enactments specified in the schedule hereto annexed shall be repealed to the extent mentioned in the third column of the same schedule

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ১৩ তারিখে ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এই আইন অনুমোদন করাতে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৭৮ সালের ৬ ষষ্ঠ আইন।

পোতা ধনবিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ। — পোতা ধনবিষয়ক আইন সংশোধন করা বিহিত এই কারণে নিম্নলিখিত বিধান করা গেল,—

পারিভাষিক।

সংক্ষেপ নামের কথা। — ১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় পোতা ধনবিষয়ক ১৮৭৮ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে,

ব্যাপকতার কথা। — ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে প্রচলিত হইবে,

যে অবধি প্রবল হইবে তাহার কথা। — ও একেবারেই প্রবল করা যাইবে ইতি।

যে২ আইন রহিত হইবে তাহার কথা। — ২ ধারা। এই আইনের তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল, ঐ২ আইন তত দূর রহিত হইবে ইতি।

[*Government Gazette, 26th February* 1878]

Interpretation clause.

3 In this Act—

"Treasure"

"treasure" means anything of any value hidden in the soil, or in anything affixed thereto

"Collector"

"Collector" means (1) any revenue officer in independent charge of a district, and (2) any officer appointed by the Local Government to perform the functions of a Collector under this Act

Owner

When any person is entitled, under any reservation in an instrument of transfer of any land or thing affixed thereto, to treasure in such land or thing, he shall, for the purposes of this Act, be deemed to be the owner of such land or thing

Procedure on finding Treasure

Notice by finder of treasure

4 Whenever any treasure exceeding in amount or value ten rupees is found, the finder shall, as soon as practicable, give to the Collector notice in writing—

(*a*) of the nature and amount or approximate value of such treasure,

(*b*) of the place in which it was found,

(*c*) of the date of the finding,

and either deposit the treasure in the nearest Government Treasury, or give the Collector such security as the Collector thinks fit, to produce the treasure at such time and place as he may from time to time require

Notification requiring claimants to appear

5 On receiving a notice under section four, the Collector shall, after making such enquiry (if any) as he thinks fit, take the following steps (namely) —

(*a*) he shall publish a notification in such manner as the Local Government from time to time prescribes in this behalf, to the effect that, on a certain date (*mentioning it*), certain treasure (*mentioning its nature, amount, and approximate value*) was found in a certain place (*mentioning it*), and requiring all persons claiming the treasure, or any part thereof, to appear personally or by agent before the Collector on a day and at a place therein mentioned, such day not being earlier than four months or later than six months, after the date of the publication of such notification,

(*b*) when the place in which the treasure appears to the Collector to have been found was at the date of the finding in the possession of some person other than the finder, the Collector shall also serve on such person a special notice in writing to the same effect

[*Government Gazette, 20th February* 1878.]

অর্থ নির্ণয়ের ধারা।

৩ ধারা। এই আইনে—

"ধন।"

"ধন" শব্দে মৃত্তিকায় কি মৃত্তিকা সংযুক্ত কোন দ্রব্যে লুক্কায়িত মূল্যবান কোন বিষয় জানিতে হইবে।

"কালেকটর।"

"কালেকটর" শব্দে (১) স্বাধীনভাবে কোন জিলার অধ্যক্ষতাভারপ্রাপ্ত রাজস্বের কোন কার্য্যকারককে ও (২) এই আইনে কালেকটরের যেং কার্য্য নির্দ্দিষ্ট হইল, সেইং কার্য্য নির্ব্বাহ করণার্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারককে জানিতে হইবে।

স্বামী।

কোন ভূমি কি তৎসংযুক্ত কোন বিষয় হস্তান্তরকরণপত্রলিখিত কোন বিশেষ নিয়মক্রমে, উক্ত ভূমি কি বিষয়গত কোন ধনে কোন ব্যক্তির অধিকার থাকিলে, এই আইনের কার্য্যপক্ষে তাঁহাকেই সেই ভূমির কি বিষয়ের স্বামী বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

ধন পাওয়া গেলে কার্য্যপ্রণালীর বিধি।

যে ব্যক্তি ধন পান তাঁহার নোটিস দিবার কথা।

৪ ধারা। দশ টাকার কিম্বা দশ টাকা মূল্যের অধিক ধন পাওয়া গেলে, যে ব্যক্তি তাহা পান তিনি সাধ্যমতে ত্বরায় কালেকটর সাহেবের নিকট লিখিয়া এইং বৃত্তান্তের নোটিস দিবেন,—

(ক) যে ধন পাওয়া গেল তাহা যে প্রকারের ও যত টাকা বা তাহার ন্যূনাধিক যত মূল্য।

(খ) যে স্থানে পাওয়া গেল।

(গ) যে তারিখে পাওয়া গেল।

ও গবর্ণমেণ্টের অতিনিকট খাজানাখানায় সেই ধন গচ্ছিত করিয়া রাখিবেন, কিম্বা কালেকটর সাহেব সময়েং যে স্থান বা যে সময় নিরূপণ করেন সেই স্থানে ও সেই সময়ে ঐ ধন উপস্থিত করিবার যে জামিন উচিত বোধ করেন তিনি তাহা দিবেন ইতি।

দাওয়াদারদের উপস্থিত হওনের জ্ঞাপনপত্রের কথা।

৫ ধারা। কালেকটর সাহেব ৪ ধারামত নোটিস পাইলে, যদ্রূপ অনুসন্ধান লওয়া উচিত জ্ঞান করেন তাহা লইয়া এইং কার্য্য করিবেন,—

(ক) স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এতৎপক্ষে যে প্রকারের নোটিস প্রচার করিতে আজ্ঞা করেন তিনি সেই প্রকারে এই মর্ম্মের নোটিস প্রচার করিবেন যে, অমুক তারিখে অমুক স্থানে অমুক প্রকারের ধন বা এত টাকা বা ন্যূনাধিক এত টাকা মূল্যের ধন পাওয়া গিয়াছে। সেই ধনের কিম্বা তাহার কোন অংশের উপর যে ব্যক্তিদের দাওয়া থাকে তাঁহারা স্বয়ং কি স্বপক্ষ কর্ম্মকারকের দ্বারা ঐ নোটিসের লিখিত তারিখে ও স্থানে কালেকটর সাহেবের সম্মুখে উপস্থিত হউন। ঐ তারিখ যেন নোটিস প্রকাশ করিবার তারিখের পর চারি মাসের ন্যূন ও ছয় মাসের অধিক না হয়।

(খ) কালেকটর সাহেবের বিবেচনায় ধন যে স্থানে পাওয়া গেল বলিয়া বোধ হয়, সেই স্থানটি ঐ ধন পাইবার তারিখে ঐ ধন প্রাপকভিন্ন অন্য ব্যক্তির অধিকারে থাকিলে, কালেকটর সাহেব সেই ব্যক্তির স্থানে সেই মর্ম্মের এক বিশেষ নোটিস লিখিয়া পাঠাইবেন ইতি।

6. Any person having any right to such treasure or any part thereof, as owner of the place in which it was found or otherwise, and not appearing as required by the notification issued under section five, shall forfeit such right

Forfeiture of right on failure to appear

7. On the day notified under section five, the Collector shall cause the treasure to be produced before him, and shall enquire as to and determine—

Matters to be enquired into and determined by the Collector

(*a*) the person by whom, the place in which, and the circumstances under which, such treasure was found, and

(*b*) as far as is possible the person by whom, and the circumstances under which, such treasure was hidden

8 If, upon an enquiry made under section seven, the Collector sees reason to believe that the treasure was hidden within one hundred years before the date of the finding, by a person appearing as required by the said notification and claiming such treasure, or by some other person under whom such person claims, the Collector shall make an order adjourning the hearing of the case for such period as he deems sufficient, to allow of a suit being instituted in the Civil Court by the claimant, to establish his right

Time to be allowed for suit by person claiming the treasure.

9 If upon such enquiry the Collector sees no reason to believe that the treasure was so hidden, or

When treasure may be declared ownerless

if, where a period is fixed under section eight, no suit is instituted as aforesaid within such period to the knowledge of the Collector, or

if such suit is instituted within such period, and the plaintiff's claim is finally rejected,

the Collector may declare the treasure to be ownerless

Any person aggrieved by a declaration made under this section may appeal against the same within two months from the date thereof to the Chief Controlling Revenue Authority

Appeal against such declaration

Subject to such appeal, every such declaration shall be final and conclusive

10 When a declaration has been made in respect of any treasure under section nine, such treasure shall, in accordance with the provisions hereinafter contained, either

Proceedings subsequent to declaration

৬ ধারা। ধন যে স্থানে পাওয়া গেল সেই স্থানের স্বামী বলিয়া কি প্রকারান্তরে ঐ ধনের কি তাহার কোন অংশের কোন স্বত্ব প্রাপ্ত ব্যক্তি ৫ ধারামতে প্রকাশিত জ্ঞাপনপত্রের আদেশমতে উপস্থিত না হইলে, তাঁহার সেই স্বত্ব রহিত হইবে ইতি।

উপস্থিত না হইলে স্বত্ব রহিত হইবার কথা।

৭ ধারা। ৫ ধারামতে যে দিনের জ্ঞাপনপত্র দেওয়া যায়, কালেকটর সাহেব সেই দিনে আপনার সম্মুখে ঐ ধন আনাইয়া

কালেক্টর সাহেবের যেং বিষয়ের অনুসন্ধান লইয়া নির্ণয় করিতে হইবে তদ্বিষয়ের কথা।

(ক) যে ব্যক্তির দ্বারা ও যে স্থানে যেং গতিকে ঐ ধন পাওয়া গেল, ও

(খ) যত দূর সাধ্য হয় তত দূর যাঁহার দ্বারা ও যেং গতিকে ঐ ধন পোতা গেল এইং বিষয়ের অনুসন্ধান লইয়া নির্ণয় করিবেন ইতি।

৮ ধারা। উক্ত জ্ঞাপনপত্রের আদেশমতে যে ব্যক্তি উপস্থিত হইয়া ঐ ধনের দাওয়া করেন, তাঁহারই দ্বারা কিম্বা যাঁহার অধীনে ঐ দাওয়া রাখেন এমত অন্য ব্যক্তির দ্বারা ঐ ধন প্রাপণের তারিখের পূর্ব্বে এক শত বৎসরের মধ্যে পোতা গিয়াছিল, ৭ ধারামতে অনুসন্ধান লইয়া কালেক্টর সাহেবের এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে, ঐ দাওয়াদার যেন আপন স্বত্ব স্থাপনার্থে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারেন, এই কারণে কালেক্টর সাহেব যত দিন উচিত বোধ করেন তত দিনের নিমিত্ত ঐ বিষয়ের শ্রবণকার্য্য স্থগিত রাখিবার আজ্ঞা করিবেন ইতি।

ঐ ধনের দাওয়াদারকে মোকদ্দমা করিবার অবকাশ দিবার কথা।

৯ ধারা। ঐ ধন যে উক্ত প্রকারে পোতা ছিল, কালেক্টর সাহেব উক্ত অনুসন্ধান লইয়া এমত বিশ্বাস করিবার কারণ না জানিলে, কিম্বা

যে স্থলে ধন অস্বামিক বলিয়া প্রকাশ করা যাইবে তদ্বিষয়ের কথা।

৮ ধারামতে মিয়াদ ধার্য্য হইলেও সেই মিয়াদের মধ্যে কালেক্টর সাহেবের জ্ঞানমতে পূর্ব্বোক্তরূপ কোন মোকদ্দমা উপস্থিত করা না গেলে, কিম্বা

সেই মিয়াদের মধ্যে মোকদ্দমা উপস্থিত করা গেলেও বাদির দাওয়া শেষে অগ্রাহ্য হইয়া থাকিলে,

কালেক্টর সাহেব সেই ধন অস্বামিক বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন।

এই ধারামত নির্দ্দেশবাক্যক্রমে কোন ব্যক্তি দুঃখগ্রস্ত হইলে, তিনি সেই নির্দ্দেশবাক্য প্রচার হওয়ার তারিখঅবধি দুই মাসের মধ্যে রাজস্বের তত্ত্বাবধানি প্রধান কর্ত্তৃপক্ষের নিকট ঐ বাক্যের উপর আপীল করিতে পারিবেন।

তাঁহার নির্দ্দেশবাক্যের উপর আপীলের কথা।

ঐ আপীলের ফলের অপেক্ষায় উক্ত প্রত্যেক নির্দ্দেশবাক্য চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে ইতি।

১০ ধারা। কোন ধনের বিষয়ে ৯ ধারামতে কোন নির্দ্দেশবাক্য প্রচার করা গেলে পর, পশ্চাৎ লিখিত বিধানমতে সেই ধন তৎপ্রাপককে দেওয়া যাইবে,

নির্দ্দেশ বাক্য প্রচার হওয়ার পর কার্য্যপ্রণালীর কথা।

be delivered to the finder thereof or be divided between him and the owner of the place in which it has been found in manner hereinafter provided

11 When a declaration has been made in respect of any treasure as aforesaid, and no person other than the finder of such treasure has appeared as required by the notification published under section five and claimed a share of the treasure as owner of the place in which it has been found, the Collector shall deliver such treasure to the finder thereof

When no other person claims as owner of place, treasure to be given to finder

12 When a declaration has been made as aforesaid in respect of any treasure, and only one person other than the finder of such treasure has so appeared and claimed, and the claim of such person is not disputed by the finder the Collector shall proceed to divide the treasure between the finder and the person so claiming according to the following rule (namely) -

When only one such person claims and his claim is not disputed, treasure to be divided,

If the finder and the person so claiming have not entered into any agreement then in force as to the disposal of the treasure, three-fourths of the treasure shall be allotted to such finder and the residue to such person If such finder and such person have entered into any such agreement, the treasure shall be disposed of in accordance therewith

Provided that the Collector may in any case, if he thinks fit, instead of dividing any treasure as directed by this section,

(a) allot to either party the whole or more than his share of such treasure, on such party paying to the Collector for the other party such sum of money as the Collector may fix as the equivalent of the share of such other party, or of the excess so allotted, as the case may be, or

(b) sell such treasure or any portion thereof by public auction and divide the sale proceeds between the parties according to the rule herein before prescribed

Provided also, that when the Collector has by his declaration under section nine rejected any claim made under this Act by any person other than the said finder or person claiming as owner of the place in which the treasure was found, such division shall not be made until after the expiration of two months without an appeal having been presented under section nine by the person whose claim has been so rejected, or, when an appeal has been so presented, after such appeal has been dismissed

[গবর্নমেন্ট গেজেট। ১৮৭৮। ২৬ ফেব্রুয়ারি।]

অথবা তাঁহার ও ধন যে স্থানে পাওয়া গেল সেই স্থানের স্বামির মধ্যে তাহা নিম্নলিখিত বিধানমতে ভাগ করিয়া দেওয়া যাইবে ইতি।

১১ ধারা। পূর্ব্বোক্তমতে কোন ধনের বিষয়ে নির্দ্দেশবাক্য প্রচার করা গেলেও, ৫ ধারাক্রমে প্রকাশিত জ্ঞাপন পত্রের আদেশমতে ঐ ধনপ্রাপকভিন্ন কোন ব্যক্তি উপস্থিত হইয়া, যে স্থানে ধন পাওয়া গেল সেই স্থানের স্বামী বলিয়া ধনের এক অংশের দাওয়া না করিলে, কালেক্টর সাহেব ঐ ধনপ্রাপককে সেই ধন দিবেন ইতি।

স্থানের স্বামী বলিয়া অন্য ব্যক্তি দাওয়া না করিলে প্রাপককে ঐ ধন দিতে হইবার কথা।

১২ ধারা। কোন ধনবিষয়ে পূর্ব্বোক্ত নির্দ্দেশবাক্য প্রচার করা গেলে, এবং ঐ ধনপ্রাপকভিন্ন এক ব্যক্তি মাত্র উপস্থিত হইয়া দাওয়া করিলে, ও সেই ব্যক্তির দাওয়া বিষয়ে ধনপ্রাপকের কোন আপত্তি না থাকিলে, কালেক্টর সাহেব নিম্নলিখিত বিধিমতে ঐ প্রাপকের ও দাওয়াদারের মধ্যে ঐ ধন ভাগ করিয়া দিবেন।— বিশেষতঃ

তদ্রূপ এক ব্যক্তি মাত্র দাওয়া করিলে ও তাঁহার দাওয়ার বিপক্ষতা না হইলে ধন ভাগ করিয়া দিতে হইবার কথা।

ঐ ধন যেরূপে প্রয়োগ করা যাইবে এই বিষয়ে ঐ প্রাপকের ও দাওয়াদারের মধ্যে তৎকালীন প্রবল নিয়ম না হইয়া থাকিলে, ঐ ধনের চারি অংশের তিন অংশ প্রাপককে, অন্য একঅংশ দাওয়াদারকে দেওয়া যাইবে। ঐ প্রাপক ও দাওয়াদার কোন নিয়ম করিয়া থাকিলে, সেই নিয়মানুসারে ধন প্রয়োগ হইবে।

পরন্তু কালেক্টর সাহেব কোন স্থলে বিহিত বোধ করিলে, এই ধারার বিধানমতে ধন ভাগ করিয়া না দিয়া,

(ক) এক পক্ষ ঐ ধনের যে অংশ পাইবেন কিম্বা বিষয়বিশেষে তাঁহার প্রতি যে অধিকাংশ নিরূপণ হয়, কালেক্টর সাহেব তাহার সমতুল্য বলিয়া যত টাকা ধার্য্য করেন সেই পক্ষের নিমিত্ত অন্য পক্ষ কালেক্টর সাহেবকে তত টাকা দিলে, সেই অন্য পক্ষের প্রতি ঐ সমুদয় ধন কিম্বা আপনার প্রাপ্য অংশের অধিক নিরূপণ করা যাইতে পারিবে। কিম্বা

(খ) তিনি সেই ধন কি তাহার কোন অংশ নীলামে বিক্রয় করিয়া পূর্ব্বোক্ত বিধিমতে উভয় পক্ষের মধ্যে ঐ নীলামের উৎপন্ন টাকা ভাগ করিয়া দিবেন।

আরো, উক্ত ধনপ্রাপক ও যে স্থানে ধন পাওয়া গেল সেই স্থানের স্বামী বলিয়া দাওয়াদার এই দুই ব্যক্তিভিন্ন অন্য কোন ব্যক্তি এই আইনমতে কোন দাওয়া করিলে, যদি কালেক্টর সাহেব ৯ ধারামত নির্দ্দেশবাক্য দ্বারা ঐ দাওয়া অগ্রাহ্য করেন, তবে যাঁহার দাওয়া অগ্রাহ্য হইল তিনি ৯ ধারামতে দুই মাসের মধ্যে আপীল না করিলে ঐ দুই মাস গত না হওনপর্য্যন্ত, কিম্বা আপীল করিলে ঐ আপীল ডিসমিস না হওনপর্য্যন্ত ঐ ধন উক্ত প্রকারে বিভাগ করা যাইবে না।

When the Collector has made a division under this section, he shall deliver to the parties the portions of such treasure, or the money in lieu thereof, to which they are respectively entitled under such division

and shares to be delivered to parties.

13. When a declaration has been made as aforesaid in respect of any treasure, and two or more persons have appeared as aforesaid and each of them claimed as owner of the place where such treasure was found, or the right of any person who has so appeared and claimed is disputed by the finder of such treasure, the Collector shall retain such treasure and shall make an order staying his proceedings with a view to the matter being enquired into and determined by a Civil Court

In case of dispute as to ownership of place, proceedings to be stayed.

14 Any person who has so appeared and claimed may, within one month from the date of such order, institute a suit in the Civil Court to obtain a decree declaring his right, and in every such suit the finder of the treasure and all persons disputing such claim before the Collector shall be made defendants

Settlement of such dispute,

15 If any such suit is instituted and the plaintiff's claim is finally established therein, the Collector shall, subject to the provisions of section twelve, divide the treasure between him and the finder

and division thereupon

If no such suit is instituted as aforesaid, or if the claims of the plaintiffs in all such suits are finally rejected, the Collector shall deliver the treasure to the finder.

16 The Collector may at any time after making a declaration under section nine, and before delivering or dividing the treasure as hereinbefore provided, declare by writing under his hand his intention to acquire on behalf of the Government the treasure, or any specified portion thereof, by payment to the persons entitled thereto of a sum equal to the value of the materials of such treasure or portion, together with one-fifth of such value, and may place such sum in deposit in his treasury to the credit of such persons, and thereupon such treasure or portion shall be deemed to be the property of Government, and the money so deposited shall be dealt with, as far as may be, as if it were such treasure or portion

Power to acquire the treasure on behalf of Government

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৬ ফেব্রুয়ারি।]

কালেক্টর সাহেব এই ধারামতে অংশ নিরূপণ করিলে, যে পক্ষের যে অংশ পাইবার অধিকার থাকে তাঁহাকে ঐ ধনের সেই অংশ কিম্বা তৎ-পরিবর্ত্তে টাকা দিবেন ইতি।

ও উভয় পক্ষকে আপনং অংশ দিবার কথা।

১৩ ধারা। কোন ধনবিষয়ে পূর্ব্বোক্তরূপ নির্দ্দেশ-বাক্য প্রচার করা গেলে পর দুই কি তদধিক ব্যক্তি পূর্ব্বোক্তমতে উপস্থিত হইয়া যে স্থানে ধন পাওয়া গেল প্রত্যেক জন যদি সেই স্থানের স্বামী বলিয়া দাওয়া রাখেন, কিম্বা যে ব্যক্তি তদ্রূপ উপস্থিত হইয়া দাওয়া করেন যদি ঐ ধনপ্রাপক তাঁহার ঐ স্বত্ববিষয়ে আপত্তি করেন, তবে কালেক্টর সাহেব ঐ ধন রাখিয়া দেওয়ানী আদালতে সেই বিষয়ের অনুসন্ধান ও নির্ণয় হওনের নিমিত্ত আপনার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত হওয়ার আজ্ঞা করিবেন ইতি।

স্থানের স্বামিত্ব বিষয়ে বিবাদ হইলে, কার্য্য স্থগিত থাকার কথা।

১৪ ধারা। কোন ব্যক্তি উক্ত প্রকারে উপস্থিত হইয়া দাওয়া করিলে পর উক্ত আজ্ঞার তারিখ অবধি এক মাসের মধ্যে আপনার স্বত্ব নির্দ্দেশকরণসূচক ডিক্রী পাইবার জন্যে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক মোকদ্দমায় ঐ ধনপ্রাপক ও অন্য যে সকল ব্যক্তি কালেক্টর সাহেবের সম্মুখে ঐ দাওয়ার আপত্তি করেন তাঁহাদিগকে প্রতিবাদী করা যাইবে ইতি।

ঐ বিবাদের নিষ্পত্তির কথা।

১৫ ধারা। তদ্রূপ কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, ও বাদির দাওয়া সম্পূর্ণরূপে স্থাপিত হইলে, কালেক্টর সাহেব ১২ ধারার বিধান প্রবল মানিয়া তাঁহার ও ধনপ্রাপকের মধ্যে ধন ভাগ করিয়া দিবেন।

ও তদনুসারে ধনবিভাগের কথা।

পূর্ব্বোক্তমতে মোকদ্দমা উপস্থিত করা না গেলে কিম্বা তদ্রূপ সকল মোকদ্দমার বাদিদের দাওয়া চূড়ান্তরূপে অগ্রাহ্য করা গেলে, কালেক্টর সাহেব ধনপ্রাপককে ঐ ধন দিবেন ইতি।

১৬ ধারা। কালেক্টর সাহেব ৯ ধারামতে নির্দ্দেশ-বাক্য প্রচার করণের পর, ও পূর্ব্বোক্ত বিধানমতে ঐ ধন সমর্পণ করণের কি ভাগ করিয়া দেওনের পূর্ব্ব কোন সময়ে, সেই ধন কিম্বা তাহার নির্দ্দিষ্ট কোন অংশ যেং দ্রব্য লইয়া হয় তাহার মূল্যের সমান টাকা ও তদতিরিক্ত ঐ মূল্যের পঞ্চমাংশ ঐ ধনের কি ঐ অংশের অধিকারপ্রাপ্ত ব্যক্তিদিগকে দিয়া গবর্ণমেণ্টের পক্ষে সেই ধন কি তাহার উক্ত অংশ গ্রহণ করিবার মানস লিখিয়া স্বাক্ষর করিয়া প্রকাশ করিতে পারিবেন। ও আপন খাজানাখানায় ঐ ব্যক্তিদের নামে তত টাকা জমা করিয়া আমানৎ রাখিতে পারিবেন। তাহা হইলে সেই ধন কি তাহার উক্ত অংশ গবর্ণমেণ্টের সম্পত্তি বলিয়া জ্ঞান হইবে, ও যত দূর হইতে পারে তত দূর উক্ত প্রকারের আমানত টাকা, উক্ত ধন কি উক্ত অংশস্বরূপ বলিয়া, তাহা লইয়া তত্তুল্য কার্য্য হইবে ইতি।

গবর্ণমেণ্টের পক্ষে ঐ ধন গ্রহণ করিবার ক্ষমতার কথা।

17 No decision passed or act done by the Collector under this Act shall be called in question by any Civil Court, and no suit or other proceeding shall lie against him for anything done in good faith in exercise of the powers hereby conferred

Decision of Collector final, and no suit to lie against him for acts done *bonâ fide*

১৭ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতে যে নিষ্পত্তি বা যে কার্য্য করেন কোন দেওয়ানী আদালত তাহার প্রতিবাদ করিবেন না, ও এতৎক্রমে তাঁহার প্রতি যেং ক্ষমতার্পণ করা যায় তদনুসারে তিনি সরল জ্ঞানে যে কোন কার্য্য করেন তজ্জন্যে তাঁহার বিপক্ষে মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কোন কার্য্য চলিবে না ইতি।

কালেক্টর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হওয়ার কথা ও তিনি সরলজ্ঞানে যে কার্য্য করেন তজ্জন্যে তাঁহার নামে মোকদ্দমা হইতে না পারিবার কথা।

18 A Collector making any enquiry under this Act may exercise any power conferred by the Code of Civil Procedure on a Civil Court for the trial of suits

Collector to exercise powers of Civil Court

১৮ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে মোকদ্দমার বিচারকরণার্থে দেওয়ানী আদালতের প্রতি যে কোন ক্ষমতা অর্পিত থাকে, এই আইনমত কোন অনুসন্ধান করণার্থ কালেক্টর সাহেবের সেই ক্ষমতা থাকিবে ইতি।

দেওয়ানী আদালতের ক্ষমতামতে কালেক্টর সাহেবের কর্ম্ম করিতে পারিবার কথা।

19 The Local Government may from time to time, make rules consistent with this Act to regulate proceedings hereunder

Power to make rules

Such rules shall, on being published in the local Gazette, have the force of law

১৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমত আনুষ্ঠানিক কার্য্যের বিধান করণার্থে সময়েং এই আইনের সহিত সঙ্গত বিধি করিতে পারিবেন।

বিধি করিবার ক্ষমতার কথা।

সেইং বিধি স্থানীয় গেজেটে প্রকাশ করা গেলে আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

Penalties

দণ্ডের কথা।

20 If the finder of any treasure fails to give the notice, or does not either make the deposit or give the security, required by section four, or alters or attempts to alter such treasure so as to conceal its identity the share of such treasure, or the money in lieu thereof to which he would otherwise be entitled, shall vest in Her Majesty,

Penalty on finder failing to give notice, &c

and he shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a term which may extend to one year, or with fine, or with both.

২০ ধারা। কোন ধনপ্রাপক ৪ ধারার আদেশমত নোটিস না দিলে, কিম্বা ধন গচ্ছিত না করিলে, কি জামিন না দিলে, কিম্বা ধন যাহাতে চেনা যাইতে না পারে এমতে পরিবর্ত্তন করিলে বা করিতে উদ্যোগ করিলে, ঐ ধনের যে অংশে কিম্বা তৎপরিবর্ত্তে যে টাকায় তাঁহার অধিকার হইত, তাহা শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বার্ত্তিবে,

ধনপ্রাপক নোটীসপ্রভৃতি না দিলে তাঁহার দণ্ডের কথা।

ও কোন মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার এক বৎসরের অনধিক কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড হইবে ইতি।

21 If the owner of the place in which any treasure is found abets, within the meaning of the Indian Penal Code, any offence under section twenty, the share of such treasure, or the money in lieu thereof to which he would otherwise be entitled, shall vest in Her Majesty,

Penalty on owner abetting offence under section 20

and he shall, on conviction before a Magistrate, be punished with imprisonment which may extend to six months, or with fine, or with both

২১ ধারা। ধন যে স্থানে পাওয়া গেল সেই স্থানের স্বামী ২০ ধারার নির্দ্দিষ্ট অপরাধ করণে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থানুসারে সহায়তা করিলে, ঐ ধনের যে অংশে কিম্বা তৎপরিবর্ত্তে যে টাকায় তাঁহার অধিকার হইত তাহা শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিবে।

স্বামী ২০ ধারামতে অপরাধের সহায়তা করিলে তাঁহার দণ্ডের কথা।

ও কোন মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কি ঐ উভয়দণ্ড হইবে ইতি।

SCHEDULE.

Number and date of enactments.	Title or subject.	Extent of repeal
Bengal Regulation V of 1817	A Regulation for declaring the rights of Government and of individuals with respect to hidden treasure, and for prescribing the rules to be observed on the discovery of such treasure	The whole
Madras Regulation XI of 1802	A Regulation for declaring the rights of Government and of individuals with respect to hidden treasure, and for prescribing the rules to be observed on discovery of such treasure	The whole
Act XII of 1838	Hidden Treasure (Madras)	The whole
Act IV of 1872	An Act for declaring which of certain rules, laws and regulations have the force of law in the Punjab and for other purposes	So far as regards Bengal Regulation V of 1817
Act XV of 1874	Laws Local Extent	The second schedule, so far as regards Madras Regulation XI of 1882 and Act XII of 1838 The fourth schedule, so far as regards Bengal Regulation V of 1817
Act XVII of 1875	An Act to consolidate and amend the law relating to the Courts in British Burma, and for other purposes	So far as regards Bengal Regulation V of 1817
Act XX of 1875	An Act to declare and amend the law in force in the Central Provinces	Ditto
Act XVIII of 1876	Oudh Laws Act	Ditto

D FITZPATRICK,

Secy to the Govt of India

তফসীল।

আইনের নম্বর ও তারিখ	নাম	যত দূর রহিত হইল।
বঙ্গদেশীয় ১৮১৭ সালের ৫ আইন	নিধি অর্থাৎ পোঁতাধনে সরকারের ও প্রজালোকের হক অর্থাৎ স্বত্ব হইবার বিবরণ স্পষ্ট করিয়া লিখিবার ও এমত ধন পাওয়া গেলে যেং মতে কার্য্য হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার আইন	সম্পূর্ণ আইন।
মান্দ্রাজ দেশীয় ১৮০২ সালের ১১ আইন	নিধি অর্থাৎ পোঁতাধনে সরকারের ও প্রজালোকের হক অর্থাৎ স্বত্ব হইবার বিবরণ স্পষ্ট করিয়া লিখিবার ও এমত ধন পাওয়া গেলে যেং মতে কার্য্য হইবে তাহা নির্দ্দিষ্ট করিবার আইন	সম্পূর্ণ আইন।
১৮৩৮ সা ১২ আ	মান্দ্রাজ দেশের পোতা ধনবিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮৭২ সা ৪ আ	কোনং বিধির ও আইনের ও ব্যবস্থার মধ্যে যাহা পঞ্জাব দেশে আইনের তুল্য বলবৎ হইবে তাহা প্রকাশার্থ ও অন্যান্য কার্য্যের নিমিত্ত আইন	১৮১৭ সালের বঙ্গদেশীয় ৫ আইনের সহিত যত দূর সম্পর্ক থাকে তত দূর।
১৮৭৪ সা ১৫ আ	আইনের ব্যাপকতা বিষয়ক আইন	মান্দ্রাজ দেশীয় ১৮০২ সালের ১১ আইনের ও ১৮৩৮ সালের ১২ আইনের সহিত যত দূর সম্পর্ক থাকে তত দূর দ্বিতীয় তফসীল। ও বঙ্গদেশীয় ১৮১৭ সালের ৫ আইনের সহিত যত দূর সম্পর্ক থাকে তত দূর ঐ চতুর্থ তফসীল।
১৮৭৫ সা ১৭ আ	ব্রিটিশীয় বর্ম্মাদেশের আদালত সম্পর্কীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ ও অন্যান্য অভিপ্রায় সাধনার্থ আইন	বঙ্গদেশীয় ১৮১৭ সালের ৫ আইনের সহিত যত দূর সম্পর্ক থাকে তত দূর।
১৮৭৫ সা ২০ আ	মধ্যপ্রদেশের প্রচলিত আইন নির্দ্দেশ ও সংশোধন করণার্থ আইন	ঐ
১৮৭৬ সা ১৮ আ	অযোধ্যা দেশের আইন বিষয়ক আইন	ঐ

ডি ফিট্‌সপাট্রিক,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengali Translator*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 26, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ২৬ ফেব্রুয়ারি।

PART VI.

Bill of the Bengal Council

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th February 1878, and was referred to a Select Committee who are to report thereon in one month —

A Bill to consolidate the Law relating to the Excise Revenue in the Presidency of Fort William in Bengal

Preamble.

WHEREAS it is expedient that the laws relating to the manufacture of spirits and the sale of spirituous and fermented liquors and intoxicating drugs, and the collection of the revenue derived therefrom, should be consolidated It is enacted as follows —

PART I

Preliminary

Short title.

1 This Act may be cited as "The Bengal Excise Law Consolidation Act, 1877 "

[*Government Gazette, 26th February* 1878]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল। তাঁহারা তদ্বিষয়ে এক মাসের মধ্যে রিপোর্ট করিবেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে আবকারী রাজস্ববিষয়ক আইন সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

মদিরা প্রস্তুত করণ এবং উগ্র ও গাঁজলা পানীয় ও মাদকদ্রব্য বিক্রয় করণ ও তদ্দ্বারা উৎপন্ন রাজস্ব আদায় করণ বিষয়ক আইন সংগ্রহ করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ প্রথম খণ্ড।

পারিভাষিক।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। "বঙ্গদেশীয় আবকারী আইন সংগ্রহ করণার্থ ১৮৭৭ সালের আইন" নামে এই আইনের উল্লেখ হইতে পারিবে ইতি।

2 It shall come into force from such date as the Lieutenant-Governor may direct by notification in the *Calcutta Gazette*

Commencement

3 The enactments specified in the second schedule to this Act are hereby repealed to the extent mentioned in the third column thereof

Enactments repealed

This repeal shall not revive any office, authority, or thing abolished by any such enactment, or affect the validity of anything done or suffered, or any right, title, obligation, or liability accrued before the commencement of this Act

And all rules prescribed, appointments made, powers conferred, licenses granted, and notifications published under any such enactment, and all other rules (if any) now in force and relating to the matters hereinafter dealt with, shall (so far as they are consistent with this Act) be deemed to have been respectively prescribed made, conferred, granted, and published hereunder

And all references made to any such enactment shall, as far as may be practicable, be deemed to be made to this Act

And all proceedings now pending, which may have been commenced under any such enactment, shall be deemed to be commenced under this Act

4 In this Act—unless there be something repugnant in the subject or context—

Interpretation clause

"Bengal Rum" means spirit manufactured in India at a distillery worked according to the English method

"Bengal Rum"

"Board" means the Board of Revenue for the provinces for the time-being subject to the Lieutenant-Governor of Bengal

Board

"Collector" includes

Collector

a Deputy Collector, or other Revenue officer in independent charge of a district,

a Superintendent of Excise Revenue,

any covenanted or uncovenanted officer to whom the Collector may make over, with the previous sanction of the Commissioner (as he is hereby empowered to do), any of his powers or duties under this Act

[*Government Gazette*, 20*th February* 1878.]

২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে তারিখে আজ্ঞা করেন, এই আইন সেই তারিখঅবধি প্রচলিত হইবে ইতি।

প্রচলিত হওনের সময়ের কথা।

৩ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যেং আইন নির্দ্দিষ্ট হইল, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর উল্লেখ হইয়াছে তাহা তত দূর রহিত হইবে।

যেং আইন রহিত হইবে তবিষয়ের কথা।

রহিত হইলেও উক্ত কোন আইনদ্বারা যে পদ কি ক্ষমতা কি বিষয় উঠাইয়া দেওয়া গেল তাহা পুনঃস্থাপিত হইবে না, ও এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে যে কোন কার্য্য করা কি ভোগ করা গেল ও যে কোন স্বত্ব কি অধিকার কি কর্ত্তব্য কর্ম্ম কি দায় ঘটিল তাহার সিদ্ধতার ব্যতিক্রম হইবে না।

ও উক্ত কোন আইনদ্বারা যেং বিধি নির্দ্দিষ্ট হইল ও যেং নিযোগ করা গেল ও যেং ক্ষমতা প্রদান করা গেল ও যেং লাইসেন্স দেওয়া গেল ও যেং জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল তাহা, এবং এই আইনে যেং বিষয়ের বিধান হইযাছে তৎসম্পর্কীয অন্য যে সকল বিধি এইক্ষণে প্রবল আছে তাহা, এই আইনের সহিত যত দূর সঙ্গত হয তত দূর, এই আইনমতে নির্দ্দিষ্ট হইল ও করা ও প্রদান করা ও দেওযা ও প্রকাশ করা গেল বলিয়া জ্ঞান হইবে।

ও উক্ত কোন আইনের উল্লেখ হইলে, তাহা যত দূর হইতে পারে তত দূর এই আইনের উল্লেখ বলিযা জ্ঞান হইবে।

ও উক্ত কোন আইনমতে মোকদ্দমাঘটিত যে কার্য্য আরম্ভ হইযা এইক্ষণে উপস্থিত থাকে, তাহা এই আইনমতে আরম্ভ করা গেল বলিয়া জ্ঞান হইবে ইতি।

৪ ধারা। বিষয় বিবেচনায কি পূর্ব্বাপর কথাদ্বারা, ভাবান্তর বোধ না হইলে এই আইনে,

অর্থ করণের ধারা।

ইঙ্গলণ্ডীয নিযমমতে যে ভাটিখানার কার্য্য চলে এমত ভাটীখানায় ভারতবর্ষে চোয়ান মদিরা "বাঙ্গাল রম" শব্দে জানিতে হইবে।

"বাঙ্গাল রম।"

"বোর্ড" শব্দে যৎকালে যেং প্রদেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে সেইং প্রদেশের "রেবিনিউ বোর্ড" জানিতে হইবে।

"বোর্ড।"

"কালেক্টর" শব্দের মধ্যে—

ডেপুটী কালেক্টর কিম্বা রাজস্বের অন্য যে কার্য্যকারক স্বাধীন ভাবে জিলার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হন তিনি, ও

"কালেক্টর।"

আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেন্ট গণ্য হন, এবং

কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক আপনার এই আইনমত কোন ক্ষমতা কি কর্ত্তব্য কর্ম্ম চিহ্নিত কি অচিহ্নিত কোন কার্য্যকারকের প্রতি অর্পণ করিতে এতৎক্রমে সক্ষম হইলেন। অর্পণ করিলে "কালেক্টর" শব্দে ঐ কার্য্যকারকও গণ্য।

"Commissioner" — "Commissioner" means the Commissioner of a Revenue Division

"Country spirit" — "Country spirit" means any spirit made by the native process of distillation.

"Intoxicating drugs." — "Intoxicating drugs" includes gaujah, bhang, churrus, and every preparation and admixture of the same.

"Local Government" — "Local Government" means the Lieutenant-Governor of Bengal for the time being, or the person acting in that capacity

"Section" — "Section" means a section of this Act

"The Suburbs" — "The Suburbs" means the Suburbs of Calcutta as defined by the Lieutenant-Governor by notification in the *Calcutta Gazette*

"The Town" — "The Town" means the Town of Calcutta, and includes all places within the local limits of the ordinary original civil jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal

Extent of Parts of Act. — 5 Parts II and V apply to all the territories for the time-being subject to the Lieutenant-Governor of Bengal, including the Town of Calcutta, Part III applies to all such territories, other than the Town of Calcutta, Part IV, save as provided in sections 84 and 102, applies only to the Town of Calcutta

PART II

English Distilleries

English distilleries not to be constructed or worked without license — 6 It shall not be lawful for any person to construct or work a distillery after the manner in which distilleries are constructed and worked in England without a license under the signature of the Collector of the district in which such distillery is situated, or, in case the distillery is within twenty miles of Calcutta, or such other distance less than twenty miles as may from time to time be prescribed by the Local Government without a license under the signature of the Collector of Calcutta.

"কমিশ্যনর।" — "কমিশ্যনর" শব্দে রাজস্ব সংক্রান্ত দেশখণ্ডের "কমিশ্যনর" সাহেবকে জানিতে হইবে।

"দেশীয় মদিরা।" — এই দেশের চলিত নিয়মমতে যে মদিরা চোয়ান যায় "দেশীয় মদিরা" শব্দে তাহাই জানিতে হইবে।

"মাদকদ্রব্য।" — "মাদক দ্রব্য" শব্দের মধ্যে গাঞ্জা, ভাঙ, চরস, ও তাহা দিয়া প্রস্তুত ও মিশ্রিত সকল দ্রব্য গণ্য।

"স্থানীয় গবর্ণমেণ্ট।" — যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্নর হন কিম্বা ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করেন, "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"ধারা।" — "ধারা" শব্দে এই আইনের ধারা জানিতে হইবে।

"শহরতলী।" — শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কলিকাতার শহরতলী বলিয়া যে স্থান নিরূপণ করেন "শহরতলী" শব্দে সেই স্থান জানিতে হইবে।

"নগর।" — "নগর" শব্দে কলিকাতা নগর জানিতে হইবে, ও বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট যে সীমার মধ্যে দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণের সাধারণ ক্ষমতাপন্ন হন, সেই সীমার অন্তর্গত সকল স্থান ঐ "নগর" শব্দের মধ্যে গণ্য ইতি।

এই আইনের নানা খণ্ডের ব্যাপকতার কথা। — ৫ ধারা। যৎকালে যে প্রদেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে কলিকাতাসুদ্ধ সেই সকল প্রদেশে ২ দ্বিতীয় ও ৫ পঞ্চম খণ্ডের বিধান বর্ত্তে। তৃতীয় খণ্ড কলিকাতা নগরভিন্ন সেই সকল প্রদেশে বর্ত্তে। ও ৮৪ ও ১০২ ধারার বিধানের স্থলভিন্ন, ৪ চতুর্থ খণ্ড কেবল কলিকাতা নগরের প্রতি বর্ত্তে ইতি।

২ দ্বিতীয় খণ্ড।

ইঙ্গলণ্ডীয় নিয়মমত ভাটীখানাবিষয়ক বিধি।

লাইসেন্সবিনা ইঙ্গলণ্ডীয় নিয়মমত ভাটীখানা স্থাপন করিতে ও তাহার কার্য্য চালাইতে না হইবার কথা — ৬ ধারা। ইঙ্গলণ্ডে ভাটীখানা যেরূপে নির্ম্মাণ হইয়া থাকে ও তাহার কার্য্য যেরূপে চলে, কোন ব্যক্তি কোন জিলার মধ্যে তদ্রূপ ভাটীখানা স্থাপন করিতে চাহিলে, সেই জিলার কলেক্টর সাহেবের স্বাক্ষরিত লাইসেন্স না পাইলে, কিম্বা কলিকাতা হইতে বিশ মাইলের মধ্যে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিশ মাইলের কম যত দূর নিদ্ধার্য্য করেন তাহার মধ্যে কোন স্থানে ঐ ভাটীখানা স্থাপন করিতে চাহিলে কলিকাতার কালেক্টর সাহেবের স্বাক্ষরিত লাইসেন্স না পাইলে, তদ্রূপ ভাটীখানা প্রস্তুত করিতে কি তাহার কার্য্য চালাইতে পারিবেন না, ইতি।

7 The Board may prescribe such rules (not being inconsistent with the provisions of this Act,) relative to the granting of licenses under section 6, and to the management of distilleries established under this Part, and the issue of spirits therefrom, as may from time to time be judged expedient.

Board to prescribe rules for regulating English distilleries

৭ ধারা। ৬ ধারামতে লাইসেন্স দেওন, ও এই খণ্ড অনুসারে স্থাপিত ভাটীখানার কার্য্যাধ্যক্ষতা করণ, ও তাহাহইতে মদিরা চালান করণবিষয়ক যে২ বিধি সময়েং বিহিত বোধ হয়, বোর্ডের সাহেবেরা সেইং বিধি প্রণয়ন করিতে পারিবেন, কিন্তু সেই বিধি যেন এই আইনের বিধানের অসঙ্গত না হয় ইতি।

ইঙ্গলণ্ডীয় নিয়মমত ভাটি-খানার বিধান করণার্থে বো-র্ডের বিধি করিতে পারিবার কথা।

8 Subject to any general rules or special orders which the Governor General in Council may from time to time issue in this behalf, the Local Government may, from time to time by notification in the *Calcutta Gazette*, fix the excise duty leviable upon spirit manufactured at distilleries worked according to the English method at a rate not exceeding the rate fixed for imported spirit by the Indian Tariff Act, 1875, or any similar law for the time being in force No spirit shall be removed from any such distillery, or the warehouses connected therewith, upon which the aforesaid duty has not been paid, or for the duty chargeable on which a bond has not been executed, and for all spirits removed upon payment of duty or under bond passed shall be issued by the Collector, which shall specify the quantity and strength of the spirit, the place of its destination, the person to whom it is consigned, and whether the duty has been paid or secured by bond

Rate of duty to be levied on spirits

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এতৎপক্ষে সময়েং যে সাধারণ বিধি কি বিশেষ আজ্ঞা প্রচার করেন, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা প্রবল মানিয়া, সময়েং কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যেং ভাটীখানার কার্য্য চলে তন্মধ্যে চোয়ান মদিরার উপর আবকারী যত মাসুল লইতে হইবে ইহা স্থির করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষীয় তারিফবিষয়ক ১৮৭৫ সালের আইনক্রমে কিম্বা সেই মর্ম্মের অন্য যে আইন যৎকালে প্রবল থাকে তৎক্রমে, ভিন্নদেশহইতে আনীত মদিরার উপর যে হারে মাসুল নির্দ্ধারিত হয় তাহার অনধিক হারে ঐ মাসুল ধার্য্য হইবে। কোন মদিরার উপর পূর্ব্বোক্ত মাসুল না দেওয়া গেলে, কিম্বা যে মাসুল লাগিবে তাহার বাণ্ড লিখিয়া দেওয়া না গেলে, ঐ মদিরা উক্ত কোন ভাটীখানার কিম্বা তৎসংক্রান্ত কোন গুদামের বাহিরে আনা যাইতে পারিবে না। এবং মাসুল দিয়া কিম্বা বাণ্ড লিখিয়া যে সকল মদিরা বাহিরে আনা যায় কালেক্টর সাহেব তাহার ছাড়পত্র দিবেন। যত মদিরা, ও তাহার যে তীব্রতা, ও তাহা যে স্থানে চালান হইবে, ও যাঁহার নিকট পঁহুছাইয়া দিতে হইবে, ও তাহার উপর মাসুল দেওয়া গেল কি মাসুলের নিমিত্ত বাণ্ড দেওয়া গেল, ঐ ছাড়পত্রে এই সকল কথা নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

মদিরার উপর যে হারে মাসুল লওয়া যাইবে তদ্বিষয়ের কথা।

9 A drawback of the duty paid on spirits manufactured after the English method and exported by sea to any port not subject to the Government of India, or to the Port of Aden, shall be allowed by the Collector of Customs at the port of exportation Provided that the exportation shall be made within one year from the date of the payment of duty under this Part, and that the spirits, when brought to the Custom House, shall be accompanied by the pass in which such payment is certified

Drawback on exportation

৯ ধারা। ইঙ্গলণ্ডীয় নিয়মমতে চোয়ান যে মদিরা সমুদ্রপথে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনধীন কোন বন্দরে কিম্বা আদেন বন্দরে রফ্তানী করা যায়, তাহার উপর মাসুল দেওয়া গেলে, যে বন্দরে রফ্তানী হয় সেই বন্দরের কষ্টমের কালেক্টর সাহেব ঐ মাসুলের একাংশ ফিরিয়া দিবার অনুমতি দিবেন। কিন্তু তদ্রূপ স্থলে প্রয়োজন যে, এই খণ্ডমতে মাসুল দিবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ মদিরা রফ্তানী হয়, ও ঐ মাসুল দেওয়ার সর্টিফিকট যে ছাড়পত্রে লেখা থাকে কষ্টম হৌসে মদিরা আনিলে সেই ছাড়পত্রও সঙ্গে আনা যায় ইতি।

রফ্তানী হইলে ফেরৎ মাসুল পাইবার কথা।

10 All licensed distilleries constructed and worked after the English method and situated within twenty miles of Calcutta, or such other distance less than twenty miles as may from time to time be prescribed by the Local Government, shall be under the superintendence and control of the Collector of Calcutta, who shall exercise, with respect to such

Distilleries within twenty miles of Calcutta to be under the Collector of Calcutta

১০ ধারা। কলিকাতাহইতে বিশ মাইলের মধ্য, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং বিশ মাইলের কম যত দূর নির্দ্ধার্য্য করেন তাহার মধ্য কোন স্থানে লাইসেন্সপ্রাপ্ত যে সকল ভাটিখানা ইঙ্গলণ্ডীয় নিয়মমতে প্রস্তুত হইয়, তাহার কার্য্য চালান যায়, তাহা কলিকাতার কালেক্টর সাহেবের তত্ত্বের ও কর্তৃত্বের অধীনে থাকিবে।

কলিকাতাহইতে বিশ মাইলের মধ্যে যেং ভাটিখানা থাকে তাহা কলিকাতার কালেক্টর সাহেবের অধীন থাকার কথা।

distilleries and to the spirits manufactured therein, all the powers vested in Collectors by this Act, and the Collectors of districts in which any such distilleries are situated shall have no jurisdiction with respect to such distilleries

Penalty for constructing or working a distillery or collecting materials without license.

11 Every person who shall construct or work a distillery after the English method without a license from the Collector shall be liable for every such offence to a fine not exceeding one thousand rupees, and all spirits manufactured at any such distillery, and all materials and implements collected for the purpose of such manufacture, shall be liable to confiscation

Penalty for contravention of rules prescribed by Board

12 Every proprietor or manager of a licensed distillery constructed and worked after the English method who shall by any act or omission contravene any rule prescribed by the Board under section 7, shall be liable for every such offence to a fine not exceeding two hundred rupees, and if any such offence be committed a second time with respect to the same distillery, the license granted for the working of such distillery may be withdrawn by the Collector

Penalty for removing spirituous liquors without payment of duty

13 Every person who shall remove, or attempt to remove, from any licensed distillery constructed and worked after the English method any spirituous liquors upon which the duty has not been paid, or for the duty on which a bond has not been executed, or any spirituous liquors for which a pass has not been issued by the Collector, shall be liable for every such offence to a fine not exceeding one thousand rupees, and the liquors together with the vessels containing the same and the animals and conveyances used in carrying them, shall be liable to confiscation

If it shall appear to the Collector that the offence was committed with the consent or knowledge of the proprietor or manager the license granted for the construction and working of the distillery from which such liquors have been removed, or attempted to be removed, may be withdrawn

Licenses

Duty on the retail sale of country spirits, &c

14 Every person taking out a license for the retail sale of country spirits, taree (whether fermented or unfermented), or puchwai, or intoxicating drugs, shall pay to the Collector such fee, tax, or duty, as may from time to time

এই আইনে কালেক্টর সাহেবদের প্রতি যে২ ক্ষমতা প্রদান করা গেল, তিনি ঐ২ ভাটীখানা ও তন্মধ্যে চোয়ান মদিরা সম্পর্কে সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবেন। ও তদ্রূপ কোন ভাটীখানা যে২ জিলার মধ্যে থাকে, সেই২ ভাটীখানাসম্পর্কে সেই২ জিলার কালেক্টর সাহেবদের এলাকা থাকিবে না ইতি।

লাইসেন্স বিনা ভাটিখানা প্রস্তুত করণের কি তাহার কার্য্য চালাওনের কি সরঞ্জাম সংগ্রহ করণের কথা।

১১ ধারা। কোন ব্যক্তি কালেক্টর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া ইঙ্গলণ্ডীয় নিয়মমতে ভাটীখানা প্রস্তুত করিলে কি তাহার কার্য্য চালাইলে, তদ্রূপ অপরাধের জন্যে তাঁহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও তদ্রূপ কোন ভাটীখানায় যে সকল মদিরা চোয়ান যায়, ও চোয়াইবার নিমিত্ত যে সকল সরঞ্জাম ও যন্ত্রাদি সংগ্রহ করা যায়, তাহাও জব্দ হইতে পারিবে ইতি।

রেবিনিউ বোর্ডের নির্দ্ধারিত বিধির বিপরীতাচরণ করিবার দণ্ডের কথা।

১২ ধারা। ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে ভাটীখানা প্রস্তুত করা যায় ও যাহার কার্য্য চালান যায় লাইসেন্সপ্রাপ্ত এমত ভাটীখানার কোন স্বামী কি অধ্যক্ষ কোন কার্য্য করিয়া বা করিতে ত্রুটি করিয়া ৭ ধারাক্রমে বোর্ডের নির্দ্ধারিত কোন বিধির বিপরীতাচরণ করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও সেই ভাটীখানার সম্পর্কে সেই অপরাধ দ্বিতীয়বার করা গেলে, কালেক্টর সাহেব ঐ ভাটীখানার কার্য্য চালাইবার লাইসেন্স ফিরিয়া লইতে পারিবেন ইতি।

মাসুল না দিয়া উগ্রশরাব স্থানান্তর করিবার দণ্ডের কথা।

১৩ ধারা। ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে ভাটীখানা প্রস্তুত ও যাহার কার্য্য চলন হয়, উগ্র যে শরাবের উপর মাসুল দেওয়া যায় নাই কিম্বা যাহার মাসুলের বাণ্ড লিখিয়া দেওয়া যায় নাই কিম্বা উগ্র যে শরাবের নিমিত্ত কালেক্টর সাহেব ছাড়পত্র দেন নাই, কোন ব্যক্তি লাইসেন্সপ্রাপ্ত সেই ভাটীখানাহইতে এমত শরাব স্থানান্তর করিলে, কি করিবার উদ্যোগ করিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও সেই শরাব যে২ পাত্রে থাকে ও যে২ পশ্বাদির বা গাড়ীপ্রভৃতির দ্বারা বহন করা যায় তাহাসুদ্ধ ঐ শরাব জব্দ হইতে পারিবে।

ভাটিখানার স্বামির কিম্বা কার্য্যাধ্যক্ষের অনুমতি কি জ্ঞানপূর্ব্বক ঐ অপরাধ করা গিয়াছে, কালেক্টর সাহেব ইহা দেখিতে পাইলে, যে ভাটীখানাহইতে ঐ শরাব স্থানান্তর করা গেল কি স্থানান্তর করিবার উদ্যোগ হইল তাহার প্রস্তুত করণের ও তন্মধ্যে কার্য্য চলনের যে লাইসেন্স দেওয়া গিয়াছিল তাহা ফিরিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

লাইসেন্সবিষয়ক কথা।

দেশীয় মদ্যাদির খুজরা বিক্রয়ের উপর মাসুলের কথা।

১৪ ধারা। কোন ব্যক্তি দেশীয় মদিরা কি টাড়ি কি গাঁজলা তাড়ী কি পচুই কি মাদকদ্রব্য খুচরা বিক্রয় করিবার লাইসেন্স লইলে, বোর্ডের সাহেবদের অনুমতিক্রমে কিম্বা বোর্ডের নির্দ্ধারিত নিয়মানুসারে সময়ে২

be fixed with the sanction of the Board, or regulated in such manner as the Board may prescribe, and such fee, tax, or duty shall be specified in the license, and shall be payable at such periods as the Board may direct

15 Every person taking out a license for the manufacture of country spirits,* or for the retail sale of spirituous or fermented liquors or intoxicating drugs, shall execute a counterpart engagement in conformity with the tenor of the license, and shall give such security for the performance of his engagement, or make such deposit in lieu of security, as the Collector may require

Licensed retail vendors of country spirits to furnish security

16 Except in the case of licenses for the retail sale of unfermented tarce, the term of which extends only to the period of the year when the fresh juice is in request, and unless otherwise specially authorized by the Board a license for retail sale shall be granted for the term of one year and if continued to the holder thereof shall be formally renewed from year to year But it shall be incumbent on every person holding a license who may intend not to renew it to give notice of his intention to the Collector fifteen days previously to the expiration of the year, and if such notice be not given, and the license be not recalled by the Collector, the license held and engagement entered into by every such person shall remain in force as if the said license and engagement had been formally renewed

Duration and renewal of license

17 The Board shall have authority to regulate the form and conditions of all licenses granted under this Act

Board to regulate form of license

18 The Collector may withhold or cancel any license granted under this Act if the tax or duty therein specified be not duly paid, or in case of a violation of any other condition thereof, or of the holder being convicted of a breach of the peace or any other criminal offence, and in such cases the holder shall not be entitled to a refund of any fee, tax, or duty payable under the license which he may have paid to the Collector in advance

License may be withheld or cancelled in certain cases

If the Collector desire to cancel a license for any cause other than those above specified, he shall give fifteen days' previous notice and remit

যে ফী কি টাক্স কি মাস্থল ধার্য্য হয়, ঐ ব্যক্তি কালেক-টর সাহেবকে তাহা দিবেন। ঐ ফী কি টাক্স কি মাস্থল ঐ লাইসেন্সে নির্দ্দিষ্ট থাকিবে, ও বোর্ডের সাহেবেরা যে২ সময়ের আজ্ঞা করেন সেই২ সময়ে দেওয়া যাইবে ইতি।

১৫ ধারা। কোন ব্যক্তি দেশীয় মদিরা চোয়াইবার, কিম্বা উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য খুজরা বিক্রয় করিবার লাইসেন্স গ্রহণ করিলে, তিনি সেই লাইসেন্সের মর্ম্মানুযায়ি কবুলিয়ৎ লিখিয়া দিবেন, ও কালেক্টর সাহেব তাঁহার কবারমতে কর্ম্ম করিবার যে জামিন চাহেন তাহা দিবেন, কিম্বা জামিনের পরিবর্ত্তে যত টাকা আমানৎ করিতে বলেন করিবেন ইতি।

দেশীয় মদের লাইসেন্স প্রাপ্ত খুজরা বিক্রেতাদের জামিন দিতে হইবার কথা।

১৬ ধারা। বৎসরের যে সময়ে লোকেরা টাটকা তাড়ী খাইয়া থাকে, টাটকা তাড়ী বিক্রয় করিবার লাইসেন্সের মিয়াদ কেবল সেই সময়ের নিমিত্তে চলে। সেই স্থলভিন্ন ও বোর্ডের সাহেবেরা প্রকারান্তরের বিশেষ অনুমতি না দিলে, খুজরা বিক্রয়ের লাইসেন্স কেবল এক বৎসরের নিমিত্ত দেওয়া যাইবে, ও লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির সেই কার্য্য করিতে থাকিবার অনুমতি হইলে বৎসর২ তাহা দাঁড়ামতে নূতন করিয়া লইতে হইবে। কিন্তু লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি তাহা নূতন করিয়া না লইবার মনস্থ করিলে, বৎসরের অবসানের পূর্ব্বে ১৫ পঞ্চদশ দিন থাকিতে কালেক্টর সাহেবকে তাঁহার সেই মনস্থের নোটিস দিতে হইবে। ঐ নোটিস না দেওয়া গেলে ও কালেক্টর সাহেব সেই লাইসেন্স রহিত না করিলে, উক্ত প্রত্যেক ব্যক্তির যে লাইসেন্স আছে ও তিনি যে কবুলিয়ৎ দিলেন তাহা দাঁড়ামতে নূতন করিয়া লওনের ও দেওনের ন্যায় প্রবল থাকিবে ইতি।

লাইসেন্স যত দিন প্রবল থাকিবে তাহার ও নূতন করিয়া লওনের কথা।

১৭ ধারা। বোর্ডের সাহেবেরা এই আইনমতে দত্ত সকল লাইসেন্স লিখিবার পাঠের ও নিয়মের বিধান করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

লাইসেন্স লিখিবার পাঠের বিধান বোর্ডের করিতে হইবার কথা

১৮ ধারা। লাইসেন্সে যে টাক্স কি মাস্থল নির্দ্দিষ্ট থাকে তাহা নিয়মমতে না দেওয়া গেলে, কিম্বা লাইসেন্সের অন্য কোন নিয়ম ভঙ্গ হইলে, কিম্বা লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির শান্তিভঙ্গ করণাপরাধ কি অন্য কোন ফৌজদারী অপরাধ নির্ণয় হইলে, কালেক্টর সাহেব এই আইনমতে লাইসেন্স না দিতে বা দেওয়া গেলে বাতিল করিতে পারিবেন। তদ্রূপ স্থলে ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি লাইসেন্সমতে কালেক্টর সাহেবকে অগ্রিম যে ফী কি টাক্স কি মাস্থল দিয়া থাকেন তাহার কোন অংশ তাঁহার ফিরিয়া পাইবার অধিকার নাই।

কোন২ স্থলে লাইসেন্স না দিবার বা বাতিল করিবার কথা।

কালেক্টর সাহেব পূর্ব্বোক্ত কারণভিন্ন কোন কারণে লাইসেন্স বাতিল করিতে চাহিলে, তিনি ১৫ পঞ্চদশ দিন থাকিতে নোটিস দিয়া পনের দিনের টাক্সের তুল্য টাকা

a sum equal to the tax for fifteen days, or, if notice be not given, shall make such further compensation for default of notice as the Commissioner or Board shall direct In all such cases any fee, tax, or duty already paid in advance shall be refunded

Any person selling by retail any spirituous or fermented liquors or intoxicating drugs above specified whilst such license is withheld, or after it is cancelled, shall be subject to all the penalties provided by Parts III and IV for the unlicensed sale of spirituous or fermented liquors or intoxicating drugs

19 Any licensed retail vendor may surrender his license on giving fifteen days' previous notice to the Collector and paying a sum equal to the tax for fifteen days over and above the sum payable under the license

Surrender of license

20 The Collector, after demand made in writing, may recover any arrears of tax or duty due on account of any license granted under this Act by distress and sale of the goods and chattels of the person from whom the same is due, or of his surety, or by the process described in Bengal Act VII of 1868

Recovery of arrears of duty on license

PART III – BENGAL

Excise Administration

21 The collection of the revenue arising from the manufacture of spirits and the sale of spirits and spirituous and fermented liquors and intoxicating drugs shall be ordinarily under the charge of the Collectors, who shall perform the duties connected therewith under the control and direction of the Commissioners and of the Board But the Government may appoint any other person to be Superintendent of Excise Revenue in any district or place, and any person so appointed shall exercise, in such district or place, all the powers and authority vested by this Part in the Collector, and such powers and authority shall cease to be exercised in such district or place by the Collector during the continuance of such appointment

Collectors to have charge of the Excise Revenue

22 The Local Government may also appoint a Commissioner or Commissioners for the control and direction of the officers having charge of the excise revenue in any district

Local Government may appoint Commissioners of Excise

কম করিবেন, কিম্বা নোটিস না দিলে তাঁহার নোটিস না দেওয়াতে যে হানি হয় কমিশ্যনর সাহেব কিম্বা বোর্ডের সাহেবেরা যত টাকার আজ্ঞা করেন তিনি হানিপূরণ-স্বরূপ আর তত টাকা দিবেন। তদ্রূপ সকল স্থলে যে ফী কি টাক্স কি মাসুল আগ্রিম দেওয়া গেল তাহা ফিরিয়া দেওয়া যাইবে।

ঐ লাইসেন্স না দেওয়া গেলে, কিম্বা তাহা বাতিল করা গেলে পর কোন ব্যক্তি পূর্ব্ব নির্দ্দিষ্ট কোন উগ্র কি গাঁজন্য শরাব কি মাদক দ্রব্য খুজরা বিক্রয় করিলে, ৩ তৃতীয় ও ৪ চতুর্থ খণ্ডে লাইসেন্স বিনা উগ্র কি গাঁজন্য শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করণের যেং দণ্ড নির্দ্ধারিত আছে, ঐ ব্যক্তির সেইং দণ্ড হইতে পারিবেক ইতি।

১৯ ধারা। খুজরা বিক্রয়ের লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি ১৫ পঞ্চদশ দিন থাকিতে কালেক্টর সাহেবকে নোটিস দিয়া ও লাইসেন্স অনুসারে তাঁহার যত টাকা টাক্স দিতে হয় তদতিরিক্ত পনের দিনের টাক্সের তুল্য টাকা দিয়া, আপনার লাইসেন্স ফিরিয়া দিতে পারিবেন ইতি।

লাইসেন্স ফিরিয়া দিবার কথা।

২০ ধারা। এই আইনমতে যে লাইসেন্স দেওয়া যায় তজ্জন্যে কোন টাক্স কি মাসুল বাকী থাকিলে, যাঁহার নিকটে পাওনা থাকে কালেক্টর সাহেব লিখিয়া দাওয়া করিলে পর তাঁহার কিম্বা তদীয় জামিনের মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া, কিম্বা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালীমতে ঐ বাকী আদায় করিতে পারিবেন ইতি।

লাইসেন্সের উপর বাকী মাসুল আদায় করিবার কথা।

৩ তৃতীয় খণ্ড। – বঙ্গদেশ।

আবকারী কার্য্যনিরূপণ বিষয়ক বিধি।

২১ ধারা। মাদরা প্রস্তুত করা ও মদ্য ও উগ্র ও গাঁজন্য শরাব ও মাদকদ্রব্য বিক্রয় করাদ্বারা যে রাজস্ব উৎপন্ন হয়, তাহা আদায় করণের অধ্যক্ষতা কার্য্যের ভার সামান্যতঃ কালেক্টর সাহেবের প্রতি অর্পিবে, তিনি কমিশ্যনর সাহেবের ও বোর্ডের সাহেবদের কর্তৃত্ব ও আজ্ঞার অধীনে তৎসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিবেন। কিন্তু গবর্ণমেণ্ট কোন জিলায় কি স্থানে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্টস্বরূপ অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। ও এই খণ্ডে কালেক্টর সাহেবের প্রতি যে শক্তি ও ক্ষমতা প্রদান করা গেল, তদ্রূপ নিযুক্ত ব্যক্তি সেই জিলায় কি স্থানে সেই সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিবেন, ও সেই নিয়োগ যত দিন প্রবল থাকে তত দিন কালেক্টর সাহেব ঐ জিলায় কি স্থানে সেইং শক্তি ও ক্ষমতামতে আর কার্য্য করিবেন না ইতি।

আবকারী রাজস্বের অধ্যক্ষতা ভার কালেক্টর সাহেবের প্রতি অর্পিবার কথা।

২২ ধারা। কোন এক কি কএক জিলায় যে কার্য্যকারকেরা আবকারী রাজস্বের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হন তাঁহাদের উপর কর্তৃত্ব করণার্থে ও তাঁহাদিগকে

আবকারী কমিশ্যনর দিগকে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত করিতে পারিবার কথা।

or districts; and when such appointment is made, the Commissioner of Excise shall exercise within such district or districts the powers and authority vested by this Part in Commissioners of Revenue, and the Revenue Commissioner shall cease to exercise such powers and authority in the said district or districts during the continuance of such appointment

23 Collectors may appoint all such ministerial officers as are necessary for the collection of the excise revenue and for the prevention of smuggling, and the officers so appointed shall, in addition to their ordinary designations, be styled "Excise Officers"

Collectors may appoint excise officers

24 Spirituous liquors passed from distilleries worked according to the English method, fermented liquors manufactured at a licensed brewery, and spirituous and fermented liquors imported either by land or by sea shall not be sold except under license from the Collector

Spirituous and fermented liquors not to be sold without license

25 Every person taking out a license for the wholesale vend of spirituous and fermented liquors as aforesaid shall pay for every such license such sum as may from time to time be fixed with the sanction of the Board The license shall be current only during the official year and in the district in which it is granted, but travelling merchants may obtain a general license, authorizing them to sell by wholesale in any district which they may visit in the course of their travel without taking out a fresh license for that district, under such rules and restrictions as may be from time to time prescribed by the Board

Fee for wholesale license

26 Every person taking out a license for the retail sale of spirituous and fermented liquors as aforesaid shall pay for every such license such fee, tax, or duty as may from time to time be fixed with the sanction of the Board, or a fee, tax, or duty adjusted or regulated in such manner and in accordance with such rules as the Board may prescribe, and such fee, tax, or duty shall be specified in the license, and shall be payable in advance or at such periods as the Board may direct Any sale of spirituous or fermented liquors as aforesaid in less

Fee tax or duty payable for retail license

What to be held a retail sale

আদেশ দেওনার্থে স্থানীয় গবর্ণমেন্ট এক কি কএক জন কমিশ্যনরকেও নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপ ব্যক্তিদিগকে নিযুক্ত করা গেলে এই খণ্ডে রাজস্বের কমিশ্যনরদের প্রতি যেং শক্তি ও ক্ষমতা প্রদান করা গেল ঐ কি ঐং জিলার মধ্যে ঐ আবকারী কমিশ্যনর সেইং শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিবেন। ও সেই নিয়োগ যত দিন প্রবল থাকে তত দিন রাজস্বের কমিশ্যনর সাহেব ঐ বা ঐং জিলায় সেইং শক্তি ও ক্ষমতামতে আর কার্য্য করিবেন না ইতি।

২৩ ধারা। আবকারী রাজস্ব আদায় করণার্থে ও মাসুল চুরি নিবারণার্থে যেং কার্য্যকারক আবশ্যক হয় কালেক্টর সাহেবেরা তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন। ও আপনং পদসম্পর্কীয় নামভিন্ন ঐ কার্য্যকারকদিগকে "আবকারী কার্য্যকারক" নামেও বলা যাইবে ইতি।

আবকারী কার্য্যকারকদিগকে কালেক্টর সাহেবদের নিযুক্ত করিবার কথা।

২৪ ধারা। ইঙ্গলণ্ডীয় নিয়মানুসারে যে ভাটিখানার কার্য্য চালান যায় তাহা হইতে যে উগ্র শরাব বাহির হয় ও যবসুরার লাইসেন্স প্রাপ্ত ভাটিখানায় যে গাঁজলা শরাব প্রস্তুত হয়, ও স্থলপথে কি সমুদ্রপথে যে উগ্র ও গাঁজলা শরাবের আমদানী হয়, কালেক্টর সাহেবের লাইসেন্স বিনা তাহা বিক্রয় হইতে পারিবে না ইতি।

লাইসেন্স বিনা উগ্র ও গাঁজলা শরাব বিক্রয় হইতে না পারিবার কথা।

২৫ ধারা। যাঁহারা পূর্ব্বোক্ত উগ্র ও গাঁজলা শরাব থোকে বিক্রয় করিবার লাইসেন্স লন, বোর্ডের অনুমতিক্রমে সময়েং যত টাকা নির্দ্ধার্য্য হয় তাঁহাদের ঐ প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত তত টাকা দিতে হইবে। রাজকীয় কার্য্য সম্পর্কীয় যে সালে যে জিলায় লাইসেন্স দেওয়া যায় কেবল সেই সালে ও সেই জিলায় প্রবল থাকিবে। যাঁহারা দেশেং ভ্রমণ করিয়া বাণিজ্য করেন, তাঁহারা ভ্রমণ করিতেং যেং জিলায় যান সেইং জিলার নিমিত্ত নূতনং লাইসেন্স না লইয়া, বোর্ডের সাহেবেরা সময়েং যেং বিধি ও যেং সীমা নির্দ্ধার্য্য করেন সেইং বিধি ও সেইং সীমানুসারে সেইং জিলায় থোকে বিক্রয় করিবার অনুমতিসূচক সাধারণ একি লাইসেন্স পাইতে পারিবেন ইতি।

থোকে বিক্রয়ের লাইসেন্স ফীর কথা।

২৬ ধারা। যাঁহারা পূর্ব্বোক্ত উগ্র ও গাঁজলা শরাবের খুজরা বিক্রয়ের লাইসেন্স লন, বোর্ডের অনুমতিক্রমে সময়েং যে ফী কি টাক্স কি মাসুল নির্দ্ধারিত হয়, কিম্বা বোর্ডের সাহেবেরা যে প্রকারে আজ্ঞা করেন ও যে বিধি নির্দ্ধার্য্য করেন সেই প্রকারে ও সেই বিধিমতে যে ফী কি টাক্স কি মাসুল নিরূপণ করা যায়, উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত ঐ ব্যক্তিদের সেই ফী কি টাক্স কি মাসুল দিতে হইবে। ঐ ফী কি টাক্স কি মাসুল ঐ লাইসেন্সে নির্দ্দিষ্ট থাকিবে, এবং তাহা অগ্রিম কিম্বা বোর্ডের সাহেবেরা যেং সময় নিরূপণ করেন সেইং সময়ান্তরে দেওয়া যাইবে। পূর্ব্বোক্ত উগ্র কি গাঁজলা শরাব

খুজরা বিক্রয় করিবার লাইসেন্সের নিমিত্ত যে ফী কি টাক্স কি মাসুল দিতে হইবে তদ্বিষয়ের কথা।

quantity than two imperial gallons or one dozen of reputed quart bottles shall be held to be a retail sale

27 It shall not be lawful for any person to manufacture spirits after the native process, or such other spirituous or fermented liquors or intoxicating drugs as the Board, with the previous sanction of the Local Government, may specify, nor to sell such spirits, liquors, or drugs, or any preparation or admixture of the same, or to cultivate plants from which intoxicating drugs are produced, except under license from the Collector

Country spirits, liquors, and drugs not to be manufactured or sold without license.

28 All the provisions relating to the sale or possession of fermented liquors contained in the following sections of this Part shall be held applicable to the sale or possession of taree, whether in a fermented state or otherwise, and all taree both fresh and fermented shall be held to be included in the expression "fermented liquors" as used in the following sections of this Part

Taree to be held to be a fermented liquor

Provided that the local Government may, on the report of the Board, pass an order suspending the operation of all the provisions relating to taree contained in this Part with respect to any district in which the consumption of taree in a fermented state is inconsiderable, and after the passing of any such order, it shall be lawful for taree to be possessed and sold without license in any such district, notwithstanding anything contained in this Part

29 The Collector, with the sanction of the Board, may establish at any place within his jurisdiction a distillery in which spirits may be manufactured after the native process, and may from time to time fix limits within which no country spirits except such as are manufactured at the said distillery, shall be introduced or sold without a special pass from the Collector, and within which no stills shall be constructed or worked, or spirits manufactured, except at the said distillery He may also, with the like sanction, discontinue any distillery so established whenever its discontinuance may appear to be expedient

Collectors may establish distilleries for country spirits

30 The Board may prescribe such rules relative to the management of distilleries established under the last preceding section, to the conditions on which spirits may be manu-

Board may prescribe rules for distilleries.

ইম্পিরিয়ল দুই গ্যালনের কম কিম্বা যাহা কুয়ার্ট বোতল বলিয়া জানা আছে এমত এক ডজনের কম বোতল বিক্রয় হইলে, তাহা খুজরা বিক্রয় বলিয়া জ্ঞান হইবে ইতি।

খুজরা বিক্রয় কাহাকে বলে তদ্বিষয়ের কথা।

২৭ ধারা। কোন ব্যক্তি কালেকটর সাহেবের স্থানে লাইসেন্স না পাইলে, দেশীয় নিয়মমতে শরাব, কিম্বা বোর্ডের সাহেবেরা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক অন্য যে উগ্র কি গাঁজলা সরাব কি মাদকদ্রব্য নির্দ্দেশ করেন তাহা প্রস্তুত করিতে, কিম্বা ঐ মদির কি শরাব কি মাদকদ্রব্য কিম্বা তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত কোন দ্রব্য বিক্রয় করিতে, বা মাদকদ্রব্য যাহাতে উৎপন্ন হয় এমত কোন গাছের চাষ করিতে পারিবেন না ইতি।

দেশীয় শরাব ও মদিরা ও মাদকদ্রব্য লাইসেন্স বিনা প্রস্তুত বা বিক্রয় করিতে না হইবার কথা।

২৮ ধারা। এই খণ্ডের পশ্চাৎ লিখিত ধারায় গাঁজলা শরাব বিক্রয় করণ কি নিকট রাখণ সম্পর্কীয় যে সকল বিধান আছে তাহা গাঁজলা কি টাটকা তাড়ী বিক্রয়ের কি নিকট রাখণের প্রতিও খাটিতে পারিবে। ও এই খণ্ডের পশ্চাৎ লিখিত নানা ধারায় "গাঁজলা শরাব" এই শব্দ থাকিলে, তন্মধ্যে টাটকা ও গাঁজলা সকল তাড়ীও ধরা গেল জানিতে হইবে।

তাড়ী গাঁজলা শরাব বলিয়া জানিবার কথা।

কিন্তু কোন জিলায় অত্যল্প গাঁজলা তাড়ী ব্যবহার হইয়া থাকিলে, তৎসম্পর্কে স্থানীয় গবর্ণমেণ্ট বোর্ডের সাহেবদের রিপোর্টমতে সেই জিলায় এই খণ্ডের তাড়ী-বিষয়ক সকল বিধানের প্রচলন স্থগিত থাকিবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা হইলে পর এই খণ্ডে ভাবান্তরের বিধান থাকিলেও উক্ত কোন জিলায় লাইসেন্স বিনাও তাড়ী নিকটে রাখিতে ও বিক্রয় করা যাইতে পারিবে ইতি।

২৯ ধারা। কালেকটর সাহেব বোর্ডের অনুমতি লইয়া আপন এলাকার অন্তর্গত কোন স্থানে দেশীয় নিয়মমতে মদ চোয়াইবার কোন ভাটীখানা স্থাপন করিতে পারিবেন। ও কালেক্টর সাহেবের বিশেষ ছাড়পত্র না থাকিলে যেং সীমার মধ্যে সেই ভাটিখানার চোয়ান মদিরাভিন্ন দেশীয় মদিরা বিক্রয় করিতে না হইবে ও ঐ ভাটিখানা ছাড়া কোন ভাটীখানায় ভাটি প্রস্তুত করা যাইতে কি তদ্দ্বারা কার্য্য চালান যাইতে কি মদিরা চোয়ান যাইতে না পারিবে, তিনি সময়েং এমত সীমা নির্দ্ধার্য্য করিতে পারিবেন। আরো কোন সময়ে কোন ভাটীখানা উঠাইয়া দেওয়া বিহিত বোধ হইলে, তিনি পূর্ব্বোক্তরূপ অনুমতি লইয়া পূর্ব্বোক্তমতে স্থাপিত কোন ভাটীখানা উঠাইয়াও দিতে পারিবেন ইতি।

দেশীয় শরাব চোয়াইবার ভাটিখানা কালেকটর সাহেবদের স্থাপন করিতে পারিবার কথা।

৩০ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যেং ভাটীখানা স্থাপিত হয়, বোর্ডের সাহেবেরা তাহার কার্য্য চালাওন বিষয়ক, ও ঐং ভাটীখানায় মদিরা চোয়াইবার নিয়ম বিষয়ক, ও ঐ মদিরা বিক্রেতা-

ভাটিখানার বিধি বোর্ডের করিতে পারিবার কথা।

factured in the said distilleries, and to the passes to be issued for the conveyance of such spirits to the shops of the vendors, as may from time to time be judged expedient

Board may prescribe rules to regulate the supply of fermented liquors to licensed vendors, and the cultivation, preparation, storing, possession, and transport of intoxicating drugs

31 The Board may, with the sanction of the Local Government, subject to the confirmation of the Governor General in Council, from time to time prescribe rules consistent with this Act—

for regulating the mode in which fermented liquors shall be supplied to licensed vendors of the same,

for subjecting the cultivation of plants from which intoxicating drugs are produced, and the preparation of the said drugs to such restrictions and supervision as may be deemed necessary to secure the duty [illegible] thereon,

and for [illegible] licenses or passes to persons cultiv[illegible] [illegible]paring, storing, possessing purchas[illegible] [illegible]porting the said plants or drugs [illegible]

All such rules [illegible] published in the *Gazette* [illegible] so published, [illegible] effect as if [illegible]

Sale of more than specified quantities of country spirits &c., prohibited

32 Except for the supply of licensed vendors, country spirits, taree, and puchwai, and intoxicating drugs shall not be sold in larger quantities than may be fixed by the Board for each district, provided that the quantities so to be fixed shall not exceed those hereunder specified—namely, country spirits, two imperial gallons or twelve reputed quart bottles, taree or puchwai, twelve seers, ganjah or bhang, or any preparation or admixture of the same, one quarter of a seer, churrus or any preparation or admixture of the same, five tolahs weight, and the sale of any such quantity as is herein allowed shall be deemed to be a retail sale within the meaning of this Part

Power of excise officers to enter and inspect licensed dealer's shop

33 The Collector may by a warrant under his hand authorize any excise officer above the rank of a peon to enter and inspect at all times, by day or by night, and may similarly authorize any excise officer to enter and inspect at all times, by day, the shop or premises in which any licensed manufacturer or retail vendor shall carry on the manufacture of country spirits,

[*Government Gazette*, 26th February 1878]

দের দোকানে লইয়া যাইবার নিমিত্তে যে ছাড়পত্র দিতে হইবে তদ্বিষয়ক যেং বিধি সময়েং বিহিত বোধ করেন, করিতে পারেন ইতি।

লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদিগকে গাঁজলা শরাব যে পরিমাণে যোগাইয়া দিতে হইবে ইহার ও মাদক দ্রব্য চাষ ও প্রস্তুত ও গোলাজাত করণ ও নিকটরাখন ও চালান করণ বিষয়ক বিধি বোর্ডের করিতে পারিবার কথা।

৩১ ধারা। বোর্ডের সাহেবরা স্থানীয় গবর্ণমেন্টের অনুমতিক্রমে, ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনের অপেক্ষায়, সময়েং এই আইনের সঙ্গতরূপে এইং বিষয়ের বিধি করিতে পারিবেন,—

লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের নিকট যে নিয়মমতে গাঁজলা শরাব যোগাইয়া দেওয়া যাইবে তদ্বিষয়ক বিধি।

মাদকদ্রব্যের [illegible] যে মাসুল আদায় হইতে পারিবে তাহা রক্ষা ক[illegible] জন্যে যেং সীমা ও যেরূপ তত্ত্বাবধান নিরূপণ [illegible] আবশ্যক জ্ঞান হয়, যেং গাছহইতে মাদকদ্রব্য [illegible] য় সেইং সীমার মধ্যে ও সেই তত্ত্বাধীনে ঐ [illegible] চাষ ও ঐ মাদক দ্রব্য প্রস্তুত করণার্থ বিধি।

ও যাঁ[illegible] গাছের চাষ কি মাদক দ্রব্য প্রস্তুত ও গোলাজা[illegible] থাকেন কি নিকট রাখেন কি ক্রয় কি স্থানান্তরে [illegible]ন করিয়া থাকেন, তাঁহাদিগকে লাইসেন্স কি [illegible] পত্র দিবার বিধি।

উক্ত সকল বিধি কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। করা গেলে, এই আইনে লিখিত হওয়ার ন্যায় প্রবল হইবে ইতি।

নির্দ্ধারিত পরিমাণের দেশীয় শরাবপ্রভৃতির অধিক বিক্রয় করিবার নিষেধের কথা।

[illegible] ইয়া বেন্ডদের নিকট যোগাইয়া [illegible] বোর্ডের সাহেবেরা প্রত্যেক জিলার পক্ষে যত পরিমাণ ধার্য্য করেন তাহার অধিক পরিমাণের দেশীয় মদিরা ও তাড়ী ও পচুই ও মাদকদ্রব্য এককালে বিক্রয় করা যাইবে না—কিন্তু তদ্রূপে যে পরিমাণ নির্দ্ধারিত হয় তাহা যেন নিম্নলিখিত পরিমাণের অধিক না হয় বিশেষতঃ দেশীয় মদের দুই ইম্পিরিয়ল গালনের কিম্বা কুয়ার্ট বোতল বলিয়া যাহা জানা আছে তাহার বারো বোতলের অধিক, ও তাড়ী কি পচুই বারো সেরের অধিক, ও গাঁজা কি ভাঙ্গ কি তাহাতে প্রস্তুত কি মিশ্রিত দ্রব্য এক পোয়ার অধিক, ও চরস কি তাহাতে প্রস্তুত কি মিশ্রিত দ্রব্য পাঁচ তোলার অধিক না হয়। এই ধারায় যে পরিমাণের অনুমতি হইল তত বিক্রয় হইলে তাহা এই খণ্ডের তাৎপর্য্যানুসারে খুচরা বিক্রয় বলিয়া জ্ঞান হইবে ইতি।

লাইসেন্স প্রাপ্ত বিক্রেতার দোকানে আবকারী কর্ম্মকারকের প্রবেশ করিয়া দেখিবার ক্ষমতার কথা।

৩৩ ধারা। লাইসেন্সপ্রাপ্ত কোন শুঁড়ী কি খুচরা বিক্রেতা যে দোকানের কি বাড়ীর মধ্যে দেশীয় মদিরা চোয়ান কিম্বা উগ কি গাঁজলা সরাব কি মাদক দ্রব্য বিক্রয় করেন, কালেক্টর সাহেব আপনার স্বাক্ষরিত পরওয়ানাক্রমে পেয়াদার ঊর্দ্ধ শ্রেণীর আবকারী কোন কার্য্যকারককে দিনে বা রাত্রি ত কোন সময়ে সেই ঘরে কি দোকানে প্রবেশ করিয়া দেখিবার অনুমতি দিতে পারিবেন এবং

or the sale of spirituous or fermented liquor or intoxicating drugs

আবকারী অন্য কোন কার্য্যকারককেও কেবল দিনে তদ্রূপে প্রবেশ করিয়া দেখিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

34 And to arrest persons carrying spirits, &c, liable to confiscation

The Collector, by a warrant under his hand, may authorize any excise officer to stop and detain all persons carrying any spirituous or fermented liquors or intoxicating drugs liable to confiscation under this Part, and any excise officer so authorized may seize such liquors or drugs with the vessels, packages, or coverings in which they are contained, and the animals and conveyances used in carrying them and may also arrest the person in whose possession such liquors or drugs are found

৩৪ ধারা। ও যে মদিরাদি জব্দ হইবার যোগ্য তদ্বাহক ব্যক্তিদিগকে গ্রেপ্তার করিতে পারিবার কথা।

এই খণ্ডমতে যে উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য জব্দ হইবার যোগ্য, কোন ব্যক্তি তাহা লইয়া যাইতেছে এমত সময়ে কালেক্টর সাহেব আপনার স্বাক্ষরিত পরওয়ানা ক্রমে আবকারী কোন কর্ম্মকারকের প্রতি তাঁহাকে থামাইয়া আটক রাখিবার ক্ষমতা দিতে পারিবেন। ও ঐ মদিরা কি মাদকদ্রব্য যেং পাত্রে কি বস্তায় কি আবরণের মধ্যে থাকে ও যেং পশ্বাদির দ্বারা কি যে গাড়ীপ্রভৃতিতে লইয়া যাওয়া যায়, উক্ত প্রকারের ক্ষমতাপ্রাপ্ত কোন আবকারী কার্য্যকারক তাহা ধৃত করিতে, ও যে ব্যক্তির নিকট ঐ মদ কি মাদকদ্রব্য পাওয়া যায় তাঁহাকেও গ্রেপ্তার করিতে পারিবেন ইতি।

35 And to arrest unlicensed distillers, &c

Any excise officer above the rank of a peon may arrest any person having in his possession an unlicensed still, or any spirituous or fermented liquors or intoxicating drugs liable to confiscation under this Part, or engaged in the unlawful sale of spirituous or fermented liquors or intoxicating drugs, and may seize such still with the materials for working it, and all such liquors and drugs

৩৫ ধারা। ও যাহারা লাইসেন্স বিনা মদ চোয়ান তাঁহাদিগকে গ্রেপ্তার করিবার কথা।

কোন ব্যক্তির নিকট লাইসেন্স বিনা ভাটী কিম্বা এই খণ্ডমতে জব্দ হইবার যোগ্য উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য থাকিলে, কিম্বা কোন ব্যক্তি বেআইনীমতে উগ্র কি গাঁজলা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করণে লিপ্ত থাকিলে, পেয়াদাহইতে উচ্চ শ্রেণীর কোন আবকারী কার্য্যকারক তাঁহাকে গ্রেপ্তার করিতে ও ঐ ভাটী ও তদ্দ্বারা কর্ম্ম চালাইবার সকল সরঞ্জাম ও তদ্রূপ সকল শরাব ও মাদকদ্রব্য ধৃত করিয়া লইতে পারিবেন ইতি।

36 And to search on information of illicit manufacture or possession

Whenever any excise officer above the rank of a peon shall have good reason to believe, from information given by any person, which information shall be taken down in writing, that spirits are unlawfully manufactured, or that any spirituous or fermented liquors or intoxicating drugs liable to confiscation under this Part are kept or concealed in any house, boat, or other place, such officer may, but always in the presence of an officer of police not being under the grade of a head constable, enter into any such house, boat, or place, and in case of resistance may break open any door and force and remove any other obstacle to such entry, and may seize and carry away all stills and materials used in the manufacture of such spirits and all such liquors and drugs, and may also arrest the occupier of the house, boat, or place with all other persons concerned in the manufacture of such spirits, or in the keeping and concealing of such liquors or drugs

৩৬ ধারা। আবকারী কর্ম্মকারক সন্ধান পাইলে বিনানুমতির চোয়ান কি নিষিদ্ধ রাখা মদিরাদি তল্লাশ করিবার ক্ষমতার কথা।

মদিরা কোন স্থানে বেআইনীমতে চোয়ান যাইতেছে, কিম্বা এই খণ্ডমতে জব্দ হওনের যোগ্য উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য কোন ঘরে কি নৌকায় কি অন্য স্থানে রাখা গিয়াছে কি গোপন করা গিয়াছে, কোন ব্যক্তির স্থানে সন্ধান পাইয়া পেয়াদার উচ্চ শ্রেণীর কোন আবকারী কার্য্যকারকের এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে, (সেই সন্ধান লিখিয়া লওয়া যাইবে) সেই কার্য্যকারক, সর্ব্বদাই হেড কনষ্টাবলের অনধীন শ্রেণীর পোলীসের কোন কার্য্যকারকের সাক্ষাৎ, উক্ত কোন ঘরে কি নৌকায় কি স্থানে প্রবেশ করিতে পারিবেন। ও বাধা দেওয়া গেলে কোন দ্বার ভাঙ্গিয়া খুলিতে ও তাঁহার প্রবেশ করিবার বাধাজনক কোন বিষয় বলপূর্ব্বক স্থানান্তর করিতে পারিবেন, এবং সেই মদিরা চোয়ান কার্য্যে যে সকল ভাটির ও সরঞ্জামের ব্যবহার হয় তাহা ও উক্ত সকল মদিরা ও মাদক দ্রব্য ধরিয়া লইয়া যাইতে পারিবেন, ও সেই ঘরের কি নৌকার কি স্থানের দখীলকারকে ও ঐ মদিরা চোয়ান কার্য্যে কিম্বা ঐ মদিরা কি মাদকদ্রব্য রাখন কি গোপন করণ কার্য্যে অন্য যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহাদিগকেও গ্রেপ্তার করিতে পারিবেন ইতি।

Officers of the Police, Customs, and Revenue Departments may be vested with same powers as excise officers

37 The Local Government may invest the officers of the Police, Customs, and Revenue Departments, or of any of them, with the powers given to excise officers by the last three preceding sections with respect to the seizure of, and search for, spirituous and fermented liquors and intoxicating drugs, and the arrest of persons found in possession of them, and all such officers when so empowered shall be held and deemed to be excise officers within the meaning of this Part

Excise officer to report every arrest seizure or search to his official superior and to take the person arrested to the Magistrate for trial, &c

38 Whenever an excise officer shall make any arrest, seizure, or search under this Part, he shall, within twenty-four hours thereafter, make a full report of all the particulars of the same to his official superior, and, unless acting under the warrant of the Collector, shall carry the person arrested, or the illicit article seized, with all convenient despatch to a Magistrate for trial or adjudication

Collector may issue warrant of arrest in certain cases

39 The Collector may issue his warrant for the arrest of any person whom he may have reason to believe, either from information in writing or from the proceedings in any other case, to be engaged in the unlawful sale of spirituous or fermented liquors or intoxicating drugs or to have in his possession any such liquors or drugs liable to confiscation under this Part

Seizure and disposal of liquors or drugs unlawfully sold

40 Any spirituous or fermented liquors or intoxicating drugs sold in contravention of the provisions of this Part, or in breach of any of the conditions of a license granted under this Act may be seized at the time of the sale and brought before the Magistrate who adjudicates the case As soon as the case is adjudicated, they shall be restored to the person who may have purchased them or disposed of as the Magistrate may direct

Collector may issue search warrant

41 The Collector may issue his warrant for the search of any house, boat, or other place in which, upon any of the grounds mentioned in section 39, he may have reason to

পোলীস ও কষ্টম ও রাজস্ব কর্ম্মবিভাগের কার্য্যকারকদের প্রতি আবকারী কার্য্যকারকদের তুল্য ক্ষমতা প্রদান করিবার কথা।

৩৭ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারাক্রমে উগ্র ও গাঁজলা শরাব ও মাদকদ্রব্য ধৃত ও অন্বেষণ করিবার ও তাহা যে ব্যক্তিদের অধিকারে পাওয়া যায় তাঁহাদিগকে গ্রেফ্তার করণের যে সকল ক্ষমতা আবকারী কর্ম্মকারকদের প্রতি প্রদান করা গেল, স্থানীয় গবর্ণমেণ্ট পোলীস ও কষ্টম ও রাজস্ব কর্ম্মবিভাগের কার্য্যকারকদের কিম্বা তাঁহাদের মধ্যে কোন২ ব্যক্তিদের প্রতিও সেই২ ক্ষমতা প্রদান করিতে পারিবেন। ও উক্ত সকল কর্ম্মকারক তদ্রূপ ক্ষমতা প্রাপ্ত হইলে, তাঁহাদিগকে এই খণ্ডের মর্ম্মানুসারে আবকারী কর্ম্মকারক বলিয়া জ্ঞান ও বোধ হইবে ইতি।

আবকারী কর্ম্মকারক কোন ব্যক্তিকে গ্রেফ্তার করিলে কি মদিরাদি ধৃত কি অন্বেষণ করিলে তাঁহার উপরিস্থ কার্য্যকারকের নিকট রিপোর্ট করিবার ও ধৃত ব্যক্তির বিচারার্থে মাজিষ্ট্রেট সাহেবের নিকট লইয়া যাইবার কথা।

৩৮ ধারা। আবকারী কোন কর্ম্মকারক এই খণ্ডমতে কোন ব্যক্তিকে গ্রেফ্তার করিলে, কিম্বা কোন বিষয় ধৃত করিলে, কিম্বা কোন স্থানে অন্বেষণ করিলে, তিনি তৎপরে চব্বিশ ঘণ্টার মধ্যে পদ সম্পর্কে আপন উচ্চ কার্য্যকারকের নিকট ঐ ব্যাপারের সকল বৃত্তান্তের বিস্তারিত রিপোর্ট করিবেন, ও ঐ কার্য্য কালেক্টর সাহেবের পরওয়ানামতে না করিয়া থাকিলে, ত্বরায় সাধ্যমতে বিচার ও নিষ্পত্তি হইবার জন্যে ঐ ধৃত ব্যক্তিকে কি বিনানুমতির দ্রব্য কোন মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইবেন ইতি।

স্থলবিশেষে কালেক্টর সাহেবের গ্রেফ্তারী পরওয়ানা দিতে পারিবার কথা।

৩৯ ধারা। কালেক্টর সাহেব লিখিত সন্ধান পাইয়া, কিম্বা অন্য কোন মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্যদ্বারা, কোন ব্যক্তিকে বেআইনীমতে উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য বিক্রয়ের কার্য্যে লিপ্ত বলিয়া, কিম্বা তাঁহার নিকট এই খণ্ডমতে জব্দ হওয়ার যোগ্য উক্ত কোন মদিরা কি মাদকদ্রব্য আছে বলিয়া জ্ঞান করিলে, তিনি সেই ব্যক্তির গ্রেফ্তার করিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

মদ কি মাদক দ্রব্য বেআইনীমতে বিক্রয় হইলে তাহা ধৃত করিয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ের কথা।

৪০ ধারা। এই খণ্ডের বিধানের বিপক্ষে, কিম্বা এই আইনমতে যে লাইসেন্স দেওয়া যায় তাহার কোন নিয়ম লঙ্ঘন করিয়া, কোন উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য বিক্রয় করা গেলে তাহা বিক্রয় করণ সময়েই ধৃত হইয়া, যে মাজিষ্ট্রেট দ্বারা মোকদ্দমার বিচার হইবে, তাঁহার সম্মুখে আনা যাইতে পারিবে। মোকদ্দমার নিষ্পত্তি হইলেই, যে ব্যক্তি তাহা ক্রয় করিলেন তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে, কিম্বা মাজিষ্ট্রেট যদ্রূপ কার্য্য হইবার আদেশ করেন তাহা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

কালেক্টর সাহেবের তল্লাশী পরওয়ানা দিতে পারিবার কথা।

৪১ ধারা। কোন ঘরে কি নৌকায় কি অন্য স্থানে মদিরা বেআইনীমতে চোয়ান যাইতেছে, কিম্বা এই খণ্ডমতে জব্দ হওয়ার যোগ্য উগ্র কি গাঁজলা শরাব কি

believe that spirits are unlawfully manufactured, or that spirituous or fermented liquors or intoxicating drugs liable to confiscation under this Part are kept or concealed, and such warrant may be executed by any officer not being under the rank of a head constable in the manner prescribed in section 36 provided that where there is ground to suspect that such spirits, liquors, or drugs are unlawfully concealed in any zenana, the officer charged with the execution of the warrant shall follow as closely as may be the rules for the seizure of property so concealed contained in sections 384, 385, and 386 of Act X of 1872 (the Code of Criminal Procedure)

42 Whenever any person is arrested, or any articles are seized, under the warrant of a Collector, the Collector, after such inquiry as he thinks necessary, shall send the person arrested or the articles seized to a Magistrate, or shall order the immediate discharge of such person or the release of such articles

Procedure after arrest or seizure

43 All police officers are required to aid the excise officers in the due execution of this Part upon notice given or request made by such officers

Police officers to assist excise officers on request

Farm of Duties

44 The Collector may, with the sanction of the Board, and under such rules as the Local Government may prescribe, subject to the confirmation of the Governor-General in Council, let in farm the duties leviable on the retail sale of spirituous or fermented liquors or intoxicating drugs, or any description of such liquors or drugs, in any pergunnah or other known division of a district

Collector with the sanction of the Board may farm out the duties

Penalties

45 Every person who by any act or omission shall contravene any rule issued and sanctioned under the provisions of section 31 shall be liable to a fine not exceeding two hundred rupees

Penalty for contravention of rules prescribed by Board

46 Every manufacturer or vendor under this Part who shall not produce his license on the demand of any excise officer, or who shall commit any act in breach of any of the conditions of his license not

Penalty for refusing to produce license on demand of excise officer or for breach of license

মাদক দ্রব্য রাখা গিয়াছে কি গোপন করা গিয়াছে, ৩৯ ধারার উল্লিখিত কোন কারণে কালেক্টর সাহেবের এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে তিনি সেই ঘরে কি নৌকায় কি স্থানে অন্বেষণ করিবার পরওয়ানা দিতে পারিবেন। হেড কনস্টেবলের অনধীন শ্রেণীর কোন কার্য্যকারক ৩৬ ধারার নির্দ্দিষ্টমতে ঐ পরওয়ানা অনুসারে কার্য্য করিতে পারিবেন। কিন্তু ঐ উগ্র শরাব কি মদিরা কি মাদকদ্রব্য বেআইনীমতে কোন অন্তঃপুরে লুক্কায়িত আছে এমত অনুভব করিবার কারণ থাকিলে, ঐ পরওয়ানা জারী করিতে যে আমলাকে দেওয়া যায় (ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক) ১৮৭২ সালের ১০ আইনের ৩৮৪ ও ৩৮৫ ও ৩৮৬ ধারায় তদ্রূপে লুক্কায়িত দ্রব্য ক্রোক করিবার যে বিধি আছে, তিনি সাধ্য পর্য্যন্ত ঠিক সেই বিধিমতে কার্য্য করিবেন ইতি।

৪২ ধারা। কালেক্টর সাহেবের পরওয়ানামতে কোন ব্যক্তিকে গ্রেপ্তার কি কোন দ্রব্য ধৃত করা গেলে, কালেক্টর সাহেব যদ্রূপ তদারক করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিলে পর, ঐ গ্রেপ্তার করা ব্যক্তিকে কিম্বা ঐ ধৃত দ্রব্য কোন মাজিষ্ট্রেটের নিকট পাঠাইবেন, কিম্বা সেই ব্যক্তিকে কি সেই দ্রব্য তৎক্ষণাৎ ছাড়িয়া দিবার আজ্ঞা করিবেন ইতি।

গ্রেপ্তার কি ধৃত করণের পর কার্য্যপ্রণালীর কথা।

৪৩ ধারা। পোলীসের সকল কর্ম্মকারকের প্রতি এই আদেশ থাকিলে যে, আবকারী কর্ম্মকারকেরা নোটিস দিলে বা প্রার্থনা করিলে এই খণ্ডমতে উপযুক্তরূপে কার্য্য নির্ব্বাহ করণার্থে তাঁহাদের সাহায্য করেন ইতি।

আবকারী কর্ম্মকারিদিগকে পোলীসের কর্ম্মকারকদের সাহায্য করিবার কথা।

মাসুলের ইজারাবিষয়ক বিধি।

৪৪ ধারা। কোন পরগনায় কিম্বা জিলার প্রসিদ্ধ অন্য বিভাগে, উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য কিম্বা তদ্রূপ কোন প্রকারের শরাব কি মাদক দ্রব্য খুচরা বিক্রয় করিয়া যে মাসুল আদায় হইতে পারে, কালেক্টর সাহেব বোর্ডের সাহেবদের অনুমতিক্রমে, ও স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনের অপেক্ষায় যে বিধি করেন সেই বিধিমতে, সেই মাসুল ইজারা দিতে পারিবেন ইতি।

বোর্ডের অনুমতি লইয়া কালেক্টর সাহেবের মাসুল ইজারা দিবার কথা।

দণ্ডবিষয়ক বিধি।

৪৫ ধারা। কোন ব্যক্তি কোন কর্ম্ম করিয়া কি কোন কার্য্যের ত্রুটি করিয়া ৩১ ধারার বিধানমতে প্রচারিত ও অনুমোদিত কোন বিধির বিপরীতাচরণ করিলে, তাঁহার ২০০ দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

বোর্ডের নির্দ্ধারিত বিধির বিপরীতাচরণ করিবার দণ্ডের কথা।

৪৬ ধারা। এই খণ্ডমতে যে ব্যক্তি মদিরা চোয়ান কি বিক্রয় করেন, তিনি কোন আবকারী কার্য্যকারকের দাওয়ামতে আপনার লাইসেন্স না দেখাইলে, কিম্বা এই খণ্ডে আপন লাই-

আবকারী কার্য্যকারকের আদেশ হইলেও লাইসেন্স দেখাইতে অস্বীকার করিবার কি লাইসেন্স ভঙ্গ করণের দণ্ডের কথা।

otherwise provided for in this Part, shall be liable for every such offence to a fine not exceeding fifty rupees, and such fine shall be recoverable from the licensed dealer notwithstanding that such breach may have been owing to the default or carelessness of the servant employed by him

47 Every licensed retail vendor who shall sell any larger quantity of spirituous or fermented liquors or intoxicating drugs than is allowed to be sold by retail by the provisions of this Part, and every licensed wholesale vendor who shall make a retail sale, shall be liable for every such offence to a fine not exceeding two hundred rupees

Penalty for sale in contravention of license

Provided that nothing in this section shall be held to prohibit the grant to the same person of both wholesale and retail licenses, subject to the provisions of this Part

48 Every licensed vendor who shall permit drunkenness, riot, or gaming in his shop, or shall receive any wearing apparel or other effects in barter for liquors or drugs, shall be liable for every such offence to a fine not exceeding two hundred rupees

Penalty for permitting drunkenness, &c, in shop

49 Every person who shall convey, or attempt to convey, any country spirits from a distillery established under section 29 without a pass, or exceeding the quantity for which a pass shall have been granted, or shall introduce, or attempt to introduce, any country spirits manufactured at another place into the limits fixed for the consumption of spirits manufactured at such distillery, without a special pass from the Collector, shall be liable for every such offence to a fine not exceeding five hundred rupees

Penalty for conveying country spirits from distillery without pass, &c

50 Every person who shall wilfully contravene any rule prescribed by the Board for the management of a distillery established as aforesaid, otherwise than is provided in the last preceding section, shall be liable for every such offence to a fine not exceeding fifty rupees

Penalty for contravention of rules prescribed by the Board

51 Every person, other than a licensed manufacturer, who shall manufacture any country spirits, and every person, other than a licensed vendor or a person duly authorized to supply licensed vendors,

Penalty for illicit manufacture or sale of country spirits &c

সেন্সের কোন নিয়ম ভঙ্গ করণসূচক যে ক্রিয়ার অন্য বিধান হয় নাই এমত ক্রিয়া করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার অধীন কর্ম্মচারির কোন দোষ কি অমনোযোগ হেতুক ঐ নিয়মভঙ্গ হইলেও, লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়িরই স্থানে ঐ অর্থদণ্ড আদায় হইতে পারিবে ইতি।

৪৭ ধারা। এই খণ্ডের বিধানমতে উগ্র কি গাঁজমা যত শরাব কি মাদক দ্রব্য খুজরা বিক্রয় করিবার অনুমতি থাকে, লাইসেন্সপ্রাপ্ত কোন খুজরা বিক্রেতা তাহার অধিক বিক্রয় করিলে, ও থোকে বিক্রয়ের লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি খুজরা বিক্রয় করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০০ দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সের প্রতিকূলে বিক্রয় করিবার দণ্ডের কথা।

কিন্তু এই খণ্ডের বিধান মানিয়, এই ধারার কোন কথাক্রমে একি ব্যক্তিকে থোকে ও খুজরা উভয় প্রকারে বিক্রয় করিবার লাইসেন্স দেওনের নিষেধ নাই ইতি।

৪৮ ধারা। লাইসেন্সপ্রাপ্ত কোন বিক্রেতা আপনার দোকানের মধ্যে মাতলামী কি দাঙ্গা কি জুয়া খেলা করিতে দিলে, কিম্বা শরাবের কি মাদকদ্রব্যের বিনিময়ে কোন পরিধেয় বস্ত্র কি অন্য দ্রব্য গ্রহণ করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০০ দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দোকানের মধ্যে মাতলামি প্রভৃতি করিতে দেওয়ার দণ্ডের কথা।

৪৯ ধারা। ২৯ ধারামতে যে ভাটিখানা স্থাপিত হয়, কোন ব্যক্তি ছাড়পত্রবিনা সেই ভাটিখানা হইতে কোন দেশীয় শরাব, কিম্বা যত শরাবের ছাড়পত্র দেওয়া যায় তাহার অধিক পরিমাণের শরাব লইয়া গেলে কি লইয়া যাইতে উদ্যোগ করিলে, কিম্বা কালেক্টর সাহেবের বিশেষ ছাড়পত্র না পাইয়াও ঐ ভাটিখানার চোয়ান মদিরা ব্যবহার করিবার নির্দ্ধারিত সীমার মধ্যে অন্য স্থানের চোয়ান দেশীয় মদিরা আনিলে কিম্বা আনিতে উদ্যোগ করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

ছাড়পত্রবিনা ভাটিখানা হইতে দেশীয় মদিরা লইয়া যাওন প্রভৃতি দণ্ডের কথা।

৫০ ধারা। পূর্ব্বোক্তমতে স্থাপিত ভাটিখানার কার্য্য নিষ্পাদনের জন্যে বোর্ডের সাহেবেরা যে বিধি করেন, কোন ব্যক্তি ইচ্ছা করিয়া, ইহার পূর্ব্ব ধারার বিধানের স্থলভিন্ন কোন স্থলে, ঐ বিধির বিপরীতাচরণ করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

বোর্ডের নির্দ্ধারিত বিধির বিপরীতাচরণ করিবার দণ্ডের কথা।

৫১ ধারা। দেশীয় মদিরা চোয়াইবার লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিভিন্ন কোন ব্যক্তি দেশীয় কোন মদিরা চোয়াইলে, এবং লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাভিন্ন কিম্বা লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের নিকট যোগাইয়া দিবার

দেশীয় মদীরা প্রভৃতি বে আইনীমতে চোয়াইবার কি বিক্রয় করিবার দণ্ডের কথা।

who shall sell any spirituous or fermented liquors or intoxicating drugs, and every person authorized to supply licensed vendors who shall sell any such liquors or drugs to any person other than a licensed vendor shall be liable for every such offence to a fine not exceeding five hundred rupees

Provided that nothing contained in this section or in section 24 shall apply to the sale of any spirituous liquors, wines, or beer purchased by any person for his private use and so disposed of upon such person quitting a station or after his decease

Penalty for illegal possession of country spirits, &c

52 Every person, other than a licensed manufacturer or vendor, or a person duly authorized to supply licensed vendors, who shall have in his possession any larger quantity of country spirits, or taree, or puchwai, or intoxicating drugs than may legally be sold by retail under the provisions of section 32, or shall transport by land or by water, or have in his possession, any spirituous liquors made at a distillery worked according to the English method, or any imported spirituous or fermented liquors, in larger quantity than two gallons without a pass from the Collector or other officer duly empowered in that behalf, shall be liable for every such offence to a fine not exceeding two hundred rupees, and the liquors and drugs, together with the vessels, packages, and coverings in which they are found, and the animals and conveyances used in carrying them, shall be liable to confiscation

Nothing contained in this section shall apply to any spirituous liquors, wines, or beer purchased by any person for his private use and not for sale

Provisions of the last two preceding sections not to apply to the sale or possession of taree used in making sugar nor to the sale or possession of intoxicating drugs by licensed cultivators

53. The provisions of the last two preceding sections, so far as they relate to the sale and possession of fermented liquors, do not apply to the sale and possession of taree, the produce of the date tree, when supplied or used for the manufacture of goor or molasses,

and the provisions of the said sections relating to the sale and possession of intoxicating drugs do not apply to the sale or possession of such drugs by any person duly authorized under this Chapter to cultivate the plants which produce these drugs

উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিভিন্ন কোন ব্যক্তি উগ্র কি গাঁজলা কোন শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করিলে, ও লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের নিকট যোগাইয়া দিবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাভিন্ন কোন ব্যক্তির নিকট উক্ত কোন মদিরা কি মাদকদ্রব্য বিক্রয় করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কিন্তু কোন ব্যক্তি নিজ ব্যবহারের নিমিত্ত কোন উগ্র শরাব কি ওয়াইন কি বীর ক্রয় করিয়া সেই স্থানহইতে চলিয়া যাইতে উদ্যত হইলে কি মরিলে পর ঐ মদিরাদি বিক্রয় করা গেলে, তাহার প্রতি এই ধারার কিম্বা ২৪ ধারার কোন কথা খাটিবে না ইতি।

দেশীয় মদিরাদি বেআইনীমতে নিকট রাখিবার দণ্ডের কথা।

৫২ ধারা। ৩২ ধারার বিধানক্রমে আইনমতে যত দেশীয় মদিরা কি তাড়ী কি পচুই কিম্বা মাদক দ্রব্য খুচরা বিক্রয় হইতে পারে মদিরা চোয়াইবার কি বিক্রয় করিবার, লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিম্বা লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের নিকট মদিরাদি যোগাইয়া দিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিভিন্ন কোন ব্যক্তি তাহার অধিক পরিমাণের সেই মদিরাদি নিকট রাখিলে, কিম্বা ইঙ্গলণ্ডীয় নিয়মমতে যে ভাটিখানার কার্য্য চলে কোন ব্যক্তি কালেক্টর সাহেবের কি এতৎকার্য্যপক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের ছাড়পত্রবিনা এমত ভাটিখানার চোয়ান দুই গ্যালনের অধিক পরিমাণের উগ্র শরাব কিম্বা অন্য দেশহইতে আনীত উগ্র কি গাঁজাল শরাব স্থলপথে কি জলপথে চালান করিলে, কি নিকট রাখিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০০ দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও ঐ শরাব ও মাদক দ্রব্য যে পাত্র ও বস্তায় ও আবরণে পাওয়া যায় তাহা ও তাহা বহিবার জন্যে যে পশ্বাদির কি গাড়ি প্রভৃতির ব্যবহার হয় তাহা সুদ্ধ ঐ শরাব ও মাদক দ্রব্য জব্দ হইতে পারিবে।

কোন ব্যক্তি বিক্রয় করণের অভিপ্রায়ভিন্ন নিজ ব্যবহারের জন্যে উগ্র শরাব কি ওয়াইন কি বীর ক্রয় করিলে তাঁহার প্রতি এই ধারার কোন কথা বর্ত্তে না ইতি।

চিনি প্রস্তুত করিতে যে তাড়ীর ব্যবহার হয় তাহার বিক্রয়ের কি নিকট রাখার প্রতি ও লাইসেন্সপ্রাপ্ত চাষাদের মাদকদ্রব্য বিক্রয়ের কি নিকট রাখার প্রতি ইহার পূর্ব্ব দুই ধারার বিধান না বর্ত্তিবার কথা।

৫৩ ধারা। গাঁজলা শরাব বিক্রয় করণ ও নিকট রাখণের বিষয়ে ইহার পূর্ব্ব দুই ধারার যে২ বিধানের সম্পর্ক থাকে, গুড় কি কোতরা গুড় প্রস্তুত করিবার নিমিত্ত যে খাজুর রস যোগাইয়া দেওয়া যায় কি ব্যবহার হয়, তাহার বিক্রয়ের কি নিকট রাখণের প্রতি ঐ২ বিধান খাটে না।

এবং মাদকদ্রব্য বিক্রয় ও নিকট রাখণের বিষয়ে ঐ২ ধারার যে২ বিধানের সম্পর্ক থাকে, ঐ২ দ্রব্য যে গাছে জন্মে এই খণ্ডমতে সেই গাছের চাষ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা তাহা বিক্রয় হইলে কি তাঁহার নিকট থাকিলে, ঐ২ বিধান তাঁহার প্রতি খাটে না।

provided that every such cultivator selling or parting with any such plant, or any preparation made therefrom, to any person other than a licensed vendor or person duly authorized to purchase the same by pass or license from the Collector, or failing to account for any quantity of such plant, or of any preparation thereof, which shall have been in his possession shall be liable to a fine not exceeding five hundred rupees

Penalty for sale or transfer by cultivators to unlicensed person or for failure to account for stock of plant in possession

পরন্তু উক্ত কোন চাষা লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতা ভিন্ন, কিম্বা কালেক্টর সাহেবের ছাড়পত্র কি লাইসেন্সক্রমে ক্রয় করিবার উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত ব্যক্তিভিন্ন, কোন ব্যক্তিকে উক্ত কোন গাছ কিম্বা তাহাহইতে প্রস্তুত কোন দ্রব্য বিক্রয় করিলে কি দিলে, কিম্বা তাঁহার অধিকারগত ঐ গাছের মধ্যে কোন গাছের কি তাহাহইতে প্রস্তুত কোন দ্রব্যের হিসাব দিতে না পারিলে, তাহার ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

চাষীরা লাইসেন্স অপ্রাপ্ত ব্যক্তির নিকট বিক্রয় করিলে কি দিলে কিম্বা গাছের উৎপন্ন দ্রব্যের হিসাব দিতে না পারিলে দণ্ডের কথা।

54 Every proprietor, farmer, tehsildar, gomashtah, or other manager of land who shall authorize or connive at the manufacture of country spirits or the sale of spirituous or fermented liquors or intoxicating drugs by any unlicensed person shall be liable for every such offence to a fine not exceeding five hundred rupees

Penalty for conniving at the illicit manufacture or sale of spirits, &c

৫৪ ধারা। কোন ভূম্যধিকারী কি ইজারদার কি তহসীলদার কি গোমাশ্তা কি ভূমির অন্য কার্য্যাধ্যক্ষ লাইসেন্স অপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা দেশীয় মদিরা চোয়াইবার কিম্বা উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য বিক্রয় করিবার অনুমতি দিলে, কিম্বা চোয়ান যাইতেছে কি বিক্রয় হইতেছে জানিয়া তাচ্ছল্য করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মদিরাদি বেআইনীমতে চোয়ান কি বিক্রয় করা যাইতেছে ইহা জ্ঞানপূর্ব্বক তাচ্ছল্য করণের দণ্ডের কথা।

55 Any police officer who, without lawful excuse, shall neglect or refuse to assist the excise officers as aforesaid, and any Inspector or other officer in charge of a police-station who, on application made by an excise officer under section 13, shall fail to attend a search himself or to depute a subordinate officer not being below the grade of a head constable, shall be liable for every such offence to a fine not exceeding five hundred rupees

Penalty on police officer not assisting excise officer

৫৫ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক বৈধকারণ না থাকিতেও পূর্ব্বোক্তমতে আবকারী কর্ম্মকারকের সহায়তা করিতে তাচ্ছল্য কি অস্বীকার করিলে, এবং আবকারী কোন কর্ম্মকারক ৪৩ ধারামতে ইনস্পেক্টরের কিম্বা পোলীস থানার অধ্যক্ষতাভারপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকট প্রার্থনা করিলেও ঐ কার্য্যকারক আপনি অন্বেষণ কালে উপস্থিত না থাকিলে, কিম্বা আপনার অধীন হেড কনষ্টাবলের অনধীন শ্রেণীর অন্য কার্য্যকারককে না পাঠাইলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

পোলীসের কর্ম্মকারক আবকারী কর্ম্মকারকের সাহায্য না করিলে দণ্ডের কথা।

56 Any excise officer who shall, without reasonable ground of suspicion, search, or cause to be searched any house, boat or other place, or shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for any spirituous liquors or intoxicating drugs liable to confiscation under this Part, or shall vexatiously and unnecessarily arrest any person, or commit any other excess not required for the execution of his duty, shall be liable for every such offence to a fine not exceeding five hundred rupees, which sum, or any portion thereof, may be paid to the person aggrieved

Penalty on excise officer for vexatious search or seizure

৫৬ ধারা। সংশয়ের সঙ্গত কারণ না থাকিতেও আবকারী কোন কর্ম্মকারক কোন ঘরে কি নৌকায় কি অন্য স্থানে অন্বেষণ করিলে, বা করাইলে, কিম্বা এই খণ্ডমতে জব্দ হওয়ার যোগ্য কোন উগ্র শরাব কি মাদক দ্রব্য ধৃত কি অন্বেষণ করিবার ছলে কষ্টজনকরূপে ও অনাবশ্যকমতে কোন ব্যক্তির মাল কি দ্রব্য ধৃত করিলে, কিম্বা কষ্টজনকরূপে ও অনাবশ্যকমতে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিলে, কিম্বা আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবার নিষ্প্রয়োজনমতে কোন অত্যাচার করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ঐ টাকা কি তাহার কোন অংশ ঐ অন্যায়গ্রস্ত ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে ইতি।

আবকারী কর্ম্মকারক ক্লেশজনকরূপে অন্বেষণ কি ধৃত করিলে দণ্ডের কথা।

[*Government Gazette, 26th February* 1878]

57 Any excise officer who shall neglect to report the particulars of an arrest, seizure, or search within twenty-four hours thereafter, or shall delay carrying to a Magistrate or to the Collector, as the case may be, any person arrested or any illicit articles seized under this Part, shall be liable for every such offence to a fine not exceeding two hundred rupees

Penalty on excise officer for delay in reporting arrest, &c., or in carrying person arrested to Magistrate or Collector

৫৭ ধারা। কোন আবকারী কার্য্যকারক কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিলে কি দ্রব্য ধৃত কি অন্বেষণ করিলে পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে তাচ্ছল্য করিলে, কিম্বা এই খণ্ডমতে যাঁহাকে গ্রেপ্তার করা যায় কি বিনানুমতির যে দ্রব্য ধৃত হয় তাঁহাকে বা তাহা মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা বিষয়বিশেষে কালেক্টর সাহেবের নিকট লইয়া যাইতে বিলম্ব করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার ২০০৲ দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

আবকারী কার্য্যকারক গ্রেপ্তার করা প্রভৃতির রিপোর্ট করিতে কিম্বা গ্রেপ্তার করা ব্যক্তিকে মাজিষ্ট্রেট কি কালেক্টর সাহেবের নিকট লইয়া যাইতে বিলম্ব করিলে দণ্ডের কথা।

58 Any excise officer who shall connive at the manufacture or sale of spirituous or fermented liquors or intoxicating drugs by any unlicensed person, or by any licensed person contrary to the terms of his license or act in a manner inconsistent with his duty for the purpose of enabling any person to do anything whereby any of the provisions of this Part may be evaded or broken or the excise revenue defrauded, and any Inspector of Police or other officer invested with local jurisdiction who shall authorize or connive at the establishment of any unlicensed shop for the sale of such liquors or drugs as aforesaid in any place subject to his control, shall be liable for every such offence to a fine not exceeding five hundred rupees

Penalty on excise officer for conniving at unlicensed manufacture or sale

৫৮ ধারা। যাঁহার লাইসেন্স নাই এমত ব্যক্তি কিম্বা লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি লাইসেন্সের নিয়মের অন্যথায় উগ্র কি গাঁজাল শরাব কি মাদক দ্রব্য প্রস্তুত কি বিক্রয় করিলে, যদি আবকারী কোন কর্ম্মকারক ইহা জানিয়াও তাচ্ছল্য করেন, কিম্বা এই খণ্ডের কোন বিধান যাহাতে তুচ্ছ কি ভঙ্গ হইতে পারে কিম্বা আবকারী রাজস্বের অপহরণ হইতে পারে কোন ব্যক্তি যেন এমত কার্য্য করিতে পারেন, যদি আবকারী কোন কর্ম্মকারক এই নিমিত্ত আপনার কর্ত্তব্য কর্ম্মের অসঙ্গত আচরণ করেন, এবং পোলীসের ইন্‌স্পেক্টর কিম্বা স্থানবিশেষে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক যদি আপনার ক্ষমতাধীন কোন স্থানের মধ্যে লাইসেন্স বিনা পূর্ব্বোক্ত মদিরা কি মাদকদ্রব্য বিক্রয় করিবার দোকান স্থাপন করিতে অনুমতি দেন কিম্বা স্থাপনের কথা জানিয়াও তাচ্ছল্য করেন, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মদ্যাদি লাইসেন্স বিনা চোয়ান কি বিক্রয় করা গেলে আবকারী কর্ম্মকারকের জানিয়া তাচ্ছল্য করিবার দণ্ডের কথা।

59 All penalties prescribed for offences against the provisions of this Part and all seizures of goods declared liable to confiscation under this Part, shall be adjudged by a Magistrate on the information of the Collector or any excise officer, and in default of payment of any fine to which an offender is adjudged, he shall be liable, by order of such Magistrate, to imprisonment

Provided that no such information shall be necessary in any case of complaint preferred to a Magistrate under any of the last four preceding sections or under section 48

Adjudication of penalties and seizures

৫৯ ধারা। এই খণ্ডের বিধানের বিপরীত অপরাধের যে সকল দণ্ড নির্দ্ধার্য্য হইল, ও এই খণ্ডমতে জব্দ হওয়ার যোগ্য বলিয়া যে সকল দ্রব্য ধৃত হয়, কালেক্টর সাহেবের কিম্বা আবকারী কোন কর্ম্মকারকের সন্ধানমতে মাজিষ্ট্রেট সাহেব তৎসম্পর্কীয় দণ্ড নির্ণয় করিবেন। ও অপরাধির যে অর্থদণ্ডের আজ্ঞা হয়, তাহা না দিলে উক্ত মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে তাহার কারাদণ্ড হইতে পারিবে।

পরন্তু ইহার পূর্ব্ব চারিটি ধারার কোন ধারামতে কিম্বা ৪৮ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের নিকট নালিশ হইলে পূর্ব্বোক্ত সন্ধান জানাইবার প্রয়োজন নাই ইতি।

দণ্ডের টাকা ও ধৃত দ্রব্য লইয়া যাহা করিতে হইবে ইহা নির্ণয়ের কথা।

60 In all cases in which complaint or information is preferred to a Magistrate of offences committed against the provisions of this Part, not being cases in which persons are sent in custody by a Collector or excise officer, the Magistrate shall issue a summons requiring the attendance of the person accused

Procedure in cases other than those of persons sent in custody by a Collector or excise officer

৬০ ধারা। কালেক্টর সাহেব কিম্বা আবকারী কার্য্যকারক পাহারায় করিয়া যে ব্যক্তিদিগকে মাজিষ্ট্রেট সাহেবের নিকট চালান করেন, তদ্ভিন্ন কোন ব্যক্তি এই খণ্ডের বিধানের বিপরীত অপরাধ করিয়াছে বলিয়া মাজিষ্ট্রেটের নিকট নালিশ হইলে কি সন্ধান জানান গেলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ অভিযুক্ত ব্যক্তির নামে উপস্থিত হইবার সমন দিবেন ইতি।

কালেক্টর সাহেবের কি আবকারী কার্য্যকারকের প্রেরিত ব্যক্তিভিন্ন অন্য ব্যক্তিদের বিষয়ে কার্য্যপ্রণালীর কথা।

Provided that no complaint or information of an offence against the provisions of this Part shall be admitted unless it be preferred within the period of six months after the commission of the offence to which the complaint or information refers

কিন্তু এই খণ্ডের বিধানের বিপরীত যে অপরাধের নালিশ হয় কি সন্ধান জানান যায়, সেই অপরাধ করা যাইবার পর ছয় মাসের মধ্যে ঐ নালিশ না হইলে কি সন্ধান জানান না গেলে, গ্রাহ্য হইবে না ইতি।

61 Whenever any person shall be convicted of an offence against the provisions of this Part, after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence to imprisonment for a period not exceeding six months, and a like punishment of imprisonment not exceeding six months shall be incurred, in addition to the punishment which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

Punishment on second or subsequent conviction

৬১ ধারা। কোন ব্যক্তির এই খণ্ডের বিধানের বিপরীত কোন অপরাধ নির্ণয় হইলে পর তাঁহার পুনশ্চ সেই অপরাধ নির্ণয় হইলে, ঐ অপরাধের যে দণ্ড ধার্য্য আছে তদতিরিক্ত তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে। ও দ্বিতীয়বার সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যতবার তাঁহার সেই অপরাধ নির্ণয় হয় ততবার প্রথম অপরাধের নির্দ্ধারিত দণ্ডের অতিরিক্ত তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

দ্বিতীয়বার কি তৎপরে অপরাধ নির্ণয় হইলে দণ্ডের কথা।

62 Every person who shall be imprisoned under the last preceding section, or on account of the non-payment of any fine levied under this Part, may be confined either in the civil or in the criminal jail

Imprisonment may be in the civil or criminal jail

৬২ ধারা। ইহার পূর্ব্ব ধারাক্রমে কিম্বা এই খণ্ডমতে নির্দ্ধারিত অর্থদণ্ড না দেওয়াপ্রযুক্ত কোন ব্যক্তির কারাদণ্ড হইলে, তাঁহাকে দেওয়ানী কিম্বা ফৌজদারী জেল ঘরে কারাবদ্ধ করা যাইতে পারিবে ইতি।

দেওয়ানী কি ফৌজদারী জেল ঘরে কারাবদ্ধ হওয়ার কথা।

63 All articles confiscated under this Part shall be disposed of by public sale under such rules as the Board, with the sanction of the Local Government, subject to the confirmation of the Governor General in Council, may prescribe in that behalf

Disposal of confiscated articles.

৬৩ ধারা। এই খণ্ডমতে যে সকল দ্রব্য জব্দ করিয়া লওয়া যায়, বোর্ডের সাহেবেরা এতৎপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের অনুমোদনের অপেক্ষায় স্থানীয় গবর্ণমেন্টের অনুমতিক্রমে যে বিধি করেন, তদনুসারে তাহা নীলাম করা যাইবে ইতি।

জব্দ করা দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

64 The Board may appropriate any portion, not exceeding one half, of the fines levied under this Part, the disposal of which is not specially provided for, for rewarding informers, or for compensating persons subjected to annoyance or injury by any proceedings under this Part

Disposal of fines

৬৪ ধারা। এই খণ্ডমতে অর্থদণ্ডের যে সকল টাকা আদায় হয় তাহার প্রয়োগ করিবার অন্য স্পষ্ট বিধান না থাকিলে, বোর্ডের সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক কোন অংশ লইয়া গোয়েন্দাদের পুরস্কারস্বরূপ দেওয়াইতে, কিম্বা এই খণ্ডমতে আনুষ্ঠানিক কোন কার্য্যক্রমে কোন ব্যক্তিদের কষ্ট কি হানি হইলে তাঁহাদের হানিপূরণস্বরূপ দেওয়াইতে পারিবেন ইতি।

অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করা যাইবে তদ্বিষয়ের কথা।

65 All offences punishable under this Part shall be enquired into and tried under the provisions of section eight of Act X of 1872 (the Code of Criminal Procedure)

Offences to be tried under Criminal Procedure Code

৬৫ ধারা। এই খণ্ডমতে যে সকল অপরাধের দণ্ড হইতে পারে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭২ সালের ১০ আইনের ৮ ধারার বিধানমতে তাহার অনুসন্ধান ও বিচার করা যাইবে ইতি।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে অপরাধের বিচার হইবার কথা।

66 Any person who without a license from the Collector shall cultivate plants from which intoxicating drugs are produced, or shall in any way cause, encourage, or promote such illegal cultivation shall be liable to a fine not exceeding five hundred rupees, and the plant so cultivated shall be liable to seizure and confiscation

Penalty for unlicensed cultivation of plants producing intoxicating drugs, and abetment of the same

৬৬ ধারা। যে গাছ হইতে মাদকদ্রব্য উৎপন্ন হয়, কোন ব্যক্তি কালেক্টর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া, সেই গাছের চাষ করিলে কিম্বা উক্ত প্রকারে বেআইনীমতে চাষ করাইলে কি করিতে উৎসাহ কি প্রবৃত্তি দিলে তাঁহার ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তদ্রূপে যে গাছের চাষ হয় তাহাও ধৃত ও জব্দ হওয়ার যোগ্য হইবে ইতি।

যে গাছে মাদকদ্রব্য হয় লাইসেন্স বিনা তাহা চাষ করিবার ও সেই কার্য্যে সহায়তা করিবার দণ্ডের কথা।

[*Government Gazette, 26th February* 1878]

Military Cantonments

67 Within the limits of any military cantonment, and within a circle drawn at a distance of two miles, or such other distance as may in any case be prescribed by the Local Government from such limits, licenses for the manufacture of spirits, and for the sale of spirituous and fermented liquors and intoxicating drugs shall not be granted, nor shall the duties leviable upon such spirits, liquors or drugs be let in farm, otherwise than with the knowledge and consent of the Commanding Officer, and upon the requisition of such officer, any license which may have been granted, either by the Collector or by a farmer, within such circle or limits, shall be immediately withdrawn

Rules respecting the manufacture and sale of spirits, &c, in military cantonments

68 In all other respects the foregoing provisions of this Part shall have full force and effect within such circle and limits as aforesaid

Mode of making arrest or search within military cantonments

Provided that, when arrest or search is to be made within the limits of any cantonment, the Collector or other officer authorized under this Part to make arrest or search shall, whenever it may be practicable, give previous notice to the Commanding Officer, and in all other cases shall report the arrest or search to such Commanding Officer with as little delay as possible

Provided also that nothing contained in this Part shall affect or interfere with the provisions of Act XXII of 1864 (*an Act to make provision for the Administration of Military Cantonments*)

PART IV—CALCUTTA

Excise Administration

69 A sale of beer, wines, or spirits in any quantity not exceeding two gallons, or of Bengal rum or country spirit in any quantity not exceeding two imperial gallons or twelve reputed quart bottles, or of taree in any quantity not exceeding twelve seers, or of ganjah or bhang, or any preparation or admixture of the same, in any quantity not exceeding one quarter of a seer, or of churrus, or any preparation or admixture of the same, in any quantity not exceeding the weight of five tolahs, shall be deemed a retail sale within the meaning of this Part

What to be deemed a retail sale

70 The sale of Bengal rum, or country spirit, or of taree, or of ganjah, or bhang, or any preparation or admixture of the same, or of churrus, or any preparation or admixture of the same, in quantities larger than those

Sale of larger quantities than those specified prohibited

সেনানিবেশ স্থান বিষয়ক বিধি।

৬৭ ধারা। কোন সেনানিবেশ স্থানের সীমার মধ্যে ও তাহার চতুর্দ্দিকে চক্রাকার দুই মাইলের মধ্যে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট কোন স্থলে সেই সীমাহইতে আর যত দূর নির্দ্ধার্য্য করেন তাহার মধ্য কোন স্থানে, তৎস্থানের প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবকে জ্ঞাত না করিয়া ও তাঁহার অনুমতি না হইলে, মদিরা চোয়াইবার ও উগ্র কি গাঁজলা শরাব ও মাদক দ্রব্য বিক্রয় করিবার লাইসেন্স দেওয়া যাইবে না, ও সেই মদিরার ও শরাবের কি মাদকদ্রব্যের উপর যে মাসুল আদায় হইতে পারে তাহাও ইজারা দেওয়া যাইবে না। কালেক্টর সাহেব কি কোন ইজারদার ঐ চক্রের কি সীমার মধ্যে লাইসেন্স দিয়া থাকিলেও উক্ত সৈন্যাধ্যক্ষ সাহেব আদেশ করিলেই তাহা তৎক্ষণাৎ রহিত করা যাইবে ইতি।

সেনানিবেশ স্থানে মদিরাদি প্রস্তুত ও বিক্রয় করণ বিষয়ক বিধির কথা।

৬৮ ধারা। অন্য সকল বিষয়ে, পূর্ব্বোক্ত চক্রের ও সীমার মধ্যে এই খণ্ডের পূর্ব্বোক্ত সকল বিধান সম্পূর্ণরূপে প্রবল ও ফলবৎ হইবে।

সেনানিবেশ স্থানের মধ্যে গ্রেপ্তার কি তল্লাশ করিবার নিয়মের কথা।

পরন্তু কোন সেনানিবেশ স্থানের সীমার মধ্যে কোন ব্যক্তিকে গ্রেপ্তার কিম্বা দ্রব্য অন্বেষণ করিতে হইলে, কালেক্টর সাহেব কিম্বা এই খণ্ডমতে গ্রেপ্তার কি অন্বেষণ করিবার ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সৈন্যাধ্যক্ষ সাহেবকে নোটিস দিতে পারিলেই প্রথমে তাঁহাকে নোটিস দিবেন। নোটিস দিতে না পারিলে সাধ্যমতে বিলম্ব না করিয়া উক্ত সৈন্যাধ্যক্ষ সাহেবের নিকট ঐ গ্রেপ্তার হওয়ার কি অন্বেষণ করার রিপোর্ট করিবেন।

আরো এই খণ্ডের কোন কথাতে (সৈনিক ছাউনি স্থানের কার্য্য নির্ব্বাহের বিধান করণার্থ) ১৮৬৪ সালের ২২ আইনের কোন বিধানের ব্যাঘাত হইবে না ও তৎপ্রতি হস্তক্ষেপ করা যাইবে না ইতি।

---

৪ চতুর্থ খণ্ড।—কলিকাতা।

আবকারী কার্য্যনির্ব্বাহণ বিষয়ক বিধি।

৬৯ ধারা। বীর কি ওয়াইন কি মদিরা দুই গ্যালনের অনধিক কোন পরিমাণে, ও বাঙ্গাল রম কি দেশীয় মদিরার ইম্পিরিয়ল দুই গ্যালনের কিম্বা কুয়ার্ট বোতল বলিয়া যাহা জানা আছে এমত বার বোতলের অনধিক পরিমাণে, ও তাড়ী বারো সেরের অনধিক পরিমাণে, ও গাঁজা কি ভাঙ্গ কি তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত কোন দ্রব্য এক পোয়ার অনধিক পরিমাণে, ও চরস কি তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত কোন দ্রব্য পাঁচ তোলার অনধিক পরিমাণে বিক্রয় হইলে, তাহাই এই খণ্ডের মর্ম্মানুসারে খুজরা বিক্রয় বলিয়া জ্ঞান হইবে ইতি।

যাহা খুজরা বিক্রয় বলিয়া জ্ঞান হইবে তদ্বিষয়ের কথা।

৭০ ধারা। বাঙ্গাল রমের কি দেশীয় শরাবের কি তাড়ীর কি গাঁজার কি ভাঙ্গের কি তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত দ্রব্যের কি চরসের কি তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত দ্রব্যের যেই পরিমাণ ইহার পূর্ব্ব

পূর্ব্বোক্ত পরিমাণের অধিক বিক্রয় করিতে নিষেধের কথা।

specified for each article in the last preceding section, is prohibited

ধারায় নির্দ্দিষ্ট হইল, তদধিক পরিমাণের সেইং দ্রব্য বিক্রয় করা নিষিদ্ধ ইতি।

Excise from retail sale of spirits &c in Calcutta to be under charge of the Collector of Calcutta

71 The collection of the revenue arising from the retail sale of spirituous or fermented liquors and intoxicating drugs within the Town shall be under the charge of the Collector of Calcutta, who shall perform the duties connected therewith under the control of the Commissioner and the Board, and all proceedings of the Collector held under this Part shall be subject, with or without appeal, to their revision

কলিকাতায় মদিরা প্রভৃতির খুজরা বিক্রয়দ্বারা যে আবকারী মাসুল হয় তাহা কলিকাতার কালেক্টর সাহেবের অধীন থাকার কথা।

৭১ ধারা। নগরের মধ্যে উগ্র কি গাঁজলা শরাব ও মাদক দ্রব্য খুজরা বিক্রয়েরদ্বারা যে রাজস্ব উৎপন্ন হয় তাহা আদায়ের কার্য্য কলিকাতার কালেক্টর সাহেবের অধীন থাকিবে। তিনি কমিশ্যনর সাহেবের এবং বোর্ডের সাহেবদের কর্ত্তৃত্বাধীনে তৎসংক্রান্ত সকল কার্য্য নির্ব্বাহ করিবেন এবং এই খণ্ডমতে কালেক্টর সাহেব যে সকল কার্য্যানুষ্ঠান করেন, আপীল হইলে বা না হইলেও, তাঁহারাই তাহার পুনরালোচনা করিতে পারিবেন ইতি।

Collector may appoint excise officers

72 The Collector may appoint such officers as are necessary for the collection of the said revenue and prevention of smuggling, and the officers so appointed, beside their ordinary respective designations, shall be styled "Excise Officers"

আবকারী আমলাদিগকে কালেক্টর সাহেবের নিযুক্ত করিবার কথা।

৭২ ধারা। উক্ত রাজস্ব আদায়ের ও মাসুলচুরী নিবারণের জন্য যেং কার্য্যকারক আবশ্যক, কালেক্টর সাহেব তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন। ও তদ্রূপে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করা যায় তাঁহাদের নিজং পদসম্পর্কীয় নাম ভিন্ন "আবকারী কার্য্যকারক" নামেও বলা যাইবে ইতি।

Liquors or drugs sold may be seized at the time of the sale

73 Any such liquors or drugs sold in contravention of the provisions of this Part, or in breach of any of the conditions of a license granted under this Act, may be seized at the time of the sale and brought before the Presidency Magistrate or Justice of the Peace who adjudicates the case As soon as the case is adjudicated, they shall be restored to the person who may have purchased them, or disposed of as the said Magistrate or Justice may direct

মদ কি মাদকদ্রব্য বিক্রয় হইবার সময়ে ধৃত হইতে পারিবার কথা।

৭৩ ধারা। এই খণ্ডের বিধানের বিপক্ষে, কিম্বা এই আইনমতে যে লাইসেন্স দেওয়া যায় তাহার কোন নিয়ম লঙ্ঘন করিয়া, কোন মদ কি মাদকদ্রব্য বিক্রয় করা গেলে, বিক্রয় করণ সময়েই তাহা ধৃত হইয়া, যে প্রেসীডেন্সী মাজিষ্ট্রেটের কিম্বা শান্তিরক্ষার্থ যে জষ্টিসের দ্বারা মোকদ্দমার বিচার হইবে, তাঁহার সম্মুখে আনা যাইবে। মোকদ্দমার নিষ্পত্তি হইলেই যে ব্যক্তি তাহা ক্রয় করিবেন তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব কি জষ্টিস যদ্রূপ কার্য্য হইবার আদেশ করেন তাহা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

Power of excise officers to enter and inspect licensed dealer's house, &c

74 The Collector may, by a warrant under his hand, authorize any excise officer above the rank of a peon or chuprassy to enter and inspect at all times by day or by night, and may similarly authorize any excise officer to enter and inspect at all times by day, all houses and shops in which licensed dealers may carry on the sale of spirituous or fermented liquors or intoxicating drugs

লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ির গৃহাদিতে আবকারী কর্ম্মকারকদের প্রবেশ করিয়া দেখিবার ক্ষমতার কথা।

৭৪ ধারা। লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়িরা যে সকল ঘরে ও দোকানে উগ্র কি গাঁজলা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করিয়া থাকেন, কালেক্টর সাহেব আপনার স্বাক্ষরিত পরওয়ানাক্রমে পেয়াদার কি চাপরাসীর ঊর্দ্ধ শ্রেণীর আবকারী কোন কার্য্যকারককে দিনে বা রাত্রিতে কোন সময়ে সেই ঘরে কি দোকানে প্রবেশ করিয়া দেখিবার অনুমতি দিতে পারিবেন, এবং আবকারির অন্য কোন কার্য্যকারককেও কালেক্টর সাহেব কেবল দিনে তদ্রূপে প্রবেশ করিয়া দেখিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

And to arrest persons in possession of contraband liquors or drugs, and to seize the same

75 Any excise or police officer may stop, detain, or arrest any person in whose possession may be found any spirituous or fermented liquors or intoxicating drugs not covered by such a pass as is required by this Act, or otherwise liable to confiscation,

বিনানুমতির মদিরা কি মাদকদ্রব্য কোন ব্যক্তির নিকট থাকিলে তাঁহাকে গ্রেক্তার করিবার ও দ্রব্য ক্রোক করিবার ক্ষমতার কথা।

৭৫ ধারা। এই আইনমতে যে ছাড়পত্র থাকা প্রয়োজন, কোন ব্যক্তির নিকট এমত ছাড়পত্রবিনা কিম্বা প্রকারান্তরে জব্দ হওয়ার যোগ্য কোন উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য পাওয়া গেলে, আব-

and may seize the liquors and drugs, with the vessels, packages, and coverings in which the liquors or drugs are found, and the animals and conveyances (if any) used in carrying them

কারী কি পোলীসের কোন কর্ম্মকারক উঁহাকে থামাইয়া আটক রাখিতে কি গ্রেপ্তার করিতে পারিবেন। ও সেই মদিরা ও মাদকদ্রব্য যে পাত্রে কি বস্তায় কি আবরণে পাওয়া যায় ও যে পশ্বাদি কি গাড়ী প্রভৃতিতে বহন করা যায় তাহা সুদ্ধ ঐ মদিরা কি মাদকদ্রব্য ধৃত করিতে পারিবেন ইতি।

76 Whenever the Collector has good reason to believe, either from information given by any person, which shall be taken down in writing, or from his own knowledge, or from the proceedings in any case,

Powers of search, seizure, and arrest vested in excise officers, under the authority of the Collector, in cases of illicit manufacture, sale, or possession of spirits, liquors, or drugs

that spirituous or fermented liquors or intoxicating drugs are being unlawfully manufactured or sold in any place, or

that any such liquors or drugs which are liable to confiscation under this part are kept or concealed in any place,

৭৬ ধারা। উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য কোন স্থানে বেআইনীমতে প্রস্তুত কি বিক্রয় করা যাইতেছে, কিম্বা

শরাব কি মদিরা কি মাদক দ্রব্য বেআইনীমতে প্রস্তুত কি বিক্রয় করা গেলে কি কাহারও নিকট থাকিলে কালেক্টর সাহেবের আজ্ঞাধীনে তাহার তল্লাশ ও ক্রোক করিবার ও ব্যক্তিকে গ্রেপ্তার করিবার ক্ষমতা আবকারী কার্য্যকারকদের প্রতি বর্ত্তিবার কথা।

এই খণ্ডমতে জব্দ হওয়ার যোগ্য তদ্রূপ কোন শরাব কি মাদকদ্রব্য কোন স্থলে রাখা গিয়াছে কি গোপন করা গেল,

কালেক্টর সাহেব কোন ব্যক্তির স্থানে সন্ধান জানিয়া কিম্বা নিজ জ্ঞানমতে কিম্বা কোন মোকদ্দমা ঘটিত কার্য্য দ্বারা তাঁহার এমত জ্ঞান করিবার কারণ থাকিলে (কোন ব্যক্তির স্থানে সন্ধান পাইলে তাহা লেখাইয়া লইবেন)

the Collector may, by warrant under his hand, empower any excise officer above the rank of peon by day or by night, but always in the presence of an officer of police not being under the grade of a corporal or head constable, to enter into any such place, and to seize and carry away all such liquors or drugs, and all the implements or materials used in the manufacture thereof, and in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure, or removal as aforesaid, and to arrest and detain the owner or occupier of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful manufacture or sale, or in the unlawfully keeping or concealing of such liquors or drugs, whom he shall find on the premises

তিনি আপনার স্বাক্ষরিত পরওয়ানাক্রমে পেয়াদা অপেক্ষা উচ্চ শ্রেণীর কোন আবকারী কার্য্যকারককে দিনে বা রাত্রিতে কিন্তু সর্ব্বদাই করপরাল বা হেড কনস্টাবলের অনধীন শ্রেণীর পোলীসের কোন কার্য্যকারকের সম্মুখে, উক্ত কোন স্থানে প্রবেশ করিয়া উক্ত সকল শরাব কি মাদকদ্রব্য ও তাহা প্রস্তুত করণে যে সকল যন্ত্রাদির কি সরঞ্জামের ব্যবহার হইল তাহাও ধরিয়া লইয়া যাইবার ক্ষমতা দিতে পারিবেন। ও বাধা দেওয়া গেলে কোন দ্বার ভাঙ্গিয়া খুলিবার, ও পূর্ব্বোক্তমতে প্রবেশ কি তল্লাশ করণের কি ধরিয়া লইয়া যাওনের বাধাজনক অন্য কোন বিষয় বলপূর্ব্বক স্থানান্তর করিয়া দিবার, এবং সেই বাটীর স্বামিকে কি দখলকারককে, ও সেই বাটীর মধ্যে ঐ শরাব কি মাদকদ্রব্য বেআইনীমতে প্রস্তুত কি বিক্রয় করণ কি বেআইনীমতে রাখন কি গোপন করণ কার্য্যে যাঁহাদের সম্পর্ক আছে বলিয়া অনুভব হয় এমত সকল ব্যক্তিকে ধরিয়া আটক করিয়া রাখিবার ক্ষমতা দিতে পারিবেন।

provided that, where there is ground to suspect that such liquors or drugs are unlawfully concealed in any zenana, the officer charged with the execution of the warrant shall follow as closely as may be, the rules for the seizure of property so concealed contained in sections 164, 165, and 166 of Act IV of 1877 (the Presidency Magistrates' Act)

কিন্তু তদ্রূপ কোন শরাব কি মাদকদ্রব্য বেআইনীমতে কোন অন্তঃপুর গোপন করিয়া রাখা গিয়াছে এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, সম্পত্তি তদ্রূপে গোপন করা গেলে তাহা ধরিয়া লইবার জন্যে প্রেসীডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের ৪ আইনের ১৬৪, ১৬৫ ও ১৬৬ ধারায় যে বিধান আছে, উক্ত পরওয়ানা জারী করিবার জন্যে যে আমলাকে দেওয়া যায়, তিনিও সাধ্যমতে তদনুসারে কার্য্য করিবেন ইতি।

77 The powers of seizure, search, and arrest given to excise officers by the last preceding section shall also be exercised by any police officers who may be specially selected by the Commissioner of Police for such purpose, and the powers which

Similar powers to be exercised by certain police officers

৭৭ ধারা। ইহার পূর্ব্ব ধারাক্রমে আবকারী কার্য্যকারকদিগকে শরাবাদি ধরিয়া লইবার ও তল্লাশ করিবার ও ব্যক্তিদিগকে গ্রেপ্তার করিবার যে২ ক্ষমতা দেওয়া গেল, পোলীসের কমিশ্যনর সাহেব তদ্রূপ কার্য্য করণার্থে পোলীসের যে কার্য্যকারকদিগকে

পোলীসের কোন২ আমলাদের তদ্রূপ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবার কথা।

are conferred upon the Collector by the said section, as regards the issue of warrants directed to excise officers, shall also be vested in the Commissioner of Police in respect of the issue of warrants directed to police officers selected in the manner aforesaid,

provided that it shall not be competent to the Collector to issue a warrant directed to a police officer, nor shall it be competent to the Commissioner of Police to issue a warrant directed to an excise officer

Police officer to carry the person arrested and the articles seized to a Presidency Magistrate and to report to the Commissioner of Police.

78 Whenever any such police officer shall arrest any person, or shall seize any spirituous or fermented liquors or intoxicating drugs, he shall carry the person arrested, or the illicit articles seized, or both as the case may be, with all convenient despatch to a Presidency Magistrate, and shall, within twenty-four hours thereafter, make a full report to the Commissioner of Police, and the Commissioner of Police shall at once inform the Collector of the fact of the arrest or seizure and of the circumstances of the case,

Commissioner to inform Collector.

Presidency Magistrate shall proceed to adjudicate

Police officers to assist excise officers on request.

79 All constables and other police officers are required to assist the excise officers in the due execution of this Part upon notice given or request made by any such excise officer

Excise officer making arrest or seizure, or searching a house to carry the person and property to the Collector. Collector may release or send to a Justice.

80 Whenever any excise officer duly authorized under this Part shall arrest any person, or shall seize any spirituous or fermented liquors or intoxicating drugs, or shall enter any house or shop for the purpose of searching for such illicit articles, he shall carry the person arrested, with the illicit articles seized, with all convenient despatch to the Collector and shall within twenty-four hours thereafter, make a full report to the Collector of all the particulars of such arrest, seizure, or search, and the Collector, after such further inquiry as he deems necessary, shall forthwith either release the person arrested or send him in custody

বিশেষমতে মনোনীত করেন তাঁহারাও সেই২ ক্ষমতা-মতে কার্য্য করিতে পারিবেন। এবং উক্ত ধারাক্রমে আবকারী কার্য্যকারকদের নামে পরওয়ানা দেওনবিষয়ক যেং ক্ষমতা কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করা গেল, পূর্ব্বোক্তমতে মনোনীত পোলীসের কার্য্যকারকদিগের নামে পরওয়ানা দেওনবিষয়ক সেই২ ক্ষমতা পোলীসের কমিশ্যনর সাহেবেরও প্রতি অর্পণ করা যাইবে।

কিন্তু কালেক্টর সাহেব পোলীসের কর্ম্মকারকের নামে পরওয়ানা দিতে পারিবেন না, ও পোলীসের কমিশ্যনর সাহেব আবকারী কর্ম্মকারকের নামে পরওয়ানা দিতে পারিবেন না ইতি।

পোলীসের কর্ম্মকারক যে ব্যক্তিকে ও যে দ্রব্য ধৃত করেন প্রেসীডেন্সী মাজিষ্ট্রেটের নিকট তাঁহাকে লইয়া যাইবার ও পোলীসের কমিশ্যনর সাহেবের নিকট রিপোর্ট করিবার কথা।

৭৮ ধারা। পোলীসের উক্ত কোন কর্ম্মকারক কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিলে, কিম্বা উগ্র কি গাঁজলা শরাব কি মাদক দ্রব্য ধৃত করিলে, তিনি সুবিধামতে ত্বরায় সেই ধৃত ব্যক্তিকে কিম্বা বিনানুমতির ঐ ধৃত দ্রব্য কিম্বা বিষয়বিশেষে ব্যক্তি ও দ্রব্য উভয়ই কোন প্রেসীডেন্সী মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইবেন, ও তাহার পর চব্বিশ ঘণ্টার মধ্যে পোলীসের কমিশ্যনর সাহেবের নিকট সেই বিষয়ের সম্পূর্ণ রিপোর্ট করিবেন।

কালেক্টর সাহেবকে কমিশ্যনর সাহেবের জ্ঞাত করিবার কথা।

ও পোলীসের কমিশ্যনর সাহেব তৎকালেই কালেক্টর সাহেবকে ঐ ব্যক্তির গ্রেপ্তার হওয়ার বা দ্রব্য [illegible] ব্যাপারের বৃত্তান্ত জ্ঞাত করিবেন। ও প্রেসীডেন্সী মাজিষ্ট্রেট আইন অনুসারে সেই মোকদ্দমার বিচার করিয়া নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

আদেশ হইলে পোলীসের আমলাগণের আবকারী কার্য্যকারকদের সাহায্য করণের কথা।

৭৯ ধারা। সকল কনষ্টাবলের ও পোলীসের অন্য আমলাগণের প্রতি এই আদেশ থাকিল যে, আবকারী কার্য্যকারকেরা নোটিস দিলে কি সাহায্য চাহিলে, এই খণ্ডের বিধানমতে নিয়মিতরূপে কার্য্য সম্পাদন করণে তাহাদের সাহায্য করেন ইতি।

আবকারী কর্ম্মকারক কোন ব্যক্তিকে গ্রেপ্তার কি দ্রব্য ধৃত করিলে কি ঘরে তল্লাশ করিলে কালেক্টর সাহেবের নিকট ঐ ব্যক্তিকে ও দ্রব্য লইয়া যাইতে হইবার কথা, ও কালেক্টর সাহেবের তাঁহাকে ছাড়িয়া দিতে কি জষ্টিসের নিকট পাঠাইতে পারিবার কথা।

৮০ ধারা। এই খণ্ডমতে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন আবকারী কার্য্যকারক কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিলে, কিম্বা উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য ধৃত করিলে, কিম্বা তদ্রূপ বিনানুমতির দ্রব্য অন্বেষণ করিবার নিমিত্ত কোন ঘরে কি দোকানে প্রবেশ করিলে, তিনি সুবিধামতে ত্বরায় কালেক্টর সাহেবের নিকট বিনানুমতির ঐ ধৃত দ্রব্য সহিত ঐ ধৃত ব্যক্তিকে লইয়া যাইবেন, ও তাহার পর চব্বিশ ঘণ্টার মধ্যে কালেক্টর সাহেবের নিকট ঐ গ্রেপ্তার ও ধৃত কি অন্বেষণ করিবার সম্পূর্ণ বৃত্তান্তের রিপোর্ট করিবেন। ও কালেক্টর সাহেব আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক বোধ করেন

to a Justice of the Peace for the Town of Calcutta

Excise or police officer may arrest persons drinking and seize liquors drunk on the premises

81 Any excise or police officer above the rank of peon or constable who may have reason to believe that any chemist, druggist, apothecary, or keeper of a dispensary within the Town or the Suburbs or in Howrah between sunset and sunrise allows spirituous or fermented liquors which have not been *bonâ fide* medicated to be drunk on his business premises by any person not employed in his business, may enter upon such premises and seize and carry away such liquors, and in case of resistance break open any door and force and remove any other obstacle to such entry or seizure, and arrest and detain the owner or occupier of the said premises, with all parties whom he suspects to be concerned in such unlawful drinking, and upon such seizure or arrest as aforesaid, the excise officer and Collector shall deal with such liquors or persons as provided in the last preceding section, and the police officer and a Presidency Magistrate or other Magistrate having jurisdiction shall deal with them as provided in section 78

Seizure to be determined summarily by Justice on information exhibited by order of the Collector

82 Whenever any property shall be seized by an excise officer as liable to confiscation under this Part, such seizure shall upon information exhibited by order of the Collector, be heard and determined in a summary way by any Justice of the Peace for the Town of Calcutta, and such Justice shall cause the persons to whom such property belongs to be summoned to appear before him, and upon their appearance or default shall examine into the cause of the seizure thereof and give judgment, and if such judgment shall be for confiscation of the property seized, shall issue his warrant to the Collector for the sale or disposal thereof, according to such orders as the Collector may receive from the Board

If no claimant appear before the Collector within a month after the seizure, Justice may confiscate the goods

83 Whenever any property shall be seized as aforesaid, and within one calendar month no person shall appear before the Collector to claim the same, the Justice shall examine into the cause of the seizure at a place and time of which notice shall have been given by

তাহা লইয়া, তৎক্ষণাৎ ঐ ধৃত ব্যক্তিকে মুক্ত করিবেন, কিম্বা তাঁহাকে পেয়াদার জিম্মায় কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের নিকট পাঠাইবেন ইতি।

কেহ বাড়ীর মধ্যে মদ খাইলে তাহাকে ও শরাব ধৃত করিতে আবকারী কি পোলীসের কার্য্যকারকের ক্ষমতার কথা।

৮১ ধারা। নগরের কি শহরতলীর কি হাবড়ার অন্তর্গত কিমীয় কি ঔষধীয় দ্রব্য বিক্রেতা কি ঔষধ প্রস্তুতকারক কি ঔষধালয়ের রক্ষক সূর্য্যাস্ত ও সূর্য্যোদয় কালের মধ্য কোন সময়ে আপনার কর্ম্মে নিযুক্ত ব্যক্তিভিন্ন অন্য ব্যক্তিকে আপনার ব্যবসায়ের বাড়ীর মধ্যে উগ্র কি গাঁজলা যে মদিরার সহিত প্রকৃত প্রস্তাবে ঔষধীয় দ্রব্য মিশ্রিত হয় নাই এমত মদিরা পান করিতে অনুমতি দিয়া থাকেন, কোন আবকারী কার্য্যকারকের কিম্বা পোলীসের পেয়াদার কি কনষ্টাবলের ঊর্দ্ধ শ্রেণীর কোন কার্য্যকারকের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তিনি সেই বাড়ীর মধ্যে প্রবেশ করিয়া ঐ শরাব ধরিয়া লইয়া যাইতে পারিবেন, ও বাধা দেওয়া গেলে তিনি দ্বার ভাঙ্গিয়া ও উক্তমতে প্রবেশ ও ধৃত করিবার বাধাজনক কোন বিষয় বলপূর্ব্বক স্থানান্তর করিয়া ঐ বাটীর স্বামিকে কি দখীলকারকে ও সেই শরাব বেআইনীমতে পান করিবার কার্য্যে যাঁহাদের সম্পর্ক থাকার অনুভব হয় তাঁহাদের সকলকে গ্রেফ্তার ও আটক করিয়া রাখিতে পারিবেন। পূর্ব্বোক্তমতে ধৃত ও গ্রেফ্তার করা গেলে, আবকারী কার্য্যকারক ও কালেক্টর সাহেব ইহার পূর্ব্ব ধারার বিধানমতে, ও পোলীসের কার্য্যকারক ও প্রেসীডেন্সী বা ক্ষমতাপ্রাপ্ত অন্য মাজিষ্ট্রেট সাহেব ৭৮ ধারার বিধানমতে, সেই শরাব ও সেই ব্যক্তিদিগকে লইয়া কার্য্য করিবেন ইতি।

কালেকটর সাহেবের আজ্ঞাক্রমে সন্ধান জানান গেলে ধৃত করণের মোকদ্দমা জষ্টিসের সরাসরীমতে নির্ণয় করিবার কথা।

৮২ ধারা। কোন আবকারী কার্য্যকারক এই খণ্ডমতে জব্দ হইবার যোগ্য বলিয়া কোন সম্পত্তি ধৃত করিলে, কালেক্টর সাহেবের আজ্ঞামতে ইহার সন্ধান জানান গেলে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ কোন জষ্টিস সরাসরীমতে ঐ ধৃতির মোকদ্দমা শুনিয়া নির্ণয় করিবেন। ও ঐ সম্পত্তি যে ব্যক্তিদের হয়, উক্ত জষ্টিস তাঁহাদের নামে আপনার সম্মুখে উপস্থিত হওয়ার সমন দেওয়াইবেন, ও তাঁহারা উপস্থিত হইলে বা উপস্থিত হইতে ত্রুটি করিলেও ঐ দ্রব্য ধৃত হওয়ার কারণের অনুসন্ধান লইয়া আপনার বিচার জানাইবেন। যদি ঐ ধৃত সম্পত্তি জব্দ হওয়ার বিচার হয়, তবে কালেক্টর সাহেবের নামে এই মর্ম্মের পরওয়ানা দিবেন যে কালেক্টর সাহেব বোর্ডের স্থানে যে আজ্ঞা পাইয়া থাকেন তদনুসারে যেন ঐ দ্রব্য বিক্রয় বা হস্তান্তর করেন ইতি।

ধৃত হওয়ার পর এক মাসের মধ্যে কালেকটর সাহেবের সম্মুখে দাওয়াদার উপস্থিত না হইলে জষ্টিসের সেই দ্রব্য জব্দ করিবার ক্ষমতার কথা।

৮৩ ধারা। কোন সম্পত্তি পূর্ব্বোক্তমতে ধৃত হইলে, ও ইঙ্গরেজী পঞ্জিকামত এক মাসের মধ্যে কোন ব্যক্তি কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া তাহার দাওয়া না করিলে, কালেক্টর সাহেব কলিকাতা গেজেটে, ও ঐ দ্রব্য যে স্থানে ক্রোক করা গেল তাহার কোন প্রকাশ

the Collector in the *Calcutta Gazette* and in some conspicuous part of the place where the property was seized, and give judgment for the confiscation of such portion of the property as, upon such examination, shall appear to him liable to forfeiture, and upon confiscation thereof, shall issue his warrant for the disposal of the same as if the owner had been summoned to attend the said Justice

স্থানে জ্ঞাপনপত্র প্রকাশ করিবা, যে সময়ের ও স্থানের নোটিস দেন, ঐ জষ্টিস সেই সময়ে ও স্থানে ঐ দ্রব্যের কারণের অনুসন্ধান লইয়া সেই অনুসন্ধানমতে উক্ত সম্পত্তির যে অংশ জব্দ হওয়ার যোগ্য বোধ করেন তাহা জব্দ হওয়ার নিষ্পত্তি করিবেন। জব্দ হইলে ঐ দ্রব্যের স্বামির নামে যেন জষ্টিসের সম্মুখে উপস্থিত হওয়ার সমন দেওয়া গিয়াছিল এমতে ঐ দ্রব্য বিক্রয়াদি করিবার পরওয়ানা দিবেন ইতি।

Actions for anything done under this Part to be commenced within three months and one month's notice to be given

84 All actions and prosecutions to be commenced against the Collector or any excise officer, or any person acting in aid of any such officer, for anything done in pursuance of the provisions of this Part shall be commenced within three calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action, and of the cause thereof, shall be given to the defendant one calendar month at least before the commencement of the action and no plaintiff shall recover in any such action if tender of sufficient amends shall have been made before such action brought, or if after action brought a sufficient sum of money shall have been paid into court, with costs, by or on behalf of the defendant

এই খণ্ডমতে কোন কার্য্য নিমিত্ত এক মাস থাকিতে মোকদ্দমার নোটিস দিবার ও তিন মাসের মধ্যে তাহা উপস্থিত করিবার কথা।

৮৪ ধারা। কালেক্টর সাহেব কিম্বা কোন আবকারী কার্য্যকারক কি তাঁহার সাহায্যকারী কোন ব্যক্তি এই খণ্ডের বিধানানুসারে যে কোন কার্য্য করেন তদ্ধেতুক তাঁহার নামে নালিশ কি অভিযোগ উপস্থিত করিতে হইলে, উক্ত কার্য্য করা যাইবার পর ইঙ্গরেজী পঞ্জিকামত তিন মাসের মধ্যে তাহা উপস্থিত করিতে হইবে তৎপরে নয়। ও নালিশ উপস্থিত করিবার পূর্ব্বে ন্যূনকল্পে ইঙ্গরাজী পঞ্জিকামত এক মাস থাকিতে প্রতিবাদিকে ঐ নালিশের ও তাহার কারণের নোটিস লিখিয়া দিতে হইবে। ও সেই নালিশ উপস্থিত করিবার পূর্ব্বে যদি প্রতিবাদী কি তাঁহার সপক্ষ কোন ব্যক্তি উপযুক্ত প্রতিকার করিবার প্রস্তাব করিয়া থাকেন, কিম্বা নালিশ উপস্থিত করা গেলে পর যদি আদালতে খরচা সহিত যথোচিতমতে টাকা দিয়া থাকেন, তবে তদ্রূপ কোন মোকদ্দমায় বাদী ডিক্রী পাইবেন না, ইতি।

Penalties

দণ্ড বিষয়ক বিধি।

Penalty for unlicensed manufacture or sale of spirits, liquors or drugs

85 Every person who shall manufacture or sell by retail any spirituous or fermented liquors or intoxicating drugs specified in this Part within the Town without a license from the Collector shall be liable to a fine not exceeding five hundred rupees for every such manufacture or sale, but this enactment shall not apply to the sale by wholesale dealers of such small quantities of beer, wines, or spirits as may appear to the Collector to be used only as samples

লাইসেন্স বিনা মদিরা কি শরাব কি মাদকদ্রব্য প্রস্তুত কি বিক্রয় করিবার দণ্ডের কথা।

৮৫ ধারা। কোন ব্যক্তি কালেক্টর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া নগরের মধ্যে এই খণ্ডের নির্দ্দিষ্ট কোন উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য প্রস্তুত করিলে কি খুজরা বিক্রয় করিলে, তদ্রূপ প্রত্যেক দ্রব্য প্রস্তুত কি বিক্রয় করাপ্রযুক্ত তাঁহার ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু কালেক্টর সাহেবের বিবেচনায় যাহা কেবল নমুনাস্বরূপ ব্যবহার হইতে পারে, থোকে বিক্রেতারা এমন অল্প পরিমাণের যে বীর কি ওয়াইন কি উগ্র শরাব বিক্রয় করেন, সেই অল্প বিক্রয়ের প্রতি এই বিধান খাটে না।

Provided that nothing contained in this section shall affect the arrangements under which taree is supplied to retail vendors, or the sale of such article, or any preparation of the same, when supplied or used for the manufacture of goor or molasses

পরন্তু যে২ নিয়মানুসারে খুজরা বিক্রেতাদিগকে তাড়ী যোগাইয়া দেওয়া যায় এই ধারার কোন কথার দ্বারা সেই নিয়মের, কিম্বা গুড় কি কোতরা গুড় প্রস্তুত করিবার নিমিত্ত যে তাড়ী কি তাহাহইতে প্রস্তুত যে দ্রব্য যোগাইয়া দেওয়া যায় কি ব্যবহার হয় তাহার বিক্রয়ের কোন ব্যাঘাত হইবে না।

Provided also that nothing contained in this section shall apply to the sale of any spirituous liquors, wines or beer purchased by any person for his private use, and so disposed of upon such person quitting Calcutta or after his decease

আরো কোন ব্যক্তি আপনার ব্যবহারের নিমিত্তে কোন উগ্র শরাব কি ওয়াইন কি বীর শরাব ক্রয় করিলে ও কলিকাতাহইতে চলিয়া যাওনের সময়ে কি তাঁহার মৃত্যুর পরে ঐ২ দ্রব্য বিক্রয় করা গেলে, সেই বিক্রয়ের প্রতি এই ধারার কোন কথা খাটিবে না ইতি।

86 Every person who shall sell Bengal rum, or country spirit, or taree, or gaujah, or bhang, or any preparation or admixture of the same, or churrus, or any preparation or admixture of the same, in quantities larger than those specified in section 69 shall be liable to a fine not exceeding five hundred rupees, but this prohibition does not apply to the sale of spirituous or fermented liquors and intoxicating drugs imported into Calcutta under passes from the Collector or other officer duly empowered in that behalf and supplied by wholesale to licensed retail dealers, or to the sale of Bengal rum under bond for exportation by sea

Penalty for selling Bengal rum &c in excess of quantity specified

৮৬ ধারা। বাঙ্গাল রমের কি দেশীয় মদিরার কি তাড়ীর কি গাঁজার কি ভাঙ্গের কি তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত দ্রব্যের কি চরসের কি তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত দ্রব্যের যেং পরিমাণ ৬৯ ধারায় নির্দ্দিষ্ট হইল, কোন ব্যক্তি তাহার অধিক বিক্রয় করিলে তাঁহার ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু কালেক্টর সাহেবের কিম্বা এতৎকার্য্য পক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের ছাড়পত্রক্রমে যে উগ্র কি গাঁজলা শরাব ও মাদক দ্রব্য কলিকাতায় আনীত হইয়া, থোকে বিক্রেতাদের দ্বারা লাইসেন্সপ্রাপ্ত খুচরা বিক্রেতাদের নিকট যোগাইয়া দেওয়া যায়, তাহার বিক্রয়করণ প্রতি, কিম্বা সমুদ্রপথে রফ্তানী করিবার বণ্ডক্রমে বদ্ধ বাঙ্গলা রম শরাবের বিক্রয় করণ প্রতি এই নিষেধ বর্ত্তে না ইতি।

বাঙ্গলা রম প্রভৃতি যত নির্দ্দিষ্ট হইল তদধিক বিক্রয় করিবার দণ্ডের কথা।

87 A breach of any of the conditions of a license granted under this Act (whether committed by a licensed dealer or by any person in his employ) shall, beside entailing forfeiture of the license, be punishable by a fine not exceeding fifty rupees, and such fine shall be recoverable from the licensed dealer, notwithstanding that such breach may have been owing to the default or carelessness of the servant or other person employed in the shop

Penalty in addition to forfeiture for breach of conditions of license Dealer responsible for default of his servant

৮৭ ধারা। এই আইনমতে যে লাইসেন্স দেওয়া যায় লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ী আপনি কিম্বা তাঁহার অধীন কোন কর্ম্মচারীও তাহার কোন নিয়ম ভঙ্গ করিলে, তৎপ্রযুক্ত লাইসেন্স বাতিল করা যাইতে ও তদতিরিক্ত তাহার ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং দোকানে যে চাকরের কিম্বা অন্য যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার দোষ কি অমনোযোগহেতুক ঐ নিয়ম ভঙ্গ হইলেও লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতার স্থানে সেই দণ্ডের টাকা আদায় হইতে পারিবে ইতি।

লাইসেন্সের নিয়ম লঙ্ঘন হইলে তাহা রহিত হওনের অতিরিক্ত দণ্ডের কথা। ও চাকরের দোষের নিমিত্ত ব্যবসায়ির দায়ী হইবার কথা।

88 Any person, not being a licensed dealer having in his possession and any person carrying within the Town, any greater quantity of spirituous or fermented liquors or intoxicating drugs above specified, or any preparation or admixture of the same, except beer, wines, and spirits, than the quantity specified for each article in section nine and not being protected by a pass or permit from the Collector or other officer duly empowered in that behalf, shall be liable to a fine not exceeding five hundred rupees

Penalty for possessing a greater than the specified quantity of liquors &c without license or pass

৮৮ ধারা। বীর ও ওয়াইন ও উগ্র শরাবভিন্ন পূর্ব্বোক্ত উগ্র কি গাঁজলা শরাবের কি মাদকদ্রব্যের কিম্বা তাহা দিয়া প্রস্তুত কি মিশ্রিত দ্রব্যের যে পরিমাণ ৯ ধারায় নির্দ্দিষ্ট হইল, লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাভিন্ন কোন ব্যক্তির নিকট তাহার অধিক পরিমাণের ঐং দ্রব্য থাকিলে, ও কোন ব্যক্তি নগরের মধ্যে তাহার অধিক বহন করিলে ও তাহার সঙ্গে কালেক্টর সাহেবের কিম্বা এতৎকার্য্যপক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের ছাড়পত্র কি পরমিট না থাকিলে তাঁহার ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

শরাব প্রভৃতির যে পরিমাণ নির্দ্দিষ্ট থাকে লাইসেন্স কি ছাড়পত্র বিনা তাহার অধিক থাকিলে দণ্ডের কথা।

89 Besides the penalties above specified for the illicit manufacture, sale, possession, and carrying of spirituous or fermented liquors or intoxicating drugs, all the materials and implements used or intended to be used in the manufacture of the same and all liquors or drugs so manufactured, and all such liquors and drugs found in the possession of any offender contrary to the provisions of this Act shall be seized and confiscated, and the vessels, packages, and coverings in which such liquors and drugs are found, and the animals and

Additional penalties for illicit manufacture sale or possession of liquors or drugs

৮৯ ধারা। যে শরাব কি মাদকদ্রব্য বেআইনীমতে প্রস্তুত কি বিক্রয় করিবার কি নিকটে রাখিবার ও বহন করিবার পূর্ব্বোক্ত যেং দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্ভিন্ন ঐং দ্রব্য প্রস্তুত করণার্থে যে সকল সরঞ্জামের ও যন্ত্রাদির ব্যবহার হয় কি ব্যবহার করিবার অভিপ্রায় থাকে তাহা, ও তদ্রূপে প্রস্তুত সকল মদিরা কি মাদক দ্রব্য, ও এই খণ্ডের বিধানের বিপক্ষে কোন অপরাধির নিকট তদ্রূপ যে সকল মদিরা ও মাদকদ্রব্য পাওয়া যায় তাহাও ক্রোক ও জব্দ করিয়া লওয়া যাইবে। ও সেই মদিরা ও মাদকদ্রব্য যে সকল পাত্রে ও বস্তায় ও আব-

যে শরাব কি মাদকদ্রব্য বেআইনীমতে প্রস্তুত কি বিক্রয় করিবার কি নিকটে রাখিবার অন্য দণ্ডের কথা।

conveyances used in carrying them, shall also be liable to seizure and confiscation

রণের মধ্যে পাওয়া যায়, ও তাহা বহন করিতে যে পশ্বাদির ও যে গাড়ী প্রভৃতির ব্যবহার হয় তাহাও ক্রোক ও জব্দ করিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

Penalty on excise or police officer delaying to carry persons arrested or articles seized to Collector or Magistrate

90 Any excise officer who shall delay carrying to the Collector, and any police officer who shall delay carrying to a Presidency Magistrate, any person arrested or any illicit articles seized under this Part, and any excise or police officer who shall neglect to report the particulars of an arrest, seizure, or search within twenty-four hours thereafter, shall be liable to a fine not exceeding two hundred rupees

আবকারী কি পোলীসের কর্ম্মকারক কালেক্টর কি মাজিষ্ট্রেট সাহেবের নিকট ধৃত ব্যক্তিকে কি দ্রব্য লইয়া যাইতে বিলম্ব করিলে তাঁহার দণ্ডের কথা।

৯০ ধারা। এই খণ্ড অনুসারে যে ব্যক্তিকে গ্রেফ্তার করা যায় কি বিনানুমতির যে দ্রব্য ধৃত হয় কোন আবকারী কর্ম্মকারক কালেক্টর সাহেবের নিকট, ও পোলীসের কোন কর্ম্মকারক প্রেসীডেন্সী মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ ব্যক্তিকে ও ঐ দ্রব্য লইয়া যাইতে বিলম্ব করিলে, ও আবকারী কি পোলীসের কোন কর্ম্মকারক কোন ব্যক্তিকে গ্রেফ্তার কি দ্রব্য ধৃত কি অন্বেষণ করিবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ ব্যাপারের বৃত্তান্তের রিপোর্ট করিতে তাচ্ছল্য করিলে, তাঁহার ২০০৲ দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Penalty on excise or police officer for vexatious seizure or arrest

91 Any excise or police officer who shall, without reasonable ground of suspicion, search or cause to be searched any house, boat, or other place, or shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for anything spirituous or fermented liquors or intoxicating drugs liable to confiscation under this Part, or who shall vexatiously and unnecessarily arrest any person or commit any other excess not required for the execution of his duty, shall be liable for every such offence to a fine not exceeding five hundred rupees, which sum, or any portion thereof, may be paid to the person aggrieved

আবকারী কি পোলীসের কর্ম্মকারক ক্লেশ দিবার নিমিত্ত গ্রেফ্তার কি ধৃত করিলে তাঁহার দণ্ডের কথা।

৯১ ধারা। আবকারী কি পোলীসের কোন কর্ম্মকারক সন্দেহ করিবার সঙ্গত কারণ না থাকিতেও কোন ঘর কি নৌকা কি অন্য স্থান তলাশ করিলে বা করাইলে, ও এই খণ্ডমতে জব্দ হওয়ার যোগ্য বিনানুমতির উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য ধৃত কি অন্বেষণ করিবার ছলে ক্লেশজনকরূপে ও অনাবশ্যকমতে কোন ব্যক্তির মাল কি দ্রব্য ধৃত করিলে, কিম্বা ক্লেশজনকভাবে ও অনাবশ্যকমতে কোন ব্যক্তিকে ধৃত করিলে, কিম্বা স্বীয় কার্য্য সম্পাদনের অপ্রয়োজনমতে অন্য অত্যাচার করিলে তাহার ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। সেই টাকা কি তাহার কোন অংশ ঐ অন্যায়গ্রস্ত ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে ইতি।

Penalty on excise or police officer for connivance

92 Any excise or police officer who shall connive at the manufacture or sale of spirituous or fermented liquors or intoxicating drugs by any unlicensed person, or by any licensed person contrary to the terms of his license or act in a manner inconsistent with his duty, for the purpose of enabling any person to do any thing whereby any of the provisions of this Part may be evaded or broken, or the excise revenue defrauded and any Inspector of Police or other officer invested with local jurisdiction who shall authorize or connive at the establishment of any unlicensed shop for the sale of such liquors or drugs as aforesaid in any place subject to his control, shall be liable for any such offence to a fine not exceeding five hundred rupees

আবকারী কি পোলীসের কার্য্যকারক জ্ঞান পূর্ব্বক তাচ্ছল্য করিলে তাহার দণ্ডের কথা।

৯২ ধারা। কোন ব্যক্তি লাইসেন্স না পাইয়া, কিম্বা লাইসেন্স প্রাপ্ত কোন বিক্রেতা লাইসেন্সের নিয়ম বিরুদ্ধ উগ্র কি গাঁজলা শরাব কি মাদকদ্রব্য বিক্রয় করিতেছে, আবকারী কি পোলীসের কোন কর্ম্মকারক ইহা জানিয়াও তাচ্ছল্য করিলে, কিম্বা এই খণ্ডের কোন বিধান যাহাতে টালিয়া ফেলা যায় কি ভঙ্গ হয় কিম্বা আবকারী রাজস্ব যাহাতে প্রতারণাক্রমে হরণ হয় কোন ব্যক্তি যেন এমত কার্য্য করেন এই নিমিত্ত আপনার কর্ত্তব্যের অসঙ্গতরূপে কার্য্য করিলে, ও পোলীসের কোন ইনস্পেকটর কিম্বা স্থানবিশেষে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক আপনার কর্তৃত্বাধীন কোন স্থানে পূর্ব্বোক্ত প্রকারের মদিরা কি মাদক দ্রব্য বিক্রয় করণার্থ লাইসেন্স বিনা কোন দোকান স্থাপন করিতে অনুমতি দিলে কিম্বা স্থাপন হইয়াছে জানিয়া তাচ্ছল্য করিলে, তাঁহার উক্ত কোন অপরাধ হেতুক ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

93. Any police officer who, without lawful excuse, shall neglect or refuse to assist the excise officer as aforesaid, on being required to do so, shall be liable to a fine not exceeding five hundred rupees

Penalty on police officer not assisting excise officer

94 All fines leviable under this Part shall be adjudged by any Justice of the Peace for the Town of Calcutta upon information exhibited before such Justice by order of the Collector, or shall be adjudged by a Presidency Magistrate, if the case is tried by such Magistrate under section 78, and in default of payment of any fine to which an offender is adjudged, he shall be imprisoned in the common jail, and no proceedings shall be taken under this section by any such Justice or Magistrate after the expiration of three calendar months from the date of the offence by which the fine was incurred

Fines to be adjudged Justice or Magistrate, but not after three months from date of offence

95 Whenever any person shall be convicted before any such Justice or before a Presidency Magistrate of an offence against the provisions of this Part after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment in the criminal jail for a period not exceeding six months, and a like punishment of imprisonment not exceeding six months shall be incurred, in addition to the punishment which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

Additional penalty for second or subsequent offence

96 All articles confiscated under this Part shall be disposed of by public sale under such rules as the Board may prescribe in that behalf

Disposal of confiscated articles

(*a*) the date of the grant thereof

(*b*) the name, father's name, residence, caste if any, and the trade, dealing, or industry of the licensee

(*c*) the fee paid for the license,

(*d*) the place or places within such district at which the licensee intends to carry on his trade, dealing, or industry for the ensuing year,

(*e*) the term for which such license shall remain in force,

and shall be received in evidence as *prima facie* proof of all matters contained therein

8 Every such license shall have effect in such district only, and shall continue in force from the day of the date thereof until the first day of April next after the day of the granting thereof

Commencement and expiration of license

9 Every person to whom any such license has been granted and who desires to continue to carry on his trade dealing, or industry in such district after the expiration thereof, shall take out a fresh license for that purpose for the following year to expire on the day appointed in the last pre-

২ দ্বিতীয় খণ্ড।

সকল জিলার নিমিত্ত সাধারণ বিধান।

৫ ধারা। কোন ব্যক্তি ১৮৭৮ সালের আপ্রিল মাসের ১ তারিখে কি তৎপরে এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যে আইসেন ও উক্ত দেশের অন্তর্গত কোন জিলায় আপনার নিমিত্ত কি অন্য ব্যক্তির পক্ষ হইয়া ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইলে, সেই জিলায় তাঁহার এই আইনমতে লাইসেন্স লইতে হইবে, ও তিনি যে শ্রেণীর লোক হন ঐ তফসীলমতে সেই শ্রেণীর যত ফী দেওয়া আছে তাঁহার বৎসর২ ততই ফী দিতে হইবে। কিন্তু কোন ব্যক্তি তদ্রূপ জিলায় যে ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালান তদ্দ্বারা বৎসর এক শত টাকার কম উপার্জ্জন হইলে, তাঁহার এই আইনমতে লাইসেন্স লইতে হইবে না।

বৎসর২ লাইসেন্স লইতে হইবার কথা।

এই আইনের কার্য্যপক্ষে কলিকাতা নগর স্বতন্ত্র জিলা বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

৬ ধারা। সেই জিলার কালেক্টর সাহেব কিম্বা তিনি এই কার্য্যপক্ষে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি, এই আইনমত লাইসেন্স দিবেন। কলিকাতায় মুনিসিপল কমিশ্যনরদের সভাপতি সাহেব লাইসেন্স দিবেন ইতি।

যে কর্ম্মকারকের স্থানে লাইসেন্স পাওয়া যাইবে তাহার কথা।

৭ ধারা। উক্ত প্রত্যেক লাইসেন্সের মধ্যে এই২ কথা বিশেষ করিয়া লেখা যাইবে

লাইসেন্সের মধ্যে বিশেষ যে২ কথা লিখিতে হইবে তাহার কথা।

(ক) লাইসেন্স যে তারিখে দেওয়া যায়।

(খ) লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার নাম ও নিবাস ও জাতি ও তাঁহার ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম।

(গ) লাইসেন্সের নিমিত্ত যত ফী দেওয়া গেল।

(ঘ) আগামি বৎসরে ঐ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ঐ জিলার অন্তর্গত যে বা যে২ স্থানে স্বীয় ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইতে চাহেন।

(ঙ) ঐ লাইসেন্স যত দিনের নিমিত্ত প্রবল থাকিবে।

ও সেই লাইসেন্সখানি আপাততঃ ঐ লাইসেন্সের লিখিত সকল কথার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

৮ ধারা। উক্ত প্রত্যেক লাইসেন্স কেবল উক্ত জিলায় প্রচলিত হইবে, ঐ লাইসেন্সের তারিখ অবধি তাহা দেওনের পশ্চাৎ আপ্রিল মাসের প্রথম দিবস পর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

লাইসেন্স যে অবধি চলিবে ও যে সময়ে রহিত হইবে তাহার কথা।

৯ ধারা। যে প্রত্যেক ব্যক্তিকে তদ্রূপ কোন লাইসেন্স দেওয়া যায়, তিনি ঐ লাইসেন্সের মিয়াদ ফুরাইলে পরও ঐ জিলার মধ্যে স্বীয় ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে চাহিলে, আগামি বৎসরের নিমিত্ত তদ্ধেতুক নূতন লাইসেন্স লইবেন। সেই লাইসেন্সের মিয়াদ ইহার পূর্ব্ব ধারার

লাইসেন্স নূতন করিয়া লইবার কথা।

Renewal of license

ceding section, and shall renew the same so long as he desires to carry on such trade, dealing, or industry

PART III

Applicable to all districts except Calcutta

Collector to prepare annual list of licensees

10 As soon as may be after the commencement of this Act and the first day of January in every subsequent year, the Collector shall prepare a list the persons in the district aforesaid to be licensed under this Act Such list shall state—

(*a*) the trade, dealing, or industry of each of the persons therein named,

(*b*) the class and grade under which he is charged, and

(*c*) the fee to be paid for his license

Such list shall be in such language as the local Government may direct, but a copy thereof in the language of the district shall be filed in the Office of the Collector, and shall be open to public inspection at all reasonable times without any payment,

The local Government shall have power to declare what shall, for the purposes of this Act be deemed to be the language of the district

Collector may require list of persons in any house

11 The Collector may, by a notice in writing, require the occupier of any house, manufactory, or shop to forward to him a statement in writing signed by the occupier of the names of all persons residing in such house or working in such manufactory or shop, and of their respective trades, dealings, industries, or occupations

Collector to determine class under which licensee is to be charged

12 The Collector shall from time to time determine under which of the classes or grades mentioned in Schedule A hereto annexed every person required to take out a license under this Act shall be charged, and shall prepare or amend the said list accordingly

Persons carrying on several trades

13 A person or firm carrying on several trades dealings, or industries, in the same district, and coming under more than one of the designations in the said Schedule, shall be chargeable only under one of the said designations at the discretion of the Collector And in

নির্দ্দিষ্ট দিনে ফুরাইবে। এই প্রকারে যত দিন ঐ ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে চাহেন তত দিন ঐ লাইসেন্স বৎসর২ নূতন করিয়া লইবেন ইতি।

৩ তৃতীয় খণ্ড।

কলিকাতাভিন্ন সকল জিলার নিমিত্ত বিধান।

লাইসেন্স পাইবার যোগ্য ব্যক্তিদের ফর্দ্দ কালেকটর সাহেবের বৎসর২ প্রস্তুত করিতে হইবার কথা।

১০ ধারা। পূর্ব্বোক্ত জিলায় যে ব্যক্তিদের লাইসেন্স লইতে হইবে, কালেকটর সাহেব এই আইন প্রচলিত হওয়ার পর, ও পশ্চাৎ প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম দিনের পর যত শীঘ্র হইতে পারে ঐ সকল ব্যক্তির নামের ফর্দ্দ প্রস্তুত করিবেন। ঐ ফর্দ্দে এই২ কথা লেখা যাইবে,

(ক) ঐ ফর্দ্দলিখিত প্রত্যেক ব্যক্তির ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম।

(খ) তাঁহাকে যে শ্রেণীর ও সম্প্রদায়ের মধ্যে ধরা গেল। ও

(গ) তাঁহার লাইসেন্সের নিমিত্ত যত ফী দিতে হইবে।

স্থানীয় গবর্ণমেন্ট যে ভাষায় ঐ ফর্দ্দ লিখিতে বলেন সেই ভাষায় লেখা যাইবে, কিন্তু তাহার সকল জিলার চলিত ভাষায় কালেকটর সাহেবের কাছারীতে রাখা যাইবে, ও সাধারণ লোকেরা সঙ্গত যে সময়ে দেখিতে চাহেন বিনাখরচে দেখিতে পাইবেন।

এই আইনের কার্য্যপক্ষে যে ভাষা জিলার চলিত ভাষা বলিয়া জ্ঞান করিতে হইবে, স্থানীয় গবর্ণমেন্ট ইহা নির্দ্দেশ করিতে সক্ষম হইবেন ইতি।

কোন ঘরের মধ্যে যাঁহারা থাকেন তাঁহাদের নামের ফর্দ্দ কালেকটর সাহেবের চাহিয়া লইতে পারিবার কথা।

১১ ধারা। কালেকটর সাহেব কোন ঘরের কি কারখানার কি দোকানের দখীলকারের নামে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিতে পারিবেন যে, ঐ ঘরের মধ্যে যাঁহারা বাস করেন কি ঐ কারখানায় কি দোকানে যাঁহারা কর্ম্ম করেন, ঐ দখীলকার তাঁহাদের সকলের নাম ও প্রত্যেক জন যে ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম বা যে কর্ম্ম করেন তাহার এক বর্ণনাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া তাঁহার নিকটে পাঠান ইতি।

লাইসেন্স পাইবার যোগ্য ব্যক্তিকে যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবে কালেকটর সাহেবের ইহা নির্ণয় করিবার কথা।

১২ ধারা। এই আইনমতে যে প্রত্যেক ব্যক্তির লাইসেন্স লইবার বিধান আছে তাঁহাকে এই আইনের A তফসীলের লিখিত যে শ্রেণীর কি সম্প্রদায়ের মধ্যে ধরিতে হইবে, কালেকটর সাহেব ইহা সময়ে২ স্থির করিয়া তদনুসারে উক্ত ফর্দ্দ প্রস্তুত কি সংশোধন করিবেন ইতি।

কোন ব্যক্তির নানা ব্যবসায় থাকিলে তদ্বিষয়ের কথা।

১৩ ধারা। কোন ব্যক্তি কি কুঠী একি জিলার মধ্যে নানা প্রকারের ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, ও তাহা ঐ তফসীলের লিখিত দুই কি তদধিক নামের মধ্যে আইলে, কালেকটর সাহেবের বিবেচনামতে তন্মধ্য কেবল এক নাম অনুসারে তাঁহার ফী ধার্য্য

the case of a firm, payment by any one of the partners shall, for the purposes of this Act, be considered payment by the firm

হইবে। কুঠী হইলে, অংশিদের মধ্যে কোন এক জন ফী দিলে এই আইনের কার্য্যপক্ষে ঐ কুঠীরই সেই ফী দেওয়া হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

14 The Collector may, subject to such rules as the local Government may lay down, remit the whole or any part of the fee payable under this Act by any person who may carry on his trade, dealing, or industry for a portion of the year only

Power to remit fee

১৪ ধারা। কোন ব্যক্তি বৎসরের একাংশমাত্র ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া থাকিলে, এই আইনমতে তাঁহার যত ফী দেওয়া উচিত, কালেক্টর সাহেব, স্থানীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারিত বিধি প্রবল মানিয়া, ঐ ফীর একাংশ কি সমুদয় ক্ষমা করিতে পারিবেন ইতি।

ফী ক্ষমা করিবার ক্ষমতার কথা।

15 The list, or such part or parts thereof as the Collector thinks fit, shall be published in the principal bazars, and at all police-stations of all towns, and at all sub-divisional offices, police stations, and outposts in the district, and at some conspicuous place in all villages concerned, together with a notification setting forth the Schedule hereto annexed applicable to the district, and directing that if any person falling under any of the classes specified in the said Schedule, whether he is mentioned in such list or not, continues his trade or dealing in the said district, payment of the fee specified in the list as payable by him, or, when he is not mentioned in such list, of the fee mentioned in the said schedule as payable by persons of the class and grade to which he belongs, must be made by him within sixty days of the date of the publication of the notification, and within sixty days next after the first day of April of each succeeding year

Publication of list and notification

১৫ ধারা। উক্ত নামের ফর্দ্দ কিম্বা কালেক্টর সাহেব তাহার যে বা যে২ অংশ প্রকাশ করা উচিত বোধ করেন তাহা, প্রধান২ বাজারে ও সকল নগরের অন্তর্গত সকল পোলীস থানায় ও জিলার সকল মহকুমার কাছারীতে, ও পোলীস থানায়, ও ফাঁড়িতে, ও ঐ ফর্দ্দ সম্পর্কীয় সকল গ্রামের কোন প্রকাশ স্থানে প্রচার করা যাইবে, ও সেই জিলায় এই আইনের যে তফসীল খাটে তাহার জ্ঞাপনপত্র ও ঐ ফর্দ্দের সহিত প্রকাশ করা যাইবে, ও তাহাতে এই আদেশ থাকিবে যে কোন ব্যক্তি উক্ত তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যে আইলে, তাঁহার নাম ফর্দ্দে লেখা থাকিলে বা না থাকিলেও, উক্ত জিলায় আপনার ব্যবসায় কি কারবার চালাইলে, ঐ ফর্দ্দে তাঁহার যত ফী দিতে হইবে বলিয়া নির্দ্দিষ্ট থাকে, কিম্বা ফর্দ্দে তাঁহার নাম লেখা না থাকিলে তিনি যে শ্রেণীর ও সম্প্রদায়ের লোক তন্ন উক্ত তফসীলমতে সেই শ্রেণীর বা সম্প্রদায়ের লোকদের যত ফী দেওয়া উচিত, ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখ অবধি ৬০ ষাইট দিনের মধ্যে, ও তৎপরে প্রতি বৎসর আপ্রেল মাসের প্রথম দিবসাবধি ৬০ ষাইট দিনের মধ্যে, তাঁহার তত ফী দিতে হইবে ইতি।

16 When a statement in writing has been furnished to the Collector under section eleven from which it appears that any person in the employ of any other person, company, or corporation is chargeable with fees under this Act, the Collector may require the employer of such person to deduct the amount of his fee from any salary or wages due to such person, and to pay it to the Collector on his behalf

Levy of fees on artizans and others in large works

১৬ ধারা। ১১ ধারামতে যে বর্ণনাপত্র লিখিয়া কালেক্টর সাহেবকে দেওয়া যায়, তদ্দ্বারা কোন ব্যক্তির কি কোম্পানির কি সমবায়গত ব্যক্তিদের অধীনে অন্য ব্যক্তি কর্ম্ম করিয়া এই আইনমতে ফী দিবার যোগ্য বলিয়া দৃষ্ট হইলে, তাঁহার প্রাপ্য বেতন কি মাহিয়ানা হইতে ঐ ফী কাটিয়া তাঁহার নিমিত্ত কালেক্টর সাহেবকে দেওয়া যায়, কালেক্টর সাহেব ঐ ব্যক্তির মুনিবের প্রতি এই আদেশ করিতে পারেন ইতি।

কারিগরদের ও বড়২ কারখানার অন্য লোকদের ফী আদায় করণের কথা।

17. Any person mentioned in the list referred to in section ten and objecting to the class or grade in which he is charged, may, within thirty days after its publication, or within such further time as the Collector may in each case think fit, apply by petition to the Collector in order to establish his right to have his name transferred to another class or grade, or altogether removed from the list

Petition of objector

১৭ ধারা। ১০ ধারার উল্লিখিত ফর্দ্দে কোন ব্যক্তির নাম লেখা গেলে, তাঁহাকে যে শ্রেণী কি সম্প্রদায়ভুক্ত করিয়া ফী ধরা গেল তদ্বিষয়ের আপত্তি থাকিলে, তিনি আপনার নাম অন্য শ্রেণীতে কি সম্প্রদায়ে লেখাইবার কিম্বা একেবারে ফর্দ্দ হইতে উঠাইয়া দিবার অধিকার স্থাপন করিবার জন্যে, ঐ ফর্দ্দ প্রকাশ হওনের পর ৩০ ত্রিশ দিনের মধ্যে, কিম্বা কালেক্টর সাহেব কোন স্থলে আর যত সময় দেওয়া উচিত বোধ করেন সেই সময়ের মধ্যে, কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন ইতি।

আপত্তিকারকের দরখাস্তের কথা।

18 The Collector shall fix a day for the hearing of the petition, and on the day so fixed, or on such subsequent day as he may from time to time direct, shall hear the same, and pass such order thereon as he thinks fit

Hearing of petition

Provided that if, in the judgment of the Collector, the petitioner is able to shew that the fee which has been charged exceeds two per cent upon his annual earnings in his trade, dealing, or industry within the district, such excess shall, for the purpose of section seventeen, be deemed a valid ground of objection, and the Collector shall thereupon order the petitioner's name to be transferred to another class or grade, or to be altogether removed from the list The Collector may also, on this ground, at any time reduce the amount of fee payable by any person under class V of Schedule A hereto annexed to the fee payable under class VI

19 There shall be no appeal from an order of a Collector under section eighteen, but where the order is passed by any officer subordinate to a Collector, an appeal shall lie to the Collector, or to some officer specially empowered by the local Government in this behalf, whose decision shall be final Every petition of appeal under this section shall be accompanied by a copy of the order complained of, and be presented within fifteen days of the date of such order In computing the said period of fifteen days, the day on which the order complained of was made, and the time requisite for obtaining a copy of the same, shall be deducted

Appeals

20 The Collector may, for the purpose of enabling him to determine under which of the said classes or grades the petitioner should be charged, summon and enforce the attendance of witnesses and compel them to give evidence and compel the production of documents by the same means and, as far as possible, in the same manner as is provided in the case of a civil court by the Code of Civil Procedure

Power to summon witnesses, &c

Provided that the Collector shall not, in the course of any proceedings under this section call for any evidence except at the instance of the petitioner, or in order to ascertain the correctness of facts alleged by him

21 If after expiry of the period mentioned in the notification published under section fifteen for payment of the amount specified therein, any person-

Penalty for carrying on business without a license

১৮ ধারা। কালেক্টর সাহেব দরখাস্ত শুনিবার দিন ধার্য্য করিব, সেই দিনে, কিম্বা তাহার পর সময়ে২ অন্য যে দিন ধার্য্য করেন সেই দিনে, ঐ দরখাস্ত শুনিয়া তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন।

দরখাস্ত শুনিবার কথা।

পরন্তু দরখাস্তকারী জিলার মধ্যে ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম করিয়া বৎসরে২ যাহা উপার্জ্জন করেন তাহার উপর শতকরা ২৲ টাকার অধিক ফী ধার্য্য হইয়াছে, কালেক্টর সাহেবের বিচারমতে ইহা দেখাইতে পারিলে, ১৭ ধারার কার্য্য-পক্ষে ঐ অতিরিক্ত ধরাই আপত্তির উপযুক্ত কারণ বলিয়া জ্ঞান হইবে। তাহা হইলে কালেক্টর সাহেব দরখাস্তকারির নাম এক শ্রেণী কি সম্প্রদায়হইতে উঠাইয়া অন্য শ্রেণী কি সম্প্রদায় ভুক্ত করিতে, কিম্বা একেবারে ফর্দ্দহইতে উঠাইয়া দিতে আজ্ঞা করিবেন। আরো এই আইনের A তফসীলের ৫ পঞ্চম শ্রেণীমতে কোন ব্যক্তির ফী ধরা গেলে, কালেক্টর সাহেব উক্ত কারণে কোন সময়ে তাঁহার ৬ ষষ্ঠ শ্রেণীমতে ফী ধরিতে পারিবেন ইতি।

১৯ ধারা। কালেক্টর সাহেব ১৮ ধারামতে যে আজ্ঞা করেন তাহার উপর আপীল নাই। কিন্তু কালেক্টর সাহেবের অধীন কোন কর্ম্মকারক সেই আজ্ঞা করিলে কালেক্টর সাহেবের নিকট, কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট এতৎকার্য্যপক্ষে অন্য যে কর্ম্মকারককে বিশেষ ক্ষমতা প্রদান করেন তাঁহার নিকট, আপীল হইতে পারিবে, ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে। যে আজ্ঞার বিষয়ে নালিশ হয়, এই ধারামতে আপীলের দরখাস্তের সঙ্গে সেই আজ্ঞার নকল দিতে হইবে, ও সেই আজ্ঞার তারিখঅবধি ১৫ পনের দিনের মধ্যে ঐ দরখাস্ত উপস্থিত করিতে হইবে। উক্ত ১৫ পনের দিন মিয়াদের হিসাব করিতে গেলে, ঐ আজ্ঞা যে তারিখে করা যায়, ও আজ্ঞার নকল পাইবার যত সময় আবশ্যক, তাহা ধরিতে হইবে না ইতি।

আপীলবিষয়ক কথা।

২০ ধারা। দরখাস্তকারিকে যে শ্রেণীর কি সম্প্রদায়ের মধ্যে ধরিতে হইবে ইহা স্থির করিবার জন্যে, কালেক্টর সাহেব সাক্ষিদিগকে সমন করিয়া, দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনে দেওয়ানী আদালতের যে উপায়ে যে প্রকারে করিবার বিধান আছে, সাধ্যমতে সেই উপায়ে সেই প্রকারে বলপূর্ব্বক সাক্ষিদিগকে উপস্থিত করাইতে ও তাঁহাদের সাক্ষ্য লইতে ও দলীল উপস্থিত করাইতে পারিবেন।

সাক্ষিপ্রভৃতিকে তলব করিবার ক্ষমতার কথা।

কিন্তু এই ধারামত কোন কার্য্য করণ সময়ে, দরখাস্তকারী প্রার্থনা না করিলে, কিম্বা তিনি যে বৃত্তান্ত জানাইয়াছেন তাহার সত্যতা নির্ণয় করিবার নিমিত্ত না হইলে, কালেক্টর সাহেব কোন সাক্ষ্য তলব করিবেন না ইতি।

২১ ধারা। ১৫ ধারামতে প্রকাশিত জ্ঞাপনপত্রে ঐ পত্রের নির্দ্দিষ্ট ফী দিবার যে মিয়াদ ধার্য্য হইল, কোন ব্যক্তি সেই মিয়াদ গত হইলেও, এই আইনমতে লাইসেন্স না লইয়া আপনার ব্যবসায়

লাইসেন্স না পাইয়া কর্ম্ম চালাইবার দণ্ডের কথা।

carries on his trade, dealing, or industry without having taken out a license as required by this Act, he shall be liable, by order of the Collector, to pay a fine not exceeding thrice the amount payable by him in respect of such license, exclusive of the amount so payable, and on receipt of such payment the Collector shall grant him a license

Recovery of fees and penalties

22 All sums due under section twenty-one, and all fees payable under this Act, shall, where the amount exceeds fifty rupees, be recoverable either as if they were arrears of land revenue, or by distress and sale of the moveable property of the person liable, at the discretion of the Collector In all other cases they shall be recoverable by distress and sale of the moveable property of the person liable

The provisions of sections 113, 114, 115, and 119 of Bengal Act V of 1876 shall apply, as far as possible, to warrants of distress and sale issued by the Collector under this section, and no tools or implements of trade or agriculture shall be distrained or sold under any such warrant

Limitation

23 No sums due under this Act shall be recoverable by any process of law after the expiry of three months from the last day of the year in respect of which they are payable

License to be produced on demand

24 Every person holding a license under this Act shall produce and show such license when required so to do by an officer generally or specially empowered in writing by the Collector to make such requisition

Prosecution to be at instance of Collector

But, save so far as is provided in section twenty nine, no person shall be proceeded against for neglect or refusal to produce such license except at the instance of the Collector

Courts of Wards receivers and managers chargeable

25 Courts of Wards, and receivers, and managers appointed by any court in British India shall be chargeable under this Act in respect of any trade, dealing, or industry of which the income is officially in their possession or under their control

Power to trustee, &c to retain money for payment of fee

26 When any trustee, guardian, curator, committee, or agent is charged under this Act in such capacity, or when any Court of Wards, or receiver, or manager appointed by any court is charged under this Act, every court and person so charged

কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, ঐ লাইসেন্স সম্পর্কে তাঁহার যত টাকা দিতে হইত, কালেক্টর সাহেবের আজ্ঞামতে তাঁহার ঐ টাকা ও তাহার তিন গুণের অনধিক জরীমানাও দিতে হইবে। সেই সকল টাকা পাইলে কালেক্টর সাহেব তাঁহাকে লাইসেন্স দিবেন ইতি।

ফী ও দণ্ডের টাকা আদায় করণবিষয়ক কথা।

২২ ধারা। কোন ব্যক্তির স্থানে ২১ ধারামতে পাওনা ও এই আইনমতে তাঁহার দেয়, সকল ফী ৫০৲ টাকার অধিক হইলে, কালেক্টর সাহেবের বিবেচনামতে বাকী রাজস্বের ন্যায়, কিম্বা দায়ি ব্যক্তির অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া, আদায় হইতে পারিবে। অন্য সকল স্থলে, দায়ি ব্যক্তির অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া আদায় করা যাইবে।

কালেক্টর সাহেব এই ধারামতে ক্রোক ও নীলাম করণের যে পরওয়ানা দেন, তৎপ্রতি সাধ্যমতে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১১৩, ১১৪, ১১৫, ও ১১৯ ধারার বিধান খাটিবে। ও তদ্রূপ কোন পরওয়ানাক্রমে ব্যবসায়ের কি কৃষিকার্য্যের কোন যন্ত্র কি হাতিয়ার ক্রোক বা নীলাম হইতে পারিবে না ইতি।

মিয়াদের কথা।

২৩ ধারা। এই আইনমতে যে টাকা যে বৎসরের বাকী হয়, সেই বৎসরের শেষ দিনের পর তিন মাস গত হইলে, আইনের কোন কার্য্যক্রমে ঐ বাকী টাকা আদায় হইতে পারিবে না ইতি।

চাহিবামাত্র লাইসেন্স দেখাইতে হইবার কথা।

২৪ ধারা। এই আইনমতে কোন ব্যক্তি লাইসেন্স পাইলে, কোন কর্ম্মকারক সাধারণমতে কিম্বা কালেক্টর সাহেবের লিখনক্রমে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়া তাঁহাকে ঐ লাইসেন্স দেখাইতে বলিলে, তাঁহার সেই লাইসেন্স বাহির করিয়া দেখাইতে হইবে।

কালেক্টর সাহেবের উদ্যোগে নালিশ হইবার কথা।

কিন্তু ২৯ ধারার বিধানের স্থলভিন্ন, ঐ লাইসেন্স দেখাইবার তাচ্ছল্য বা ত্রুটি প্রযুক্ত কেবল কালেক্টর সাহেবের প্রবৃত্তিমতে কোন ব্যক্তির নামে নালিশ হইতে পারিবে, নতুবা নয় ইতি।

কোর্ট ওয়ার্ডসের ও সম্পত্তি গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের ফী দিতে হইবার কথা।

২৫ ধারা। কোর্ট ওয়ার্ডসের, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন আদালতকর্ত্তৃক নিযুক্ত গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের পদসম্পর্কে কোন ব্যবসায়ের কি কারবারের কি শিল্প কর্ম্মের আয় তাঁহাদের অধিকারে কি তত্ত্বাধীনে থাকিলে, তৎসম্পর্কে তাঁহাদের এই আইনমতে ফী ধার্য্য হইবে ইতি।

ট্রষ্টী প্রভৃতির হস্তগত টাকাহইতে ফী বাদ দিয়া দিতে পারিবার কথা।

২৬ ধারা। কোন ট্রষ্টীর কি অভিভাবকের কি সম্পত্তিরক্ষকের কি কমিটীর কি এজেন্টের পদোপলক্ষে তাঁহার এই আইনমতে ফী ধার্য্য হইলে, কিম্বা কোর্ট ওয়ার্ডসের বা কোন আদালতকর্ত্তৃক নিযুক্ত গ্রাহকের কি কার্য্যাধ্যক্ষের এই আইনমতে ফী ধার্য্য হইলে, ঐ

may, from time to time, out of the money coming to its or his possession as such trustee, guardian, curator, committee, or agent, or as such Court of Wards, receiver, or manager, retain so much as is sufficient to pay the fee charged

Every such person or court is hereby indemnified for every retention and payment made in pursuance of this Act

27 The Collector may require the Commissioners, and the punchait of any union constituted under Bengal Act V of 1876, or any village punchait appointed under Bengal Act VI of 1870, to furnish, within a period to be specified under the orders of the local Government, returns showing the names and numbers of persons chargeable under this Act resident within the limits of their municipality, union, or village, together with the class under which they respectively fall and the fees payable by them respectively

Power to require returns from municipalities.

If the Commissioners or the punchait fail within the period prescribed to make such returns, or if they make such returns and the Collector has reason to doubt their accuracy, he may at any time revise the return or cause a return showing the names, numbers, and classes aforesaid to be prepared in such manner as may be prescribed by the local Government

Such return, when finally accepted or settled by the Collector, shall be deemed to be the list referred to in section ten

On the presentation of a petition of objection under section seventeen by any person entered in such list, the Collector may either dispose of it himself, or may refer it to any officer specially empowered by Government under section nineteen, or to a bench of not less than three Commissioners, whose decision shall be final

Petition of objection

28 When the return mentioned in the last preceding section has been furnished or prepared for any municipality, station, or union, the local Government may call upon the Commissioners, or may direct the Magistrate in the case of a union, to pay to the Collector, within a period to be named by the local Government, a sum calculated on such return in accordance with the provisions of this Act, after such deduction for necessary expenses as the local Government may fix

Notice to municipalities

ট্রষ্টী কি অভিভাবক কি সম্পত্তিরক্ষক কি কমিটী কি এজেণ্ট কি কোর্ট ওয়ার্ডস কি গ্রাহক কি কার্য্যাধ্যক্ষস্বরূপ তাঁহার অধিকারে যে টাকা আইসে, তাহাহইতে তিনি সময়ে২ ঐ নিদ্ধারিত ফীর উপযুক্ত টাকা বাদ দিয়া রাখিতে পারিবেন।

এই আইন অনুসারে উক্ত টাকা বাদ দিয়া রাখা বা দেওয়া প্রযুক্ত উক্ত প্রত্যেক ব্যক্তিকে কি কোর্টকে এতদ্দ্বারা ক্ষতিহইতে মুক্ত করা গেল ইতি।

২৭ ধারা। কালেক্টর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনমতে সংস্থাপিত কমিশনরদের ও কোন গ্রামসমাহারের পঞ্চায়তের, ও ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইন মতে নিযুক্ত কোন গ্রামীয় পঞ্চায়তের প্রতি, স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নির্দিষ্ট মিয়াদের মধ্যে আপনার মুনিসিপালিটীর কি গ্রামসমাহারের কি গ্রামের সীমার মধ্যবাসি যে ব্যক্তিদের এই আইনমতে ফী দার্য্য হইতে পারে তাঁহাদের নামের ও সংখ্যার ও তাঁহারা যে২ শ্রেণীর মধ্যে আইসেন ও তাঁহাদের যত করিয়া ফী দেওয়া উচিত, ইহার রিটর্ণ দিবার আদেশ করিতে পারিবেন।

মুনিসিপালিটীর স্থানে রিটর্ণ চাহিয়া লইবার ক্ষমতার কথা।

উক্ত কমিশনরেরা কি পঞ্চায়ৎ নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে ঐ রিটর্ণ না দিলে, কিম্বা রিটর্ণ দিলেও তাহা ঠিক নয় বলিয়া কালেক্টর সাহেবের সন্দেহ করিবার কারণ থাকিলে, তিনি কোন সময়ে ঐ রিটর্ণ সংশোধন করিতে পারিবেন, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপে নির্দ্ধার্য্য করেন সেইরূপে পূর্ব্বোক্ত নামের ও সংখ্যার ও শ্রেণীর রিটর্ণ প্রস্তুত করাইয়া লইতে পারিবেন।

কালেক্টর সাহেব শেষে যে রিটর্ণ গ্রাহ্য করেন বা স্থির রাখেন তাহাই ১০ দশ ধারার উল্লিখিত ফর্দ্দ বলিয়া জ্ঞান হইবে।

উক্ত ফর্দ্দে যাঁহার নাম লেখা থাকে এমত কোন ব্যক্তি ১৭ ধারামতে আপত্তির দরখাস্ত উপস্থিত করিলে, কালেক্টর সাহেব আপনি তাহা নিষ্পত্তি করিতে পারিবেন, কিম্বা ১৯ ধারামতে গবর্ণমেণ্টহইতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের প্রতি, বা তিন জনের অন্যূন কমিশনরদের বেঞ্চের প্রতি তাহা অর্পণ করিতে পারিবেন, ও তাঁহার বা তাঁহাদের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

আপত্তিসূচক দরখাস্তের কথা।

২৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখনমতে কোন মুনিসিপালিটীর কি নগরের কি গ্রামসমাহারের রিটর্ণ দেওয়া গেলে কি প্রস্তুত করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের বিধানানুসারে ঐ রিটর্ণমতে হিসাব করিয়া যত টাকা ধার্য্য করেন তাহাহইতে আবশ্যক খরচ বলিয়া যত টাকা স্থির করেন তত বাদ দিলে পর কমিশনরদের প্রতি, কিম্বা গ্রামসমাহার হইলে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি, ঐ স্থানীয় গবর্ণমেণ্টের নিরূপিত সময়ের মধ্যে, কালেক্টর সাহেবকে অবশিষ্ট টাকা দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

মুনিসিপালিটীর নামে নোটিস দিবার কথা।

Penalties and fines to be credited to Municipal Funds

29 The Commissioners and Magistrate as aforesaid may take proceedings under sections twenty-one and twenty-four for the recovery of any penalties and fines, and shall exercise the powers conferred on a Collector by section twenty-four

All such penalties and fines shall, when so recovered, be credited to the Municipal, Station, or Union Fund, as the case may be

Power of recovery in Municipalities

30 The Commissioners and the Magistrate, as aforesaid, shall have the same powers of recovering the fees chargeable under this Act within the limits of their municipality, station, or union that they have for the realization of municipal taxes under Bengal Act V of 1876 Where the amount due exceeds fifty rupees, and it cannot be recovered in the manner above provided, application may be made by the Commissioners or Magistrate aforesaid to the Collector, and the Collector shall thereupon proceed to recover it as an arrear of land revenue The said Commissioners or Magistrate may also appropriate any part of the revenues of their municipality, station, or union for the payment of any sum leviable from it under section twenty-eight, and if the sum so leviable is not paid at due date, the local Government may order it, or any part of it, to be deducted from any funds standing to the credit of the municipality, station, or union in any Government treasury

Exemption of licensees from house cess under Road Cess and Public Works Acts

31 No person who pays fees under this Act shall, so long as he continues to pay the same, be liable to pay any instalment of road cess or public works cess on his house under Part IV of Bengal Act X of 1871, or section 7 of Bengal Act II of 1877, falling due after the first day of April 1878

Powers of Collector under Act may be exercised by other officers

32 All or any of the powers and duties conferred and imposed by this Act on a Collector may, subject to the orders of the Collector of the district, be exercised and performed by any Assistant or Deputy Collector, or by such other officer as the local Government shall from time to time appoint in this behalf

দণ্ডের ও অর্থদণ্ডের টাকা মুনিসিপলফণ্ডে জমা করিয়া লইবার কথা ।

২৯ ধারা । পূর্ব্বোক্ত কমিশ্যনরেরা ও মাজিষ্ট্রেট সাহেব কোন দণ্ড ও অর্থদণ্ড আদায় করণার্থে ২১ ও ২৪ ধারামতে কার্য্য করিতে পারিবেন, ও ২৪ ধারায় কালেক্টর সাহেবের প্রতি যেং ক্ষমতার্পণ হইল সেইং ক্ষমতামতে কার্য্য করিবেন ।

সেই দণ্ডের ও অর্থদণ্ডের টাকা আদায় হইলে মুনিসিপল কিম্বা বিষয়বিশেষে নগরের কি গ্রামসমাহারের ফণ্ডের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে ইতি ।

মুনিসিপালিটীতে আদায় করিবার ক্ষমতার কথা ।

৩০ ধারা । ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইন অনুসারে পূর্ব্বোক্ত কমিশ্যনরদের ও মাজিষ্ট্রেট সাহেবের মুনিসিপল টাক্স আদায় করিবার যেং ক্ষমতা আছে, আপনাদের মুনিসিপালিটীর বা নগরের বা গ্রামসমাহারের সীমার মধ্যে এই আইনমতে ধার্য্য করা ফীও আদায় করণার্থে তাঁহাদের সেইং ক্ষমতা থাকিবে । পঞ্চাশ টাকার অধিক প্রাপ্য হইয়া পূর্ব্বোক্ত বিধানমতে আদায় হইতে না পারিলে, পূর্ব্বোক্ত কমিশ্যনরেরা কিম্বা মাজিষ্ট্রেট সাহেব কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন । তাহা হইলে কালেক্টর সাহেব ভূমির বাকী রাজস্বের ন্যায় তাহা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন । কোন মুনিসিপালিটী কি নগর কি গ্রামসমাহারহইতে ২৮ ধারামতে যে টাকা পাওয়া যাইতে পারে, পূর্ব্বোক্ত কমিশ্যনরেরা বা মাজিষ্ট্রেট সাহেব তাহা দিবার জন্যে ঐ মুনিসিপালিটী প্রভৃতির আয়ের কোন অংশ প্রয়োগ করিতে পারিবেন । ও তদ্রূপ যে টাকা আদায় হইতে পারে তাহা নির্দ্ধারিত তারিখে না দেওয়া গেলে, গবর্ণমেণ্টের কোন খাজানাখানায় ঐ মুনিসিপালিটীর কি নগরের কি গ্রামসমাহারের নামে যে টাকা জমা থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহাহইতে পূর্ব্বোক্ত টাকা কি তাহার কোন অংশ কাটিয়া লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি ।

পথকর কিম্বা সাধারণের উপকারার্থ কার্য্যহেতুক কর বিষয়ক আইনমতে ঘরের উপর টাক্সহইতে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিদের মুক্ত হওয়ার কথা ।

৩১ ধারা । কোন ব্যক্তি এই আইনমতে যত দিন ফী দিতে থাকেন, ১৮৭৮ সালের আপ্রিল মাসের প্রথম দিনের পর ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৪ চতুর্থ খণ্ডমতে বা ১৮৭৭ সালের বঙ্গীয় ২ আইনের ৭ ধারামতে তাঁহার ঘরের উপর পথকরের কি সাধারণের উপকারার্থ কার্য্য হেতুক করের কোন কিস্তি বাকী পড়িলেও, তিনি তাহার দায়ী হইবেন না ইতি ।

এই আইনমতে কালেক্টর সাহেবের যেং ক্ষমতা আছে অন্য কার্য্যকারকদের সেইং ক্ষমতামতে কার্য্য করিতে পারিবার কথা ।

৩২ ধারা । এই আইনমতে কালেক্টর সাহেবের প্রতি যেং ক্ষমতার্পণ করা গেল ও তাঁহার যেং কর্ম্ম নির্দ্ধারিত হইল, জিলার কালেক্টর সাহেবের আজ্ঞাধীনে কোন আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টর, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এই কার্য্যপক্ষে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনিও সেই সকল বা তন্মধ্য কোনং ক্ষমতামতে সেইং কার্য্য করিতে পারিবেন ইতি ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৮ । ১২ মার্চ ।]

PART IV.

Special Provisions for the Town of Calcutta

Special scale of fees in Calcutta

33 From every person who shall within the town of Calcutta exercise any of the trades, dealings, industries, or callings included in the classes specified in Schedule B hereto annexed, the Commissioners shall levy the fees shown in the said Schedule, and shall pay to the local Government annually a sum to be fixed by such Government, and calculated on the proceeds of such fees For the purposes of this Part, any person working or carrying on business in Calcutta shall be deemed to be a resident of Calcutta, and the Town of Calcutta shall be deemed to include all places within the local limits of the ordinary original jurisdiction of the High Court of Judicature of Fort William in Bengal, including Fort William itself, the river Hooghly within Port limits, the Esplanade, and Coolie Bazar now called Hastings

Procedure in Calcutta

34 The provisions of sections ten, eleven, twelve, thirteen, fourteen, fifteen, sixteen, seventeen, twenty, twenty-one, twenty-three, twenty-four, twenty-five and twenty-six, shall be in force in the Town of Calcutta, and all the powers of a Collector under the said sections shall be exercised by the Chairman of the Commissioners, or by some person or persons authorized by him in that behalf

Petition of objection

35 On the presentation of a petition of objection under section seventeen, the Chairman may either himself dispose of it, or may refer it for disposal to a bench of not less than three Commissioners The Chairman or any such bench may reduce the amount of fee payable by any person under the said Schedule B to the fee payable under any lower class or grade of that schedule, on its being shown to his or their satisfaction that the fee charged exceeds two per cent upon the annual earnings of such petitioner in his trade, dealing, or industry carried on within the limits of the said Town of Calcutta, and the Chairman shall amend the list published under section fifteen in accordance with the orders passed upon such petition

There shall be no appeal from any order passed under this section

Recovery of sums due under this Part

36 The Commissioners shall have the same powers for the recovery of all sums due under this Part that they have for the realization of municipal rates under Bengal Act IV of 1876

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

৪ চতুর্থ খণ্ড।

কলিকাতা নগর বিষয়ক বিশেষ বিধান।

কলিকাতায় ফীর বিশেষ ফর্দ্দের কথা।

৩৩ ধারা। কলিকাতা নগরের মধ্যে যে কোন ব্যক্তি এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট কোন শ্রেণীর মধ্যগত কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালান, কমিশ্যনরেরা তাঁহাদের প্রত্যেক জনের স্থানে ঐ তফসীলের নির্দ্ধারিত ফী আদায় করিয়া, ঐ ফীর দ্বারা উৎপন্ন টাকার উপর হিসাব করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যত টাকা নির্দ্ধার্য্য করেন, বৎসর২ ঐ গবর্ণমেণ্টে তত টাকা দিবেন। এই খণ্ডের কার্য্যপক্ষে কোন ব্যক্তি কলিকাতায় কার্য্য করিলে কি কর্ম্ম চালাইলে, তাঁহাকে কলিকাতা নিবাসি বলিয়া জ্ঞান হইবে। ও বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আদৌ মোকদ্দমার বিচার করিবার সাধারণ ক্ষমতা যে সীমার মধ্যে প্রচলিত আছে, ফোর্ট উলিয়ম কিল্লা, ও বন্দরের সীমার অন্তর্গত হুগলী নদী, ও এস্‌প্লানেড, ও হেষ্টিংস নামে খ্যাত কুলীবাজার সুদ্ধ সেই সীমার অন্তর্গত সকল স্থান কলিকাতা নগরের অন্তর্গত বলিয়া জ্ঞান হইবে ইতি।

কলিকাতায় কার্য্যপ্রণালীর কথা।

৩৪ ধারা। এই আইনের ১০ ১১, ১২, ১৩, ১৪, ১৫ ১৬, ১৭, ২০, ২১, ২৩, ২৪, ২৫ ও ২৬ ধারার বিধান কলিকাতা নগরে প্রচলিত হইবে, ও উক্ত নানা ধারামতে কালেক্টর সাহেবের যে২ ক্ষমতা আছে, কমিশ্যনরদের সভাপতি সাহেব কিম্বা এতৎকার্য্যপক্ষে তাঁহাহইতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি কি ব্যক্তিরা সেই২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

আপত্তি সূচক দরখাস্তের কথা।

৩৫ ধারা। ১৭ ধারামতে আপত্তির দরখাস্ত উপস্থিত করা গেলে, সভাপতি সাহেব আপনি তাহা নিষ্পত্তি করিতে, কিম্বা নিষ্পত্তি করণার্থে তিন জনের অন্যূন কমিশ্যনরের বেঞ্চে তাহা অর্পণ করিতে পারিবেন। উক্ত কলিকাতা নগরের সীমার মধ্যে দরখাস্তকারির ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্মদ্বারা বৎসর যত উপার্জ্জন হয়, তাহার উপর B তফসীলমতে শতকরা ২৲ দুই টাকার অধিক ফী ধার্য্য হইল, এই কথা সভাপতির বা কমিশ্যনরদের হৃদ্বোধমতে দেখাইতে পারিলে, তিনি বা ঐ কমিশ্যনরদের বেঞ্চ তাঁহার ফী কমাইয়া ঐ তফসীলের উল্লিখিত নিম্ন কোন শ্রেণী কি সম্প্রদায়মতে ধার্য্য করিতে পারিবেন। ও ঐ দরখাস্তের উপর যে আজ্ঞা হয় সভাপতি সাহেব তদানুসারে ১৫ ধারামতে প্রকাশিত ফর্দ্দ সংশোধন করিবেন।

এই ধারামতে যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীল নাই ইতি।

এই খণ্ডমতে বাকী টাকা আদায়ের কথা।

৩৬ ধারা। ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনমতে মুনিসিপল টাক্স আদায় করণার্থে কমিশ্যনরদের যে২ ক্ষমতা আছে, এই খণ্ডমতে বাকী টাকা আদায় করণার্থে তাঁহাদের সেই২ ক্ষমতা থাকিবে ইতি।

PART V.

Miscellaneous.

Disposal of fees and penalties

37 From the nett amount of all fees and penalties paid or recovered under this Act other than those credited to Municipal, Station, or Union Funds under section twenty-nine, after deducting the expense of collection, so much as the Governor-General in Council from time to time directs shall be applied, in such manner as the Governor-General in Council thinks fit, for the purpose of increasing the revenues available for defraying expenditure incurred or to be incurred for the relief and prevention of famine in the territories administered by the local Government, or, if the Governor-General in Council so directs, in any other part of British India

The residue (if any) of such nett amount shall be carried to the credit of the local Government

Obligation to furnish information

38 Every person shall be legally bound to furnish information to any officer or person exercising any of the powers of a Collector under this Act when required by him to do so

Power to exempt and make rules

39 The local Government may from time to time (*a*) exempt from the operation of this Act any portion of the territories subject to such Government, or any persons or class of persons in such territories, and may (*b*) make rules consistent with this Act—

(1) for defining more precisely the classes of persons liable under this Act,

(2) for regulating the time and manner of collecting the fees charged under this Act,

(3) for reducing the fees chargeable to members of the same family when living and working together,

(4) for providing in any case or class of cases for serving notices on persons charged under this Act, and

(5) generally for the guidance of officers in all matters connected with the enforcement of this Act

৫ পঞ্চম খণ্ড।

বিবিধ বিধি।

ফী ও দণ্ডের টাকা প্রয়োগ করণ বিষয়ক কথা।

৩৭ ধারা। মুনিসিপল বা নগর বা গ্রামসমাহারের তহবীলে ২৯ ধারামতে যাহা জমা করিয়া লওয়া যায় তদ্ভিন্ন, এই আইনক্রমে যত ফী ও দণ্ডের টাকা দেওয়া যায় বা আদায় করা যায়, তাহা আদায় করিবার খরচ বাদে অবশিষ্ট টাকার মধ্যে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং যত নিরূপণ করেন, তত টাকা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আজ্ঞানুসারে স্থানীয় গবর্ণমেণ্টের শাসিত দেশে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব আজ্ঞা করিলে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য কোন দেশে, দুর্ভিক্ষপ্রপীড়িত ব্যক্তিদের উপকারার্থে ও দুর্ভিক্ষ নিবারণার্থে যে ব্যয় হইয়াছে বা হইবার সম্ভাবনা তৎপোষণার্থ রাজস্ব বৃদ্ধি করণে প্রয়োগ করা যাইবে,

ঐ নিট টাকার অবশিষ্ট থাকিলে স্থানীয় গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

সন্ধান জানাইতে হইবার কথা।

৩৮ ধারা। এই আইনমতে যে কোন কার্য্যকারক বা যে ব্যক্তি কালেক্টরের কোন ক্ষমতাক্রমে কার্য্য করেন, তিনি কোন ব্যক্তির স্থানে কোন সন্ধান জানিতে চাহিলে, সেই ব্যক্তি আইনমতে সেই সন্ধান জানাইতে বদ্ধ হইবেন ইতি।

মুক্ত করিবার ও বিধি করিবার ক্ষমতার কথা।

৩৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং (ক) ঐ গবর্ণমেণ্টের শাসিত দেশের কোন অংশ, কিম্বা উক্ত দেশবাসি কোন লোকদিগকে বা কোন শ্রেণীর লোককে এই আইনের বিধানহইতে মুক্ত করিতে ও (খ) এই আইনের সঙ্গতমতে নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন।

(১) এই আইনমতে যাঁহারা ফী দিবার যোগ্য হন তাঁহাদিগকে যেরূপে শ্রেণীবদ্ধ করিতে হইবে ইহা আরো নিশ্চিতমতে নিরূপণ করিবার বিধি।

(২) এই আইনমতে যে ফী ধার্য্য হয় তাহা যে সময়ে যে প্রকারে আদায় হইবে ইহার বিধি।

(৩) একি পরিবারের লোকেরা একত্র থাকিয়া কর্ম্ম করিলে তাঁহাদের ফী কমাইয়া দিবার বিধি।

(৪) এই আইনমতে বিশেষ লোকদের বা বিশেষ শ্রেণীর লোকদের যে ফী ধার্য্য হইল তাঁহাদের নামে তদ্বিষয়ের নোটিস দিবার বিধি।

(৫) এই আইন প্রচলকরণ সম্পর্কীয় সকল বিষয়ে কার্য্যকারকদের কার্য্যপদ্ধতি দেখাইবার বিধি ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

SCHEDULE A

Fees for Licenses applicable throughout the Territories subject to the Lieutenant-Governor of Bengal, with the exception of the Town of Calcutta

Class I—Every joint-stock company, every banker, every wholesale merchant, dealer, commission agent or manufacturer, every professional money-lender, every ship owner, and every mill-owner, or screw-owner — First Grade Rs 500, Second Grade Rs 200

Class II—Every person carrying on any trade, dealing, or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class — Rs 100

Class III—Every person carrying on any trade, dealing, or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class — 50

Class IV—Every person carrying on any trade, dealing, or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class — 20

Class V—Every person carrying on any trade, dealing, or industry within any first class municipality, and not charged under any of the foregoing classes, and every other person who shall be adjudged by the Collector to be a licensee of this class — 5

Class VI—Every person carrying on any trade, dealing, or industry, and not charged under any of the foregoing classes — First Grade Rs 2, Second Grade Re 1

SCHEDULE B

Fees for Licenses applicable only in the Town of Calcutta

Class I—Every joint stock company, every banker, shroff, or banian, every wholesale merchant, dealer commission agent, or manufacturer, every builder, every contractor, every carrying company, every owner or — First Grade Rs 500, Second Grade Rs 200

A তফসীল।

কলিকাতা নগরভিন্ন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত তাবদ্দেশে ব্যবসায় ও কারবার ও শিল্পকর্ম্মের লাইসেন্সের ফীর ফর্দ্দ।

১ প্রথম শ্রেণী।—প্রত্যেক জাইণ্ট ষ্টাক কোম্পানি, ও প্রত্যেক ব্যাঙ্কর, ও থোকে বিক্রয়ের প্রত্যেক সওদাগর, ও ব্যবসায়ী ও কমিশ্যান এজেণ্ট ও দ্রব্য নির্ম্মাতা, ও টাকা কর্জ্জ দেওনের প্রত্যেক ব্যবসায়ী, ও জাহাজের প্রত্যেক স্বামী ও কলের কি ইসক্রুর প্রত্যেক স্বামী — টাকা। প্রথম সম্প্রদায়ের ৫০০৲ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ২০০৲ টাকা

২ দ্বিতীয় শ্রেণী।—ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন — ১০০৲

৩ তৃতীয় শ্রেণী।—ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন — ৫০৲

৪ চতুর্থ শ্রেণী।—ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন — ২০৲

৫ পঞ্চম শ্রেণী।—প্রথম শ্রেণীর কোন মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত কোন শ্রেণীমতে ফী ধার্য্য হয় নাই, এবং কালেক্টর সাহেব অন্য যে প্রত্যেক ব্যক্তিকে এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন — ৫৲

৬ ষষ্ঠ শ্রেণী।—কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া যে ব্যক্তির ফী পূর্ব্বোক্ত কোন শ্রেণীর মধ্যে ধরা যায় নাই — প্রথম সম্প্রদায়ের ২ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ১৲ টাকা।

B তফসীল।

কেবল কলিকাতা নগরের মধ্যে লাইসেন্সের ফীর ফর্দ্দ।

১ প্রথম শ্রেণী।—প্রত্যেক জাইণ্ট ষ্টাক কোম্পানি ও প্রত্যেক ব্যাঙ্কর, ও পোদ্দার কি বণিক, ও থোকে বিক্রয়ের প্রত্যেক সওদাগর, ও ব্যবসায়ী ও কমিশ্যান এজেণ্ট, কি দ্রব্য — প্রথম সম্প্রদায়ের ৫০০৲ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ২০০৲ টাকা

English	Rs	বাংলা	টাকা
farmer of hauts or bazars, every owner of cotton, jute, hide, or other screws, every ship-owner or dock-owner, or owner of chowks, and every auctioneer		নির্ম্মাতা, ও প্রত্যেক গৃহনির্ম্মাতা, ও প্রত্যেক কন্ট্রাক্টর, ও মাল বহনের প্রত্যেক কোম্পানি, ও হাটের কি বাজারের প্রত্যেক স্বামী কি ইজারদার, ও তুলার কি পাটের কি চর্ম্মের কি অন্যদ্রব্যের ইসক্রুর প্রত্যেক স্বামী, ও জাহাজের বা গুদির প্রত্যেক স্বামী, বা চকের স্বামী, ও প্রত্যেক নীলামকারক	প্রথম সম্প্রদায়ের ৫০০৲ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ২০০৲ টাকা
Class II —Every broker or dalal employed in the wholesale transfer or purchase of imports or exports, country produce, silk, or other merchandise, every broker or dealer in precious stones, houses, landed property, Government securities, shares, and bills of-exchange, every freight broker, every owner or lessee of a theatre or other place of public amusement, and every wholesale bepari	Rs 100	২ দ্বিতীয় শ্রেণী।—যে প্রত্যেক দালাল আমদানী কি রপ্তানী দ্রব্য কি দেশজাত দ্রব্য কি রেশম প্রভৃতি বণিকদ্রব্য মোটে হস্তান্তর কি ক্রয়করণ কার্য্যে নিযুক্ত থাকেন তিনি, ও প্রত্যেক দালাল বা মণিমুক্তাদি ও গৃহাদি ও ভূসম্পত্তি ও কোম্পানির কাগজ ও শ্যারের ও বিল অফ এক্সচেঞ্জের ব্যবসায়ী, ও জাহাজে মাল রপ্তানী করিবার ভাড়ার নিয়ম করেন এমত প্রত্যেক দালাল, ও নাট্যশালার কি সাধারণের আমোদার্থ অন্য স্থানের স্বামী কি পাট্টাদার ও থোকে প্রত্যেক ব্যাপারী	১০০
Class III —Every professional accountant, every auditor, every appraiser paid by fees, every surveyor, every mill-owner, and every person included in Class II of the third Schedule of Bengal Act IV of 1876, not charged under Class I above	50	৩ তৃতীয় শ্রেণী।—যাঁহাদের হিসাবনবীসী বৃত্তি এমত প্রত্যেক জন, ও প্রত্যেক আডিটর ও যাঁহারা ফী দ্বারা বেতন পান এমত প্রত্যেক যাচনদার ও প্রত্যেক সরবেয়র ও কলঘরের প্রত্যেক স্বামী, ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের দ্বিতীয় শ্রেণীর মধ্যে গণ্য হইয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত প্রথম শ্রেণীমতে ফী ধার্য্য হয় নাই	৫০
Class IV —Every manufacturer of aerated waters, every dealer in gold or silver, or old building materials, every stevedore, and every person included in Class III of the third Schedule of Bengal Act IV of 1876 not charged under Class II above	25	৪ চতুর্থ শ্রেণী।—সোডাওয়াটর প্রভৃতি প্রস্তুত কারক প্রত্যেক ব্যক্তি, ও সোনা কি রূপা কি ঘর গাঁথিবার পুরাতন সরঞ্জামের প্রত্যেক ব্যবসায়ী, ও প্রত্যেক স্টেবিডোর, ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য হইয়া যে ব্যক্তির পূর্ব্বোক্ত দ্বিতীয় শ্রেণীমতে ফী ধরা যায় নাই	২৫
Class V —Every brazier, every coppersmith, every die-sinker, every engraver, every farrier, and every person included in Class IV of the third Schedule of Bengal Act IV of 1876	12	৫ পঞ্চম শ্রেণী।—পিত্তলের ও তামার প্রত্যেক কর্ম্মকারী, ও যে প্রত্যেক ব্যক্তি ছেনী কাটে ও প্রত্যেক খোদক ও প্রত্যেক নালবন্দ, ও যে প্রত্যেক ব্যক্তি ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের তৃতীয় তফসীলের ৪ চতুর্থ শ্রেণীতে গণ্য	১২

Class VI.—Every person carrying on any trade, dealing, or industry not charged under any of the foregoing classes	First Grade Rs 5 Second Grade Rs 2 Third Grade Re 1	

FREDERICK CLARKE,
Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

৬ ষষ্ঠ শ্রেণী।—কোন ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম করিলেও যে প্রত্যেক ব্যক্তির পূর্ব্বোক্ত কোন শ্রেণীমতে ফী ধার্য্য হয় নাই—	প্রথম সম্প্রদায়ের ৫৲ টাকা দ্বিতীয় সম্প্রদায়ের ২৲ টাকা তৃতীয় সম্প্রদায়ের ১৲ টাকা।

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটি আসিষ্টাণ্ট সেক্রেটরী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 12, 1878

মঙ্গলবার ১৮৭৮ সাল ১২ মার্চ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাইকোর্টের ও রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL

No 3, dated the 16th February 1878

From a report recently submitted by a District Judge, it appears that, in the time of his predecessors, the record-room attached to this Court has been allowed to fall into a state of great confusion No register of the contents of the record-room had been prepared, no system in arranging the records had been followed The provisions of Circular Order No 7, dated 4th March 1874, requiring lists of the records sent in by the Lower Courts to be prepared on printed forms of a uniform size and bound into volumes, had been overlooked The papers, the periodical destruction of which was prescribed by Circular Order No 26, dated 16th November 1865, and previous Circular Orders of the Sudder Court, had not been touched, though year after year the annual reports contained certificates to the effect that the rules had been complied with The record keeper and his deputy had been permitted to delegate their duties to copyists, who were allowed unrestricted access to the record-room, and permitted to do their copying work there, away from the control of the Serishtadar Irregularities, such as might have been expected in regard to the granting of copies, are said to have resulted

2 To remedy the irregularities noted above as soon as they were discovered, advantage was taken by the Judge of the Dusserah vacation to employ all the clerks of the Court, who had not taken leave, in making a list of the contents of the racks, and examining, as far as possible, the contents of the bundles A complete index to the papers, which are now being arranged, is in process of preparation, and something like order is gradually being introduced

3 It is to be feared that a somewhat similar state of things may prevail elsewhere, and consequently the Judges consider it necessary to direct that steps be taken to ascertain in every Court that the record-keeper is performing his duties thoroughly, and not only so far as is sufficient to prevent the immediate detection of neglect

4 The Court have to remind the District Judges that the native holidays afford opportunities which may be usefully employed in carrying out inquiries for the neglect of which pressure of business is frequently pleaded, and that it must always be possible to make arrangements for the performance of this duty without interfering with the religious observances of their ministerial officers

5 The object to be attained is of such importance, that the Court trust that all District Judges will co operate heartily in securing it Officers who may hereafter neglect this duty must bear in mind that they will be held personally responsible

No 4, dated the 16th February 1878

In lieu of the monthly return, shewing the number of pauper suits decided in the Civil Courts, prescribed by the Circular Order of the late Sudder Court, No 22, dated 2nd October 1845, the Court is pleased to prescribe for use the annexed form of quarterly statement to be prepared by the District Judge on account of his own and the Subordinate Civil Courts, and by him forwarded to the Collector of the District concerned

2 Instead of communicating directly with the Collector immediately on passing a decision in favour of a person suing *in forma pauperis*, as directed in Circular Order No 34, dated 30th November 1864, the officer deciding will, in future, within seven days from the day on which the decree is signed, deliver to the Government Pleader a copy of the decree in the case

[*Government Gazette*, 12th *March* 1878]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

---

৩ নম্বর। ১৮৭৮ সাল ১৬ ফেব্রুয়ারি।

